অবেশা। এ সমস্ত কথা আমি আরও ভালভাবে জানাতে চাই এম আর সপ থেকে যে চাল এবং পম দেওরা হয় সেটা সাত দিনের এক সংগে নিতে হবে । কৃষকদের এমন অবস্থা নেই যে তারা একসংগে সাত দিনের মাল তলতে পারে। সেজন্য গরীব চাষীদের দর্দশার অন্ত নাই। कश्वास्त्रत शक्क एथरक क्रांतक अनुसा भीवीरतन रेमत वलालन एवं मानमरहत लारकता चार मक्रान খাটে এজন্য কোন অভাব নাই। অমি এখানে একথা বলতে পারি তিনি হয়ত তাঁর এলেকার क के अक कार्यशांत कथा वलाउ भारतन । मानक्टर र्शतकन्त्रभात-वानिशाफ़ीरा दाध रस अस्तिक মুক্তরে খাটছে, তারা অবশ্য মালদহ জেলার লোক নয়। যারা কন্ট্রাক্টর, ঠিকাদার তারা কালিয়াচক প্রথকে মন্তরে নিয়ে যাকে। হয়ত তাঁর এলাকার ২।৪ জন লোক খাটতে পারে এবং সেখানকার সামান্য সংকীর্ণ স্থানের ভিত্তিতে তিনি সেই কথা বলেছেন। কিন্তু তিনি মালদহ জেলা मृन्तुत्थ वाभक्छात्व य कथा वलाइन य मानम्ह क्लार्ड लारक्ता मन्द्रती थार्छ मिथानकात लात्कद अलाव त्नरे व कथा प्रणा नरा। माननीय अधाक मरागय, आमता थाना प्रश्करादे कथा বহুবের বর্লোছ এবং সেজন্য খাদ্য উৎপাদন কি করে বাড়তে পারে সে কথা বলে আমরা ক্রান্ত হরে গেছি। প্রোডাকসান যদি না বাড়ে তাহলে সমস্যার সমাধান হবে না। আমি একটা বিষয়ের উপর অধ্যক্ষ মহাশয়, আপনার মনোযোগ আকর্ষণ করতে চাই—গত বাজেট বন্ততায় আমরা বলেছিলাম বাজেট বই যদি দেখেন তাহলে দেখবেন যদিও আমাদের বলা হয়েছে যে এমারজেদিসর জন্য এগ্রিকালচার এবং ফ্রন্ড প্রোডাকসানের উপর জোর দিব কিন্ত বাস্তবক্ষেত্রে তাঁরা কোন দিনই মনোযোগ দেন না। গত বারের বাজেটে তাঁরা এগ্রিকালচারাল লোন বাবত ধরেছিলেন ১ কোটি ১১ লক্ষ টাকা, এবারে ১৯৬৩-৬৪ সালের বাজেটে ধরা হয়েছে ৯১ লক্ষ টাকা অর্থাৎ ২০ লক্ষ্ণ টাকা এগ্রিকালচারাল লোন কেটে দেওয়া হয়েছে। তাহলে কি করে এগ্রিকালচারাল প্রোডাকসানের উপর বেশী মনোযোগ দিচ্ছেন? যখন কৃষকদের বেশী লোন प्रस्था पत्रकात उथन ২0 लक्क प्रोका कीमरा प्रस्था शक्क। अप्रो कि करत श्र ? छाई वील छेर-পাদন যাতে বেশী হয় সে দিকে লক্ষ্য রাখতে হবে। প্রথমে ল্যান্ড রিফর্ম এয়ার এসটেটস এ।।কুইন্সিসান এ।।ক্ট মডিফাই করে কৃষককে ভেন্সেড জমি ঠিকমত দিতে হবে। ক্ষুদ্র ক্ষুদ্র সেচ পরিকল্পনা করতে হবে। আমাদের এলাকায় গিয়ে দেখন গত কয়েক বছরের মধ্যে একটা ইরি-গেশন স্কীমও হয় নি। এই সমসত মুখের কথা বলছেন, কিন্তু কাজে কিছু, হয় নি। এগ্রিকাল-চারাল এক্সটেনসন অফিসার যাঁরা আছেন তাঁদের জিব্বাসা করনে কোন এলাকায় সেচ ব্যবস্থা হয় নি। আমরা শাজেসান দিয়ে হয়রান হয়ে গেছি, কিন্তু কিছ, হয়নি। সেচের উপর এবং ফ্লাডের উপর জোর দিতে হবে। আউশ ধান উঠলে হয়ত খাদা সংকট একটা কম হবে। কিন্তু বধন আউশ কাটার সময় হয় তখন ফ্লাড এসে সমস্ত আউশ ধান ডবিয়ে দেয়। অথচ ফ্লাডের উপর গ্রেছ দেওরা হর্মন। তারপর সার বীজের উপর মনোযোগ দেওরা হর্মন। মালদহ সম্বন্ধে একটা কথা বলে দিই। আমাদের ওখানে বোরো ধান কিছু হয়। সারা বাংলাদেশে যা বোরো ধান হয় তার ৫০ পার্সেণ্ট হয় আমাদের মালদহ জেলাতে। সময় নেই তা নাহলে আমি স্ট্যাটিস্টিক দিয়ে বলে দিতে পারতাম। আমরা বোরো ধানের প্রোডাক্সনের জন্য যে সমস্ত শক্তেসান দিয়েছি সেই সমুহত সাজেসানের দিকে কোন কর্ণপাত করা হয়নি। এই সমুহত না कर्ति क्वकरम् अभागात अभागात हर्ति ना विदः थामा अभागात् अभागात हर्ति ना।

Shri Sambhu Charan Chosh:

মিঃ চেয়ারম্যান, স্যার, গত ২ দিন ধরে আমাদের হাউসের মধ্যে খাদা পরিস্থিতিকে কেন্দ্র করে যে বিতর্ক চলেছে সেই বিতকের মধ্য দিয়ে সরকার পক্ষের দুটো বন্ধবা অত্যন্ত স্কুপণ্টভাবে ফুটে উঠেছে। সরকার পক্ষ থেকে আমাদের সামনে রাখবার চেণ্টা করা হরেছে যে আমাদের দেশে খাদ্যের যে ঘাটতি আছে তার অন্যতম কারণ হচ্ছে জনসংখ্যা বৃন্ধি। ন্বিতীয় যে বন্ধবা সরকার আমাদের সামনে রেখেছেন সেটা হচ্ছে আজকে দেশে জিনিস্পরের দাম বেড়েছে, কিন্তু সাধ বন্ধ মান বের কৃষ্ণ ক্ষমতা বেডে গোছ। কাজেই দেশের মাধ্য কোন রক্ষ সংকটপূর্ণ অবস্থাব ভব্দি হর্মন। আমি অামাব সীমীর এবং ক্ষান্ত নক্ষমতারের এই দুটো বন্ধবার কেন্দ্র কাজ রাখবার চেণ্টা করব। প্রথম কথা হচ্ছে এই যে সরকার বরাবর আমাদের স্বরণ করিরে দিলেশা বে আমাদের দেশে জনসংখ্যা বৃন্ধি দুত্রহারে এগিরে চলেছে, ভাট আঞ্চেক ক্রেন্দ্র হাকে কাল

সংকট দেখা দিরেছে। আমি সবিনরে সরকার পর্কের প্রতিনিধিদের কাছে কি এই প্রশন রাখতে পারি যে বিগত ১০ বছরে জনসংখ্যা ব দ্বি অত্যত দ্ভত গতিতে হরেছে। ১৯৫০-৫১ সাল থেকে ১৯৬০-৬১ সাল পর্যনত স্থিবীতে জনসংখ্যা ব, দ্বি অত্যত দ্ভত গতিতে হরেছে। ১৯৫০-৫১ সাল থেকে ১৯৬০-৬১ সাল পর্যনত সমস্ত প্রথবীতে জনসংখ্যা ব, দ্বির পরিসংখ্যান যদি নেওয়া বায় ভাছলে দেখা বাবে যে বিগত ১০ বছরে সমস্ত প্রিবীতে যেখানে জনসংখ্যা শতকরা ২০ ভাগ বেড়েছে সেখনে আমাদের দেশে শতকরা ২২ ভাগ বেড়েছে।

[4-20-4-30 p.m.]

অপাং গছরে সমস্ত প্রথিবাতে বেখনে শতকরা ২ ভাগ জনসংখ্যা বৃদ্ধি হয়েছে আমাদের দেশে সেখানে বছরে শতকরা ২০২ ভাগ জনসংখ্যা বশিধ হয়েছে কিল্ড সাথে সাথে আমি একটা প্রণন মাননীয় মন্তিদের কাছে রাখতে চাই। বিশেষ করে মুখামন্তির দৃষ্টি আকর্ষণ করতে চাই কারণ তিনি পরিসংখ্যান বিকরে অভান্ত সাদক। তিনি আমাদের কাছে এই জনসংখ্যা বন্ধির দোহাই দিরে খাদ্য **ঘা**টতির কথা বারবার রাখবার চেণ্টা করেছেন কিন্ত একথা কি সত্য নয় যে প্রথিবীর সমস্ত দেশের চেরে ভারতবর্ষের সাধারণ মান্ত্রের দৈনিক মাথা পিছু যে আহার। গ্রহণ ব্দরে সেই আহার্বে। ক্যালোরী অতান্ত কম। ভারতবর্ষের সাধারণ মানুষের প্রতিদিন পার ক্যাপিটা ফুড কমজামসন হচ্ছে ১৯৯০ কালোরী এমন কি পাকিস্তানে প্রতিদিন পার ক্যাপিটা ফুড কনজামসান হজে ২০৮০ কালোরী। যেখানে পাকিস্তানে ২০৮০ কালোরী ফুড ক্রজামসন পার ডে পার কার্নিপট সেখনে ভারতবর্ষের হচ্ছে ১৯৯০ অর্থাৎ দেখা সাচ্চে বে ভারতবর্বের সাধারণ মানুবের মাখা পিছ, আহার্যা গ্রহণের বে ক্যালোরী পরিমাণ সেই পরিমাণ প্রথিবীর সমন্ত দেশের চেরে কম। কাজে কাজেই এই যুদ্ধি অত্যন্ত অচল যে যেছেতে জন-সংখ্যা বেডেকে সেহেত ভারতবর্বে খালোর অভাব বা ঘাটতি দেখা দিয়েছে। পথিবার সমিত জারসায় জনসংখ্যা বেডেছে এবং সমন্ত জার্গায় অহার্যা গ্রহণের পরিমাণ সেই কালোরী পরিমাণ অতাশ্ত বেশী। কাজে কাজেই সরকারের এই থিওরীতে আমর; বিশ্বাস করিনা। দ্বিতীর প্রশন অ.সে তাহলে দেশে এই সংকটপূর্ণে অবস্থা কেন সেটাকে সরকার অভানত কৌশলে এডিয়ে ধারার চোটা করেছেন কৃষিনীতির বার্থতা, খালা বল্টন নীতির বার্থতা সেটাকে কৌশলে চাপা দেবার ৫৮টা করেছেন। <mark>অকথা কি সাভা নয় যে সেটাও ফাইভ ইয়ার প্রান্ত পিরিয়ত। পাঁচশালা পরি-</mark> কংপনায় বছরে আমানের দেশে খাদ্য উৎপাদন যা হওলা উচিৎ চিলা এব চেয়ে অনেক কম হারছে। ১৯৫০-৫১ मान रथरक ১৯৬০-৬১ मान भर्यच्य आयारमह रमस्य थारमः श्लामन रवर्ष्णक्रम मञ्जूबा ০-১ ভাগ কিন্ত পাঁচশলা পরিকল্পনায় ও বছরে আমরা দেখেছি যে সেখানে খাদ্যোৎপাদন ক্ষে গ্রেছে শতকর। ৩-৮ ভাগ। সরকার তা দর ক্ষিনীতির বার্থতাকে সাকৌশলে চাপা দেবার চেট্ট করে জনসংখ্য ব্রিথর একটা ব্রলি আমাদের সামনে তলে ধরবার চেট্টা করেছেন এবং বারবার বাংলাদেশের জনসাধারণকে বিভাগত করার চেণ্টা করেছেন। শুখে তাই নয় একথা ঠিক যে প্রথিবীর সমস্ত দেশের চেয়ে প্রতি একরে যে উৎপাদন হওয়া উচিৎ সেই উৎপাদন আমাদের দেশে হয়না কিন্ত বতথানি উৎপাদন হয় সেই উৎপাদন যদি সুষ্ঠোভাবে সাধারণ মানুষের মধ্যে বন্টিত হয় তাহলে জিনিসপত্রের দাম বা চালের দাম ৪০ টাকা হতে পারতো না। আমি কিছ কণ আগে সরকারের পক্ষের সদসাদের বক্ততা অতাণত ধৈর্য। সহকারে শনেছিলাম তাঁরা আমাদের সামনে ডিমাণ্ড এবং সাংলাই থিওরী এনেছেন। আমি জানিনা ডিমাণ্ড এবং সাংলাই পিওরী সম্বন্ধে কতথানি জ্ঞান তাদের কাছে কিল্ড ডিমান্ড আণ্ড সাংলাই থিওরী একথা বলেনা যেখনে ডিমান্ড আছে সেখানে সাংলাই কম হলে চালের দাম ৪০ টাকা হবে। একথা ঠিক যে যেখানে ডিমাণ্ড আছে, সাপ্সাই কম সেখানে জিনেসের দাম বাড়বে কিন্তু অস্নাভাবিকভাবে বাড়বে একথা ঠিক নয়। কালকে জনৈক মাননীর সদস্য অশোক মেঠা কমিটি রিপোর্টের কথা আমাদের সামনে উল্লেখ করেছিলেন। সেটা কমিটির রিপোর্টে কি আছে সেখানে পরিক্কারভাবে দুটো কথা বলা আছে। সেখানে বলা আছে বে প্রাইস স্টেরিলাইন্সেসন বোর্ড তৈরী করতে হবে বাতে করে অন্তত নিতা বাবহার্ব। জিনিসপত্রের দামকে বেধে দেরা বার। আমি সবিনরে আমাদের মুখ্যমন্ত্রিকে জিল্লাসা করতে পারি কি বে গত বছর আমাদের দেশে বে প্রাইস ইনকোয়ারী কমিশন গঠন করা হরেছিল তার রিপোর্ট আমাদের সামনে পেশ করা হরেছে কিনা?

বাংলা দেশের মান্য আৰু পর্যন্ত সেই বে অশোক মেহেত। কমিটির রিপোর্ট-এর বে সুপোরিশ, তা এখনও পেল না—আশাকরি পশ্চিম বাংলা সরকার সেই রিপোর্ট আমাদের পেশ ক্রার চেষ্টা করবেন। আমাদের মনে হয় তার। পেশ করতে পারেন নি তার করণ তার। জানেন ষে এর মধ্যে দিয়ে যে ঘটনা আমাদের সামনে উদ্ঘটিত হব, যে সত্য আমাদের সামনে আবিষ্কৃত ত্রার মধ্য দিয়ে সরকারের চরিত্র নম্নভাবে প্রকৃতিত হয়ে উঠবে। আমাদের দেশে আজকে যে সংকট সেই সংকট যদি ব্ৰতাম যে উৎপাদন কম হয়েছে বলে তাহলে হাসি মুখে উৎপাদন বাড়া-বার কাজে সহযোগিতা করতাম। কিন্তু আমরা দেখছি দেশের মধ্যে যে সংকট শুধু মাত্র উৎপাদন হাসের জন্য সংকট নয়-এর পেছনে আছে চোরাকারবারীদের ষড়যন্ত। এর পেছনে গ্রামের জোত-দারদের ষড়যন্ত্র আছে। গতকাল মাননীয় সদস্য কংগ্রেস পার্টির থেকে প্রশ্ন করেছিলেন ২২ টাকা করে চালের দামের যে দাবী যে আমরা তর্লোছ সেই চালের দাম র্যাদ ২২ টাকা করে দেওয়া হয় ্রাহলে গ্রুমের চ ষীদের ধানের দাম কি হবে? আজকে মাননীয় সদস্যকে স্মরণ করিয়ে দিতে চাই যে গ্রামের চাষীদের ঘরে এখন ধান নেই সেই ধান গ্রামের বড বড জ্যোতদারদের ঘরে উঠেছে। এই জে.তদাররা হচ্ছে গ্রামের অঞ্চল পঞ্চারেতের এবং গ্রাম পঞ্চারেতের প্রধান বা অধাক্ষ। তারা হচ্ছে এক এক জন কংগ্রেসী সদস্য-তাদের উপর নির্ভার করে গ্রামের কংগ্রেস সংগঠন দাঁড়িরে আছে। সেই জ্রোভদ রদের গুদাম থেকে যদি ধান আনা হয় তাহলে আমরা জানি যে সংগ্রেস সংগঠন গ্রাম থেকে নিশ্চিস্থ হয়ে যাবে আজকে ঢালের দাম প্রেলিয়া জেলায় ৪০ টাকায় উঠেছে। **অখ্য দেই** চালকে গুদামজাত করে রাখা হরেছে। মাননীয় মুখামন্তি জানেন যে লো ইনকাম গ্রুপ-এর লোভ চাল কিনতে পারছে না। অথচ তিনি কি জানেন না যে হাজার হাজার মণ চাল গুলামজাত করে রেখে বাংলা দেশের মানুষের মাথের অল্ল নিয়ে ছিনিমিনি খেলার চেণ্টা হচ্ছে। তাদের প্রস্তি সরকার একটি অঙ্গালি হেলন তো করেন না, এটা অভান্ড পরিভাপের কথা, দৃঃথের কথা। **আজকে** তাই স্মরণ করিয়ে দিতে চাই শৃধ্য মাত্র জনসংখ্যার বৃদ্ধির দোহাই দিরে ফিক্সড ইনকামগ্রন্থের **क्षाकटक, वाश्मा फिट्में जाधार्य मान्यटक विद्यान्ड कराह्र क्रिक्ट महत्व भाग्य आभनारमंत्र अमाह्रटक** ক্ষমা কর ব না। পুরুলিয়ার দুর্ভিক্ষ নেই, বাংলা দেশের কোথাও তার জবাব দিবে। আমি আজ নেই সাধারণ মান্য মুখ্যমন্ত্ৰিক করছি যে যখন বিনোবাজী বাংলা দেশের পথে পথে ঘুরেছিলেন এবং তাঁর পেছনে যার। মিছিল করে গিয়েছিলেন তথন প্রে,লিয়া থেকে না খেতে পেয়ে মান্যের দল সেখানে বিক্ষোভ জানাতে ছুটে এসেছিল কিন্তু তাদের প্রতি কোন উদ্বেগ ও মানবতা আপনারা দেখালেন ना। সেখানে সেই পুরুলিয়ার মানুষের কাছে গিয়ে তাদের কোন কথা শুনলেন না। আঞ্চকে তাই সরকারের চরিত্র আমাদের কাছে বেশ পরিষ্কার যে আজকে কৃত্রিম সংকট যারা সূত্রি করছে তাদের বিরুদ্ধে যতক্ষণ পর্যন্ত ব্যবস্থা গ্রহণ না করা হয় ততক্ষণ পর্যন্ত কিছুই হবে না। আমরা জানি যে শুধু মাত্র অনশন ও আন্দোলন করে কিছ্ই হবে না সরকারের বিরুদ্ধে এমন অবন্ধা সূখ্যি করতে হবে আইন সংগত উপায়ের মধ্য দিয়ে এই বিধান সভায় পার্লামেন্টারী ডেমোক্রাসীর পশ্বা অবলম্বন করে যাতে সরকারের সমস্ত চরিত্রটা এক্সপোজ হয়ে যায় এবং তাদের পদত্যাগ করাতে বাধ্য করা হবে। দ্বিতীয় কথা হচ্ছে সরকার আম দের সামনে দেখাবার চেণ্টা করেছেন বে আজকে সাধারণ মানুষের ক্যাপাসিটি অব বাইং, ক্রয় ক্ষমতা বেড়ে গেছে এবং তাই বাজারে 80 টাকা মণ দরে চাল লোকে খাচ্ছে। আমার মনে হয় সরক রের এই ধারণার প্রতিবাদ করা উচিত। সাধারণ মানুষের ফেনবার ক্ষমতা যে বেড়ে গেছে এট ঠিক নয়। একথা ঠিক যে আমাদের দেশ ডেফিসিট-এর মধ্যে আছে। দেখানে ইনস ফিসিয়েন্সি আছে সেখানে জিনিসপতের দাম বা**ড়বে। জিনিসপত্রের দাম আন্তকে স্যাচিউরেসন পয়েশ্টের উপরে। সাধারণ মান্**ষের *পকেটে* টাকা **আসবে থোকা থেকে? কেন্দ্রীয় সরকারের** এবং রাজ্য সরকারের বাজেট পাশ হবার পর সাধারণ মানুষের উপর করভার অতাশ্তভাবে বেড়ে গেছে। মানুষের যে রিয়েল আর্নিং তা আজকে অনেক কমে গেছে এই ট্যাক্স বৈড়ে গেছে বলে। আজকে তাদের ক্রয় ক্ষমতা একেবারে কমে গেছে। আজকে সেখানে বাধ্যতামূলক সঞ্চরের পরিকল্পনার মাধ্যমে বাংলাদেশের মান্বের অর্থ-নৈতিক কাঠামো ক্লিপ্ল করার চেন্টা করা হচ্ছে--সেখানে তদের ক্লয় ক্লমতা একেবারে কমে গেছে একথা আজকে মুখামন্দ্রিকে স্বীকার করতেই হবে। আজকে সাধারণ মান,বের টাকা বাড়াবার কোন সংবোগ নেই। আমানের পকেটে বে পাঁচ শত টাকা আছে এটা বড় কথা নর শাঁদ বাজারের সপো ভূলনা করি তাহলে দেখবো আমাদের প্রকৃত আর কি। সতিই আমরা দেখতে পাছি যে মান্যের আর বাড়েনি কমে গেছে—জিনিসপরের ম্লামানের সণো তার কোন মিল নেই। এদিকে দৃষ্টি রেখে আজকে চেষ্টা করা উচিত সরকারের যে তাদের নীতির পরিবর্তন যাতে করে করতে পারেন। এর জন্য কেন্দ্রীয় সরকারের উপর চাপ সৃষ্টি কর্ন এর জন্য ন্তনভাবে চিন্তা কর্ন। আজকে বামপথা দল মিলে দুখ্ মাত্র যে সরকারকে সমালোচনা করছি তা নয় তাদের কাছে কয়েনটি সাজেসন রাখছি সেগ্লি বিচার বিবেচনা করবার জন্য আবেদন জানাছি এবং জানিয়োছও। কিন্তু তাতে কিছ্ই হরনি। আমরা আন্দোলনে নেমেছি এবং সেই আন্দোলনের মাধ্যমে বিদ সরকারের চেতনার সৃষ্টি হয় তহলে ব ঝবো সরকারের শ্ভব্দিশর উল্ভব হয়েছে তাহলে ব্রুবো বাংলা দেশের মান্বের প্রতি সরকারের বেদনা আছে এবং তা উপসম করার চেন্টা করছেন। [4-30—4-40 p.m.]

Shri Shiromoni Prosad:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, কয়েকদিন ধরে আমি এই বিধান সভায় বিরোধী সভাগণের তরফ **एथरक এ**ই थामानीजि निरत्न वित्र. भ आ**रमा**जना भानीह। किन्छ वर्फरे आफार्यात विवय रय रकवन বিরপে সমালোচনাই তারা করলেন কিন্তু কেউই কোন কনস্থাকটিভ সাজেশন আমাদের সামনে ব্বাখেলনি। স্যার, আজু যাতে এই সমস্যা সমাধান হতে পারে তারজন্য কেবল বিরাপ আলোচনা कर्तालंडे इर्द ना। এই সমস্যাসংকল বাংলায় কেবল যে ধান চালের অভাব আছে তা নয় অন্যান্য শাদাদুবোরও অভাব আছে। যেমন ভাল ও তেল। এইজন্য আমাদের অন্য দেশের উপর নির্ভার ··· **करतः** थाकरूछ रहा। रकवन हारनद म म कमारनरे हमस्य ना, वाशरक्र आम रमद ठाकारू रूस। कारण চালের দাম কমালে চাষীদের পক্ষে অনেক ক্ষতি হবে। কারণ তেল ও ডাল চাষীদের উপর নির্ভার করে আনতে হয়। আজকে আমাদের পশ্চিমবর্গো যে ধান চালের অভাব নেই একথা আমি বলবো না কিল্ড এই অভাব সৃষ্টি করার জন্য এই বিরোধী পক্ষই দায়ী। কারণ এবা সুদূর পল্লীগ্রামে গিয়ে চাষীদের বলে যে তোমরা কম দামে ধান বিক্রি করবে না, আবার সহরাণলে এসে বলে তোমরা বেশী দামে ধান কিনবে না। তাঁরা একমথে সাপ হয়ে কামডায় আর এক মথে ওঝা हरत नाएए। जावात जाम्हर्स्य विषय এই यে. এ'ता मज्जूती वाषावात कना जारमानन करत এवः 'তারা বাইরে গিয়ে বলে আমাদের সম্তা দামে খাদ্য দাও। কলকারখানায় মজরী বাড়াতে গিয়ে উংপাদনের দর বেডে যায় এবং দর বেডে যাওয়া স্বাভাবিক। এই ত এ'দের নীতি। এই যদি তাদের নীতি হয় তাহলে কি করে সমস্যার সমাধান হবে। এ'রা যেরকমভাবে অনশন করছেন তাতে মনে হয় না যে বাংলা দেশে দুর্ভিক্ষ আছে। আর একটা কথা বলবো এ'রা উত্তর এবং উত্তর-পূর্ব দিকে বান, সেখানে কম্যুনিষ্ট ভাই এবং তাদের দলীয় লোকেরা বহুল পরিমাণে ধান **७ ठाम आभारमत वाश्मा रम्म थ्यरक रे**च्छे दिश्मा**ल भा**ठात कतरहन, स्मिणे द्वार कतरहन ना रकन ? কেবল বড বড বন্ধতা দিলে হবে না। এই কথা বলে আমি আমার বহুবা শেষ করছি।

Dr. Naravan Chandra Rov:

শ্রুম্বের সভাপাল মহাশয়, এই তিন দিনের বন্ধৃতার মাঝখান দিয়ে একটি কথা থেটা পশত হয়ে দাঁড়িয়েছে তা হছে এই যে প্রবাম লা বৃশ্বি সম্বন্ধে কেউ অস্বীকার করেছেন বলে জানা বায়নি—চালের দাম বেড়েছে এটা কেউ অস্বীকার করেনি: অন্যানা জিনিষের দর বেড়েছে কেউ তা অস্বীকার করেনি, কেউ বলেন কি যে মান্যের আয় বেড়েছে—টাায় বৃশ্বি এটাও কেউ অস্বীকার করতে পারেনিন, কলেকসন সরকারের তরফ থেকে মান্যের কাছ থেকে নেওয়া হয় এটা যে বেড়েছে এটা কেউ অস্বীকার করেনি। তারপর আজকে প্রধান যে কথাটা উঠেছে সেটা হছে কম্পালসরি ডিপোজিট সেটা কেউ অস্বীকার করতে পারেনিন। এবং সাধারণ মান্যের বরে প্রবাম লা বৃশ্বি এবং তার আয়ের উপরে যেটাকু কাটা পড়েছে এই বাতাকলে পড়ে মান্যের যে দ্রেকশ্বা আজকে দলের খাতিরে, রজনীতির খাতিরে বিভিন্নভাবে কথা বললেও কারও সাহস নেই তার বির্দ্ধে কথা বলার। কারণ, তার পিছনে অভ থেকে তিন বছর পরে সাধারণের ভোটের সম্বাধীন হড়ে হবে এবং সেখানে মান্য প্রশন করে আমাদের কট ছিল কি ছিল না এই চিন্টা কার্জ করেছে। এই বাগারিট আজ স্বচেরে রঙ্গ প্রনা হয়ে উঠেছে অর্ডাভ

াদোর কথা বে খাদোর কথা নিয়ে এই এসেমরীর ফ্লোর-এ প্রাকৃটিকেলি আগনে ছাডাছাডি হরে াচ্ছে এবং হবে। মানুষ একটা একটা করে অনেক জিনিস ত্যাগ করতে পারে না। কিন্ত প্র ইমারি वरः भवर्कारत विरम्भ रयके निरम्भत कनाय वर्के. एक्टलायात्रापत कनाय वर्के. वाफीत कनाय वर्के-্যাদ্যের কথা কোন দিনই ভূলতে পরে না, তাই খাদ্যদ্রব্যের অভাবের উপর আন্দোলন প্রথিবীর বভিন্ন জায়গায় বিভিন্ন সময়ে বহু, ক্ষমতাসীন সরকারকে ধ্বংস করেছে। আজ এখানে সরকার শক্ষ থেকে বলা হয়েছে এর জন্য দায়ী চাষী যার জন্য দর বেডেছে। জ্ঞানিনা সরকার পক্ষের াকলের এটা মত কিনা, কিন্তু মুখ্যমন্ত্রি যা বলেছেন। এবং তিনি অনেকবারই বলেছেন যে কে হার্ড'করছে না উৎপাদক—প্রতিউসার। এখানে এই প্রন্ন অ সে যে দুইজন দুই রকম ভাষার কথা াখন বলছে তখন কোনটা স্বীকার করি—আপনারা অপ্যালি দেখাক্ষেন একদিকে আমরা দেখাক্ষি মন্য দিকে। আমি প্রশ্ন করি মান্ত্র ৪০ টাকা করে চাল কিনে খার কার হর থেকে? ভারা কোন শ্রণীকে প্রতাপেষকতা করে, তাদের কে অর্থ সাহায্য করে। ব্যাঞ্চ কাদের সাহায্য করে। ারকারী নীতি কাকে সাহায্য করে? এই যদি আলোচনা করতে যাই বিরোধী পক্ষ থেকে খাদ্যের টপর সেখানে আমাদের পিন পরেনিটং হচ্ছে সেই পিন পরেনিটং যে কাদের জন্য আচ্চ চালের াম ৪০ টাকা হয়েছে। বারা উৎপাদন করছে না বারা তাদের কাছ থেকে কিনে এনে মন্ত্রত করে বেশী দামে বাজ রে ছাডছে ? মাথামন্দ্রি কি জানেন না কত টাক য় তারা কিনছে—বোধহয় সে খবর গ্রখার প্রয়োজন মনে করেন না। আজকে যদি বলি তিনি জ্ঞানেন কিন্তু তার সম্বন্ধে প্রতিকার pরতে হলে সেটা ভরৎকর হয়ে উঠবে তাদের পক্ষে তাই কিছু করেন না সেটা নিশ্চরই অর্ধহীন দথা হবে না। তিনি যেটা বলেছেন সেটা কুষকের বিরুদেধ। তিনি যদি স্বীকার করেন যে ১৪ াকায় তারা যা বিক্রী করে সেটা বাজারে ৪০ টাকায় বিক্রয় হয় তাহলে যারা ওয়ার হাউস করে. াাংক থেকে টাকা নিয়ে চাল গ্রাদামজাত করে তাদের বির শ্বে ব্যবস্থা অবলাবন করতে হয় এবং গাঁকে এমন দট্যাণ্ড পয়েন্ট নিতে হয় যেটা সম্পূর্ণ য়্যানটি ক্যাপিটালিন্ট প্রেন্ট।

[4-40-4-50 p.m.]

আমাদের নীতি এক কথায় বলতে গেলে বলতে হয় এগাল্ট কর্গাপিটালিন্ট ভট্যান্ড। আপনাদের যাদের সংগে টিকি বাঁধা আছে তাদের বিরুদ্ধে সংগ্রাম। আপনারা রাগ করবেন না আমাদের কথা ণ্ননে। তারপর আমি আপনাদের একটা একটা করে দেখাবো যে কাগজে একদিক দিয়ে আমাদের বর শে কাজ করে আবার জনমত-এর মন জোগানোর জন্য তারা ধারে ধারে আপনাদের মন্দ্রী-দভার বিরুদ্ধে ইন্ধন জাগিয়ে যাচ্ছে—কেমন করে আপনাদের বিরুদ্ধে সাধারণ মানুষকে খেপিরে গাচ্ছে তা আমি দেখিয়ে যাচ্ছি। আপন্দেরই কাগজ তার থেকে আমি ৫ ।৬টা লাইন পড়ে দিচ্ছি শেষকালে আমি কাগজের নাম বলব তা'ত আপনারা খুসী হবেন। আমি পড়াছ "কেন্দ্রীর থাদা মন্ত্রী পাতিল খাদ্য ব্যবসায়ীদের হ°়িশিয়ার করে দিয়েছিলেন, কিন্তু তাতে খাদ্য ব্যবসায়ীরা ভয় পাবার লোক নন, কারণ সাপের হাঁচি বেদের চি ন। বলতে কি পাতিলের শাষানির পর দিনই বোষ্বাই দিল্লী কলকাতা সৰ্বত এক্ষেণ্ডে ২ টাকা থেকে তিন টাকা দাম বাডিস্ম দিয়ে-ছন। তারা বালছেন চালের দর খাব বেশী নয়, মাল্যবাশির জন্য দায়ী সরকারের আর্ণালক এবং সংগ্রহ নীতি। পাতিল বলেছেন বাবসায়ীদের অস্থতাই এই জন্য দায়ী, আবার এখানকার দরকার বলেছেন ব্রুতে পারছেন না কে দায়ী বাবসায়ী না প্রভিউসার।" আমি এদেরই শেষ ক্থাটা বলে আমি আমার মূল বস্তব্যটা বলব। এই কাগজ আরাও বলেছেন "শুধু দুর্নিতীর কথা নর গণতকে দল রাখার জন্য অথের প্রয়োজন তার জন্য ধনী শিলপীদের কাছে টিকি বাঁধা তাছাড়া স্পর্ধা আরও বেডেছে সরকারী অযোগ্যতার জন্য চালের ব্যবসায়ীরা জব্দ হতে পারেনি। কন্টোল প্রথা প্রবৃতিত হলেও কিন্তু সে প্রথা চাল, হবার নয়। রেশানের দাকান বে কিন্তু আন্চর্য প্রক্রিয়াতে সেখানে চাল পাওয়া যাবে না। জনসাধারণকে আরও বেশী ম্ল্য দিয়ে কালোবাজারে ছটতে হবে, ব্যবসায়ীরা তা জানেন সেজন্য পাতিলের এই হুমকি বাঁকা হাসির সংগে উপেক্ষা করতে পারেন।" এইবার আমি পত্রিকার নাম বলব এটা অ'নন্দবাজার পত্রিকা। এর লেখক হচ্ছে চক্রপাণি উকীল। আপনারা নিশ্চরই মনে কারন বে এই পত্রিকা এই মন্ত্রীসভার সমর্থক কিন্ত জনসাধারণের কাছে এই কথাগুলি রোজ রোজ প্রচার করে আপনার মশ্বিসভার ব্রনিয়াদ মজবুত করছে বলে আপনাদের বদি ধারণা হয় তাহলে আপনারা মুর্খের স্বর্খে বাস করছেল। এরপর আমার বছবোর শেষকালে আমি বলব যে পরিস্থিতিতে এই খাদ্যনীতি আবোচনার মধ্যে উঠেছে—সেখানে আপনারা দেখাছেন এরজনা দায়ী চাবী, এবং আমরা দেখাছে বে আপনারা এবং আপনাদের হারা সমর্থন করে তারা—এর মধ্যে যে কোন সমাধান আছে বলে আমি মনে করিনা। সেইজন্য আমাদের এর পরের পথ হছে মন্ত্রীসভার বিরুদ্ধে আমাদের অনাস্থা প্রস্তাব —এবং ঘরে ব্যহিরে যেখানে সম্ভব আপনাদের সংগে সংগ্রাম করা। আমার বন্ধব্য শেনত চাই কারণ আমাদের এইগ্রুলির জবাব দিতে হবে আমাদের অনাস্থা প্রস্তাব্রের সময়। খন্যবাদ।

The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীয় চেয়ারমানে মহাশয়, তিন দিন ধরে এখানে যে বিতর্ক হল তাতে এক দিক থেছে ষেমন সনেক জিনিস স্কেণ্ট হয়েছে অন্যদিক দিয়ে কত্যালি অস্পট জিনিস থে ক গিয়েছে। যেভাবে এখানে বিতর্ক সূত্র হয়েছিল তাতে আমরা এটাকু ব্রুতে পরেছিলাম বিরোধীদলের বন্দ্রদের কাছ থেকে যে, আমাদের দেশে চালের ঘাটতি আছে—এবং সেই ঘাটতির পরিমাণ কঙ তা নিয়ে প্রশ্ন উঠেছিল। কিল্ড কাল আমাদের বন্ধ্য স্বেক্তা শ্রীকাশিকাল্ড মৈর মহাশয়—তিনি বলেন যে বোধহয় ঘাটতি নাই এবং প্রমাণস্বরূপ নজীর দখালেন উভত্তেভ কমিশন এর রিপোর্ট থেকে-বোধহয় ১৯৪২।৪৩ সালে যে দু,ভিক্ষ হয়েছিল তার উপর উভহৈত সাহেবকে চেয়ারমান করে যে কমিটি গঠিত হ য়ছিল তার থেকে তিনি নজীর তলে দেখালেন আমাদের ঘাটতি তেমন কিছু নাই। আমি যখন বলেছিলাম আমাদের ঘাটতির পরিমাণ ১১ লক্ষ্য টন তথন আমরা হিসাব করেছিলাম, মাথাপিছ, দৈনিক ১৬ ৫ আউন্স করে আমরা খাই হিসাব ধরে। অধ্যাপক প্রশানত মহলানবীশ যিনি পরিসংখ্যান বিষয়ে পথিবীর মধ্যে একজন বিশিষ্ট বান্ধি তিনি বলেছেন আমরা ১৭ আউন্স মার্থাপছ দৈনিক থাই। ১৬-৫ আউন্স করে র্যাদ আমরা খাই তাহলে আমাদের প্রয়োজন পশ্চিমবাংলায় যেখানে এখন লাকসংখ্যা ৩ কোটি 95 मार्क ७२ मार्क जेन ज्ञातमात- छारतम ७२ मार्क थार्क योग ८० मार्क वाम रामधारा यात्र তাহলে দাঁতার ২২ লক্ষ্ণ টন। আজকে আমি পরেনে আমাদের মাসেমরী প্রসিভিংস বাঁটাঘাঁটি করে দেখছিলাম, ১৯৫০ সালে যথন আমাদের পশ্চিমবাংলার লোকসংখ্যা এখন যা আছে তার চেয়ে ৮০ লক্ষ বোধহয় কম ছিল সেই সময়"। একজন কমার্নিন্ট সদস্য মাননীয় শ্রীসাবোধ চৌধারী মহাশ্য তিনি আমাদের পশ্চিমবাংলার সেই সময় ঘটিত কত তার একটা হিসাব দিয়েছেন –আমি তাঁর বস্তুতা থকে সামান্য কয়েকটা কথা পড়ে শোনাব –িত্তিন বস্তুতা দিরেছিলেন ২৫শে ফেব্রুয়ারী, বাজেট অধিবেশনে, ১৯৫৩ সালে-এই বইএর ১২৭৯-১২৮৭ পাতা—মাননীর চেরারম্যান, আমি একট সময় নেব—তিনি বলেছেন, সরকার আদর্শ খাদ্য-নীতির পরিণতি এখন দেখা দিয়েছে। গ্রামে গ্রামে ব্রভক্ষ্ মিছিল সূর্ হয়েছে, ১৯৫৩ সালের ফের রারী ধান কাটার পর সেদিনও হাবরায় ৩টি ব,ভক্ষ, মান ধের মিছিল মহকুমা অফিসকে খেরাও করে তাদের অবস্থা দেখে ব্যবস্থা অবলম্বনের জন্য আবেদন জানায়। গত বছর ৪০।৫০ টাকা দামে জমি জায়গা, ঘটিবাটিট বিক্রী ক'র চাল কিনে তারা কোন মতে বে'চেছে, এবার তাদের পক্ষে ২০।২২ টাকা দামেও চাল কিনার সংগতি নাই। দেশ বিভক্ত হবার পর পশ্চিম-বাংলার চাষীকে খাদাশস্য চাষের জমিতে পাট চাষ করতে সরকার উৎসাহিত করেছেন। এভাবে ৩৩ লক্ষ একর জমিতে তারা পাট চাষ করছে। দেশের মানুষকে খাদ্য সরবব্রাহ করবার দায়িছ সরকারের। যদি সরকার লক্ষা করতেন তাহলে গ্রামকে নিঃম্ব করে দুর্ভিক্ষ সূখি করা এই খাদ্য-নীতি গ্রহণ করতেন না, গ্রামে গ্রামে যখন দার্ভিক্ষের পদধর্নিন শোনা যাচ্ছে—১৯৫৩ সালের ফেরুয়ারী মাস-সেই সময় দুর্ভিক্ষ খাতে টাকা কমাতন না সরকার রিলিফ বন্ধ করে হাজার হাজার মানাককে মাতামাথে ঠেলে দিতেন না। খাদ্য সমস্যা যথন তীর ভাবে দেখা দিয়েছে তখন ভাগচাৰীর মাখের গ্রাস কে ড নেবার জুনা ভাগচাষ বোর্ড হ জার হাজার মণ ধান পঞ্চায়েং খামারে আটক রাখছেন আ হতে দিতেন না। সরকার যদি মনে করে থাকেন গ্রামের লোক এবার না খেতে পেরে মরাব তবে তাদের হিসাবে ভুল হয়েছে। বৃভুক্ষাদের যে দীপ্ত মিছিল গ্রামে গ্রামে সারু হয়েছে তা শাকিরে মরবার জনা নয়, মান্ত্রের মর্যাদা নিয়ে বে'চে থাকবার অধিকারের জন্য। ৰাশ্তৰকে অসতা কথাৰ আড়াল অস্বীকাৰ কৰলে সমস্যাৱ সমাধান হয় না. তাকে স্বীকাৰ করে ব্যবস্থা অবলম্বন করতে হর। পণিচমবাংলাকে আজ চির-দর্ভিক্ষের দেলে পরিণত কর হয়েছে।

[4-50-5-00 p.m.]

তিনি অর্থারিট নন তবে তিনি একটা হিসেব দিয়েছেন। আমাদের বিভিন্ন দলের মধ্যে হিসেবের যে গরমিল হচ্ছে সেটা আমরা দেখতে পাছিছ। স্ববোধবাব্ বলেছেন যে, পশ্চিমঝুংলায় ১৯৫৩ সালে ২৭ লক্ষ্ণ টন ঘাটতি। তিনি আরও বলেছেন যে, গ্রামের লোক তিন
পোরার কম চাল খার না এবং দৈনিক তা দের গড়ে তিন পোরা চাল লাগে। ১৯৫৯ সালে যখন
বিরাট ফ্রড ম্ভুমেন্ট হয় তখন ডঃ প্রফ্লের ঘোষ এ্যাসেন্বলীতে বলেছিলেন,

"The West Bengal Government also made a grievous mistake in calculating the deficit. I can understand the mistake made from the preliminary forecast but when the final figures of about 9 lakh tons deficit was given it was also calculated on a very wrong basis. Last year's production in Bangal—1958—was given as about 40 lakh tons, deducting 4 lakh tons as seed and wastage and about 2 lakh tons kept as stock by cultivators it would come to about 34 lakh tons. But on the basis of 20 oz, per day per adult our requirement would be about 60 lakh tons. So the deficit is really about 16 lakh tons. There may even be some plus or minus of errors in the figure of production but the way in which the figure is calculated nobody can say that it is absolutely accurate. It has been said by somebody whether it was 20 oz, per head per day—I enquired from the Jail Minister last night what is given to the Division III prisoners—he said manual workers get 24 oz, of cereals, i.e., 12 chattacks and non-manual workers, i.e., men like ourselves—all of us—get more or less 20 oz, per day."

এই হোল ডঃ প্রফল্ল ঘোষের বন্ধতা যিনি এক সময় আমাদের এখানে পি. এস. পি. নেতা ছিলেন। তিনি যথন চিফ মিনিস্টার ছিলেন তখন তিনি কংগ্রেস দলের লোক ছিলেন এবং তথন তিনি যা বালছিলেন সেটা বিশ্বাস করতে না পারি, কিল্ত পি, এস, পি-র न्ति विरामत या वरलाइन रम्पो निश्वास विश्वास कराउँ हता। याद्वास, अथन कथा दाल আমাদর ঘাটতির পরিমাণ ৪ লক্ষ, ১১ লক্ষ, ১৫ লক্ষ, ১৭ লক্ষ না ২২ লক্ষ সেটা নিভার করছে আমরা কত করে রোজ খাই তার উপরে। কালকে আমাদের বন্ধ, আনন্দ গোপাল বাব বলবার চেন্টা করেছেন যে, বর্ধমান জেলায় চাষীরা নাকি ভাত খায়, মুড়িও খায় এবং বর্ধমান জেলায় যাঁদের বাড়ী তাঁরা এই পক্ষের হোন আর ঐ পক্ষেরই হোন তাঁরা জানেন বর্ধমান জেলায় ষ্থন ভাত বেছে দেয় তখন নাকি বেডালেও সেই ভাত ডিং গাতে পারে না। স্বাধীনতার আগে লোকেরা মাথের গ্রাস বিক্তি করে দিত কারণ তথন ধানের দাম ছিল একটাকা । পাঁচসিকা, দেজনকা মণ। কাজে কাজেই তাদের খাজনা দেবার জন্য যা উদ্বৃত্ত থাকত সেটা তারা বিভি করত এবং পেট ভরে খেত। তবে আজকেও সে পেট ভরে থাচ্চে। আজকে উদ্বান্ত বা স্বয়ংসম্পূর্ণ চাষী সে বর্ধমান বীরভ্রম, ক্যানেল অঞ্চলের বা মেদিনীপারের হোক আর যেখানেবই হোক সে পেট ভরে খল্জে। (জনৈক বিরোধী সদস্য :-কোন্ডেন) আজকে এখানে বিভিন্ন জেলায় যে সমস্ত সদস্য আছেন তাঁরা জ্বানেন যে, সমস্ত উদ্বন্ত এবং স্বয়ং সম্পূর্ণ চাষী এবং যাদের ৮০ মণ বা ১০০ মন ধান হয় তারা আজকাল পেট ভরে থচ্ছে, আগে খেত পারত না। আজক গ্রামের চাষীরা পেট ভরে খায় বলে আমাদের যা উৎপাদন তার সমস্তটাই প্রায় গ্রামের লো'করা খেরে ফেলে এবং পশ্চিমবাংলার লোকসংখ্যা যদি ৩ কোটি ৭৮ লক্ষ ধরি তাহলে দেখব শহরের লোকসংখ্যা ৯০ লক্ষ আৰু ২ কোটি ৮১ লক প্রামাণ্ডলে বাস २ रका है ४५ नत्कत ब्राह्म प्रमुख्याहि स्नाक कृषक चारमत हाथ कतरह इस এই দেড়কোটির মধ্যে ৭০ লক্ষ হচ্ছে বারা উদ্বন্ত চাষী—সারপলাস প্রডিউসার অপবা ন্বরংসম্পূর্ণ চাষী। (শ্রীকমল গৃহ ঃ—বাজে কথা) মাননীয় সদসারা যথন বস্তুতা করেছিলেন তথন তাদের কথার মধ্যে অনেক বাজে কথা ছিল এটা জেনেও আমি কিন্তু তথন কিছ, इचि नि।

ৰাই হোক আমার বরুবা হছে ৭০ লক চাষী উদ্দুন্ত সারক্ষাস প্রডিউসার আর বাকী যে ৮০ লক চাষী, তাদের কারও দু মাসের ধান হয়, কারও তিন মাসের ধান হয়, কারও ছয় মাসের ধান হয়, কারও ৯ মাসের কি ১০ মাসের ধান হয়। গড়ে যদি ধরা যায় তাহলে তারা ৬ মাস নিজের খান খার। এই ৮০ লব্দ লোকের মধ্যে ৪০ লব্ধও বদি ধরি তাহলে ৭০ আর ৪০ অর্থাং ১ रकांग्रि ১० मक लाक ० कांग्रि १১ मक लात्कत्र मरश निरक्षपत्र छेश्भन्न थान थात्र, ये भिन्न--मान पत्रकात उठहे थात्र। आक्ररक ५० नक लाक जारह यात्रा छेन्द्रस वर स्वतः सम्भूर्ण। [ब ভরেস :—এটা বাজে কথা। এটা বাজে কথা নয় সতা কথা। এ ছাড়া আরও ৮০ লক্ষ লোক व्याद्य, बारमत शास्त्रत प्रश्ना मध्यन्य व्याद्य जीतारे काराना, बारमत ७ थ्यंटक ४ मारमत थान रहा. গড়ে বদি ৬ মাস ধরি তাহলে ১ কোটি ১০ লক্ষ লোক পেট ভরে ভাত খার। (এ ভরেস ফুম অপোজিশন :-- আর একটা রুরাল পপ্লেশন আছে যার কথা ভূলে গোলেন) তাদের কথাও বলছি, শুনুন। এ ছাড়া আরও যে ১ কোটি ৩০ লক্ষ লোক আছে যারা শিলপী, যারা আটি-জান যারা অন্য কাজ করে যারা দিন মজুর বা যারা ভাগচায় করছে এমন লোক আছে যাদের সম্বংসর কুলার না, এই সমস্ত লোক গ্রামে বে চাষ হয় সেই উৎপন্ন দুব্য কিনে খায়। আমাদের মাননীয় বন্ধ্ পাঁচ্পোপাল ভাদ্মুড়ী মহাশয় পরশা দিন বিতকে যোগ দিয়ে বলেছিলেন আমার कारह हिरमेव फ्रांबिशन अथम नन्दर अभवाधी हिमाद द्य ७३ ८० लक हेन हाल बाद **काथाय ? निम्हर टे अयाम जिन मरागराय मानायायायाया निराय का का कि कि कि कि** খরচ করছে। আমি তার উত্তরে বলতে চাই যে ৪০ লক্ষ টন চালের মধ্যে প্রায় ৩৪ লক্ষ টন চাল গ্রামের লোকেরা খায়। আমি মাননীয় বন্ধাদের কাছে বলতে চাই পশ্চিম বাংলায় এই ষে ৪০ লক টন চাল উৎপন্ন হয় তা কি করে উৎপন্ন হয়। আমাদের ৬ থেকে ৮ লক উৎপদ্ম হয় রাইস মিল থেকে, হলার থেকে, বড় বড় চালুকলগালি থেকে, সাড়ে তিন থেকে ৫ লক্ষ টন উৎপন্ন হয় প্যাড়ি হাস্কিং মেশিন থেকে। মুর্গিদাবানুদর লোকে **ब्लात्न, वीत्रभूत्मत्र त्नाक कार्त्न এই या करन ५ लक्क उंन हाल इ**यु ५ लक्क उंन हान इयु, खावादा **दिगी थान इस रमवादा ৮ लक्क ऐन ठाल इस रयवादा कम इस रमवा त ० लक्क ऐन ठाल इस**. **এর মধ্যে অনেকটা পরিমান আমাদে**র গ্রামে থরচ হয়। বীর*ন্ত*মে যে ধানকলগ**্**লি আছে. বোলপরে বে ধানকলগালি আছে শহরের লোকেরা ধানকলগালির চাল খায় আমাদের বর্ধ-মান শহরে যে ধানকলগুলির চাল হয় সেই চালগুলি বর্ধমানের লো করা খায়। কাজে কাজেই বাড ধানকলগুলিতে গড়ে যে ৭ লক্ষ্ণ টন চাল হয় তার প্রায় ৩ লক্ষ্ণ টন চাল গ্রামের লোকে খার। তাহ'লে কলকাতার আসছে ৪ লক্ষ টন। এই যে মনোফাখোরদের টাকা দি'ল পর শত শত মণ সহস্র সহস্র মণ চাল পাওয়া যায় সেই পরিমান চাল কিন্ত ৪০ লক্ষ টন চাল নয়। এই চাল হচ্ছে ৪ লক্ষ্ণ টন চাল। আমাদের কলকাতা শহর বা শিল্পাণ্ডল যেথানকার লোক সংখ্যা প্রায় ৮০/৮৮ লক্ষ্ণ সেই জায়গার লোকেদের জন্য পশ্চিমবংগে উৎপল্ল এই ৪ লক্ষ্ণ টন চাল আসে। কাজ কাজেই সমস্যা খুব গ্রুতর। গ্রুতর এই জনা যে গ্রামের লোককে যদি অমরা উপোস করে মারি যে কথা আমার বন্ধ্য স্বোধ চৌধরী মহাশয় বলেছিলেন আজ নয় ১০ বছর আগে তিনি ১০ বছর আগে দুভিক্ষের পদধর্নি কান পেতে শুনছিলেন, "আমি সতর্ক করে দিচ্চি খবরদার, গ্রামের লোকের মুখের গ্রাস শহরের লাকের জন্য কেন্ডে আনলে ভীষণ ব্যাপার হবে।" আজকে সতাই গ্রামের লোকে বেশী করে চাল খাচ্ছে, আর শহরে যেটা আসছে বড বড ধানকলগুলির চাল তার পরিমান হচ্ছে ৪ লক্ষ টন। অতএব আমাদের সমস্যা গুরু-তর। আমাদের এখানে সেজন্য আমরা যে খাদানীতি গ্রহণ করেছি সেই খাদা নীতি হল আমরা ৪ লক্ষ টন, আমি ব্যেধ হয় আমার প্রারম্ভিক বস্তুতায় বলেছিলাম, মনে নেই, আমরা বে বছর সব চেয়ে বশী চাল প্রোকিওর করেছিলাম তার পরিমান ছিল ৫ লক্ষ টন, এই ৪ লক্ষ টন বা ৫ লক্ষ্ণ টন চালের বেশী এই ৮৮/৯০ লক্ষ্ণ লোকের জন্য প্রোকিওর করতে পারব না। এর বেশী প্রোক্তির করা অসম্ভব। তা দ্রুদি করতে হয় তাহলে সুবোধ বাব্র কথার গ্রামের লোকের মুখের গ্রাস কেড়ে আনতে হয়। আজকে সেজনা আমা দর এই পরিপ্রেক্ষিতে বিচার করতে হবে। আমরা বলেছি যে যে অঞ্চল যে রাজ্যে খাদ্যে ঘাটতি সেখানে যদি সংগ্রহ করা বার ভাহলে তাতে বাজ্ঞারে দর বেডে বার। মাননীয় বন্ধ,দের স্মরণ রাখা কর্তবা যে বখন আমবা উদ্দুন্ত জেলাগালিকে খেরোয়া করে কর্ডান করে সংগ্রহ করতাম তখন তা অলপ দামে খার্টাত প্রেক্তার মডিফারেড রেশনের মাধ্যমে দিতাম। সেখানে চালের দামের ক্ষেত্রে শ্রীবীরেন ডেমিক মহাশর বলেছিলেন ৪০।৪৫ টাকা হরে যেত। এর আগে সেদিন একজন মাননীর সদস্য উল্লেখ করেছিলেন যে এই রকম চালের দাম নাকি আর কোন দিন বাড়ে নি। বেড়েছ, এর চেরেও বেশী হরেছে। অবশ্য কুচবিহারের কথা বলব না, সেখানে ৭৫ টাকা চালের দাম হরেছিল, খাদ্য আন্দোলন হরেছিল, গ্র্লিও চলেছিল সত্য এবং আমি এ কথাও বলছি যে গ্র্লি চলার পর সেথানে ৬টি আসনে কংগ্রস প্রাথী জিতেছিল। সেই সব কথা বলে আমি কক্জা দিতে চাই না।

[তুমুল হটুগোল]

[5-00-5-10 p.m.]

কান্তে কান্তেই আমাদের খাদ্যনীতি গুলি চালানো নর, আমাদের খাদ্যনীতি গ্রামের লোকের কাছ থেকে তাদের সমস্ত ধান সংগ্রহ করে নিয়ে আনা হয়—আমাদের খাদ্য নীতি হচ্ছে......

[বিরোধীপক্ষের বেঞ্চ হতে তুম্ব হটুগোল]

(🎚 মনোরঞ্জন হাজরা : গত ১৬ বছর ধরেই তো আমরা এই বক্তৃতা শ্রনছি।) আমাদের বিরোধী-বলেছিলেন ১০ বছর আগে সে কথাই আমরা শ্রনছি-ন্তন কথা আমরা কিছু শ্রনি নি। কাজেই আজকে আমি সেই কথারই জবাব দেব। (বিরোধীপক্ষের বেঞ্চ হইতে তম্লু হটগোল) আমার বন্ধব্য আমার মতই হবে, মাননীয় বন্ধ্বদের মত বন্ধতা আমি দিতে পারবো না আমি বেমন বন্ধতা দিতে পারি সেই রকম বন্ধতাই দেব—কারো মনগড়া বন্ধতা আমি দিতে পারবো ना। कार्ष्करे ७ मिन धरत या थामा विजर्क रन जारज आमता यमि रकान अनाः स कथा वीन मान-নীয় সদস্যদের মতে তাহলে তা শনেতে হবে, কেন না আমরাও আপনাদের অনেক কথা শনেছি। আপনারা নতেন কোন কথা বলেন নি। প্রোনো কথাই বলেছেন। বিরোধীপক্ষের বেণ্ড হইতে তম্ল হটুগোল: আমি ১৯৫৩ সালের কথা বল্লাম-গত দশ বছর ধরে আমরা দুভি ক্ষের পদ-ধর্মিন শনে এসেছি এবং আমাদের এই পশ্চিমবাংলায় আজকে এবং কালকেও কোন কোন মান-নীয় সদস্যরা বলেছেন যে এখন আমরা শুধু উপোষ করে ক্ষান্ত হব না, আমরা এই সমস্ত মন্ত্রীদের, মুখামন্ত্রী শ্রীপ্রফাল্লচন্দ্র সেনকে ঘাড় ধরে নামাবো—এ কথা চূপ করে শূর্নোছ, কোন প্রতিবাদ করি নি। আমাদের ঘাড ধরে নামাবার চেণ্টা গত ১৬ বছর ধরে চলে আস:ছ এবং আমরা দেখিয়াছি যে আমাদের কেউ ঘাড ধরে নামাতে পার ব না। এখানে কেউ কেউ ভীতি প্রদর্শন করেছেন যে আমরা বিম্লব স্থিট করবো—আমরা সংস্থায় গণতশ্যে বিশ্বাস করি না, ভয়ংকর বিস্পব করবো। নিশ্চয়ই কর:ত পারেন। কালকেও বলেছেন, আজকেও বলে ছেন যে তারা শুখু উপোষ করে ক্ষান্ত হবেন না, তারা দরকার হলে বিম্লব করবেন। তারা সংসদীয় গণতক্ষে বিশ্বাস করেন না বলে কয়েকজন সদস্য বলেছেন। নিশ্চয়ই উত্তর দিতে হবে। (বিরোধীপক্ষের বেশ্ব হইতে তম্প হটগোল)

Mr. Chairman: আপনারা একট, চ্প কর্ন—
please do not disturb. Please allow him to speak.

The Hon'ble Prafulla Chandra Sen: তাদের যদি একথা বলবার অধিকার দেয়া হ'য় থাকে তাহলে তার উত্তর শ্নতেই হবে। [5-10—5-20 p.m.]

আজকে আমি সেইজন্য দেখলাম তাদের বন্ধৃতা শ্বনবার পর আমাদের পশ্চিমবাংলার ১৯৫০ সালে খাদ্য আন্দোলন হরেছে, ১৯৫৪ সালে হর নি ১৯৫৫ সালে হর ১৯৫৬, ১৯৫৭, ১৯৫৮ সালে হরেছে এবং ১৯৫৯ সালে কি কান্ড হরেছে তা আপনারা জানেন। আমরা তাতে ভীত হই নি। কারণ আমরা আমাদের কর্তব্য পালন করবো এবং আমাদের কর্তব্য বোধ আছে, আমাদের বিচার ব্রিণ্ধ আছে। একজন মাননীর সালস্য বলেছিলেন.....

[গোলমাল]

আমরা জনসাধারণের আম্পাভাজন লোক—নিশ্চরই আমরা এই আসনে বসবো কার্ব্বরু ক্ষমতা নেই আমাদের এখান থেকে অপসারণ করতে পারে। [এ ভরেস—জনসাধারণ পারে] কিন্তু এই সমস্ত লোকদের ম্বারা নর। মিঃ চেয়ারম্যান স্যার, আমরা ১৯৫০ সাল থেকে দুর্ভিক্রের পদধ্বনি শুনে আসছি এবং দুর্ভিক্ষে মারা যাক্ষে—কত মিছিল কত কাণ্ড হয়েছে...

[গোলমাল]

Mr. Chairman:

আমি মাননীয় সদস্যদের অন্রোধ করছি আপনারা চ্প করে শ্ন্ন্ন যা অভিযোগ করেছেন তার জবাব তো শ্নবেন।

[গোলমাল]

The Hon'ble Prafulla Chandra Sen:

আমাকে বলতে দিন—কৈ আপনাদের সময় ত' আমি কোন কথাই বলি নি—আপনারা কেন এ বকম করছেন?

[গোলমাল]

Mr. Chairman:

আপনারা দয়া করে ধৈর্য ধরে শুনুন চীফ মিনিস্টার কি জবাব দিচ্ছেন।

Dr. Kanai Lal Bhattacharya: On a point of order, Sir,

শংকরদাস বাানাজণী মহাশয় একজন মন্ত্রী হয়ে বিরোধী পক্ষের দিকে ঘটোষ দেখিরেছেন এবং আমার দিকে তাকিয়ে বলেছেন– তুই এগিয়ে আয়, তুই এগিয়ে আয়,.....

The Hon'ble Sankardas Banerjee: No.

(Noise and interruptions)

Mr. Chairman: Please sit down.

(Noise and interruptions)

Shri Jamini Bhusan Saha: On a point of order শংকরদাস বাব মনোরঞ্জন বাবুকে বালছেন—আপনি বেরিয়ে যান।

The Hon'ble Sankardas Banerjee: No. I have not said that.

(Noise and interruptions)

Mr. Chairman: So long as the Chief Minister will reply you will have to listen.

Dr. Kanai Lal Bhattacharya: But he must withdraw that.

Mr. Chairman: As he has denied it there is no question of its withdrawal.

Shri Kamal Kanti Cuha:

তিনি উঠে দাঁডিয়ে পারসোনাল এক্সণ্লানেশন দিন।

Mr. Chairman:

তিনি তো বলে:ছন আমি বলি নি। উনি যখন বলছেন যে বলেন নি তারপরে আর কি কর-বার আছে?

Shri Nani Bhattacharjee:

উনি উঠে দাড়িয়ে ডিনাই কর্ন।

Mr. Chairman: He has denied.

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি স্যার এইটে বলতে চাইছিলাম যে এই দশ বছর ধরে তো দ্বভিক্ষের.....

Br. Kanai Lai Bhattacherjee:

মশ্বীরা যা তা বলবেন তা সভ্তেও হাউস চলবে, এরকমভাবে চলতে পারে না। এতে ব্যাড্ প্রিসিডেন্ট ক্রিরেটেড হচ্ছে।

Shri Nani Bhattacharya:

তিনি তো বলতে পারেন আমি বলি নি। এই কথাটা কি তিনি দাঁড়িয়ে উঠে বলতে পারেন না?

Mr. Chairman:

তিনি তা ডিনাই করেছেন। ইউ টেক হিম এটা হিজ ওয়ার্ডস। সেখানে উঠে দাঁড়িয়ে কোর করে। বলার আর কি দরকার আছে ?

The Hon'ble Sankardas Banerjee:

আমি বার বার বলেছি আমি ও'কে বেরিয়ে যেতে বলিনি। আমি যে সেন্টেস্স-টা বলেছিলাম তা হল এই ঃ আপনারা থৈব্য ধরে শ্নুন্ন, নতুবা বাইরে চলে যান।

[5-20-5-30 p.m.]

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি এই কথাই আপনার কাছে বলতে চাই যে আমরা যে ১০ ৰছর ধরে দুর্ভিক্ষ দেখছি তাতে পশ্চিমবাংলার মৃত্যুর হার বেড়েছে না ক মছে। ১৯৫১ সালে হাজার করা মৃত্যুর হার ছিল ১০. তারপরে ১৯৫২ সালে হল ১০.৮. ১৯৫৩ সালে যেবার ভয়ানক দুর্ভিক্ষ এবং অনটনের বছর—জিনিসপত্যের দাম খব চড়া সে বছর হল ১০.২. ১৯৫৪ সালে হল ৯০. ১৯৫৫ সালে হল ৮০.১, ১৯৫৬ সালে হল ৮০.১৯৫৫ সালে হল ৮০.১৯৫৮ সালে হল ৯০.১ ১৯৫৮ সালে হল ৯০.১

Shri Monoranjan Hazra:

সারে একটা প্রদেশের মুখ্যমন্ত্রীর কি ওরকম অভিনেতার কণ্ঠদ্বরে কথা বলা শোভা পায়।

The Hon'ble Prafulla Chandra Sen:

স্যার, এবার আমি পরেলিয়া জেল; সম্বন্ধে বলছি। আমি এপ্রিল মাসের প্রথমে—মার্চ মাসের শেষ দিকে গিয়েছিলাম। এপ্রিল মাসের প্রথমে আমি ওখান থেকে চলে আসি। আমি যখন হরে। এবং প্রইতা এলাকার করেকটি জনসভার বস্তুতা দিয়েছিলাম তাতে আট থেকে দশ হাজার লোক আসত আমার বন্তব্য শুনতে। এবং সেই সময় লোকসেবক वन्धता जातक शान्धिवन विनि कर्नाष्ट्रात्म. এতে ৮।৯ वाहि मार्ट, अञ्चल मार्ट অনাহারে মারা গিয়েছেন বলে তাঁরা প্রচার করেছিলেন এবং আমি. মিঃ চেয়ার-মানে অপনার কাছে বলতে পারি এপ্রিল মাসে আমাদের পশ্চিমবাংলার চালের দর ২৮ টাকা ছিল, আজকে যেখানে দর ৩৯ টাকা, এপ্রিল মাসে ২৮ টাকা ছিল এবং সেইসময় ৯ জন লোক প্রেলিয়ায় মারা গিয়েছিল এবং সেইসময় প্রেলিয়ায় একটা উপনির্বাচন হয়েছিল; দেই উপনির্বাচনে কংগ্রেস পক্ষ থেকে অর্থাৎ বারা সরকারকে বারা সমর্থন করেন, আমাদের খাদ্য লীতি যারা সমর্থন করেন এবং যাদের কার্যোর দর্ন, অপকাতির দর্ন ১ জন প্রেলিয়ার মারা গিয়েছিল—আমাদের পক্ষ থেকে একটি যুবক তার রাজনৈতিক কাজ কিছ, নেই, সামাজিক কাজও খবে বেশি নেই, তাঁর বরসও বেশী নর, তার বিরুদেধ লোকসেবক সংঘের মহান নেতা, তাঁকে আমি শ্রন্থা করি তিনি আমাদের সম্পরিচিত, শ্রন্থের শ্রীচন্দ্র বন্দ্যোপাধ্যায় মহাশয়, তিনি প্রবীণ, তিনি আগে কংগ্রেসে ছিলেন, তিনি স্বীকার করেছিলেন তাকে ভালোবাসেন। কিস্তু তথাক্থিত দুভিক্ষ সম্ভেও ৯ জন লোক তথাক্থিত অনাহারে মৃত্যুম্থে পতিত হওরা সম্ভেও কংগ্রেস সেই উপনির্বাচনে জয়লাভ করেছে। কাজে কাজেই তারা কথার কথার ভর দেখান, এটা আমরা গত ১৬ বংসর ধরে শুনে আসছি। একটা কথা, পুরুলিরার,—আমার কাছে এখানে २ कन बाननीत जनजा शुन्न करत्रहरू य बानवाकात धानाए क्रेंग्री स्वतात शाहेज जल नावा মংলোর দোকান আছে বলতে হবে, তা আমি সংগ্রহ করেছি,—অমি দেখে আশ্চষ্য হয়ে যাচিচ যে মাননীয় সদস্য এই প্রশ্ন করেছিলেন তাঁর অজ্ঞতা দেখে,—মানবাজার গ্রামেই ৪টা ন্যায়া মৃল্যের দোকান আছে, বনমহলায় একটি, ছতুয়ায় একটি, দীঘায় একটি, গোবিন্দপুরে একটি—

(Noise and interruptions)

Shri Girish Mahato:

আমি চ্যালেঞ্জ করছি--

Mr. Chairman: Shri Girish Mahato, will you kindly take your seat?

[Noise and interruptions]

The Hon'ble Prafulla Chandra Sen:

আমরা কেন্দ্রীর সরকারের কাছে লিখেছি এই কথা।

ধ্বৈষ্য ধরে শ্নলে আমি সব বলতে পারব। প্রেন্লিয়ার আমাদের মাননারা ত্রাণমন্দ্রী শ্রীমতী আভা মাইতি গিরেছিলেন, এবং তিনি বখন গিরেছিলেন তাঁকে বেভাবে অভিনন্দন এবং অভার্থনা করা হরেছিল—সেখানে তাণ কার্বের জন্য আমাদের স্থানামই হরেছিল, দ্বনাম কেউ করেনি—

[Noise and interruptions]

স্থামাদের তাহলে খাদীনীতি কি আমি আংশিক ভাবে বলেছি, বাকটি কু যদি বলবার স্বোগ পাই তাহলে বলে শেষ করব। আমাদের এখানে যখন দাম বাড়ে চালের তখন আমরা আমাদের ন্যায়াম্লোর দোকনে থেকে কিছ্ চাল এবং কিছ্ গম দিই এবং খোলাবাজারে আমরা আটা কিনী করি, মরাদা বিক্রী করি, এবং তার ফলে আমরা দেখতে পাচ্ছি ন্যায় ম্লোর দোকান থেকে ধীরে ধীরে বেশী মাল কাটছে। আমি পরশ্ব বলেছিলাম আমার প্রারহিত্তক বক্তৃতার ৫৬ লক্ষ লোক আমাদের ন্যায় ম্লোর দোকান থেকে—৫৫-৫৬, বোধ হয় ৫৫ লক্ষ ৮০ হাজার লোক আমাদের ন্যায় ম্লোর দোকান থেকে গম এবং চাল নিচ্ছে। আজকে আমি খবর পেলাম আমাদের ফ্রেড ডাইরেক্টর মহাশরের কাছ থেকে, সেই সংখ্যা এই সংতাহে মোট দাঁড়িরেছে ৬৩ লক্ষ। এবং আমরা মনে করছি হয়তো এই সংখ্যা ১ কোটি হতে পারে।

মাননীয় সদসাদের এই কথা সমরণ করিয়ে দিতে চাই, ১৯৫৯ সালে যথন পশ্চিমবাংলায় প্রায় ৯টি জেলায় ভীষণ বন্যা হয়েছিল প্লাবন হয়েছিল সেই সময় আমাদের কাছ থেকে ১ কোটি ২০ লক্ষ্ণ প্যাদত লোক ন্যাযামলোর দোকান থেকে চাল এবং গম নিয়েছে। প্রয়োজন যদি হয় ১ কোটি ২০ লক্ষ লোককে আমরা দিতে পারব। আমাদের ন্যাব্য-মুলোর দোকান থেকে ৬৩ লক্ষ লোককে এখন আমরা দিচ্ছি চল এবং গম, তা বালে বহু: লোক টেস্ট রিলিফ এবং কাজে নিয়ন্ত আছে, তার সংখ্যা গড়ে প্রায় ১ 10 সক্ষ, প্রত্যেক পরিবারে যদি, ৪ জন শোক ধরা হর—তারা ২॥০ সের করে গম পান, যৌদন গম দেওয়া হয় না ১ টাকা করে নগদ মজরী পান এতেও প্রায় ৫ লক্ষ লোককে আমরা খাদ্য দিচ্ছি। তা বাদে প্রায় ৮।।০ লক্ষ লোককে গ্রাচইটাস রিলিফ ডোলস খয়রাতি সাহাষ্য দিচ্ছি। তাহলে আমরা দেখতে পাচ্ছি যাদের ক্রক্ষমতা একদম নাই এমন লোককে আমরা ধ্ররাতি সাহায্য দিচ্ছি বা কাজের মাধামে মজুরী দিচ্ছি। সব যদি হিসাব করা যায়, ৬৩ লক্ষ এবং ৫ লক ৬৮ লক এবং ৮ লক ৮।।। নক ৭৬ লক, ৭৭ লক—এই লোক এখন সরকারের কাছ থেকে ন্যাৰাম্ৰল্যে বা খয়রাতি সাহাষ্য পাচ্ছে. এবং এই সংখ্যা যত বাড়ে আমরা দেব বেমন ১৯৫৯ সালে আমরা দিয়েছিলাম। এট্কু আমি বলতে পরি আমাদের পশ্চিমবাংলার এই বড় বড় दार्रेजीयल त्थरक रव ८ लक जेन जल आंधारमंद्र अशान आरंग मार्ग आयता मश्यर क्दरंज ठारे ना, সে সংগ্রহ করলেও আমাদের কাজের পক্ষে কোন লাভ হবে না। আমরা অবশ্য নেপাল থেকে কিছু চাল পাছি, উত্তর প্রদেশ থেকেও কিছু চাল পাছি, সেদিন অন্ত প্রদেশ থেকেও কিছু চাল, প্রার ২৫ হাজার টন আমরা পাব বলে খবর পেরেছি। কিন্তু মুসকিল হছে, এগালি আতপ কাল। আতপ চাল আমাদের এখানে সকলে থাবেন কিনা জানিনা, আতপ চাল সকলে পঞ্ছৰ করেন না, তবে আমরা ভাবছি এই ২৫ হাজার টন চাল তারা যদি কিছুটা দাম কমিরে দেন—

আমরা ২৫ হাজার টন আতপ চাল নেব কিম্তু বিক্রি না হলে লোকসান হবে এবং বিরোধী कालव माननीय अन्दारात्रा शाल निरम्न वलरवन, मगारे, এত চाल किनलान किन्छ विक्रि कतरा शायालन ना। कात्क्रकात्क्षरे आमि वर्णाष्ट्र या. वर्गामत्त्रत्र अध्यक्षणात्र यत्न वर्गः वर्गः किन्ना करत् स्व প্রাদানীতি আমরা গ্রহণ করেছি তার ১৯।২০ পরিবর্তন করতে পারি সংশোধন করতে পারি ক্রিন্ত মূল নীতির পরিবর্তান করতে পারি না। তারপর, স্টেট ট্রেডিং-এর কথা উঠেছে। স্টেট ক্রেডি:-এর মূল কথা কি সেটা স্যার, আপনি জানেন কিনা জানিনা, তবে আমি যতদুরে জানি সেটা হচ্চে হোল সেল সেট ট্রেডিংটা কো-অপারেটিভ-এর মাধ্যমে হবে। তবে কো-অপারেটিভ-এর মাধ্যমে যদি হয় তাহলে সেটা সরকার কর্তক আরোপিত কো-অপারেটিভ নয়। আমাদের এই পক্ষের হোন আর ঐ পক্ষেরই হোন যে কোন লোক আমর। কো-অপারোটভ করতে পারি এবং সেটা যদি করতে পারি তাহলে বস্তুব লোকদের উপর আমাদের প্রভাব আছে। এখন দেখা যাক এই পক্ষের হোন আর ঐ পক্ষেরই হোন সমবায় সাখি করে আমরা হোলসেল শ্লৌডং করতে পারি কিনা। তা যদি করতে পারি তাহলে ঘাটতি কমবেনা তবে মলারোধ কিছটো হতে পারে। কাজে কাজেই স্টেট ট্রেডিং ঘাটতি অণ্ডলে করা উচিত কিনা সে সম্বন্ধে চিন্তা করতে হবে এবং এ সম্বন্ধে কেন্দ্রীয় সরকার যে নির্দেশ দিয়েছেন এবং স্ব্যানিং কামশন যেভাবে চিন্তা করছেন তাতে ঘার্টাত অঞ্চলে স্টেট ট্রেডিং-এর কথা নেই। আমরা পাট-এর বাাপারে স্টেট ট্রেডিং করতে পারি কারণ আমরা এখানে পাট বেশী তৈরী করছি। কাজেই পশ্চিমবাংলায় আমরা কি করে হোলসেল ট্রেডিং করব? ৪০ লক্ষ টনের মধ্যে যদি ৩৭ লক্ষ টন গ্রামের লোকের খায়, ২৯।৩০ লক্ষ টন যদি ঢে কৈতে কটে খায় তাহলে কিছুটা হয়ত আমর; করতে পারি। কাজেই দেখা যাচ্ছে ঘাটতি অণ্ডলে স্টেট ট্রেডিং করা চলেনা। তবে হোলাসল ট্রেডিং করে কো-অপার্রেটিভের মাধামে যদি মূলা রোধ করা যায় তাহলে বিরোধী দলের মাননীয় বন্ধাদের সংগে বসতে আমি রাজি আছি। কিল্ত এই জ্লাই, আগস্ট মাসে যদি খাদ্য নাতি পরিবর্তন করতে চাই তাহলে **रमारक यमरव भूथ**, शिरामव ना करत काक कतरह ।

(নয়েজ)

আপনারা আমাকে প্রতারক বলেছেন, ঘাড় ধরে বার করে দেবেন বলেছেন তথন আমি কিন্তু কিছ, বলিনি, কান্তেই এখন আর গোলমাল করবেন না। আমি কোন অকথা--কুকথা বলাছনা, আমি হিসেবের কথা বলছি, পরিসংখানের কথা বলছি কাজেই আমাকে কেন বলতে দেবেন না। আপনাদের যেমন বলবার অধিকার ঠিক সেই রকম আমারও বলবার আধিকার আছে। (জনৈক সদস্যঃ আমাদেরও অধিকার আছে) আপন'দের অধিকার শেষ হয়ে গেছে আমি শেষ বক্তা। যাহোক আমার বন্ধুরা বলেছেন যে আমি নাকি তাঁদের সংগে অসং ব্যবহার করেছি। কাশীবাব্রের পিতাঠাকরের সংগে আমার সোহার্দ্য ছিল এবং আমরা তাঁকে দাদা বলতাম। তিনি খুব ভাল বক্তা ছিলেন এবং কাশীবাব্ত একজন ভাল বক্তা। থাহোক, কাশীবাব, বলেছেন যে, আমি তাঁর চিঠির উত্তর দেইনি—তবে একথাও বলেছেন যে, আমি তথন অস্ম্প ছিলাম। সতি।সতি।ই আমি অস্ম্প ছিলাম বলে চিঠিপত্তের ঞ্বাব দিতে পারিনি। তবে আমার বন্ধ, হেমন্তবাব, যখন এসোছলেন তখন আমি তাঁকে বলে-ছিলাম যে, একথা আর কি শূনব, গত ১৬ বছর ধরে শূনাছ নাতন কথা কিছ, নেই। তবে অমরা যে খাদ্য নীতি গ্রহণ করেছি সেটা অভিজ্ঞতা থেকে পুতণ করেছি, ঠকে গ্রহণ করেছি, ঠেকে গ্রহণ করেছি এবং শিখে গ্রহণ করেছি। কাজে কাজেই এট নীতি হঠাং পারবর্তন করে**লে** তাতে দেশের কল্যাণ হবেনা এবং বিভান্তি ও বিশ্ভখল। সাণ্ট করবে। তারপর অনেক মাননীয় বন্ধ, বলেছেন এই যে ৪ লক্ষ টন চাল কোলকাতা এবং শহরাণ্ডলে আসে বিদ্ধি করবার জনা তার মূল্য আমরা কেন ঠিক করে দেবনা? আমার বন্ধ হেমনতবাব্র কথা মত যদি ২২ টাকা ধার্য করি তাহলে আমার বন্ধ, আনন্দবাব, বলেছিলেন গতকাল যে ২২ টাকায় চাল বিক্লি করলে ধানের দর কি হওরা উচিত?

15-40-5-50 p.m.J

এবার ফের্য়ারী মাসে চাষী ১৫ টাকা দরে ধান বিক্রী করেছে। যাদ ১৫ টাকা দরে ধান বিক্রী হর, দেড় মণ ধানে এক মণ চাল হয় তাহলে ১৫ টাকা আর সাড়ে সাত টাকা হয় সাড়ে ৰাইশ টাকা, ভাগগা ধরচ দেড় টাকা এই হল ২৪ টাকা, আনা নেওয়া খরচ আট আনা अर्प गाँखान जाएक हिन्दान होका कनकारात्र जाना श्वह जाहे याना इन ५० होका खाव কলকাতায় যে আনবে তাকে মাজিনি দিতে হবে, কাজেই বিক্রী করবে ১৬ টাকা সাজে তাজিল টাও।, তার কমে বিক্রী হবেনা। (নরেজ:-তাই দিননা কেন, তাই দিননা কেন?) আক্রকে জ্ঞাই মাসে তা সম্ভব নয়। আমাদের পশ্চিমবাংলায় আজকে যে পরিমাণ লাটতি হয়েছে সেই বার্টতির পরিমাণ নিয়ে ঝগড়া থাকতে পারে--১৯৫৩ সালে সুবোধবাবু বলোছলেন প্রায় ২৭ পক টন ঘার্টাত, প্রদেশ্য ডাঃ প্রকল্পেটাল ঘার মহাশর যিনি লেখাপড়া কম জানেন না, যার পরি-সংখ্যান সম্বশ্যে জ্ঞান কারও চেয়ে কম নয় তিনি বলেছিলেন ২০ আউল্স চালের কম লাগেনা খেতে। কাজে ব জেট ঘাটতিব পরিমাণ কট তা কত খাব তাব উপৰ নিভাৱ করছে ঘাটতি আছে তা নিয়ে ঝগড়া করে লাভ নাই, ঘাটতি আছে সতা কথা। কথা হচ্চে এই ঘাটতি পরেণ করবো কি করে? আজ যদি হেমন্ত্রাব্রে কথা মত চাল বিক্লী করতে আরুত কার ২২ টকোয় গ্রহলে হেমন্তবাব্য কিনতে ধাবেন, অমরবাব্য কিনতে যাবেন, আমাদের চৌবে সাহেব কিনতে বাবেন চৌবে বদিও -কাল তিনি অনেক কথা বলেছেন-বুটি খাননা। ভাতই খেয়ে আসছেন। বাংলার বাইরে থেকে বারা আসছেন তিনি চৌবেই হোন আর দুবেই হোন, তিনি কিন্তু ভাতই খাবেন। আমার কথা হল বাংলার বখন এসেছেন, তিনি এমন সন্দের বাংলা বলেন, তিনি বাংগালী কি অবাংগালী যে প্রশ্ন নয়, তিনি বথন বাংলাদেশে এসেছেন, বাংলার এমন কোমল বাতাস আবহাওয়া তাতে তিনি বাটি খাবেননা চাল তবি চাইই। তবে ৪ লক টন চাল ধদি বিষ্ণা হয় দোকানে দোকানে তাহলে -খনোখনি হবে, পালিশ ডাকতে হবে, সৈনা ডাকতে হবে, ওবে বদি রেশন করা যায় হতে পারে। আমি আমার কব্দদের সংগে কসতে রাজী আছি রেশন করা হবে কিনা, আমি আমার প্রারশ্ভিক বস্তুতার আগেই বলেছি রেশন করলে পর একপো করে দ্বালা পাওৱা বাবে, তবে বলি সব মেন্বার মিলৈ সই করে দেন এক সংগ্রো বেমন অনশন করছেন धकरमा हाम शक्त हमात् उत्व २२ होका मत्त्रहे स्मत्वा। (नत्त्रक्त.....निर्ध स्मत्वा निर्ध स्मत्वा) ভাহলে ভোট পাবেন না। ঝগড়ার কথা বলছিনা, আমার- অভিন্ততার কথা বলাছ। আরও অনেক কথা শুনৰাম চিনি সম্বন্ধে শুনৰাম কাশীক ত্বাব, অনেক কথা বলেছেন। তিনি कींग्रेश्नित ग्रामात्म त्व ५ नक ५० शंकात्मद कथा वर्त्नाहन छो। शत ५ नक ८৮ शंकात वानि এটা কটি।পকের গলেমে ছিল।

এখানে পশ্চিমবালে চিনি নিত্রবের ব্রেম্থা কি বিহারের কি উত্তর প্রদেশের কি বোশের কি মাদাভের কি এটা যদি আমরা বিচার কার দেখি তাহলে বাখতে পার্থ যে পশ্চিমবংগের যে বন্টন বাবস্থা তা অন্য জায়গায় চেয়ে নিকৃষ্ট নয়। কেউ কেউ এথানে এসে বলেছেন যে বাবস্থাটা উৎকৃষ্ট। আমাদের এখানে মখন ১ লক্ষ্ণ ৪৮ হাজার বাগে চি'নি আছে ১৫ই এপ্রিল না কত তারিখে তথন ক্রেন্দ্রীয় সরকারের কাছ থেকে বিহারের চিনির ফাার্ট্রীর থেকে উত্তর প্রদেশের চিনির ফার্ট্রৌর থেকে এখান থেকে ২ হাজার টন ওখান থেকে ৩ হাজার টন নাও এই এ্যালটমেন্ট পেলাম। দেখলাম এই সমস্ত চিনি আসতে ১৫ দিন থেকে ২১ দিন সময় লাগবে। কারণ, ছোট লাইনে আসতে অনেক সময় লাগবে। পরশা একজন মাননীয় সদস্য বলোছলেন উত্তরবংগের ভীষণ অবস্থা হয়েছে। আমি জানি যে উত্তরবংগের জনা ১ হাজার ৮ শো ব্যাগ চিনি একটা ফার্টের থেতে লেখা আছে নাম মনে নেই এালেটমেন্ট দিয়েছে। সেই ফার্ট্টার আজ পর্যন্ত মাল দিতে পারে নি। দিতে পারে নি বলে আমাদের কলকাতায় দটক থেকে আমরা ১ হাজার ২ শো বাাগ চিনি পাঠিয়েছি, পেণচৈছে কি পেণছায় নি জানি না। আমাদের সংগে অনা প্রদেশের যেটা কাশীকানত মৈত্র মহাশার উল্লেখ করেছেন খবে জোরের সংগে তার উত্তর দেওয়া উচিত বলে আমি মনে করি। তিনি বলেছিলেন বাবস্থাটা যেন পশ্চিমবংগ সরকার নিলেন না। আমরা যদি 🤰 লক্ষ ৪৮ হাজার ব্যাগ নিতাম তাহলে সব রেশনের দোকানে দিতে পারতাম না। মুদির ব্দাকানে দিয়েছি কিল্টু যাদের রেখন কার্ড নেই তাদেরও দিতে পারতাম না। কালকে মাননীয় कांभीकार्ट सेव बदाबत वनालन ७५ नक प्रोका ना कर नास करताह । बाननीय कांभीकार्ट মৈচ মহাশর হিসাব করে দেখনে, আমাদের এখানে যখন ১-২৫ নরা পরসা খাচরা রিটেল দরে চিনি বিক্তি হয়েছে, ষেটার জনা আমি গর্ব অনুভব করছি, তখন বিহার, উত্তর প্রদেশ, বোলেব, মাদ্রাক্ত সেখানে ১ টাকা ৬ আনা ১ টাকা ৮ আনা সের বিক্তি হরেছে। আমরা পশ্চিমবংগে খ্যাকানে দোকানে যে চিনি দিয়েছি এই চিনি বিতরণ সম্বন্ধে মাননীর কাশাকান্ত মৈল মহালয় क्रिक्रामान त्र त्वाचवा विनो धाल कर्ताम क्वा क्वा चेच्या है च्या चे च्या है च्या चे च्या चे च्या चे च् বিবেটিলার এই তিনটা ধাপ আমরা অনেক ভেবে চিন্তে করেছি। কারণটা বলে দিই ভাহলে ব্রব্রতে পারবেন। আমাদের এখানে অন্য প্রদেশ থেকে চিনি আসে। পাশ্চমবংগে বোধ হর ১ হাজার ১ শো টন চিনি উৎপন্ন হয় বছরে। আর আমাদের এখানে প্রতি মাসে ২১ হাজার টন চিনি আসতে উত্তর প্রদেশ এবং বিহারের বিভিন্ন ফ্যান্ট্রীর থেকে। আমাদের এখানে কাঁটা-প্রের পোর্ট কমিশনারের গুদাম আছে, এই গুদোমে ব্যাংক থেকে টাকা নিয়ে যাদের বেশী টাকা আছে তাদের মাল রাখতে হয় এবং যারা বহুদিন ধরে ইমপোর্টার তারা কটািপুকুরের শ্রীক্ষাম টাকা দিরে ভাডা করে রেখেছে। কাব্দে কাব্দেই ইমপোর্টাররা মাল আনলেন সেই মাল ১৫।২০ দিন রাখতে হতে পারে। আমাদের এখান থেকে দক্ষিণে আছে কাঁটাপত্রুরের গনেম. সেখান থেকে সমস্ত বিটেলারদের যদি মাল নিয়ে যেতে হয় তাহলে তাদের অনেক ধরচ পড়ে যার। সেজনা আমাদের এখানে আর একটা হোলসেলারের দরকার হরেছে. এটা আমাদের র্বীতি। পশ্চিমবংগ্রের কলকাতা শহরে ইন্ডাম্মিয়াল এরিয়ায় এই রীতি চ'ল আসছে ৩০ বছর ধরে। কেন্দ্রীয় সরকার আমাদের কাছে এই নির্দেশ দিয়েছিলেন যে তোমরা ঐভকে হত ক্ষম পার ডিস্টার্ব কর। কারণ আপনারা সকলেই জানেন চিনির উপর এক বছর নিয়ন্তাণ হল ভারপর উঠে গেল, তারপর ৬ মাস হল আবার উঠে গেল, সেরকম করা উচিত নয়। কাছে কাজেই আমরা এখানে যে মার্জিন দিচ্চি ইমপোটার, হোলসেলার, রিটেলারদের তার পরিমাণ হক্ষে এখন ৭ টাকা ৩৪ নয়া পরসা। গতবারে আমরা যখন কণ্টোল করেছিলাম তখন আমরা সাজিন দিতাম ৯ টাকা ৫০ নরা প্রসা। এখন পার কইণ্টাল ও টাকা ৩৪ নরা প্রসাঁ দিটি। অন্যান্য ভাষণায় ইমপোর্টাররা চারিদিক থেকে মাল নিয়ে আলে, তাদের এই বক্ষাভাবে পোর্ট-कमिननाद्वत ग्रामात्म वाथरा इत ना. जारंमत काम स्थरक तिरहेगाँवता निर्देश बात ।

15-50-5-58 p.m.1

अवरें जांत्रा मार्किन आमारनत फारत राभी रनतें जा नते. जात्रा आंवांत्र हेर्नीमांक्रकील श्रवीह केंद्रवें अवर অমিলা হিসেব করে দেখেছি তাদের খরচ হয় ৬৮ থেকে ৭ টাকা, বেখানে আমাদের মাছিনি ধরে र्थक राज्य 4.05 नहां भेषमा। आगारम्ब अथारन ১.२७ नहां भेषमा स्मार्ग किन चारक वरन वि २५ আমরা বিক্রী করেছি এবং আমি গ্রুপ্ত আনন্দের সংগে বলেছি যে অন্যানা রাজ্যে চিনি যে দরে বিক্তা হাকে তার চেয়ে কম দরে আমানের এখানে বিক্তা হাকে এবং কলিকাতা শহরে এ প্রতিক আমরা একটা অভিযোগও পাই নি মফঃস্বল থে ক কিছা পেয়েছি, বিশেষ করে উত্তরবংগ থেকে এবং সে সম্বর্ণের আমরা বাবস্থা অবলম্বন করছি যে সেসব অ**ঞ্চলে** আমরা কি করে ভাল করে চিনি সরবরাহ করতে পারি। আমাদের এখানে একজন কথা শ্রীচেন্টার বোলজ সাহেব তিনি আমাদের অনেক জাম টাম দেখিয়েছিলেন, তিনি শ্রীমতী রেন,কা রায়কে বীরপাডায় জমি দেখিয়েছেন। আমি এটকে বলতে চাই যে পশ্চিমবাংলার প্রতি বর্গ মাইলে ১ হাজার ৩৪ জন লোক ১৯৬১ সালের যোজনার হিসাবে এখন বোধহয় সেটা বেডে ১.০৪২ হয়েছে। পশ্চিমবাংলার প্রায় ৩৫ হাজার বর্গ মাইল জমি আমাদের বন ভাগ হচ্ছে মার শতকরা ১২ ভাগের একট বেশী ফরেন্ট এরিয়া। কোন দেশে ভূমির স্বাস্থা রক্ষিত হয় না, বা ক্রমি বাঁচতে পারে না বদি অন্ততঃ সেখানে শতকরা ২৫ ভাগ জমিতে বন না থাকে। কাজে কাজেই অমারা সর্বনাশ করবো দেশের অকল্যান করবো যদি আমরা সব জমিতে চায আরম্ভ করি। আমাদের এখানে বনমন্ত্রী ফজলার রহমান সাহেব আছেন। আজকে সেইজনা আমাদের কর্তব। হবে, আমাদের ধর্ম হবে প্রত্যেক লোকের এবং সরকারের আমাদের দেশে যত রেশী আমরা বন রচনা করতে পারি। তা না হ**লে** নদনদী আরো ম'জ যাবে, আরো ভূমির উর্বরতা নণ্ট হবে এবং আমাদের দেশে ডেজার্ট স্থিট १८त । कार्त्ज कार्त्ज है । कथा आत वलायन ना । आप्रता अना प्रत्मत प्रश्त यिन ज्ञाना कित खप्रन চীনে প্রতি বর্গমাইলে ১৩৫ জন লোক বাস করে

(বিরোধীপক্ষের বেণ্ড হইতে তুম্বল হটুগোল)

আমাদের এখানে কালকে নারায়ণবাব, বলেছেন আমার কথা শ্নবেন এবং তিনি মন দিরেও শ্নেছেন অক্ষা। কাজে কাজেই যদি শলেন আমার উত্তর শ্নেতে চান না. আমি উত্তর দেব না.

. 12.

বলে পড়ছি। আমি বোধহয় ১ ঘণ্টা ১০ মিঃ বলেছি। আমার বন্ধ, হেমন্তবাব, জানেন বে জামি অস্কুথ। বাহোক আমি সংক্ষেপেই শেষ করবো। আমাদের দেশে এই বে খাদানীতি আমরা গ্রহণ করেছি অনেক ভেবে ঠিকও করেছি এবং এই খাদ্যনীতির আংশিক সংশোধন নিশ্চরই হতে পারে কিন্তু মূল নীতি সংশোধন হবার, বিশেষ কর জনুলাই মাসে কোন সম্ভাবনা জাই। আমাদের নীতি কি--না আমরা বেখানে ঘাটতি অঞ্জল সেখান থেকে সংগ্রহ করবো না। প্রকিওর স্টেটের নীতি গ্রহণ করতে পারি না। আমাদের উড়িয়া থেকে যদি চাল না দেয়—মাননীয় বন্ধুরা জানেন যে উড়িয়া দরিদ্র দেশ, আমাদের চেয়ে তাদের কয় মূল্য আবার কম—সেখানে চালের দাম উড়িযাার মুখ্যমন্দ্রী আমাদের বলে-ছিলেন ২৯ টাকা হারছিল ১॥ মাস আগে।

चीयछी मात्रा वारानाकी त्रांशात शालन প्रथाय ठाळ ভाঙারীর मक्त यछ विद्राय इन त्रांशान থেকে তিনি পালিয়ে এলেন তার পর আবার তিনি সেখানে গেলেন। গ্রামে গ্রামে কর্ম পার্টিয়ে দেওয়া হল সহি সংগ্রহ করবার জন্য। মিধ্যা জালিয়াতী ভ্রা সহি সংগ্রহ করে সেই কাক্ষীপে প্রচারিত হল প্রার্থনা সভায় সেখানে প্রচারিত হল যে শ্রীমতী মায়৷ ব্যানার্জীর সহায়তায় এবং পৃষ্ঠপোঘকতার দেখানে ৫২টি গ্রান দান কর। হল। কিন্তু পরে লক্ষ্মার বিষয় ও ক্ষোভের विषय (मश्र) (शन ८५ हैं ज्या पनिल राशात (१५) कता रायाह यात्र निश्धिन मिथा। याधन বেস্ট লোকের স্থি নর সেই স্থিওলি সেখানে চালিয়ে দেবার চেটা হল যে লোক মৃত তার সৃতি সেখানে সংগ্ৰহ কৰা হল যে লোক সেখাৰে নেই বাহিৰে আছে তাৰ সৃহি সংগ্ৰহ কৰে মিখ্যা জালিয়াতী দলিল তার খাতে পেশ খর। এল। আমি আজ মন্ত্রীমণ্ডলীর কাছে জিন্তাসা করি যে এই যে ফোরজন্ত ভকমেণ্টগুলি পেশ করে মন্ত্রীমণ্ডলীর একজন সদস্য হিসাবে বিনোবা ভাবের সাননে সেই ফেরছাড় ৬ত্নেণ্টগুলি োশ বের জগত সম্মুখে দেখাবার চেটা করলেন তার দেখানে কি বিরাট ইন্দুরেন্স এবং তার জন্য ৫২টি গ্রাম দান করা হয়। এই পতারকের নাটিব। দেখানে মিতি তি হয় দেই প্রতারকের বিরুদ্ধে আমাদের বক্তব্য এমনি ভাবের দেশের জনগাধারণকে একদিকে বিল্লান্ত করা আর এক দিকে রাজনৈতিক জয়া খেলা বা দাবা খেলা জনসাধার-াকে বিভ্রান্ত করে রাজনৈতিক হীন চক্রান্ত চরিতার্থ করার যে প্রচেটা তার বিরুদ্ধে নিশ্চরট খামরা আমাদের বক্তব্য রাধব। এবং সেই জন্য বিনোবাকে নিয়ে যে ভাবে দেখানে রাজনৈতিক উদ্দেশ্য চরিতার্থ করবার প্রচেষ্টা হয়েছে তার বিরুদ্ধে আমর। আমাদের বক্তব্য রাখছি। সঙ্গে সঙ্গে আমি স্মরণ করিয়ে দিই যে বিনোবাভাবে এখন মেদিনীপরে আছেন কৈ এখন তো গেখানে ডি. আঠ. জি. দেবব্রত ধর বাচেছন না। কৈ সেখানে মন্ত্রীমণ্ডলী এখন পুচুর মথ ব্যয় করছেন না। আমরা জানি যে এই ব্যাপারে শীসেন সমস্ত ব্যাপার জানেন এবং জেনে গুনে এই ভাবে প্রশাসনিক ব্যবস্থাকে সেধানে কাজে লাগিয়ে প্রচর অর্থ অপবায় করে সেখানে তিনি তার গ্রেহের পাত্রী শ্রীমতী মার। ব্যানাজীর কনস্টিটির্নেন্সিকে পাকা করবার চেটা করেছিলেন। ভুতরাং আমর। আজকে এই অনাস্থা প্রস্তাবের মধ্যে দিয়ে তার কাছে এই বক্তব্য রাখছি তিনি কেন এই ধরণের বিনোবা ভাবেকে নিয়ে ছিনিমিনি খেলছেন। তার রাজনৈতিক উদ্দেশ্য স্বার্থক করবার জন্য দাবার ৰ টি হিসাবে তাকে পরিচালনা করে বাংলাদেশকে কলন্ধিত করেছেন এবং আমাদের দেশকে এবং জুনসাধারণকে বিজ্ঞান্ত করেছেন। আমি এই সঙ্গে আরও কয়েকটি কথা উল্লেখ করতে চাই (यहा একট্র আগে যানিনী সাহ। এখানে উল্লেখ করেছিলেন কাকখীপে ইণ্ডাস্ট্রির কি হবেছে। সেটা তারা অন্য সমস্ত এয়াপিলকেশান ফেলে দিয়ে সেই এয়াপ্লিকেশানের উপর পাওয়ার লম তার। পেয়ে গেলেন। জিজ্ঞাসা করতে পারি কি সেই কাকদ্বীপ ইণ্ডাস্ট্রি যেন হল সেটা শীমতী মায়া ব্যানাজী বেনামীতে ব্যবসা চালাচেছন এবং শ্রীসেন তা জানেন এবং প্রচর স্বর্থ সেই কার্থানা পরিচালনা করবার জন্য তার হাতে দেওয়া হয়েছে। তথ তা নয় এবং সেই সঙ্গে সঞ্চে আমি আরও জানি যে বাংলাদেশে বিভিনু জেলায় জেলায় যে ভাবে ওভা দধের কারবার চলেছে এবং তাতে যে চোরাকারবারী চলেছে তার মধ্যে বহু কংগ্রেস কর্মী জডিত আছেন, বহু নেতৃশ্বানীয় কংগ্রেস কমী আছে। সেই চোরাকারবারীদের বিরুদ্ধে মামলা গুলি তদারক করবার জনা ভার দিয়েছেন দেববুত ধরকে, ডি. আই. জি.কে যিনি শ্রীমতী মায়া ব্যানাজীর এবং পুফুলু বাবুর অত্যন্ত বশংবদ। ব্যক্তিগত বহু কংগ্রেস কর্মী এর সঙ্গে জড়িত তাদের দেখান থেকে वाচিয়ে দেবার জন্য শ্রীধরকে নিয়াগ করা হয়েছে। তা না হলে বারুইপরে ফেওস ইউনিট সেণ্টার সেধানকার লোকাল এম. এল. এ. এবং কংগ্রেস কর্মী ব্যাক মার্কেটিং করবার জন্য যে বারুইপুর ইউনিট শেণ্টার এর বিরুদ্ধে বহু অভিযোগ আছে। তাকে কেন এনফোর্সমেণ্ট এর সামনে তুলে দেওয়া হচেছ না। তার কারণ সেই শেণীরের যিনি পৃষ্ঠপোষক তিনি হলেন শ্রীমায়া ব্যানাজী যার জন্য পুফুলু সেন চাওয়া সত্তেও তাকে পুশুয় দিয়ে দুধের কারবারের সঙ্গে লিপ্ত সেই সমস্ত সমাজদ্রোহী আমাদের দেশে যার। কলাঙ্গার এবং পাপচক্রের সঙ্গে খনিষ্ট ভাবে জড়িত তাদের বিরুদ্ধে কোন ব্যবস্থ। অবলছন করছেন না। এই কখা আমি এর পূর্বে বলেছিলাম যে প্রিলিমিনারি এানকোয়ারী কমিশনের যে রিপোর্ট শ্রীদেনের কাছে আছে সেই রিপোর্ট বিধান সভার কাছে তিনি ট্রধাপন করুন এখানে প্রকাশ করুন তাহলেই দেখা যাবে কাগ্য এই পাপচক্রের এই দ্নীতি-নক্ষেক্সভিত। যে কোন ডিপার্ট যেপ্টের দিকে আমরা লক্ষ করিনা কেন একটি একটি করে

এর আগে এক বক্তা বলে গেছেন অকলাও হাউদের সম্পর্কে এবং এ ফ্রিছল টীট ৰার মাধার আমাদেশ এই মুখনেদ্রী গত ১০ বছর ধরে তিনি ফুড মিনিস্টার তিনি কনজিউমার গুড়স-এর কর্ত্তা এবং সেখানে কিভাবে দর্নীতি চলেচে। আমি এই আগে বহু পারমিটের নাম উল্লেখ করে বলে দিয়েছিলেন, সেই পারমিটগুলি চোর। কারবারে আপনারা চালিয়ে দিয়েছেন আছেও আমি সেগুলি উল্লেখ করব যে পারমিট নম্বর ১২০১—যেটা ২৬ টন সিমেণ্ট গেছে মিন্টার নন্দীর নামে সেটা চোর।কারবারে বিক্রী হয়েছে। আমি তাকে বলছি ১২১৬ নম্বর যে পার্মান ঐ আরামবাগে বিলিডং কমিটির নামে বের হয়েছে সেটা কলকাতায় বিক্রি হয়েছে, আমি বলছি ১২০৭ নম্বর পার্মিট সেটাও আরামবাগের নামে বের হয়েছে কলকাতার বাজারে বিক্রী হয়েছে। এই যে দেশের অবস্থা যে কোন প্রশাসনিক ব্যবস্থার যে কোন **ভিপার্ট নেণ্ট ধরি না কেন দীর্ঘ সময় ধরে বলা চলে। কিন্তু আমি এই কণা বলতে** চাইছি আপনাদের কাছে যে ১১ नम्नत कि कन गरे कि यनि त्यांग পড়ে कान ध्वः । इस्य বায় যেটা পাপচক্রের এবং দুর্নীতির পীঠভূমি যার নাধার বলে আছেন আমাদের মধানদ্রী তাহলে আমি বাণী হব। আমরা অনাস্থা প্রস্তাব কেন এনেছি কারণ এই মন্ত্রীসভার রন্ধে রদ্ধে দনীতির পাপ বাসা বেঁধে আছে। এবং সেই জাল ছড়িয়ে পড়েছে সব জায়গায় তার আর নিস্কৃতি নাই। সেই দুনীতির চাপে পড়ে মানুষ আজ মৃত্যুর মুপে এগিয়ে চলেছে। ৰত আনরা চীৎকার করিন। কেন কিছুই হবার নয়। আপৎকালীন অবস্থায় আমাদের চীৎকার করা উচিত নয় আমি জিল্ঞাসা করি যে ই। আমরা ভারতবর্ষকে ডিফেও করব। দই শত্রু <u>সেনার বিরুদ্ধে আমর। লডাই করব কিন্তু আপনার। কি জানেন না যে ঐ বোমডিলার পতন</u> হবার আগেই ব্রদ্রপুত্রের উত্তর পাশে যে সমস্ত আমলাতম্ভ ছিল পালিয়ে দক্ষিণ দিকে চলে এসেছিল। সেই দিন ওখানকার চাষী যাদের ওখানকার মাটির সঙ্গে জীবন ওত প্রোত ভাবে জডিত সেই মানম তখন সেদিন রুখে দাঁড়িয়েছিল। আমরা ভলে বাইনি এবং ভলতে পারি না তার জন্য আমর। বলি খাদ্যের দাম বেঁধে দিয়ে যদি প্রাইস লাইনকে আপনার। नामित्र ना यानरू शातन ठावरल शन्तिम वाःलात मानुष कथनवे याशनात्मत कमा कत्रत ना। मत्न तांश्रेट रूप आश्रेनाएम्ब ये थे विर्वाट शेंड विडीय मरायरक्षत्र समय नामनान ব্রেড ছিল, ৬ধু তাই নয় ঐ নাৎসী যারা ফ্যাসিণ্ট হিটলারের আগুরে যুগন সেখানে চারদিকে বোমা বর্মণে বালিন ক্ষত বিক্ষত তখনও সেই জার্মানিতে শ্বোগান ছিল

The purchasing power of mark is sacrosanct next only to the winning of War Coinclippers should by hanged.

এই ছিল সেদিন নাংগী ভারনানীতে শেলাগান। দেশের মধ্যে অপণিত দরিছে, লাঞ্চিত, শোষিত এবং নির্ঘাতিত অসংখাক মানুষ আছে তাদের যদি আমর। বাঁচিয়ে না রাখতে পারি যদি তাদের পারচেজিং পাওয়ারের মধ্যে মূল্যমানকে টেনে না নামাতে পারি তাহলে আমর। কখনও শক্রু বিরুদ্ধে লভাই করে পারব না। মনে রাখতে হবে

Agriculturists form a second defence line and the agriculturists who are producing the ration, food are groaning under starvation.

কিন্ত এই দেশের এই পরিস্কার ছবি দেখি ওপাশের মাননীয় শুকু। সাহেব যখন বক্তৃতা করেন অন্যান্য সদস্যর। যখন বক্তৃতা করেন তখন আমার সেই মুসলীম লীগের কথা মনে পড়ে যখন দুভিক্ষে বাংলাদেশের লক্ষ লক্ষ লোক মারা যাচিছল এই পাশে দাঁড়িয়েও তাঁরা চীৎকার করে বলেছেন না কোন দুভিক্ষ দেখা দেয়নি। আজকে আমাদের দেশের সামনে তাই চরম অবস্থা একদিকে দুর্নীতি আরেক দিকে প্রাইস লাইনকে হোর্ড করবার জন্য দেশের লাঞ্ছিত মানুদের দুঃখ বেদনা সে বেদনার প্রতি আপনার। চরম অপমানের পরিচয় দিয়েছেন।

শালকে বাংলাদেশের নানুঘকে অক্টোপাস-এর মত বেঁধেছে এবং প্রামের নানুঘের রক্ত চুঘে থাচেছ। এই অক্টোপাস কংগ্রেস সরকারের নীতির মধ্যে রয়েছে এবং সেইজন্য এই নীতিকে আমর। পদাঘাত করি। তথু তাই নয়, এঁর। মানুঘের হৃদয় নিয়ে ছিনিমিনি খেলছে সেইজন্যও এঁদের নীতিকে আমর। পদাঘাত করি। স্যার, এঁর। মানুঘের হৃদয়ের দাম না দিয়ে মনুঘার এবং বিবেক মজুতদারদের পায়ের তলায় লুটিয়ে দিয়েছে সেইজন্য এঁদের নীতির বিরুদ্ধে আমর। অনাস্থা প্রতাব এনেছি এবং গ্রামের মানুঘ বার। আইন অমান্য করবার জন্য পদমান্রায় এদেছে তারাও এই নীতির প্রতি পদাঘাত জানায়। এই কখা বলে আমি আমার বজন্য শেষ করছি।

শ্বীঅশোক কৃষ্ণ দত্ত: মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সভায় এটি অনাস্থা পুস্তাব আন। হরেছে এবং তার উপর দীর্ঘ সাড়ে পাচ বংন যাবত যে আলোচনা হে'ল তা শুনলাম। এই বিতর্কে বিরে'বী পক্ষের মাননীয় সদস্যদের যে বন্ধৃতা শুনলাম তাতে দেখছি তার মধ্যে অনেক আফোলন রয়েছে, অনেক মেলাডুামা রয়েছে, অনেক থিয়েটারী যাত্রার চং রয়েছে কিন্তু কোন যুক্তি বা তথা নেই। আমরা যে সমস্ত কথা শুনলাম তা এই ১৫ বছর ধরে বিধান-সভায় যে সমস্ত কথা আমরা বার বার শুনেছি তারই পুনরাবৃত্তি যাত্র। নূতন যা শুনলাম তা হচেছ ভিত্তিহীন অসত্য কথা, ব্যক্তিগত কৃৎসা এবং আর নূতন যা শুনেছি তা হোল কুছ ডিবেট-এর পুনরাবৃত্তি। সারি, আমি ভাববাব চেটা করেছিলাম যে এই এটি অনাস্থা শুস্তাবের কি পুয়োজন ছিল, এর মাটিত কি ছিল। তবে এটা বুঝতে অস্তবিধা হোল না বে এই অনাস্থা পুস্তাবের মাধ্যমে কমিউনিস্ট পার্টি অব ইডিয়া-র পশ্চিয়বঙ্গ শাপা যার ছিছে শেষ হয়ে গেছে তার। আবার পলিটিক্যাল রিহাাবিলিটেশন চাচেছন।

(নথেজ এয়াও ইণ্টারাপসন্স্)

বাননীয় অধ্যক্ষ মহাণয়, পশ্চিমবাংলায় কমিউনিট পার্টির অন্তিম শেষ হয়ে গেছে তাই তাঁরা নিজেদের অন্তির পুনরুদ্ধার করবার জন্য চেটা কবছেন এবং এই জনায়। পুস্তাবের মাধ্যমে পলিটিক্যাল রিহ্যাবিলিটেশন চাচেছ্ন। তবে একটা জিনিস দেখে আমি পুরুই দুংখিত হলাম যে ফরওয়ার্ড বলকের সর্বজন শুদ্ধায় নেতা হেমস্থবারু তাঁদের সেই ফাঁদে পা দিয়েছেন। তবে শুদু পা দিয়েছেন তা নয়, কমিউনিট পার্টির সহেই হাত মেলাযনি বলে তাঁর দলের অর্থক লোকের বিরুদ্ধে আকর্মক তাঁকে ডিসিপিলনারি আকশন নিতে হয়েছে। এব কারণ কি আমনা বুরুতে পার্রিছিন। সু আমর। দেখেছি যেদিন নো কন্ফিছেন্ট-এর পুস্তাব আনা হয়েছিল সেদিন হেমস্তবারুর পার্টির অর্থকে লোক পার্টি হুইপ নানতে চায়নি—অখাং কনিউনিট পার্টির সহেই হাত মেলাতে স্বীকার করেনি। আমাব ননে হয় কুচবিহাবের সেই সমস্ত সুবক এম এল.এ.রা বুরি আজু এখানে থাকতেন তাহলে নিশ্চ্যাই তাঁবা কমিউনিট পার্টির সহেই হাত মেলাতেন না। কিছু তিনি চীনা প্রীদের সহেই হাত মেলাতেন না। কিছু তিনি চীনা প্রিদের সহেই হাত নেলাতে নাত বাইবে বেংগ দিয়েছেন।

[5-30-5-40 p.m.]

আছকে সন্মিলিত টেটা সচেচ যাতে কমিউনিস্ট পার্টিকে রি-স্যারিলিটেশন করা যায়। খানর। দেখছি, আগের নির্বাচনেও দেখেছি বার বার কমিউনিস্ট পার্টির কাছে বামপ্ছীর। ক্রিউনিম্ট পার্টির কাছে দাসত্ব লিখে দিয়েছে। গত ৬ নাম দেশের ইনার্ছেন্সীর সময্ব তার। সময় কিছুটা সরে থাকার ভাণ করেছিল, আমাদের সঙ্গে কমিউনিস্ট পার্টিব পার্থক্য শ্বশীকার করি না, কিন্তু সাজকে সেই ভেকটা ফেলে দিয়ে সাবার কমিউনিস্ট পার্টির ৰ্যাংবোট হয়ে এখানে তাঁর। উপস্থিত হয়েছেন। মাননীয় অধ্যক্ষ মহোদয়, সাজকে যে সমস্ত দেশে সংসদীয় গণতক্ষ আছে, সেই সমস্ত দেশে যথন বিবোধী পক্ষ থেকে অনাস্থা প্রস্তাৰ আনা হয়, তৢখন সেই অনায়া প্রস্তাব য়েপেই ওয়য় দিয়ে আনা হয়, কায়ঀ সেই সয়য়ৢ দেশে ৰাঁর। অনাস্থা প্রস্তাব আনেন সেই সমস্ত বিরোধী দল মনে করেন যে ঠার। সবকারের পতন ৰ্টিয়ে দায়িত্বশীল বিকল্প সরকার তাঁরা গঠন করবেন। তাই তাঁরা যেকথা বলেন, যে তথা শবিবেশন করেন তার প্রত্যেকটির মধ্যে ওরুত্ব থাকে, সেই মনোভাব থাকে। আমাদের এখানে যাঁর। অনাস্থা পুস্তাব এনেছেন তাঁর। জানেন বিপুল ভোনে পরাজিত হবেন তার জন্য चायरक দেখতে পাচিছ তাঁদের নিজেদের উপর আহা নেই। গোড়া থেকেই একটা ভিঞ্চিটিস্ট মেণ্টালিটি নিয়ে এসেছেন। তাদের অনাস্থা প্রস্তাবের মধ্যে তথ্য নেই, যুক্তি নেই ক্ষেৰণ মাত্র ব্যক্তিগত কুংলা বরেছে। তাই একের পর এক দেখতে পাচিছ যে তারা হয় কোন মন্ত্ৰী মহাশয়কে ন। হয় আমাদের পক্ষীয় কোন সদস্যকে, নইলে কোন সরকারী কর্ম-কর্মচারীর বিরুদ্ধে একের পর এক ভিত্তিহীন অভিবোগ করে চলেছেন। আজকে আমাদের বন্ধু শুীমতী পুরবী মুখোপাধ্যায় এর কথা বলেছেন, তার ভগুীপতির কথার জবাব দেবার সময় পুরবী দেবী হয়ত যেকথাটা বলতে চেয়োছনেন বলতে পারেন ান আনি সেটা একট ক্ষতে চাই। ব্যক্তিগতভাবে তাঁর সঙ্গে আমার যথেই পরিচয় আছে, তাঁর বে ভগীপতির ক্ৰা ৰলা হয়েছে, মাননীয় সদস্য মহাশয় যদি একটু অনুসন্ধান করেন তাহলেই ববর নিতে

গারেন যে ভগুীপতির কথা বলা হয়েছে তিনি কাণপুরে থাকেন, তাঁর যিনি স্ত্রী ছিলেন, পুরবী দেবীর ভগুী তিনি গত ১০ বংসর যাবং মৃতা, তিনি আগর বিবাহ করেছেন, তার সঙ্গে प्राप्तो कान मन्त्रकं त्नरे। এই ধরণের মিখ্যা পরিবেশন করে যে কি লাভ হয় ত। বৃঝি না। দামর। এই ধরণের মিখ্যা বিধান সভার বাইরে নির্বাচনের সময় বার বার গুনেছি, এই ধরণের কথা বার বার শুনে শুনে দেশের জনসাধরণের কাণ ঝালাপালা হযে গেছে। তার। বার ার এর জবাব দিয়েছে তিন তিন্টা সাধারণ নির্বাচনে তারা এব জবাব দিয়েছে, তবু এই ধরণের অসতা ভাষণ কৰে কি লাভ হয় জানি না। আজকে আমাদের বয়ু স্বাত্ত্ব শাসন মন্ত্রী **ष्ट्रदक्ष** अशीरन किंट कथी दल। स्टान्स्स्य । दक्षु कानास्वातु वटनर्ट्यन, कुँछ डिटवरन्ति समग्र ননীবাব বলেছিলেন। তখন স্বায়ত্ত শাসন মন্ত্রী শৈলবাব শুধু যে অস্বীকার করেছিলেন তা নয়. ज्ञात्मक मिराकितन, এই राউरमत ऋरयाश निरा ना वर्तन यमि वारेरत अरम वरनन जारतन এর উপযুক্ত ব্যবস্থা হতে পারে। একখা বললে মানহানির জন্য দণ্ডনীয় হবেন সেজন্য বাইরে বলতে সাঁহস করেন না। মাননীয় অধাক্ষ মহাশয়, এই হাউসের সদস্য হিসাবে আমাদের প্রত্যেকের ব্যক্তিগত অধিকার আছে প্রিভিনেজ আছে এই সভায় আমরা যে সমস্ত কথা বলি তার জন্য আমরা দণ্ডনীয় নই, গণতন্তে এই অধিকার আমাদের দিয়েছে, বিধান সভার ঐতিনিধিদের, যাতে আমরা নির্ভয়ে দেশের কথা, দেশের জনসাধারণের কথা প্রতিনিধি সভায় ফনসাধারণের সামনে তুলে ধরতে পারি। আজকে সেই প্রিভিলেজের স্তযোগ নিয়ে. মহান াণতন্ত্রের স্মযোগ নিয়ে এই ধরণের অসত্য ভিত্তিহীন কুৎস। এতগুলি ব্যক্তির বিরুদ্ধে বলা ্চেছ। মাননীয় শৈলবাব, স্বায়ন্তশাসন মন্ত্রী থেকথা এখানে বাব বার প্রকাশ্যে অস্বীকার দরেছেন সেকথা তার। কেন বাইরে বলেন না ? এর আগেও ফুড ডিবেটের সময় কালচিনির मिन्ना ननीनान् वत्निष्टित्नन भानतान् मानिकार काम्भानीत छित्बक्रें प्रित्नन। यक्था मानिका শলবাব অস্বীকার করেছেন, কালচিনির সদস্যকে চ্যালেঞ্চ দিয়েছেন, কিন্তু সেক্থা মাননীয় াদস্য মহাশ্রের বাইরে গিয়ে বলার যাহ্য নেই।

(শ্রীননী ভট্ টাচার্য: দরকার হলেই বলা হবে।)

তিনি খুব ভাল জানেন যে বাইরে গিয়ে এই সমস্ত কণা বলার সংসাহস নেই। তাঁরা জানেন য, যে সমস্ত কণা বলেছেন সেই সমস্ত কণা অসত্য।

শ্রীননী ভট্টাচার্য: আমি এই চ্যালেঞ্ এ্যাক্সেপ্ট করছি।

শ্রীঅশোক কৃষ্ণ দত্ত : একটা কথা এনানে বিতর্কের সন্য শোনা গিয়েছিল যে কংগ্রেসের তরফ থকে যে ডিফেন্স এড কমিটি তৈবি কব। হয়েছিল তাব। নাকি স্বকারের সন্ত কিছ ोक्टि, आरम्भेन, या किंछू ब्रिगिम अर्थनान्यात करनर्छ। जानि भन्मनरनत आर्थनात नामारी ানিয়ে দিতে চাইযে যেদিন এমারজেনিগ হয়েছে তার পরের দিন পশ্চিমবঞ্চের কংগ্রেষ উফেন্স এড কমিটি করেছিলেন। যেদিন কেন্দ্রীয় সরকার পেকে স্পষ্ট ভাষায় প্রত্যেক াদেশিক সরকারের উপর নির্দেশ এসেছে যে ন্যাশন্যান ডিফেন্স করতে হবে সেদিন ।ই কংগ্রেস দল ডিফেন্সের সমস্ত শক্তি সরকারের কাছে সমর্পণ করে দিয়েছে। যে াজ কংগ্রেস করতে অগ্রণী হয়েছে সেকাজে यন্য সমস্ত দল পিছিয়ে পড়েছিল। াটা সমালোচনার বিষয় নয়, এটা গর্বের বিষয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রায়ই এই সভার ধ্যে শুনি যে কংগ্রেসের উপর কারোর আন্থা নেই। এঁদের হয়ত আন্থা নেই, জানি ন। गांक किना। द्रमाखनांनु नरलाइन जारंग इनि वर्धन तारे, करत जाहा हिन जानि ना ।খন তাঁর অনাস্থা এসেছে,। এ ছাড়া আমার শ্রন্ধের বন্ধু কমিউনিস্ট ব্লকের অমর বাবু বললেন ानाञ्चा व्यारागे छिन ना **এখনও নেই, उत्त पुना व्यार**्श व्यनाञ्चा यपि नारे उत्त कि व्यना নাস্থা প্রস্তাব সমর্থন করছেন তা বুঝতে একটু অমুবিধা হয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ংগ্রেসের উপর এবং কংগ্রেস সরকারের উপর আন্থা আছে কিনা সেটা দেশের লোক ১৯৫২, ৯৫৭ এবং ১৯৬২ সালে পর পর তিনটা জেনারেল ইলেকসানে বুঝিয়ে দিয়েছে। শুধু াই নয়, মাত্র ৩ নাস আগে আমাদের সমস্ত পশ্চিমবঙ্গ জুড়েঁ পাঁচ পাঁচটি বাই-লেকসান হয়েছে—পশ্চিমবছের রাজধানী কলকাতায় হয়েছে, বৃহত্তম জেল। ২৪ প্রগণায় য়েছে, বাঁকুড়ায় হয়েছে, বর্ধমানে হয়েছে এবং পুরুলিয়া জেলার যে হুড়া কেন্দ্র নিয়ে এত িংকার করছেন এবং সেই হুড়া কেন্দ্রে হয়েছে এবং প্রত্যেক ক্ষেত্রে বিপুল ভোটে কংগ্রেস S-21

জরী হরেছে এবং জনসাধারণ জানিয়ে দিয়েছে কংগ্রেসের উপর তাদের কতথানি জাত্র। আছে। এই পাঁচটা বাই-ইলেকসানে জেনারেল ইলেকসানে বতথানি মাজিন ছিল তার চেয়ে মাজিন বেভে গেছে। মি: স্পীকার, স্যার, আপনার মাধ্যমে একটা কথা বলতে চাই যে কংগেস জ্বনসাধারণের প্রতিনিধিত্ব করছে এবং সেজন্য জনসাধারণের উপর তাঁদের শ্রদ্ধা আছে। আমর। व लाएम्प्य अनुमाधात्रभारक शुक्ता कति। आमता स्कान मिन मुध क्रि এ कथा वनव ना वा বিশাস করব না যে বাংলা দেশের জনসাধারণ ঘঘ খেয়ে ভোট দিয়েছে। যাঁদের জন-সাধারণের উপর আন্থা নেই, যাঁরা ব্যাক্ষ অব চায়নার টাকা থেয়ে এতদিন রাজনীতি করছেন তাঁর। হয়ত বাংলার জনসাধারণকে এতখানি ঘূণা সহকারে দেখতে পারেন। जामता वाःनात जनगाशात्रभटक गुम्ना कति। माननीय यशाक मशाग्य, नवद्दीश (भटक व মাননীয় সদস্য মাঝে মাঝে ভাঁড়ামির কথা বলে থাকেন তিনি আমার ব্যক্তিগত নামে কৎসা করলেন। তিনি যদি নিখিতভাবে কুৎসা করেন তাহলে আমি তার জবাব দিতে প্রস্তুত আছি। যাই হোক, আমি বলতে চাই যে বাংলা দেশের কংগ্রেসের উপর জনসাধারণের আছে। দিনের পর দিন বাডছে এবং আজকে তা সর্বোচচ শুঙ্গে পৌছে গেছে। গত পাঁচটা ৰাই-ইলেকসান তার প্রমাণ এবং আজকে এখানে যে ভোট হবে তাতেও বিপল ভোটে কংগ্রেস জ্মী হবে, সেটা সত্যিকারের বাংলাদেশের জনপ্রতিনিধিদের রায়, সেটা সত্যিকারের জনসাধারণের রায় হবে। আমি প্রত্যেকটা অনাস্থা প্রতাবের বিরোধিতা করছি এবং আপনার মাধ্যমে প্রত্যেক সদস্যের কাছে নিবেদন করছি তাঁর। বিপুল সংখ্যা প্রয়োগ করে বাংলা দেশের জনসাধারণের মত প্রকাশ করুন।

 $\mbox{\bf Dr.}$ Kanai Lal Bhattacharya: On a point of explanation on behalf of our party, Sir,

মাননীয় শ্রীঅশোক কৃষ্ণ দত এই মাত্র বলেলন যে কৃচবিহারের ফরোয়ার্ড বলকের সদস্যদের উপর হেমন্তবাবু ডিসিপ্লিন্যারী অ্যাকশন নিয়ে কৌশলে তাঁদের সরিয়ে রেখেছেন। আমি কেবল এটুকু বলতে চাই যে আমাদের পার্টির তরফ থেকে ডিসিপ্লিন বজায় রাখবার জন্য আমরা চেষ্টা করেছি।

মি: স্পীকার: ঠিক আছে, বসুন।

[5-40-5-50 p.m.]

শ্রীসৈয়দ আবদুল মনস্থর হাবিবুলা: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই বিতর্কে যোগদানিকরতে উঠে আমি প্রথমে অতি বিনীত সহকারে আপনার সামনে একটা নূতন কথা বলতে চাই। আমি এই গৃহেতে যথন নূতন সদস্য হিসেবে প্রথম এসেছিলাম তথন যে কংগ্রেদী মন্ত্রিসভা ছিল যদিও তার মুখ্যমন্ত্রী পরিবর্জন হয়েছে কিন্তু সেই মন্ত্রীসভা আজকে রয়েছে এবং সেই মন্ত্রীসভা আমাদের যে নূতন কথা গুলিয়েছেন সেই নূতন কথার উবাপন করে আমি আমার বক্তব্য বলতে চাই। আমাদের কাছে তথন একটা নতন কথা বলা হয়েছিল যে বাংলাদেশে গোবর কুড়ালো হবে সার রক্ষার জন্য এবং আমাদের উৎপাদন বাঢ়াবার জন্য। আমি একথা উবাপন করলাম এজন্য যে এই মন্ত্রীসভার যাঁরা নীতি নির্ধারক তাঁরা দেশের উৎপাদন ব্যবস্থাকে কি নজরে দেখেন, কতথানি অবহেলার দৃষ্টিতে দেখেন তার এটা প্রমাণ যে সেই কাউ ডাং পরিকলপনার আর কোন কিছু তারপর থেকে শোনা যায়নি। সেই যে গোবর কুড়ানো ব্যবস্থা তথন শ্রীমতী রাজ্যপাল আমাদের সামনে কংগ্রেশী মন্ত্রীসভার নীতি হিসাবে এখানে রেখেছিলেন পরবর্তীকালে সেই গোবর কুড়ানোর আর কোন কিছু আমার গুলতে পাইনি। এ সম্বন্ধে তাদের ধারণা কি রয়েছে, তার পিছনে কি রয়েছে আমার কাছে একটা ভাষণ আছে, এটা আমাদের কারে। বক্তব্য নয়—এটা পণ্ডিত নেহরুর ভাষণ। নুধিয়ানার পাঞ্জাব এগ্রিকালাচারাল ইউনিভাগিটির উর্বোধনের সমর তিনি যে বন্ধুত্ব লক্ষার মাধ্যমে আমি এই হাউনের সামনে রাখতে চাই।

"I often hang my head in shame when I think that a nation with 70%—its population engaged in agriculture depends on foreign countries for its food requirements. India's failure to attain self-sufficiency in food even fifteen years after independence disturbs my mind more than the Chinese agression.".

আমি একণা বলতে চাইবে ভারতের প্রধানমন্ত্রী যে দৃষ্টিভঙ্গী দিয়ে ভারতের খাদ্য দাটতি এবং খাদ্যেৎপাদনের কাজে আমাদের সরকারের ব্যর্থতাকে তুলে ধরেছেন সেই দৃষ্টিভঙ্গী দিয়ে খাদ্য ডিবেটের মধ্যে বা আঞ্চকের আলোচনার মধ্যে কংগ্রেসী সদস্যদের কাছ থেকে যদি কিছু শুনতে পেতাম একটা প্রতিবাদবে বাংলা দেশে এই ৪২ লক্ষ টনের জায়গায় আগামী বছরে অন্তত ৪৫ লক্ষ টন কি ৫০ লক্ষ টন করার ব্যবস্থা নিয়েছেন এবং এই করছি। এই হাউসের সামনে যদি কংগ্রেসী সদস্য শ্রীঅশোক কৃষ্ণ দত্ত আমাদের এ সম্বন্ধে পরিকল্পনাটা ছুঁড়ে দিয়ে যদি বলতেন যে আমাদের এই পরিকল্পনার সঙ্গে যোগ দেন তাহলে আমি নিশ্চয়ই আমার প্রফেসনের ক্ষতি করে সেই পরিকল্পনায় যোগদান করবার চেষ্টা করতাম যাতে দেশে খাদ্যোৎপাদন বৃদ্ধি হয়। কিন্তু ত। করা হয় নি। আপনি দেখুন আমার সামনে যে রিজার্ভ ব্যাঙ্কের রিপোর্ট আছে—রিজার্ভ ব্যাঙ্কের কো-অপারেটিভ সম্বন্ধে আমর। অনেকবার বলেছি। বাংলা দেশের সমবায় প্রথা কেন বার্থ হয়েছে——আপনি দেখবেন এখানে 'Though in some States large numbers of villages are technically covered by societies. ওয়েঘ্ট বেঞ্চল সম্বন্ধে কি বলা আছে সেইটুকুই বলছি—ওয়েঘ্ট বেঞ্চল সম্পর্কে বলা হয়েছে— Thus in West Bengal while 57 per cent of the villages were covered by societies, as many as 27 per cent were covered by dormant societies which constituted more than half the credit societies in the State."

আমরা বিভিনুভাবে বন্ধৃতায় বলেছিলাম যে বাংলা দেশে কৃষকের উৎপাদন ব্যবস্থার সবচেয়ে বড় অমুবিধা কোন খানে? সেটা হচেছ কৃষক চামের সময় তার উপযুক্ত সাহায্য পেয়ে থাকে ন।। কৃষক চাঘ যখন করে এবং চাঘের যখন বৃদ্ধি হতে থাকে এবং যখন তার সারের প্রয়োজন হয় তখন বেশী করে তাকে শার দিতে হয় সে সময় তার যে সাহায্যের প্রয়োজন তা তারা পায় না। এটা একটা মাত্র দিক বেটা আমি তুলে ধরতে চাই—সমগ্র উৎপাদন ব্যবস্থার কথা এখানে উপ্পাপন করতে চাই না। কিন্তু এই ভাবে যে কৃষক পায় না এবং আজও যে পাচেছ ন। যে পরিমাণ আমরা ঋণের ব্যবস্থা করছি তার বারা সেটা উৎপাদন বন্ধির যে কমিটি হয়েছে তারা বলছে যে সে লোন তাদের কাছে পৌছতে পারে না দৈ রকম ঋণের ব্যবস্থা আমাদের দেশে নেই এবং খাদ্যোৎপাদন যে আমাদের পেশে বাড়ানো হয় না তার পেছনে যে নীতি নির্ধারিত রয়েছে সেটা একোরেই ভল। খাদ্য ফসলের উৎপাদন বাড়ুক এটা আপনার। চাচেছন। আপনার। চাচেছন এই জন্য যে কৃষক শ্রেণীর মধ্যে যে একটা উপরের শ্রেণীর লোক রয়েছে তাঁর। জানেন যে তাদের কাছে যদি এই ধানের বৃদ্ধি দামটা তাদের কাছে পৌছোয় তারা আপনাদের স্থিতিশীল করে রাধার ব্যবস্থা করবে। যত ভোটের বক্তৃতা হচেছ সেখানে সেটা কিন্তু নয়। এই খাদ্য নীতি এটা শুধ যে ব্যবসাদার ও হোর্ডারদের জন্য হচ্ছে তা নয়, আপনারা যেমন চেষ্টা করেছেন তেমনি ইংরাজ এক দল জমিদার শ্রেণী বাংলা দেশের গ্রামে গ্রামে খাড়া করে রেখেছিল তাদের পৃষ্ঠপোষক হিসাবে ঠিক তেমনি আপনারাও রেখেছেন। আপনাদের এই যে খাদ্য নীতি সেই খাদ্য নীতি আপনাদের সাহায্য করে বলে আপনারা এটাকে রেখেছেন। মাননীয় মুখ,মন্ত্ৰী মহাশয় কি জানেন নাষে ৭ লক্ষ টনের অনেক বেশী বিক্রি হচেছ বাংলা দেশে। আমি **जाँ**रनंत्र कथा छोष्यंत्रन करत्रदे वन्हि य कथा श्रीनस्त्र नाम व्यानास्त्रि এत प्रारंगं वर्तन्त्वन य मुश्रमञ्जी এখানে বলেছেন বে ট্রাঞ্জিস্টার রেডিও এখানে বিক্রি হচেছ, সাইকেল বিক্রি হচেছ, বড়ি বিক্রি হচেছ—কি দিয়ে বিক্রি হয়েছে ? পশ্চিমবঙ্গে কডটুকু আলু বা পাট উৎপাদন হয় তার সংখ্যা আপনাদের কাছে অনেক বেশীই আছে। আমি বলছি এই যে বিক্রি শতকরা ৭০।৮০ ভাগ ধানের বদলে বিক্রি হয়ে থাকে। কংগ্রেসের লোক দাঁরা এখানে আছেন গ্রামাঞ্জের তাঁরা সে কথা বলুন। মাননীয় সদস্য শ্রীপ্রতাপ চক্র চক্র তিনি বলেছেন যে তিনি নাকি অভিভূত হয়ে পড়েছেন মুধ্যমন্ত্রীর বজ্ঞতায়। কি অভিভৃত তিনি হয়েছেন? **আ**মরা যখন গ্রমাঞ্চলে যাচিছ তখন দেখছি যে <u>গ্রা</u>মাঞ্চলে ধান চালের ব্যবসা জত্যন্ত বেড়ে গেছে যেখানে একটা মোকাম ছিল সেখানে দু-তিনটা যোকাম হয়েছে। ষেখানে যেখানে আপনার। পীচের রাস্তা তৈরী করছেন সেখানে সেখানে মোকাম বেড়ে যাচেছ, হান্ধিং মেসিন অনেক বাড়ছে, ধানের কল ৰাড়ছে এবং ধান চালের ট্রেড আজকে বাংলা দেশের গ্রামে গ্রামে অনেক বৃহৎ আকার ধারণ করেছে। কেট যদি বলেন যে শংখ্যাতম দিয়ে প্রমাণ করতে আমি তা পারবো না কারণ আমার কাছে নাট্রীর বন্ধ নেই। কিছ আনি একথা বলতে পারবো যে এই যে আপনারা দেখাচেছন যে এতে চিনি ব্যবহার করছে, এতো সাইকেল ব্যবহার করছে, এতো রেডিও ব্যবহার করছে, এটা ধানের বদলে ব্যবহার করছে এবং সেই যে ধনী চাষী যারা আপনাদের পৃষ্ঠপোষক হয়ে আছে তারাই কিনছে এবং তারাই যাতে থানে থানে থাকতে পারে তার ব্যবস্থা আপনার। করছেন। 5-50—6 p.m.]

ওধ একটা দিক আমি আলোচন। করলাম আপনাদের কাছে যে আপনাদের খাদ্য নীতি আসলে ষ্ঠাঁট করছে একদল প্রফিটিয়ারদ, সহরে এবং গ্রামের কুলাক শ্রেণীর একদল লোক। এর ফলে থ্রামের সাধারণ গরীব মানুষ তার কি অবস্থা আজকে বাংলা দেশে? আজকে মন্তেশুর যান দেখবেন ক্ষেত মজরর।—আপনার। বলবেন আটা কেনে না—আটা কিনে কটি ভেব্নে ১৪ আন। দিয়ে গুঢ় কিনে ধাবার অবস্থা তাদের নেই, তাই তার। রুটি থেতে পারে না। কারণ তারা গুড় দিয়ে রুটি খায় কিন্ত ১৪ আনা দিয়ে গুড় কিনতে পারছে না। এইত অবস্থা। একদিকে যেমন আটা খেতে বাধ্য করছেন তেমনি সেটা যে একট গুড় দিয়ে খাবে দে ব্যবস্থাটা নেই। এই হচেছ বাস্তব অবস্থা, সে কথা তারা বলেছে আমাদের। আমি একটা উদাহরণ দিই, গত রবিবারে আমি আমার গ্রামে ছিলাম, শেখানে দেখেছি কি করলে মান্দের উৎপাদন বাড়তে পারে। এক বিষা জমিতে একটা लाटकत शांहे नष्टे इरा (शांला)। यामि छाटक किछान। कत्रनाम राजामात शांहे नष्टे इरा গিরেছে তুমি এপানে আউস দিতে পার না ? অন্তত: কাতিকশাল আউস দিতে পারো না ? দিতে পার্রি খরচটা দেন আপনি। আমি এই অবস্থায় মনে করি বাংলা দেশে যদি কংগ্রেস প্রতিষ্ঠান এই রকম মনে করতো, অন্ততঃ ন্যাশনাল ইমার্জেন্সির মধ্যে যে বিপুল সংখ্যক জন সমধন আপনি পেয়েছিলেন গ্রামে গ্রামে ঐ যে আপনি শোলকপের বই পড়ছেন কি করে তারা কালেকটিভ ফার্মিং করে, কি করে তারা চাঘ করে, সেখানে একটা জমিতে কেন ধানের ফলন নষ্ট হয়ে যাতেছ সেটা কংগ্রেস কমিটি আপনার কাছে রাখতো, টেলিগ্রাম করতো প্রফল্ বাবর কাছে য়ে এখানে টাকা দেওয়া হোক, আমুন ঐ ব্লক ডেভেলপ্রেণ্ট অফিসার, এগ্রিকালচারাল অফিসার নিরে যেখানে পাট নষ্ট হয়ে গিয়েছে সেখানে আউস ধান করার জন্য নিড়েন করে দিই, এই দৃষ্টিভঙ্গী কি আপনার আছে? সমস্ত অর্গানিজেশনের যে প্রঢাকশন ক্রম ভিলেজ টু ভিলেজ করবো সেই দৃষ্টিভঙ্গী আজ আপনার নেই। কেন নতন দ্ষিভন্নী হতে পারে নাঁঁ কে বলেছে প্রতাপ বাবুর কথায় আনি অভিভত হবো, কেন অভিভূত হবো, দুনিয়ায় অন্য দেশে কি করে করছে তার নঞ্জীর পাচিছ না ? আপনার দেশে আপনি করতে পারেন না কেন ? ন্যাশনাল ইমার্জেন্সি দিয়ে ছিল আপনাকে সেই স্থযোগ, প্রচর জনসমর্থন আপনার পিছনে এসেছিল, সেটা করতে भारतम नि रुकन १ छथन छेपराम करति ছिलान यथन छानु साती मारम वर्ता हिलाम **এই** य টেডারর। ধান কিনে নিয়ে বাচেছ, গ্রামে গ্রামে রাধুন কিনে কিনে। অন্ততঃ প্রত্যেক গ্রামে একটা এ্যালট্মেণ্ট রেখে দেবার ব্যবস্থা করুন। তাঁত করেন নি। তখন বলেছিলেন न). क्लांत महकात तारे। शास्त्र थान हाल गाइक ना १ य नहीं जागह जानात्मान থেকে মন্তেশুরে কয়লা নিয়ে সেই লরী নিয়ে যাচেছ ধান। যে লরী আপনার কলকাতা थिक नात नित्य योक्टि, नित्य जानक त्रश्नीन थिक शन। প্রতিদিন লোকে দেখতে পাছে। पामता एथरा পाठिक ना, पाननारमत नष्मत राहे । वाषात वाषात, नक नक मन मन प्यांगरकः। थान २ राज्यः रिष्ठः, थान २ राज्यः प्रीयनः। छेकीरलयः পय्रमाः, राज्यायौरमयः भय्रमाः, म्यस्य किছু अरबष्ट रामाल यमि वरनन छाश्टन थानर शानर शानकान, छ। अधु शामाज कनन नम्न वरः তারই ভিত্তিতে আৰু গ্রাম্য সমাৰু বেঁচে আছে এবং গ্রাম্য সমার্ক্তের ঐ উপরের ন্তর বেঁচে আছে এবং ওরাই আপনাকে ভোট দিয়ে পুষ্ট করার ব্যবস্থ। করছে

এবারে আমি একটুখানি আলোচনা করবো আপনার নেবার পনিসি সম্বন্ধে। ন্যাশনান ইমার্জেন্সির পরে কি অবস্থা হয়েছে > আপনাদের এখানে জাতীয় ট্রেড ইউনিয়ন কংগ্রেস খেকে তার প্রতিবাদ জানিয়েছেন। আমি এখানে আপনাদের কংগ্রেসী মহলের একটি পত্রিকার একটি কোটেশান তুলে ধরবো। আমাদের জাতীয় টি. ইউ. সি.——শুকুা সাহেব যার সদস্য খোধ হয়—তাঁদের কথায় সেখানে বলেছেন,

Prior to the diclaration of the emergency only a third of the total or 24,000 looms in the industry were under double loom operation. The position has so much

changed that today only a third of the total remains to be brought under double loom operation. This is in complete violation not only of the truce resolution but also of a State Government recommendation. This measure will render 12,000 men jobless. Sometime ago the West Bengal Branch of the INTUC submitted to the Labour Minister a list of violations of the resrolutions by the employers.

ইত্যাদি ইত্যাদি তাঁর। খবর দিয়েছে। আমরা কি দেখছি, ইনডাস্ট্রিয়াল ক্ষেত্রে, আদালতের ক্ষেত্রে, সমস্ত ওয়ার্কারদের নানা রকম অজহাতে ধরে আনা হচ্ছে, ডিসমিস করা হচ্ছে চাকরী খেকে বর্থাস্ত করা হচেছ এবং তাদের বিরুদ্ধে ক্রিমিন্যান কেস করে তাদেরকৈ हरवान कवा इत्रुष्ठ प्रमुख छायुगीय এই जापनात नागिनान देमार्छिनित प्रमुपन निर्यू। है এম সি. তে আজকে প্রায় ৪৩ দিন ধরে স্ট্রাইক চলছে। ই. এম. সি. একটা জায়গা যেখানে আপনার ডিফেন্স প্রডাকশন তৈরী হয়। এই ই. এম. সি.র স্টাইককে ইল্রিগ্যাল করবার জনা বলা ১য়েছে কিন্ত কেন করতে পাবেন নি ? ওথাকারেরা কেন্দ্রীয় মন্ত্রীকে ডিফেন্স মন্ত্রীকে জানিয়েচে যে, আমরা সব সময় এই উৎপাদন বাবস্থা চালু রাখতে প্রস্তুত আছি এবং আমরা কর্মচ কিন্তু আমাদের ম্যানেজমেণ্ট এখানে বাধা দিচেছ। একথা আজকে লেবার মিনিস্টার স্বীকার করুন যে আজ ই. এম. সি.র স্টাইক কেন মিনছে না। ওয়ার্কাররা রাজী আছে কিন্তু তার। ডিফেন্স প্রডাকশনে বাধা দিচেছ। তা নাহলে আপনি ইন্রিগ্যান স্টাইক ডিকেয়ার করতে পারতেন কিন্তু করতে পরেন নি। আজকে সমস্ত জায়গায়—এটা আমাদের বন্ধবা নয়, কেন্দ্রীয় ইউ, এন, টি, আই, সি,ব বন্ধবা এম্পয়াররা এক তবফা ওয়ার্কারদেব নেরে যাচেছ, পিটিয়ে যাচেছ, গুড়ে। করে যাচেছ, ওয়ার্কাররা তার বিরুদ্ধে দাঁড়াতে পারছে না। তারা তাদের বক্তব্য দিয়েছে তবুও আছকে গভর্নমেণ্টের তরফ থেকে তাদের থে সমর্থন দেওয়া উচিত সে সমর্থন তাদের দেওয়া হচেছ না। বরং ইণ্ডাস্ট্রাল টুস রেজালিট-শনের স্থবিধা নিয়ে এম্পুয়াররা তাদের প্রফিট এবং মূনাফা সমস্ত কিছু বাছিয়ে চলেছে।

আছকে যে সি. ডি. এস. স্কীম এসেছে এই সম্পর্কে আপনার। নম্বীসভা থেকে পারেন এবং আনরাও এই আইন সভা থেকে বলতে পারি কম্পালসারী ডিপোজিট স্কীম বাংলা-দেশে বন্ধ করব। আজকে সমস্ত দিক দিয়ে আমর। দেখতে পাচিচ ট্যাক্সেসন বন্ধি পাচেচ ু জিনিসপত্রের মূল্য বৃদ্ধি পাচেছ এবং জনসাধারণের উপর বোঝারপর বোঝা চাপছে। আমরা আরো দেখতে পাঁচিছ এনার্জেন্সির স্কযোগ নিয়ে চাষীদের কাছ থেকে বকেয়া খাজনা আদায় করা হচেছ। কিন্তু সেনা গিয়ে পড়ছে মুনাফাখোরদেব হাতে। এবং এই মুনাফাখোররা অতিরিক্ত দরে বাজারে চাল বিক্রী করে প্রফিট করছে। আছকে এই গচেছ অবস্থা। গ্রামের সাধারণ ক্ষক্কে ধান বিক্রী করে দিতে হয় মাঠু পেকে ধান উঠার প্রই তার। মুধামন্ত্রীব মতে। ধান ধৰে রাখতে পারে না। তারা চেটা করলেও ধান ধরে রাখতে পারে না. কারণ তাকে নানারকম পাওনা মিটিয়ে দিতে হয়, মহাজনের দেনা শোধ করতে হয় খাতক হিসাবে দারিত্ব পালন করবার জন্য। সরকার থেকে যে ক্রেডিট ফেসিলিটিস ক্যিঋণ দেওয়া হয় তা ক্যক্দের সম্পার সামান্যতম অংশ ও স্পর্শ করতে পারে না। অন্যদিকে আমর। দেখতে পাচিছ আজকের এই ইনার্জেনিসব স্থযোগ নিয়ে আপনার। আপনাদের পোলিটিক্যাল অপোনে ন্দের ক্ষমতাকে ধর্ব করে দেবার চেঠা করছেন। আছকে পৃথিবীর সমস্ত দেশে কম্যানিষ্ট পার্টির উপর আক্রমণ হচেছ, গণতাদ্রিক শক্তির উপর স্ট্যাণ্ডার্ড অব লিভিং উপর पाँकमण इट्राइ । पाङ्क हार्तिनिक गमुष्ति एनशान इट्राइ । माशात्य मानुष्रक स्मरत, उत्र एनशिख, তাদের উপর বোঝার পর বোঝা চাপিয়ে এই সমৃদ্ধির রূপ দেখান হচেছ। আপনারা কি ঙ্ধ সিরাজদিনের টাবা নিয়ে নির্বাচন করেছেন ? একটা শ্রেণীগত ঐক্য তৈরী করেছেন। যেখানে আপনার। দেখাত পাচেছন কেউ কোনদিকে আপনাদের বিরোধিত। করছেন আপনার। তাকে ভয় দেখিয়ে স্পেশাল পাওয়ারস ইস্ত করে কাজ হাঁসিল করে নিচেছন। আজকে আপনার। स्थारन (मथारन पाननारिक प्रकारनिक प्रक प्रकारनिक प्रक এত বভ গণতাদ্বিক প্রতিষ্ঠান, সেখানে তো আপনাদের কংগ্রেসী সদস্যরাই রয়েছেন। স্বর্গত एमनव्यत्र वामन (थत्क कनिकाछ) कर्णाद्यमन यापनाएन्द्र शास्त्र द्वार्ट द्वाराह्य, छन् व कानकाछ। কর্পোরেশনএ এত দর্নীতি ও জ্ঞান কেন ? সেখানে স্পেশান অফিসার নিয়োগ করা হচেছ, কমিশনারের ক্ষমতা বাড়ান হচেছ, এর ফল হিসাবে আমর। দেখতে পাচিছ আজকে যে পঞ্চামেৎ তৈরী করা হচেছ তার মধ্যেও সেই একই চক্র।

[6-6-10 p.m.]

আজকে আপনাদের মধ্যে যে বিরোধ তা ধনিকে ধনিকে লড়াই, বেমন বিড়লা আর মুস্রাতে नहारे. रामन जार्गानी ও ব্রিটেনএর মধ্যে नहारे। जाजरूक नमल जामगांत्र এই नहारे হচ্ছে। আজকে যে সমন্ত আইন আছে আমাদের এই রাষ্ট্রব্যবস্থার আজকে আপনার৷ যে সমন্ত প্রানিং করছেন, আন্তর্কে যে সমন্ত কো-অপারোটিভ ব্যবস্থার কথা বলছেন এগুলি কিন্তু প্রকত-পক্ষে প্রয়োগ করছেন না। আপনার। বলছেন ইণ্ডাস্ট্রিয়াল ট্রুস করে প্রোডাকসন বাড়াবেন। কিন্ত কাৰ্যত: আমরা দেখতে পাচিছ যদিও শুমিকেরা খাটছে তাহলেও একমাত্র ইণ্ডাস্ট্রিয়া-লিস্টাদেরই প্রোফিট এর রেট দিন দিন বেডে চলেছে। এই অবস্থা আন্তরে আমর। প্রতিনিয়ত দেখতে পাচিছ। তাছাড়া, আরেকদিকে দেখুন, প্ল্যানিংএর নাম করে লক্ষ লক্ষ কোটি কোটি টাকা অপব্যয় হচেছ। যেখানেই পারছেন আপনার। বিল্ডিং আরম্ভ করে **पिटिष्ट्न । এको। উ**पारत्रेश पिटे, वर्षमान भरत्र विश्वविपानिय এको। रुखिए । वर्षमान गरत्रेत्र লোক কিন্তু ইউনিভার্গিটির কথা আগে বলেনি। যথনই এই সম্পর্কে প্রথম সংবাদপত্তে কথা উঠেছিল তখন বর্ধমান সহরের লোকে বলেছিল বর্ধমানে প্রথমে একটা মেডিক্যাল কলেজ করা হোক। এবং তার। পোলিটেকনিক এবং ইঞ্জিনিয়ারিং প্রতিষ্ঠানের কথা বলেছিল। সেধানে একটা এগ্রিকালচারাল বিভাগের অধীন সীড মাল্টিপ্রিকেসন ফার্ম রয়েছে, বর্ধমানের লোক বলেছিল সেটাকে কলেজে পরিণত করা হোক। কোন এ্যাকাডেমিক ব্যবস্থা না করে ইউনিভার্সিটির জন্য একটা বাড়ী সংগ্রহ কর৷ হল, বলা হল সেই বাড়ী রাজ্য দান করেছেন কিন্তু পরে দেখা গেল সেই বিলিড: তেন্সে নতন কনস্টাকসনএর উপর লক্ষ লক্ষ টাক। খরচ হল। অথচ এ্যাকাডেমিক ব্যবস্থা, শিক্ষার ব্যবস্থা, লেখাপ্ডার ব্যবস্থা কি হচেছ তা **एचितां क्**छे नारे। এখন प्यामता एका एकारा लकातांत शास्त्रा यात ना। राजात्न राहे। করলে ভাল হত তা আপনার। করলেন না ইঞ্চিনিয়ারিং কলেছ করলে, মেডিকেল কলেজ করলে, এগ্রিকালচারাল কলেজ করলে, আর্টিস কলেজ বাডালে পোস্ট্রাজয়েট ব্যবস্থার উণ্তি করলে স্থানীয় লোকের অনেক উপকার হত, কিন্তু সেগুলি আপনার করলেন না। অন্য **দিকে এই সম**ন্ত বিলিড: এবং স্টাকচার রক্ষা করবার জন্য যে সমন্ত ব্যবস্থা কর। দরকার শেগুলি তাডাতাডি হয়ে যাচেছ। ডা: রায় যে সমস্ত স্কীম করছিলেন। ডা: রায়কে আমর। শ্রদ্ধা করি, তিনি অনেক ভালো ভালো স্কীম করেছিলেন, কিন্তু সেওলির আজ কি দুর্গতি হয়েছে। তারপর সি. এম. পি. ওর কথা এখন আমর। গুনছি। ভবিষ্যতে কি হবে তার ছবি আমরা দেখলাম। গত দুই বংসরে এই সি এম. পি. ও পরিকলপনার কোন অগ্রগতি হয়নি, বা কি অগ্রগতি হয়েছে আমরা জানিনা, এখন পর্যন্ত সিন্এম, পি . ও গভীর জলে ডবে আছে। ক্যালকাটা ইলেকটিসিটিতে প্রচর টাকা অপচয় হচেছ, আপনারাই তাদের পৃষ্ঠপোষক। এই সমস্ত চক্র দর না করতে পারলে অবস্থা যেমন আছে তেমনিই থাকবে। তারপর আপনার। গণতন্ত্রের কঁথা বলেন, গণতন্ত্রের বড়াই করেন, কিন্তু গণতন্ত্রের বভাই করে কোন লাভ নাই। গণতম্ব যদি খাকত তাহলে আজকে জনসাধারণের এই দুর্দশা ও দুর্গতি হত না, জনসাধারণ আজকে দুঃখ কটের নধ্যে দিয়ে বুঝতে পারছে কি 🛭 ধরণের গণতছের মধ্যে তার। বাস করছে। এখানে আমার একটা কথা মনে পডল । **१४४मम मेठारमीटिं वर्कन विद्यमी १४६क होटिंग जाउट वर्मिंटिन। एउन वार्यनी** রাজ্যের কলার মিনিস্টার ছিলেন মহম্মদ গওয়ান, তাঁর যথেষ্ট খ্যাতি ছিল। এবং তাঁর আমলে বাহমনী রাজ্যের পুভূত উনুতি হয়েছিল, এমন উনুতি হয়ে ছিল যে, নাহমনী রাজ্যের সমস্ত জায়গায় বড়বড় নগরী স্থাপিত হয়েছিল, লাইব্রেরী হয়েছিল, পাঠাগায় হয়েছিল। এই স্ব एमरथे एनरे बिएमो পर्यहेक वहे निर्द्ध शिराहिन। এकपिन एनरे विएमो পर्यहेकरक महस्त्रप গওয়ান জ্বিজ্ঞাস। করেছিলেন হে বিদেশী, তুমি এখানে কি দেখলে? তিনি উত্তর দিয়েছিলেন, প্রভত ঐশুর্য দেখলাম, অনেক নগরী দেখলাম এই সমস্ত দেখেছি, কিন্তু আরে৷ একটা জিনিস দেখেছি, তাহচেছ প্রচর দারিদ্রা। এর পর এক দিনের মধ্যে মহম্মদ গওয়ানের পতন হয়ে ছিল, এবং তার পতনের কারণ ছিল, নীচের তলার মান্য যাদের পীঠের উপর দিয়ে আমীরওমরাহর। বিলাস বাসনে দিন কুটোতেন এবং যাদের টাক। দিয়ে বড় বড় অটালিক। তৈরী হরেছিল সেই মানমগুলো তার ভার বহন করতে পারে নি।

কিন্ত সেদিন সেই মানুম ক্ষমতায় আসীন হতে পারেনি, ইতিহাস সেদিন মানুমকে ক্ষমতায় আনতে পারেনি। কিন্তু আক্ষকে প্রকোটারিয়ান হেজেমোনি, বিশুজোড়া শ্রুমিক হেজেমনি তৈরী। হচ্চেছ্ক কাজেই একদিন পতন হতেই হবে।

শীআনন্দ গোপান মুখোপাধ্যায়: মাননীয় অধ্যক্ষ মহাশ্য্য, বিরোধী পক্ষের তর্জ থেকে তিনটি জনাস্থা প্রস্তাব আলোচনার জন্য বিধান সভায় আন। হয়েছে। এই আলোচনায় অংশ গ্রহণ ৰুব্বতে গিয়ে প্রথমে আমি একটু বিশ্রান্ত হচিছ কারণ বিরোধী পক্ষের প্রথম যে প্রস্তাব তার প্রস্তাবক হচেছ ফরোয়ার্ড ব্লুক, আর. এস. পি, আর. সি,. পি. আই. এবং বলশেডিক পার্টি যদিও এখানে নেই তবে তাঁরা এঁদের সঙ্গে আছেন। তারপর, বিতীয় প্রস্তাব হচেছ কমিউনিস্ট পার্টির এবং তৃতীয় প্রস্তাব হচ্ছে প্রজা সোস্যালিস্ট পার্টির। এই। প্রস্তাবগুলি ষধন হাউসের সামনে রাখা হয় এবং তার জন্য লিভ চাওয়। হয় তথন এই প্রস্তাবের পক্ষে ভোট গ্রহণের সময় আমর। একটা নূতন জিনিস দেখলাম। অধাৎ প্রথম প্রস্তাব যখন এল তথন বিরোধী পক্ষের সকল বন্ধুরা উঠে দাঁড়ালেন। তৃতীয় প্রস্তাব পি. এস.পি. পক্ষ খেকে যথন এল তথন সকলে উঠে দাঁড়ালেন কিন্ত কমিউনিষ্ট পার্টির পক্ষ খেকে যখন ছিত্তীয় পুস্তাব এল তখন দেখলাম অনেকে উঠলেন কিন্তু ফরওয়ার্ড ব্লুকের কয়েকজন সনস্য উঠে দাঁতালেন না। স্যার, এখন কথা হোল এই প্রস্তাবগুলি রাখার উদ্দেশ্য কি ? এই প্রস্তাবের উদ্দেশ্যে হোল জনাধরণের মতকে সারা বাংলাদেশের মানুষের সামনে ঘুরিয়ে ফিরিয়ে সুরকারের কাছে সেই মত ব্যক্ত করা। এই দলের রাজনৈতিক জীবন যদি পর্যালোচনা করি, এঁদের অতীত ইতিহাস যদি আলোচনা করি তাহলে বিরোধী দলের সকলে এখনই উঠে দাঁড়াবেন। নির্বাচনের আগে সমস্ত দলগুলি মিলে এ্যালামেন্স করবেন বলে যথন ঠিক করেছিলেন তথন এই পি. এম. পি. যাকে তাঁর৷ আজ ভোট দিলেন তাঁব। কিন্তু তাঁদের সঙ্গে সেদিন যান নি। তারপর যদিও একটা বিশেষ রাজ-নৈতিক সম্পর্ক গড়ে উঠেছিল কিন্তু কিছুদিন পব যধন জরুরী অবস্থ। খোষিত হোল, সামাজ্যবাদী চীন ভারতবর্ধ আক্রমণ করন তথন দিখলাম দেশের প্রতি যাদের দরদ আছে তাঁর। আলাদা হয়ে গেলেন এবং ভারতবর্ধের কমিউনিস্ট পার্টি সকলের থেকে चालांना इत्य (शल। मात्र, निर्वाहत्त्व मनग्र क्याउ।ग्र चामीन इतात क्या उँ। विनिष्ठ इत्सिक्टिलन किन्दु त्राटे यांना यथन लुख होल, देननिन कार्यावनीत मत्या यथन मिल भें रख भाष्टिहत्नन ना. (मर्टन यथन ङक्ती यनष्टे। এन उथन ठाँत। जांग करम शास्त्रन । कि**ड जा**र्करक যে তাঁর। আবার মিলিত হয়েছেন তা দেখে আশ্চর্য হচিছ না। তবে যদি দেখতাম কমিউনিস্ট Ի চীনের আক্রমণের পর ভারতবর্ষের কমিউনিস্ট পাটির স্বরূপ বুঝে তাঁর। নিজেদের] আদর্শ সামনে রেখে, নিজেদের দেশপ্রেম সামনে রেখে নিজেদের কর্ম পদ্ধতি ঠিক করেছেন তাহলে খুসী হতান। কিন্তু তাঁরা তা না করে দেশপ্রেমের নামাবলি গায়ে দিয়ে ক্ষমতায় আসীন হবার জন্য মন্মে অবতীর্ণ হয়েছেন।

[6·10-6-20 p.m.]

তাই একটি প্রস্তাব নয়, তিনটি প্রস্তাব এসেছে পাছে কেউ এগিয়ে যায়, ফরওয়ার্ড ব্রক্তার নেতাদের সাথে তাদের হাত মিলাতে দেখছি। ফরওয়ার্ড ব্লক-কে মনে হচেছ তার। যেন এমন একটা শক্তি যার। নিজেদের প্রিনিস্পাাল অপোজিস্বন পাঁটি হিসাবে তুলে ধরতে পারছে। পি. এস. পি. আমাদের বলছে আমর। কারও সঙ্গে নই, আমাদের আদর্শ এবং চিন্তা আলাদ।। কমুনিস্ট পার্টি দেখছে এই সুনয় যদি আমর্। হাত না মিলাই না এগিয়ে যাই তাহলে আঁলাদ। পড়ে যাচিছ। তাই নূতন করে পাঁচুবাবু ডাক দিয়ে-ছেন ইউনাইটেড এফো র্ট হোক। কালের সঙ্গে ? কমিউনিস্ট পার্টির সঙ্গে, ফরোয়ার্ড ব্রকের সঙ্গে আর. এস. পি.. আর. সি. পি. আই সোস্যালিস্ট পার্টির সঙ্গে ইউনাইটেড ফ্র[°]ট হবে। নিজেদের মধ্যে ঠিক করে নিন আগে, তারপর হও প্রসারিত করবেন অন্য দিকে। তাঁর। যে আলোচনার অবতারণ। করেছেন, যে প্রস্তাব ফর ওয়ার্ড ব্লক, আর এস পি, আর সি পি আই-এর তরফ থেকে এসেছে তাতে কোন মূল কারণ বলা নেই। বিনা কারণে জনাস্থা প্রস্তাব রেখেছেন। আর কম্যনিস্ট পার্টি ফ্ড পর্লিসি-র কথা বলে অনাস্থা প্রস্তাব রেখেছেন। পি এস পি দলও তাই রেখেছেন। তাই আনি আবেদন করবো অন্যান্য দলগুলির কাছে, তাঁর। আলোচনা করুন কার সঙ্গে তাঁর। হাত মেনাতে চাচেছন। খাদ্য নীতির পরিবর্তন চাই এই বলে কার সঙ্গে হাত মেলাতে চাচেছন? আমরা অতীতের দিকে যদি চেয়ে দেখি কি দেখবো? অপূর্ববাবু ১৩৫০ সালের ঘটনার অবতারণা করেছেন, এখানে তাঁর বোধ হয় আর একটা बहेनांत्र कथा मत्न तारे। गांत्रा जांत्रज्वर्त्य कः श्विमकर्मी ताजांत्रा ख्वरलंत्र मरशा जांवक यथेन,

তখন বৃটিশ সামাজ্যপদলেহী কুকুরের দল কমিউনিস্ট পার্টি ভারতবর্ষের বুকে তথা বাংলার বুকে দুভিক্ষের সূচনা করেছিল এবং চেষ্টা করেছিল কি করে চাষী মন্ত্রের মধ্যে দুভিক্ষ জানতে পারে তাই সেদিন ১৩৫০ সালে কমিউনিস্ট পার্টি রাস্তায় রাস্তায় ঘরে বেরিয়েছিল সিল্কের জামা পরে। তার। সেদিন বাংলার লক্ষ লক্ষ মান্ঘকে হত্যা করেছে আর আজকে তাদের মধে কি বাংলার লোক খাদ্য নীতির পরিবর্তনের কথা শুনবে ? নাকি যার৷ সেদিন সর্বস্ব ত্যাগ করে নিজেদের সর্বস্ব বিসর্জন দিয়ে সাধারণ মানুষের পাশে এসে দাঁডিয়েছিল সেই সমস্ত নেতাদের কথা ভনবে ? তাই আনি প্রথমে আবেদন করবো এই ফর ওয়ার্ড ব্লুক, আর এস পি, আর সি পি আই-এর মধ্যে যারা আছেন তাঁদের কাছে, যদি আপনারা মনে করেন বে তাদের নধ্যে দেশপ্রীতি থাচে তাখলে এটা থাগে মনে রাখবেন তাঁর। কার সঙ্গে হাত মিলাতে যাচেছন। আমি মনে করি সংসদীয় গণতন্ত্রে সবচেয়ে বড় স্থযোগ আছে অনাস্থা প্রস্তাব আনার। সেই স্থযোগ তাদের আছে এবং সেটা তাঁর। গ্রহণ করবেন, কখন ? যখন তাঁর। উপযক্ত সময় বলে বিবেচনা করবেন। আজকে তাঁরা তেবে দেখন দেশ যখন জরুরী অবস্থার মধ্য দিয়ে যাচেছ যখন কমিউনিস্ট চীন দেশ আক্রমণ করছে এবং স্বাধীনতা বিঘিত করতে যাচেছ তখন তাদের কার্য্যাবলী হারা যারা মানুমের কাছে এগিয়ে যেতে পারে ন। যারা মানুষের ভয়ে মাটির নীচে লুকিয়ে খাকে তখন এই কমিউনিস্ট পার্টিকে কোন রকম আত্যপ্রকাশের স্কুযোগ দেবেন কিনা। তাঁরা হয়ত রাজনীতিতে ভল করতে পারেন কিন্তু জনসাধারণ ভুল করে না। তাই জনসাধারণ দেখিয়ে দিয়েছে যে, লোট্টাঘাতই এদের প্রাপা। আমি তাই বারংবার করে আবেদন করব যে ভারতবর্ষের মাটিতে জন্ম গ্রহণ করে দেশকে যাঁর। স্বন্দরভাবে গড়ে ত্লতে চান রাজনৈতিক দল হিসাবে তাঁব। আগে নিজেদের কর্ম পদ্ধতি ঠিক করুন। তারপর তাঁরা বিরোধী দল হিসাবে তাঁদের পার্লামেণ্টারী ডেনোক্র্যাসিতে যে স্থযোগ আছে তা গ্রহণ করবেন এবং সময় বুঝে গ্রহণ করবেন, উপযুক্ত আদর্শ সম্মত পথে গ্রহণ করবেন। নচেৎ এই পবিত্র অধিকারকৈ আপনারা সারা বাংলাদেশের মানুষের সামনে অত্যন্ত ছোট করে দেবেন। আজকে তাই আমরা দেখতে পাচিছ ক্ষমতা নাভের আশায় বিরোধী দলগুলি এমন ভাবে আচরণ করছেন যে ছোট দলগুলি সংখ্যা গরিষ্ঠ কংগ্রেস দলের সঙ্গে বিধান সভাব কাজকে এগিয়ে নিয়ে যেতে পারত তা না করে আজকে পার্লামেণ্টারী ডেমোক্র্যাসির স্থুমোগে জোরের উপর তাঁদের নিজেদের কর্ম পদ্ধতিতে চালিয়ে নিয়ে থাবার জন্য চেই। করছেন। দেশের পক্ষে এন হিতকর নয়, ডেনোক্র্যাসির পক্ষে এন হিতকর নয়, রাজনৈতিক আদর্শ হিসাবে আপনানের পক্ষে এন। হিতৰের নয়। তাঁরা। খাদ্য পরিস্থিতি সদ্ধ্যে আলোচনা করতে গিয়ে বলেছেন যে शांत्र। एत्यात भाग्र पुष्टित्क भाता याराष्ट्र। याग्नि यात्रानात शांगरन तिनीचडारन नित्तनन क्त्रिष्ट्र । पुरुविशांत घोना पानाता वातःवात उट्टन वट्टाइन, नुकवियान पुडिट्राकत छवि মান্দের কাছ থেকে রাজনৈতিক দলের কাছ থেকে কখন থেকে আসতে আরম্ভ হনেছে ना, यथन (थरक दुष्ठांत উপ-विाठरनत जिन श्वित दरगर्छ। इछान निर्वाठरनत बाजनी जिल्ल मामतन (तर्थ मानुष न। (बर्ध मतर्छ এरक मामतन त्रर्थ (मर्टे विकृत छविरक তুলে ধরে তাঁরা বাংলাদেশের মানুষকে বিভ্রান্ত করার চেষ্টা করেছেন। আমি আপনার কাচে তাঁই দেখাতে চাই যে লোকসেবক সংঘ এই পথ গ্রহণ করে পুরুলিয়ার দরিদ্র নানুঘকে আরো দারিদ্রোর মধ্যে নিয়ে থাচেছ। তাঁরা একটা ভ্রান্ত ছবি দেবার চেষ্ট্রা করেছেন তাঁর। সতি৷কারের ছবি সাহসের সঙ্গে দিয়ে যদি বাংলাদেশের মানুঘের সামনে এসিয়ে আসতেন যেমন কংগ্রেস পুকলিয়াব দুস্থ মানুষের পাশে দাঁড়িয়ে আছে, তাহলে তাঁদের রাজনৈতিক পরাজয় কখনও ঘাতে না। মাননীয় **স্পীকার** মহাশয়, আপনার মাধামে মাননীয় সদস্যদের কাছে জানাতে চাই যে পুরুলিয়ায় যে সমস্ত মানুষের অনাহারে মৃত্যু হয়েছে বলে জানান হয়েছে, আযি এখানে নাম করব না, অন্য তথ্যের ধ্য দিয়ে যাব না, কিন্তু আমি এইটুকু বলব যে মৃত্যুর দিন পর্যন্ত তাঁদের মধ্যে সকলেই জি, আর. পেতেন। তাঁদের মধ্যে অনেকের ৭০।৭৫ বছর বয়স হয়েছে। আহ্মি আর এব.। তথ্য হাউসের সামনে পরিবেশন করতে চাই, আমি নাম বলতে রাজী থাকব না এই ারণে যে আমি একজন বিশিষ্ট সাংবাদিক এর কাছে এটা শুনেছি। তিনি মৃত্যু সম্বন্ধে তদন্ত করতে গিয়ে নিজে জানিয়েছেন যে ভাদ মাহাতোর না থেয়ে মৃত্যু হওয়ার কথা সত্য নয়, এ কথা অসত্য অপপ্রচার হয়েছে। তাঁর স্ত্রী এই কথা বলেছেন। এই তথ্য সাংবাদিকের কাছ থেকে পেরেছি। সরকারী

তথ্য খেকে এই তথ্য পরিবেশন করছি না। মাননীয় স্পীকার মহাশয়, আজকে বিরোধী পক্ষের যে ইনহেরেণ্ট রাইট আছে সেই অধিকারকে নিয়ে যদি তাঁরা রাজনৈতিক চক্রান্ত করেন তাহলে আমি বলব যে তাতে বাংলা দেশের ক্ষতি হবে. বিশেষ করে এই এমারজেন্সির টাইমে ভারতবর্ধের বুকে এই চক্রান্ত করা কোন রকমভাবে উচিত হবে না বলে আমি মনে করি। মাননীয় বন্ধু শ্রীকাশীকান্ত মৈত্র মহাশয় এখানে কোক ওভেন সম্বন্ধে দুএকটা কথা বলেছেন। আমি তাঁকে সদুত্তর দেওয়ার চেটা করব যদিও উত্তর দেবার আমার কোন অধিকার নেই। তিনি বলেছেন যে কোল কণ্ট্যোলারেন আদেশ ছাড়াও কণ্ট্যোলার থখন চাইছেন না যে ফিপথ ব্যাটারী কোক ওভেনে তৈরি হোক তবুও পশ্চিমবক্ষ সরকার এগিয়ে যাচেছন ফিপ্থ ব্যাটারী তৈরি করার জন্য এবং সেখানে মেশার্স কর্মিন কৌশানীকৈ নাকি কণ্ট্যাক্ট দেবার জন্য এগিয়ে যাচেছন। মাননীয় বন্ধুকে আমি বলি যে ১৯৬২ সালে কোল কণ্ট্যাল্যকে নিয়ে একটা কমিটি গঠিত হয় যাতে সেখানে কোকের কত সর্টেজ হচেছ বা হতে পারে ত। ইনভেন্টিগোট করবার জন্য। ১৯৬২ সালে তাঁর৷ ইনভেন্টিগোট করে বলেন যে প্রতিদিন ও শো টন কোক এর সর্টেজ দেখা দিতে পারে। কাজেই আগে থেকে আমাদের পুস্তত হওয়া দরকার।

(নির্দিষ্ট সময় অতিবাহিত হওয়ায় বক্তা তাঁর আসন গ্রহণ করিবেন)

শ্রীহেমন্ত কমাব বস্তু: স্পীকাব সাার, শ্রীমুপার্জী, ডি সি, এম বি তিনি এপানে এমেছিলেন এবং তিনি ১০ জন এম বিকে রেখে গেছেন, এই হাউসেব রিপোর্ন নিতে বলেছেন। তিনি কি আপনাব পার্মিসন নিয়েছেন ?

মি: স্পীকার: আমি ইনকোয়ারী করবে।।

[6-20-6-30 p.m.]

্রীশ্রুচরণ ঘোষ: মি: স্পীকার স্যার, আমার আপের বন্ধা মাননীয় সদস্য শ্রীআনন্দ গোপাল মধার্ফী এখানে বিষ্ময় প্রকাশ করেছেন যে ফরোয়ার্ড ব্লুক কমিউনিট পার্টিব সাপে এপানে মিতালী করেছে। আমি তাঁকে একটা কথা স্যুৱণ কবিয়ে দিতে চাই, এে কংগ্রস কেরালান মুশুনি লীগের সাথে নিতালী কবে নদ্রীসভা গঠন করতে পাবে—সেই কংগ্রেসের নেমারের কাঁচ পেকে আমৰা উপদেশবাণী ওনতে। চাই না। মিঃ স্পীকার সাাব, সানি মাননীর সদস্যোব অবগতির জন্য জানিয়ে দিতে চাই যে আজকে কংগ্রেস সরকাবেন বিক্ষে নে অনাম্ব। প্রভাব আনা হনেছে সেটা আমনা যদিও একসাথে মুভ করতিনা কিন্তু কমিউনিই পার্টির সাথে মূলগত আদর্শগত এবং রাজনৈতিক দিক। দিয়ে আনাদের পার্থক্য এপনও আছে। দিতীয় কথা আন জানিরে দিতে চাই মি: স্পীকাৰ স্যার, এই হাউদ্যের সাননে কংখে্সেন নাননীয় সুৰুষা শ্রীঅশোক কৃষ্ণ দত্ত মহাশর বলেচেন যে আমাদের শুদ্ধেয় নেতা শ্রীতেমও কুমার বোস আমাদেব करताबार्ड नुरकेत कराकुरून भूषभारक रहीगरल भतिरा तर्भ आकृरक विष्टे आरनाहनात गया দিয়া তিনি একটা নৃত্ৰ নেতৃত্ব দেবার চেষ্টা করছেন। আনি স্বিন্ধে তার কাছে একটা ष्ठिमा ताथरू ठाइ य राष्ट्रिम जागारमत वाहे हाहिरात भागरम करहारभत मानगीय भगगा শ্রীনেপাল রায় দুর্ঘাপুরের ব্যাপার নিয়ে মাননীয় অখনজীর বিবৃত্তিকে চ্যালের করে এখানে বক্ততা দিয়েছিলেন সেদিন কংগ্রেম পার্লানেণ্টারী পার্টির মাহম ছিল না সেই কংগ্রেম সনস্য শ্রীনেপাল রামের বিরুদ্ধে ডিসিপ্লিনারী অ্যাকসন নেরার। আমানের পার্ট কংগ্রেসের চেয়ে ছোট পার্টি হতে পারে কিন্তু আনাদের পার্টির নধ্যে সেই ডিগিপ্রিন গাড়ে এবং আনাদের পার্টি'র মধ্যে সদস্য সেই ডিপিপ্লিন নানে। তাই সেদিনকার বটনাব পরিপ্রেক্ষিতে খানাদেব পাটি যে ডিসিসিপ্লিনারী আ্রাক্সন নিয়েছে আ্নাদের পাটির সদস্যর৷ হাগিনুধে সেই ডিসিপ্লিন स्तरन निरंत्रहाः अङ्गना भर्त प्रमाणन कति। मिः स्पीकांत्र गाति, अभारन भारतांघनात नया पिया কংগ্রেসের মাননীয় সদস্য ভাঃ প্রতাপচক্র চন্দর একটা কথা বলাব চেই। করেছেন সে ফরোয়ার্ড বুক, আর এস পি এবং আর সি. পি. আই-এর পক্ষ থেকে যে অনাস্থা প্রস্তাব এই হাউসের সামনে আনা হয়েছে সেই প্রস্তাব অকারণ প্রস্তাব কিন্তু এই প্রস্তাবের পিছনে যে যক্তি আছে সেই যুক্তিকে ৰদি তিনি সন্ধান জানান তাহলে আমি বিশ্বাস করি মাননীয় সদস্য ডা: চলর এই 🚁 র ক্রস করে আমাদের দিকে চলে আসবেন। মি: স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে এই হাউসের

मान्यत पर्का ब्रिनिम जल धत्राज हारे-अको। स्टाइ शन्विमवन मत्कात, शन्विमवन्त्र मिन्नवर्षात मिन्नवर्षात मिन्नवर्षात मर्सा स्व क्यानमात राष्ट्रे क्यानमात मश्रद्ध এक्छ। यहेना जाभनात मामरन जल बत्राल हारे এবং विजीय य पहेनाहै। जामि जल भन्नराज हारे लाहे। श्रीकिंग्रा-किनादान य कारिनी जारक आखिरा যাবে—এই রকম তথ্য আমি আজ আপনার সামনে উদুঘাটন করার চেষ্টা করব। আপনার সামনে রাখবার চেষ্টা করবো যে যদি আর্জকৈ পশ্চিমবাংলার মন্ত্রিমগুলীর ভিত্তি যদি এই হয় এবং কংগ্রেসী সদস্যর৷ যদি গণতন্ত্রের পূজারী হয়, ইংরাজী গণতন্ত্রকে যদি শুদ্ধা করেন তাহলে শুধ মাত্র প্রত্যেকটি কংগ্রেসী সদস্যর৷ পদত্যাগ করে আবার নৃতনভাবে निर्वाचनीत जीमतन এएन में छादन। मि: स्नीकांत जाात. त्य घटना तांबर्ए. त्य क्योनजात्त्रत কথা বলছি সেই ক্যানসার হচেছ মন্ত্রী মণ্ডলীর উপমন্ত্রী দটগ্রহ শ্রীমতী মারা ব্যানাজির কথা। এই মায়া ব্যানাজি সম্পর্কে তাঁর ব্যক্তিগত কাহিনীর মধ্যে আমি যেতে চাইনা। কিন্ত শীমতী মায়া ব্যানাজির মত একজন মহিলা সমস্ত শাসন বন্ধকে বেভাবে কল্বিত করছে সেই ष्ठेन। जामि जाननात्मत कार्ष्ट পরিবেশন করছি। তিনি যেন ডেপটি চীপ মিনিস্টার এবং মধ্যমন্ত্রীর পেছনে কায়ার মত ঘরে বেড়ান। আজকে সেই মায়া ব্যানাজি সম্বন্ধে আমি মখ্যমন্ত্রীকে জিজ্ঞাস৷ করতে চাই যে এই মায়৷ ব্যানাজির সাথে ডি. আই. জি. ট্রাফিক দেবব্রত ধবের সাথে কি সম্পর্ক। আমি জিজ্ঞাসা করিযে এই হাউসের অন্যতম[্]সদস্যা মহারাণীর মৃত্যুতে যে শব্যাত্র। গিয়েছিল সেই শব্ যাত্রার সময় আমর। দেখেছিলাম যে সেই শব गাত্রার মধ্যে মধ্যমন্ত্রীর গাড়ীতে মায়। ব্যানাজির সাথে ডি. আই. জি. ট্রাফিক দেবব্রত ধরকে—তাই আমি মুখামন্ত্রী শ্রীপ্রকুল্ল চন্দ্র সেনকে জিন্তাসা করতে চাই যে মধ্যমন্ত্রীর গাডী বাবহার করার কোন অধিকার মারা বাানাজির এবং দেবব্রত ধরের ছিল কিনা। আজকে এই মায়া ব্যানাজিকে কেন্দ্র করে, একদল অসং সরকারী কর্মচারী যে চক্র গড়ে তলছে সেই চক্র ধীরে ধীরে আমাদের এই শাসন্যন্ত্রের মধ্যে ঘুন ধরিয়ে দিয়েছে। আমি পি. জি.-র ডা: সরসীমধাজির কথা বল্চি। ডা: স্বসী মধার্জি এই দুইগুত মার। ব্যানাজিকে কেন্দ্র করে একটা উপগ্রহ এবং এই মারা ব্যানাজি ডাঃ সর্বাী মপাজি ডিরেক্টার অব হেল্থ কর্নেল চ্যাটাজির বিরুদ্ধে মন্ত্রী মণ্ডলীর কাছে নানা অভিযোগ এনে তাকে সরাবার চেষ্টা করছে। আমি ডা: পি. কে. ওহের কথা বলি। ইনিও মায়া ব্যানাজিকে কেন্দ্র করে একটা উপগ্রহ এবং ডা: পি. কে. ওচ ডা: মুরলী ধর সেনওপ্তকে বদলীর জন্য চক্রান্ত করছে একথা সত্য কিনা। আমি জানতে চাই এই যে পশ্চিমবাংলার মন্ত্রীম ওলীর ক্যানসার মায়। ব্যানাজি ইনি এ. বি. গাদ্দলি যার বিরুদ্ধে বহু পুঞ্জিভূত অভিযোগ আছে সেই এ. বি. গাঙ্গুলি আজকে চীফ সেক্রেনারী হবার জন্য চেষ্ট্র করছেন কিনা। আমি এই জন্য ঘটনাওলি রাখছি যে আজকে এই মায়। ব্যানাজিকে কেন্দ্র করে কোন অগাধ ব্যবসায়ী পাণালাল সাবোগী. মাতালজী খৈতান এবং হেমন্ত ওঝা চিনি এবং কয়লার জন্য সরকারের কাছে প্রচর স্রযোগ স্থবিধা নেও। আছকে এই রকম অসাধু ব্যবসাধী, অসাধু কর্মচারী পশ্চিমবাংলার মন্ত্রী-মওলীর ক্যানসার নায়৷ ব্যানাজিকে কেন্দ্র করে পশ্চিমবাংলার শাসন যন্তের মধ্যে ঘন ধরিয়ে দিচেছ। দিতীয় যে কথা রাপতে চাই এই হাউদের সামনে যা ইংরাজ প্রফমো-কিলারের সেই কেলেক্কারীকেও মান করে দেবে। এই প্রফ্মো-কিলারের কেলেক্কারীর কথা ইংরাজ সভায় উঠেছিল যখন তুর্ণন আমর৷ ম্যাক্মিলনকে দেখেছিলাম প্রতাক্ষভাবে এবং পরোক্ষভাবে তার দায়িত্ব পাক বা না থাক তিনি অন্তত বাজিগতভাবে তাব সাথে জডিত ছিলেন না। কিন্তু যে ঘটনার কথা আমি আপনার সামনে রাখবো আমি চ্যালেঞ্জ করে বলতে পারি—সমস্ত দায়িত্ব নিয়ে বলতে পারি যে সেই ঘটনার সঞ্চে আমাদের রাজ্য মুখ্যমন্ত্রী প্রকল্প চন্দ্র সেন মহাশয় জড়িত ছিলেন। এই ঘটনার নায়িকা হচেছ শ্রীমতী মদলা ব্যানাজি এবং এই মায়া ব্যানাজি ও আমাদের রাজ্য-এর অন্যতম মন্ত্রী পুরবী মুখাজির খনিষ্ঠ আত্মীয়া এবং প্রাক্তন কংগ্রেস মনত্রী ও অধ না কংগ্রেসের বড় সমর্থক শ্রীসিদ্ধার্থ শঙ্কর রায়ের বোন। এই মৃদুলা ব্যানাজির পরিচয় কি ? তার ব্যক্তিগত কেচছার কথা আমি বলতে চাই না। তবে একথা ঠিক যে এই মুদুলা ব্যানাঞ্জি আঞ্চকে সমাজে চরমতর প্রতিষ্ঠা পেরেছে সমাজের উচচ স্তরে কিভাবে প্রতিষ্ঠা পেঁরেছে সেকখা তাদের কাছে আমি রাখতে চাই না। আমি তথু এ কথা বলতে চাই বে শ্রীমতী মূলুনা ব্যানাজি তার নিজের প্রচেষ্টায় নিজের বাহাদরিতে সমস্ত মন্ত্রী এবং উপমন্ত্রীর মধ্যে এমন একটা মারাজান বিস্তার করেছিল যার ফলে তিনি সমাজে একটা উচচ স্তরে প্রতিষ্ঠা লাভ করে নিরেছেন। এর জন্য ডা: ওরার্ডের প্রয়োজন হয়নি এর জন্য তার জনলীলা নিকেতনের

প্রয়োজন হয়নি—সে নিজেই নিজের আসন করে নিয়েছে এবং কেমনভাবে করেছে তার ব্যক্তিগত পরিচয় আমরা জানি। ব্যক্তিগত প্রতারণার মধ্য দিয়ে তার নিজের ব্যক্তিগত জীবনকে প্রতিষ্ঠা করেছে।

(नरग्रक)

[6-30-6-40 p.m.]

শ্রীঅশোক কৃষ্ণ দত্ত: অন এ পরেণ্ট অব অর্ডার, স্যার, মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি পরেণ্ট অব অর্ডারে একথাই বলতে চাই যে, আমাদের সভার যাঁরা বর্তমান সদস্য র রছেন তাঁ, দর বিরুদ্ধে য। ইচছা তাই অভিযোগ করুন তাতে কিছু বলার নেই। কিন্তু যিনি এই সভার সদস্য নন তাঁর বিরুদ্ধে ব্যক্তিগত অভিযোগ করা, পার্সোনাল স্ক্যাণ্ডাল করা এটা সভার অর্ডার কিনা ? কারণ তাঁর ডিফেণ্ড করার কোন উপায় নেই।

Mr. Speaker: This is no point of order.

শ্রীশন্ত চরণ ঘোষ: মি: স্পীকার, সাার, আমি জানিয়ে দিতে চাই যথন পার্লামেণ্টে শ্রীমতি কিলার সম্বন্ধে প্রশ্র উঠেছিল, শ্রীমতি কিলার সেই বিলাতের পার্লামেণ্টের সভা ছিলেন না, তার সাথে যেহেতু প্রফুমো জড়িত ছিলেন সেইজন্য কিলার প্রসংগ সেই পার্লামেনেট উঠেছিল। এমনিভাবে আমি দেখাতে চাই যে শ্রীমতি মৃদুলা ব্যানাজী আইন সভার সদস্য না হলেও তিনি আমাদের মুখ্যমন্ত্রী এবং অন্যান্য মন্ত্রীদের সঙ্গৈ এমনভাবে জড়িত—ব্যক্তিগতভাবে যদি জড়িত থাকতেন তাহলে কোন প্রশু আমি তুলতাম না, যদি তিনি সেই নককারজনক চক্রের দুইগ্রহ হতেন তাহলে সেই পাপক্ষের কোন কথা আমি এখানে তুলতাম না--আমি একথা এখানে রাধতে চাই এইজন্য যে এর সাথে আমার রাষ্ট্রের স্বাধীনতা, আমার রাষ্ট্রের নিরাপতা জড়িত। এই শ্রীমতি মুদুলা ব্যানাজী তার বাজিগত চরিত্র সম্পর্কে মনেকেই জানেন। শ্রীমতি মৃদুলা ব্যানাজী, তিনি ওধুমাত্র আমার রাজ্যের মুখ্যমন্ত্রী শ্রীপুফুলু চক্র সেনের সাথে ঘনিষ্ঠভাবে যুক্ত ত। নয়, শ্রীমতি মৃদুল। ব্যানাজী আমার রাষ্ট্রের, ভারতবর্ণের, প্রাক্তন যিনি প্রতিরক্ষা মন্ত্রী, কৃষ্ণ মেননের ঘনিষ্ঠ বান্ধবী ছিলেন। ইংলণ্ডে থাকা কালীন শেই কৃষ্ণ মেননের সাথে মুদুলা ব্যানাজীর ঘনিষ্ঠ সম্পর্ক ছিল। যথন কৃষ্ণ মেনন প্রথম নেফাতে গিয়েছিলেন ইটার্ণ কমাণ্ড ভেঙ্গে দিয়ে কাউলের মত অপদার্থর হাতে যধন প্রতিরক্ষা ব্যবস্থা जुरल जिरावितन त्रारे गमा वाँ नमाम विभाग चाँतिए जि. चारे. थि. करम कृषः समासना পাঁশে আমরা মৃদুলা ব্যানাজীকে দেখেছি একথা কি মুখ্যমন্ত্রী অস্বীকার করতে পারেন ং মুখ্যমন্ত্রী কি জানেন নাথে সেই দিনের পরে এই মুদুলা ব্যানাজীকে আমরা চীন দূতাবাসে দেখি। এবং যে মুদুলা ব্যানাজীব অবস্থা আমরা জানতাম ১৯৫৯ থেকে ১৯৬১ সাল পর্যন্ত পপার ছিল, চার দিকে দেন। ছিল, তার বিরুদ্ধে জিম কোম্পানীর মানল। ছিল, যার বিরুদ্ধে বিভিন্ন প্রতারণার মামলা ছিল, সেই মৃদুলা ব্যানাজীকে ১৯৬২ সালে আমরা দেখেছি যে ৭ লক্ষ টাকার মালিক হয়েছে। সেই মৃদুলা ব্যানাজীকে আমর। দেখেছি যে বিভিন্নভাবে সে রাষ্ট্রের নিরাপত্তা ক্ষুণু করার জন্য তারঁ স্বাধীন ঘোরাফের। অব্যাহত রাধাব চেটা করছে এবং আমর। দেখেছি এই মৃদুলা ব্যানাজী চীনা দূতাবাস খেকে সমস্ত রকম অর্থ সংগ্রহ করে আমাদের রাষ্ট্রের সমস্ত শাসন ব্যবস্থা, নিরাপত্তা ব্যবস্থাকে দুর্বল করাব চেটা কর্তে এই মুদুলা বানাজী সম্পর্কে এখানকার যে পুলিস কর্তৃপক্ষ তার। শ্রীযুক্ত সেনের কাচে তাদের বজব্য রেখেছিল কিন্তু একথা কি সত্য নম যে শ্রীযুক্ত পুফুলু চন্দ্র সেন তার নিরুদ্ধে অর্থাৎ মৃদুলা ব্যানাজীর বিরুদ্ধে কোন রকম ব্যবস্থা অবলম্বন না করার নির্দেশ দিয়েভিলেন। আমি জানতে চাই যে এ ঘটনা যদি সত্য হয়ে পাকে তাহলে যে মুদুলা ন্যানাজী চীনা দূতাবাদের সক্ষে সংযোগ রেখেছে এবং যে মুদুলা ব্যানার্জী পুচুর অর্থ উপায় করছে আজকে আমার রাট্টের নিরাপটার খাতিরে তার নিরুদ্ধে বাবস্থা অবল্যন কবার জন্য কেন উৎসাহিত হয়ে উঠেন নিং একথা কি সত্যানয়, এই মৃদুলা ব্যানাজীর নিউ আলীপুরের বাড়ীতে যধন আমাদের অন্যতম উপমন্ত্রী শ্রুমতি মার। ব্যানার্জী অস্তত্ব হয়ে পডেছিলেন তপন আমাদের রাজ্যের মুখ্যমন্ত্রী শ্রীযুক্ত পুকুল্ল চক্র সেন তার বাসাতে ভিজিট করতেন এবং অন্যান্য রাজ্যের বহু মন্ত্রীও সেখানে যেতেন? একখা কি সতা নয় বে শ্রীমতি মায়া ব্যানার্জী এবং প্রফুল্ল চক্র সেনের যে কথোপকথন সেই কথোপকথন টেপ রেকর্ড করে রাখা হয়েছিল এবং এর

ষার। মৃদলা ব্যানার্জী ব্ল্যাক মেল করার চেষ্টা করেছিল যার তয়ে এই রাজ্যের মুখ্যমন্ত্রী কোন রকম এ্যাকশন নেবার সাহস করেন নি? কাজে কাজেই এটা আমি আজকে আপনার মাধ্যমে হাউসের সামনে রাধতে চাই যে শুধুমাত্র বামপন্থীদের দলের থেকে নিছক বিরোধিতা করার জন্য শুধুমাত্র আক্রোশের জন্য এই অনাস্থা পুন্তাব এসেছে তা নর, আজকে যদি কংগ্রেস দলের সদস্যদের বা মন্ত্রীমণ্ডলীর সে সৎ সাহস ধাকে ইংলণ্ডের গণতন্ত্র যে আদশ স্থাপন করেছে, যে নজীর স্থাপন করেছে, আমি আশা করবো, আমি আহ্বান করবো যে বাংলা দেশের এই মন্ত্রীমণ্ডলী সেই আদর্শ স্থাপন করুন পদত্যাগ করে। বাংলা দেশের বুকে সেই আদর্শকে স্থাপন করে বাংলা দেশের বুকে সেই আদর্শকে স্থাপন করে বাংলা দেশের স্কুলরী, গণতন্ত্রের প্রতি তাঁদের সতি।কারের আন্থ। এবং শৃদ্ধা আছে।

স্মার গতকাল শ্রীবীরেন রায়ের একটা রিট্ন, প্রশেনর জবাবে মিনিস্টার অব ল্যান্ড রেভি-নিউ উত্তর দিয়েছেন যে, এই কয়েক বংসরের মধ্যে ৩ হাজার ৫৮৫টি ক্ষেত্রে ১ কোটি ৪ লক্ষ ২২ হাজার ৫১৯ টাকা এাান,ইটি দেওয়া হয়েছে। কিল্তু তা সত্ত্বেও এাান,ইটি দেবার পরিষ্ঠি र्जाता जातात ताजात्क्वन-जर्थार त्यग्रत्ना भिकाष प्रोम्धे जात्क. त्यग्रत्ना आरेनछः धानार्विषे পায় না তাদের আবার এ্যানুরিটি দেবার বন্দোবন্ত করছেন। ফাইনান্সিয়াল মেমোরে ডাম-এ বলোছন এতে যদিও বাংসরিক ৪।৫ লক্ষ টাকা খরচ হবে কিল্ডু আটে এ টাইম ৪৫ লক্ষ টাকা বাঁচবে এর্থাৎ ১১ বছরে আমরা যে এ্যান্ইটি দিতাম সেটা বাঁচবে। কিল্তু চিরকালের জন্য अवदात्तत घारफ दार्थिक ८ लक्क प्रोकात अक्षे त्वाचा कित्य यात्र अवः अपे त्वाची रहा भारत । সার ্রেড ছাস্ট সম্বন্ধে এবা বলছেন যদি কেউ চেরিটেবেল পার্পাসে এবং রিলিজিয়স পার্পাসে টাস্ট করেন এবং তার সাথে তাঁর ছেলে-পেলেদের জন্য বা ফ্যামিলি-র পোষণের জন্য টাচ্ট করেন তাহলে সেই ট্রাস্টকৈ এ্যান্মিটি দেবেন। আমার কথা হচ্ছে এটা কেন দেবেন? অর্গম হনে করি এটা করা অতান্ত অন্যায় এবং এটা করার মানে হচ্ছে কয়েকটি অর্কমণ্য অথবা নিস্কর্মা র্মাদার পত্রেকে সরকারী অর্থে পালন করবার প্রচেষ্টা। কাজেই সব দিক দিয়ে একে আছবা বাধা দিচ্ছি এবং কোন মতেই সমর্থন করতে পারছি না। তারপর মন্তিমহাশয়ের কালে আমার আর একটি প্রশ্ন হচ্ছে তিনি বলেছেন নন-এগ্রিকালচারাল টেনাণ্টরা ইন বাইন্ড খারুনা দিতে পারবে। তিনি তাঁর থক্ততার সময় বলেছেন যে অফিসারকে ্রা এই ক্ষমতা দিচ্চেন যে ইন ক্যাস যদি না দিতে পারে ভাহলে ইন কাইণ্ড কমিউট করবার ङ्कः। अभि चार्रेनुकः नरे, उत् ग्रात् ।। चार्शान वक्थारे व्यवस्थान स्य नन-वीशकान्नातान টোন বা যদি কাস এ খাজনা দিতে না পাবে ভাহলে কাইণ্ড-এ দিতে পারবে।

দ্বি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্যাঃ আই হাতে নট সেত দাঠে। দাটে ইজ নট দি পার্পাস অব দি ১৯%। ক ইণ্ডলি রিড দি এয়াক্ট এয়াণ্ড দেন ক্রিটিসাইস। আমি ওকথা বালিনি এবং আইচেড ওচ্থা নেই। আপান সমালোচনা করছেন আমি বাধা দেবন। তবে একেনারে বাতাসের উল্লেখ্য চেন্ডলা করছেন। আপানি হলছেন যারা ক্যাস-এ দিতে পার্বেনা তারা এবে। দিতে পায়বাং নতু আমল কথা ঠিক তার উল্লেটা।

মিঃ তেপ্তি প্ৰীকারঃ বিলকে সমর্থন করলে সাকুলেসন মোসন দেবার ফেকাপ নেই।

ডাঃ ক্রাইলাল ভট্টাচার্যাঃ আলি সমস্তটা অপোজ করছিলা। সার্কুলেসন মোসন দিতে গেলে সমস্ত নিক্ষিয়ে অপেজ করতে হবে তার কোন মানে নেই। যাহোক, আমার মেইন অপ-জিসন প্রে নিক্ষেড ট্রাস্ট এবং এমবাংকমেন্ট-এর জন্য কম্পেনসেশন দেওয়া এবং এতাদন বাদে বিল এনে প্রথিত সম্বর্গে উনি যেটা করেছেন সেটা এর আগেই এনে অ্যাসেম্বর্লীতে পাশ করা ীচিত ছিল। এই কয়েকটি বিষয় রেখে আমি আমার বস্তব্য শেষ করছি।

শ্রীমনোরথন হাতরাঃ মাননীয় ডেপ্টি প্রতিবাব মহাশ্য়, এই যে বিল মাননীয় মন্তি মহাশ্য় আমানের সামনে উপস্থিত করেছেন, এই বিলটা অত্যাত ছোটু হলেও এর মধ্যে কতকগ্লে মারায়ক তিনিষ রয়েছে। সেগ্লি সমর্থন করতে পারা যায় না। প্রথম কথা হচ্ছে এই যে কম্পেননেশন এসেসনেও রোল এটা তৈরী করার কথা অন দি বেসিস অফ দি রেকর্ড অফ রাইট্স এখন রেকর্ড অব রাইট্সের রিভিশনাল সেটলনেও হচ্ছে, যে সমস্যাটা উঠছে—আজ দ্বতিন বছর ধরে শ্লাছ, জানিনা, এই রেকর্ড অব রাইট্স যদি তৈরী করা হয় তারপর কিভাবে এই অ্যাসেসমেও রোল তৈরী করা হতে পারে। এর আগে বার বার করে আমরা এদিক থেকে বলেছিলাম রেকর্ড অব রাইট্স তৈরী করার জন্য একটা বিশেষ বাবস্থা করা

হোক। কিন্তু মুন্দিকল হচ্ছে এ জিনিষ করতে দীর্ঘ সমন্ন লাগছে, এত সমন্ন লাগার কারণ ব্রুতে পারি না। এর আগে যে সমন্ত সেটলমেন্ট হরেছে তাতে মাফ-জোকের বাপোর ছিল তাতেও এত দেরী হরনি, এ ব্যাপারে কেন এত দেরী হচ্ছে? আমি মাননীয় সংশিলট মাল্য মহাশয়কে দেখতে পাছি কয়েক বছর ধরে, তাঁর একটা আন্তরিক প্রচেটা আছে, মাল্যমন্ডলীর মধ্যে তাঁকে বাক্তিগতভাবে আমার খুব ভাল লাগে, তাঁর কথাবার্তা বক্তবা পরিচ্চার করে ব্রুবিয়ে দেবার ক্ষমতা আমার অত্যন্ত ভাল লাগে, কিন্তু তাঁর ডিপার্টমেন্ট কিভাবে চলছে সেটা বোষ হয় ভাল মান্য বলে মুন্দিকল হয়ে যাছে সেটা জানবার। রেকর্ড অব রাইটস তৈরী হওয়ার দিক থেকে তাঁর ডিপার্টমেন্টের অক্ষমতা পরিচ্ছাই হয়ে উঠেছে। কারণ এই বিভাগে এফিসিয়েন্ট অফিসার যাঁরা ছিলেন বর্তমানে নেই এটা অন্বীকার করে লাভ নেই। তারপর নীচের স্তরে যে সমন্ত অফিসার আছেন এবং কর্মচারী আছেন তাঁরা কতথানি যোগ্যতার পরিচর দিতে পারবেন সে সম্বন্ধে সন্দেহ আছে। এটা আমি সর্বত্ত দেখেছি যে তিনি কাজ করতে অক্ষম নন কিন্তু তাঁর ডিপার্টমেন্ট-এর যে নির্দেশ সেইসব নির্দেশ অন্যায়ী কাজ করতে তাঁর ম্নিন্দ্লল হয়।

[1-40-1-50 p.m.] .

এই সব ব্যাপার আছে। এই সবের জনা দেরি হতে পারে এবং এই দেরি হওয়ার জনা এয়াসেসফোন **রোল** তৈরি করতে মান্স্কিল হচ্ছে এবং ৮ বছর যেখানে তৈরি করার কথা সেখানে আরো ২ বছর টাইম তাঁরা বেশী নিচ্ছেন। এমনি এদিক থেকে আপত্তি নেই, কিল্ত এর সংস্থা যে সমুল্ত জিনিসগ**ুলি রয়েছে সে**টা একটা মারাত্মক দিক যার বির**ুদ্ধে আমাদের বলতে হবে। মান**নীয় সদস্য ডাঃ ভটাচার্য একটা আগে এমব্যাংকমেন্টের কথা বলেছেন। সেখানে আমরা কি দেখছি — জমিদাররা এইসব এমব্যাংকমেন্টগ্রলি তৈরি করেছে ইতিহাস তো একথা বলে না। ব্রটিশ গভর্ণমেণ্ট জমিদারদের এই সবগ্রাল দিয়েছিল এবং দেবার পর বাঁধগ্রালর রক্ষণা-বেক্ষণের ভারও তাদের উপর ছিল। দেশের উন্নয়নের নামে এখনও যেমন বেগার খাটান হয় তখনও তেমনি ব্টিশ সরকার খাটাবার চেষ্টা করত, বেগার দিয়ে পালা-পার্বণে এইরকমভাবে এইগর্নিল তৈরী কবা হয়েছে। সব থেকে মারাত্মক কথা হচ্চে এই বাঁধগুলির জন্য অনেক সময় খাজনার নিরীথ বাড়ান হয়েছে। যে বছর ভাল ফসল হল সে বছর থাজনার নিরীথ বাদিধ করা হল। এই নিরীখ বন্দি করতে করতে এমন একটা জায়গায় এসেছে যেখানে খাজনার হার অতানত **উচ**ু হয়ে গ্রেছে এবং সেই উচ্চহারে কমপেনসেসান সম্পর্কে ডাঃ ভটাচার্য যেটা বলেছেন সেটা আমি পূর্ণ সমর্থন জানাচ্চি। একবার তাদের কমপেনসেসানের কথা ভাবনে তাদের টোটাল আয়ের উপর যদি একবার হয়ে থাকে তাহলে আবার দ্বিতীয়বার দেবেন তা হবে না। তা ছাড়া কথা হচ্ছে এই যে মারাত্মক সর্বনাশ করা হয়েছে—গত ৮ বছর ধরে কে এই বাঁধগালি মেরামত করবে সংস্কার করবে সে বটিশ রাজত্বে ছিল। মেরামত করা হয়েছে বলে কালেক-টবকে সরকারকে জানান হয়েছে এই নীতি ছিল। বর্তমান ৮।১০ বছর তার কোন মেরামত হয় নি। এই ৮ বছরের ইতিহাসটা গ্রামাণ্ডলে গিয়ে নিন। মেরামত না হওয়ার ফলে ১৯৫৬ সালের বন্যার কথা ভাবনুন, ১৯৫৯ সালের বন্যার কথা ভাবনুন, প্রতি বছর কোন না কোন অণ্ডলে স্পাবন হয়েছে, কৃষকের প্রচুর ক্ষতি হয়েছে, ফসলের প্রচুর ক্ষতি হয়েছে. আণ্ডালিক ক্ষতি হয়েছে। ৮ বছর পরে যখন চেতনা হল তখন মাননীয় মন্ত্রী মহাশয়কে ১৯৫৩ সালের আলোচনা খালে দেখতে বলব, তখনও সেইসব কথাগলৈ বলা হয়েছিল এবং তখনও এটা উডিয়ে দেওয়া হয়েছিল এবং যখন আজ এটা সরকারে ভেস্টেড হয়েছে তখন সরকারের উচিৎ এগ্রলি, মেরামত করা। সেদিক থেকে তাঁরা যদি ব্যবস্থা করেন তাহলে সেই ব্যবস্থাকে নিশ্চয়ই অভিনন্দন জ্বানাব। কিন্তু এর সঙ্গো আলাদা একটা ক্ষতিপরেণ এটা কোন রকমে সমর্থনযোগ্য নয়। এটা করা উচিৎ नम्न. कार्रा छाएछ स्ननमाधारापत्र छोका नष्ठे रत्व वर्ता आयता यत्न करित। এইটাই राष्ट्र यत्नकथा এবং আমি আর একটা কথা বলছি যেটা আমি ব্রুলাম মাননীয় মন্দ্রিমহাশরের বক্ততার মধ্য দিয়ে যে এ্যাডাইন্টারিম কমপেনসেসান যাদের দেওয়া হরেছে তাদের আর ইন্টারেন্ট দেওরা इरव ना। शक्का कार्यात सामन सामन सामन हरत । शक्का हरत । शक्का हरत । शक्का हरत । ইন্টারেন্ট দেওয়া প্রসঙ্গে তিনি যে কথা বলেছেন যে অযথা মধ্যস্বদ্বাধিকারীদের টাইম দিরে দিরেও তারা আসেন না সে কথা তিনি সতা বলেন নি। তাঁর কাছে যে খবর এসে পেণিচেছে

তিনি সেই খবরের উপর ভিত্তি করে বলেছেন। এই থবরটা একেবারে অসত্য। বরং মধ্যস্বদ্ধাধিকারীদের ধর্ণা দিয়ে দিয়ে জত্তার স্কৃতলা ক্ষয়ে গেছে এটাই হচ্ছে ঘটনা। আমার শেষ কথা হচ্ছে এর মধ্যে এখনও ষেসব ছোট ছোট মধ্যস্বদ্ধাধিকারী আছে তাদের পেমেন্ট দ্তুত্তর হওয়া উচিৎ এবং মাননীয় মল্মিমহাশয় যথন সেদিক থেকে চেন্টা করছেন তখন নিশ্চয়ই সেটা সমর্থনিযোগ্য। এই বিলের মধ্যে খারাপ আছে ভালও আছে—না গ্রহণ না বর্জন অবস্থায় আসতে হয়। তবে মাননীয় মল্মী মহাশয়েকে বলব আপনি এস্টেট্স এয়কুইজিসান বিলটাকে আর একবার পরিপ্রতিত্ব সম্প্রতিত্বতাবে এই বিধান সভায় আন্ন, আলোচনার স্বোগ্য এবং এবং এবটা স্বাবস্থা হোক এই বলে আমি আমার বন্তব্য শেষ করছি।

Shri Deb Saran Ghosh:

মাননীয় ডেপ্টৌ স্পীকার মহাশয়, সংশ্লিষ্ট মন্ত্রীমহাশয় আজকে যে বিল আমাদের সামনে উপস্থাপিত করেছেন আমি তা সমর্থন করতে পার্রছি না—এই কারণে যে আমরা দলগতভাবে माल या विल मिट माल विदलं विद्याधिका करत अरमिल्लाम। भाषा आमता नरे, माननीय ডেপটো স্পীকার মহোদয়, আপনিও জানেন যে মূল বিলে ক্ষতিপ্রেণ দেবার যে বাবস্থা আছে সেই বাবস্থা স্বাধীনোত্তর যুগে কংগ্রেসও সমর্থন করে নি। আজকে এই বিলে আমাদের আপত্তির প্রশন হচ্ছে যেটা এর আগে ডাঃ ভট্টাচার্য বলেছেন যে সরকার তাদের কর্মচারীদের অক্ষমতা ঢাকবার জন্য যখন দেখে যে কোন উপায় নেই তখন নতেন করে এক একটা করে বিলের য়্যাসেসমেন্ট আমাদের সামনে উপস্থিত করেন এবং আমরা লক্ষ্য করেছি যখনই জোতদার এবং জমিদারদের আরো বিশেষ কিছু সুযোগ সুবিধা পাইয়ে দেবার জনা সরকার প্রয়োজনীয়তা উপলব্ধি করেন তথনই এই বিল সংশোধন করার প্রয়োজনীয়তা তারা উপলব্ধি করেন এবং আমাদের সামনে য়্যামেণ্ডমেন্ট আকারে উপস্থাপিত করেন। আমরা বাস্তব অবস্থায় দেখেছি যে সূদীর্ঘ ৮ বছর পাব হয়ে গেল কিন্ত আজও পর্যন্ত গ্রামের যারা সাধারণ মানুষ, নিশ্নমধ্যবিত্ত যারা এই জমির আয়ের উপর নিভর করে এবং ক্ষতিপরেণ লিভেট যাদের নাম ৫।৬ বছর আগে লেখা হয়ে গেছে এনরোলমেণ্ট হয়েছে বিশেষ করে আমরা দেখেছি গ্রামের যারা বিধবা স্ত্রীলোক, যাদের অন্য কোন ইনকাম নেই তাদের বেলায় ক্ষতিপ্রণ দেবার যে বাকস্থা আছে সেটা ঠিক ঠিক ভাবে কার্যকরী করা হয় না। আমার নিজের ধারণা এবং বিশ্বাস আজ পর্যাল্ড যে সমুহত ক্ষতিপ্রেণ দেয়া হয়েছে সেখানে সরকারী কর্মচারীদের কাছে যারা তাঁবর তদারক করতে পেরেছে সরকারী কর্মচারীদের তোয়াজ করে যেট্রকু সুযোগ সূর্বিধা করে নিতে পেরেছে সেইমত বাবস্থা হয়েছে. তাইতো সমুস্ত বিধান থাকা সত্ত্বেও আজকে যারা নিম্ন মধ্যবিত্ত তাদের যে ক্ষতিপরেণ পাবার কথা তাদের সম্পর্কে কোন স্পন্ট বাকস্থা করে উঠতে পারেন নি। উপরন্ত আমরা দেখছি যে সরকারী কর্মচারীরা এই স্দৌর্ঘ ৮ বছরের মধ্যে তাদের যে করণীয় ছিল তা সমস্ত করে উঠতে পারেন নি—তাদের সেই অক্ষমতা ঢাকবার জন্য আবার তিনি নতেন করে এই র্য়ামেণ্ডমেন্ট আমাদের সামনে হাজির করেছেন এবং আমার প্রবিতী বক্তা ডাঃ ভট্টাচার্য যে কথা বলেছেন এমব্যাংকমেণ্ট সম্বন্ধে এটা খুব পরিষ্কার যে জোতদার জমিদারদের ক্ষতিপ্রেণের আর একটা স্থোগ তিনি এই বিলের মাধামে করে দেবার বাবস্থা করেছেন। আমরা জানি সেই সমস্ত এমব্যাংকমেণ্ট বেশীরভাগ ক্ষেত্রে এই সমস্ত অণ্ডলের চাষীরা তৈরী করেছিল এবং আজও পর্যাত সেই সমসত এমব্যাংকমেন্ট মেরামত করার কোন ব্যবস্থা সরকারের তরফ থেকে বা কোনক্রমে কোন জমিদারের তরফ থেকে করা হয় নি। উপরস্তু আমরা দেখছি এই সমস্ত এমব্যাংকমেন্টের জন্য আজকে নতন করে বড়বড় জমিদাব বা জোৎদারদের ক্ষতিপ্রেণের ব্যবস্থা এই বিলে করা হয়েছে—এই কারণেই আমি এই বিলকে সম-র্থন করতে পার্রছি না।

[1-50-2 p.m.]

Shri Sailendra Nath Adhikary:

মাননীর উপাধাক্ষ মহাশর, শ্যুমাদাসবাব, মাননীর রাজস্ব মন্দ্রী দি ওরেন্টবৈণ্গল ল্যাণ্ড একুই-জিসন এ্যামেণ্ডমেণ্ট বিল, ১৯৬৩ বিল আমাদের সামনে উপস্থাপিত করে আমাদের সন্মতি চেয়েছেন। এই বিলের মধ্যে যে ভাস্য এবং এই ভাষণ আমরা খ্ব মনোযোগ সহকারে শ্নেনিছি।

তিনি একজন সূত্রন্তা, একটা খারাপ জিনিসকে কিভাবে স্থেস করতে হয় তা তিনি জ্ঞানেন। এবং এও তিনি জানেন যে কিভাবে ভাল কেসকে ভাল করা যায়, আর এটা তিনি সূকোশলে করতে भारतन । कारकरे धररन धककन ताकस्वर्मान यथन धररन धरमण्डामणे आमारान्त्र सामरन निरास এসেছেন তখন আমাদের পক্ষ থেকে কিভাবে সেটাকে দেখছি সেটাই স্যার আপনার মাধ্যমে বলতে চাই। আমরা বার বার একথা বলে আসছি কিন্তু সবচেয়ে দ্বংখের বিষয় যে এ'দের কানে সেটা ঢোকে না। ইতিহাসে অনেক নজির আছে অনেক রাজা মহারাজা ষেমন কানে ঢোকে নি এবং তার ফলে কি হয়েছিল তা মাননীয় সদস্যরা জানেন। স্যার, ১৯৫৩ সালে যখন ন্টেট এ্যাকইজিসন বিল এ্যাক্ট আকারে উত্থাপিত হয়েছিল মূল বিলটা তথন আমাদের মনে আছে যদিও আমি তথন বিধান সভার সদস্য ছিলাম না কাগজের মারফতে দুর্থেছি সাধারণ মানুষ হিসাবে এবং তাতে উৎসাহিত হয়েছিলাম যে যাক কংগ্রেস সরকার অনেক অপকর্ম করেছে তব ও বোধ হয় এরা কিছু কিছু ভাল কাজ করতে যাচ্ছেন। তখন আমাদের বরেনা মুখ্যমন্তী তদা-নীন্তনকালে একটা কথাও বলেছিলেন যে আমরা একটা রেভলিউসনারী চেঞ্জ আনতে যাচ্চি এবং তার কথাটা এখনও আমাদের কানে বাজছে—তখন আমি ছিলাম কিশোরে –কংগ্রেসের জাতীয় আন্দোলনের সময় একজন জলেণ্টিয়ার ছিলাম—একজন সেবক হিসাবে ছিলাম তথন আমাদের কানে বেজেছিল যে জনাকীর্ণ সমজব্যবস্থার একটা মুস্তব্ড অপ্য জামদারী শাসন বাবস্থা, আমাদের স্বাধীন সরকার নির্মাল করবে এবং সেই সারে সার মিলিয়ে ১৯৫৩ সালে যে কথা হয়েছিল তাতে আমরা সকলেই উৎসাহিত হয়েছিলাম। কিন্ত পর্বত মুসিক প্রস্ব করেছে। দেটি এয়াকুইজিসন এয়াক্ট হবার পর থেকে আমরা যা দেখছি তাতে দেখতে পাচিছ কি? **टमरे** जाउँतात रा में ल छेटममा किल टमरे छेटममा तारे एमसात कीमसन कर कीममन करकवारत ব্যাহত করেছে এই আমাদের সরকার পক্ষ। আমরা দেখতে পাচ্চ ভারতবর্ষ কেন এই বাংল'র অর্থানীতি গামীন অর্থানীতির উপর নির্ভাৱ করে। অশোক মেখেতার একটি বিখ্যাত বইতে তিনি বলৈছেন যে

solution of the land problem is the first step to social justice.

যে ভাম সমস্যার সমাধান তা থেকেই হবে। তিনি একজন অর্থারিটি হিসাবে অর্থান তবি কথা কোট বর্গছ। এবং সেই জিনিসটা যদি আমরা দেখি তাহলে এই টেট এটকইজিসন এটের যে ব্যক্ত-গাউন্ড *ে*ু ব্যাক গাউন্দৰে আখনা বিশেলখন কবতে পাববো । এব ফলে কি হোলো ^২—এব ফলে আগেকার দিনের যে ইণ্টারমিডিয়ারী সিম্পেটম যে জমিদারী প্রথা উচ্চেদ করা হোল। কিন্ত কবার পর কি হোল ? ঠিক হোল যে চাধীদের হাতে জমি অসে ব। কিন্তু এখন যা দেখছি তাতে জমি চাস্ট্রের হাতে এসেছে কি ? এটা এগমেন্ডমেন্টের লিংকডা আছে তাই আমি বলছি । ১৯৫৩ সালের এন্যাঠের পর থেকে আজ ১০ বছর হোল জমিদার উচ্চন হয়েছে কিন্ত আর একদল জমিদার কাশেম হয়েছে। সেই নাতন জমিদারীর তকাতে বসে আছেন বিভিন্ন জায়গায় এস. এল. আর ও: জে. এল, আর, ও, ইত্যাদি। তারপর এাডভাইসরি কমিটি, এই রকম নাতন ধবণের কমিটি হচ্ছে সেই কমিটিতে কংগ্রসের চিফরা নতন ধরণের আজকে,—নীল করের যে জমি-দারী জিল মেদিনীপর ভূমিদারী কোম্পানীর যে জ্মিদারী ছিল -ঠিক সেই রক্ম আজকে চাষীদেন উপর তারা অত্যাচার চালিয়ে যাচে। এই রকম ঘটনা অন্ততঃ একটা নয়, ১০ থেকে ১৫টা ঘটনা আপনার মাধামে এখানে প্রকাশ করতে পারি। এক মুর্শিদাবাদ জেলার চর অঞ্চলে এই সমুহত ন তুন জমিদারের খামখেয়ালির ফলে কি রুকমভাবে সর্বনাশ হয়ে যাচ্ছে চাষীদের সে কথা বলতে চাই। এই এয়মে ভয়েন্টের একটি ধারায় নন-এগ্রিকালচারাল ল্যান্ড, তার সম্বন্ধে বলা <u> जारा</u>

provided that if any non-agricultural tenant pays rent wholly in kind or partly in kind and partly in cash.

এতে বলা আছে কেমন করে এই গীভর্ণমেশ্টের দের থাজনা দিতে হবে এতে আছে যে ক্যাশ অর কাইন্ড দুটোই দিতে পারে। এই ধরণের এয়ামেশ্ডমেশ্টের উদ্দেশ্য সম্বন্ধে আমরা বলতে চাই যে এই ক্যাশ অর কাইন্ডের বাপোরে কাইন্ড কিভাবে নির্ধারিত হবে। এই যে রেট. ধরণ্ স্যার. প্রথমে জমির যে ফসল সেই ফসলের কত ভাগ আমি দেব আমার ধাজনা হিসাবে সেটা নির্ধারিত হওরা উচিত। আরো আমাদের দেখা উচিত ছিল, ধর্ণ একটা জমিতে যে ফসল

হয়. ধান হয়, পাট হয়, নানা রকম জিনিস হয়, আজকে ধান দিয়ে যদি কাইণ্ডের বদলে ক্যাশ ভ্যালতে করতে চাই তাহলে আমি ধান কতট্টকু দেবো। এই দেবার পরিমাণ নির্ধারণ করতে হলে এর ক্যাশ ভ্যাল, কি হবে? সেটা এখন নির্ধারণ করতে গেলে বাজারে এখন ২২ টাকা ২৩ টাকা পর্যন্ত ধান বিক্রয় হচ্ছে সেই রেটে যদি দিতে হয় তাহলে ব্রুবতে হবে সরকার ব্রাক মাকে টিংকে ব্যাপটাইজ করে নিচ্ছেন। আর তা যদি না হয়, যদি ১০ থেকে ১২ টাকার মধ্যে করেন তাহলেও চাষীকে ডিপ্রাইভ করা হবে। কাজেই আমরা মনে করি এই সম্বন্ধে নির্ধারণের ষে ভার সেই ভার শুধু অফিসারের হাতে না দিয়ে একটা সুষ্ঠু নীতি নির্ম্পারণ করা উচিত। এবং সেই নীতিটা কি? আমাদের নীতির প্রথম কথা হচ্ছে থেকে মুক্ত হতে হবে। এবং দুন্রীতি থেকে মুক্ত হয়ে আর সেগাল অটোমেটিক্যাল চলে আসবে। আর একটা কথা (৫) (এ) এন্টেটস এ্যাকুইজেশন এন্টের, তাতে কি আছে ? ট্রান্সফারের উপর রেসট্রিকশন করা হল এবং তাতে দেউ গভর্নমেন্টকে কতকণ্যলি পাওয়ার দেওয়া হল। এই ইল্লিগ্যাল ট্রান্সফার চেক করা উচিত। আজকে দেখা যাচছ '৫০ <mark>সালের পর থেকে আজ পর্যন্ত যা হয়েছে</mark> তা দেখ**লে** দেখা যাবে যে এই জমি আর সেইভাবে নেই। এবং এই যে ইল্লিগ্যাল ট্রান্সফার হয়েছে ও হ'চ্ছ এই ইল্লিগনল ট্রান্সফার চেক করার ব্যবস্থা সরকারের হাতে আছে কিন্তু সরকার সেই ব্যবস্থা করেন নি।

The Hon'ble Syamadas Bhattacharyya: On a point of order, My friend says that we have not got an amendment in respect of section 5(a) that is out of order.

12-2.10 p.m.]

Shri Sailendra Nath Adhikary:

লেট ৈ বি ক্লেসড় ইন অর্জান এয়ান্ড দ্যাট ইজ ইন দিজ ওয়ে যদি এটা আউট এব অর্ডার হয়ে ক্রেন। ভারপর স্থান, আজকে যে কম্পেনসেশান দেওয়া হচ্ছে এবং কম্পেনসেশান রোজের সংগে জড়িত হচ্ছে এই ইপ্লিগাল উল্লেখন। স্ত্রাং সেই কম্পেনসেশান রোজ যদি নিন্ধারণ করতে হয় ভাষতে ইপ্লিগাল উল্লেখনে নিন্ধারণ না করলে একটা মন্তবড় অনায়কে সমর্থন করা হবে। আতেই I think I placed it before you with all submission that this is in order and not out of order

এাামবাাংকনেন্ট এর কথা মনোরঞ্জনবাব, বলে গিয়েছে, আমি সাার, যতদূরে জানি এ্যামবাাংকমেন্ট সব চেলে েশী ২৪ পরগণা জেলা এবং ২৪ পরগণার যারা জামদার তাদের অধিকাংশের কলক ্রতে সম্পত্তি আছে। এই কলকাতাতে যাদের সম্পত্তি আছে। তাদের বেহার ক্রম হয়েছে। কাজেই আবার এ্যামব্যাংকমেন্টের জন্য এই সমন্ত ভাগাবানদের আবার ক্ষতিপুরণ দেওয়া যদি হয় তাহলে মাননীয় রাজস্বমন্ত্রী মহাশয় কি মনে করেন এটা সোসালিজিম এর **भएक** थाव भरायक राव। আমি মনে कवि श्रामवाशिकतात्मेत भिष्टान य कथा वला राष्ट्र এ্যামব্যাংকনেন্টের সম্বন্ধে সেটা অতানত রিডানডেন্ট আসল উদ্দেশ্য হচ্ছে ভাগ্যবান জমিদারদের আরও বেশ্য কি করে পাইয়ে দেওয়া যায়। তারপর রোলের কথা বলা হয়েছে। আমরা দেখছি মাত্র ১৫ জফ রেলে তৈরী হয়েছে। কিন্তু স্যার আমি খুব বিনয়ের সংগ্রে আপনাকে। গলছি যে কিছু কিন আগে আমাকে ডেকে নিয়ে গেল কম্পেনসেশান পেমেন্ট এর ব্যাপাবে আই-ডেনটিফাই করবার জন্য। আমি গিয়ে অবাক্, পেমেণ্ট যথন দিচ্ছে তথন দেখি ৩৭ নয়া পয়সা वा ५८ महा शरमा दा ५.८० नहा शरमा এই धरुएवर कमार्शनरम्मान रहान। এই तकन २,ए० ५८ লক্ষ। ১৪ লক্ষ কথাটা শুনতে খবে ভাল কিন্ত আসল লক্ষে পেণছতে অনেক দেরী। যে সমস্ত হোট ছোট জমিদার যারা প্রায় শেষ হয়ে গিয়েছে যারা ২।০ হাজার টাকা পাবে তাদেরকে দেওরা হচ্ছে না। তাদের জ্বতোর শ্কতলা ক্ষয়ে গিয়েছে। যদি আমাদের সমাজ-जिन्तक निर्माखन वाराष्ट्रा कतरण रहा जाराम এই धतरात भिर्मामन आस्मिन्धमने निरहा अस्म ল্যান্ড প্রবলেম সল্ভ করা যাবে না। আমাদের পার্টীর তরফ থেকে আমরা যেটা বলছি যে

কৃষি প্রধান দেশে চাষীদের হাতে জমি চাই, ৬ বিঘা জমির খাজনা মকুব চাই। ৬ বিঘা জমির খাজনা মকুব না হয় তাহলে ভেট এ্যাকুইজিশান-এর উদ্দেশ্য ব্যর্থ হবে এবং নতুন জমিদার স্থিত করে নতুন শোষণের চক্র স্থিত করা হবে। এই জন্য আমি এই এ্যামেণ্ডমেন্টকৈ সমর্থন করতে পারি না।

Shri Sanat Kumar Raha:

মাননীয় ডেপ্টৌ স্পীকার মহাশয়, ওয়েণ্ট বেংগল ভেটি এ্যাকুইজিশান এ্যাক্ট এর এ্যামেণ্ডমেন্ট নম্বর ৬৩ যেখানে ফাইন্যানসিয়াল মেমোরাণ্ডাম দেওয়া হয়েছে, সেখানে একটি জারগায় লেখা হয়েছে

it is not possible to say at this stage what area of embankments will be taken over, and therefore, what amount of compensation will be payable therefor,

এই বিষয় সম্পর্কে আমাদের ধারণা ছিল না, বিলটা আনবার সময় মাননীয় মন্দ্রীমহাশয় একটা প্রস্তুত হয়ে আসবেন কিছুটো ধারণা দেবেন যে বাংলাদেশে এয়ামব্যাংকমেন্ট প্রবলেম এর সমস্যাটা কোথায়। এবং এ্যামব্যাংক্মেন্ট কি পরিমাণ আছে. তারজন্য কি পরিমাণ ক্ষতিপ্রেণ লাগবে যে এামব্যাংকমেন্ট থেকে বাস্তবিকই জমিদারগণ ইতিপর্বে কোন রাজস্ব আদায় করতে পেরেছেন কিনা। আমি জানি আমার হিজোল এলাকায় এবং অন্যান্য বহু এলাকায় এয়মব্যাংক-মেণ্ট আছে সেই সেই বাঁধগুলি গভর্গমেণ্ট এ ভেস্ট করেছে কিনা, সেই বাঁধের সত্বাধিকারী पार्टनकः ना शला दर्ह्यके कादा वामगारकताने व यक कमल श्र का त्वाम करतन स्मर्ट এ্যামব্যাংকমেন্ট এর মালিক মাঝখানে ভাগচাষীদের বসিয়েছেন। দ্বিতীয় কথা এই এ্যামব্যাংকমেন্ট-গালি টেট বিলিফের মাধ্যমে বহুবার সরকারের প্রসায় মেরামত করা হয়েছে এবং সেই সর পয়সা জমিদারদের পক্ষে ক্ষতিপরেণ হিসাবে পেয়েছেন পুনরায় সেই সব এ্যামব্যাংকমেন্টগর্নল ৮ বছর অবহেলিত থাকার পর এখন সরকার থেকে ক্ষতিপরণ দেবার ব্যবস্থা হচ্ছে। আমার মনে হয় এই বিলাটা জমিদারবর্গের পক্ষ থেকে এই রকম পরিকল্পনা ছিল যে এ্যামব্যাংকমেন্টের ব্যাপারে আমাদের কিছু মোটা টাকা আদায় করতে হবে। সেইজনা ইচ্ছাকুতভাবে হয়ত এ্যাম-ব্যাংকমেন্ট এর ক্ষতিপ্রেণের প্রতিসান আগে করা হয় নি এবং এ্যামব্যাংকমেন্টের রিপেয়ার এর বাকথা আগে করা হয় নি। ৮ বছর পর এই ভাবে এগুলি আজ নো-ম্যান্ডস্ল্যান্ড কারো কোন मर्ज तनरे, मतकात्र प्रथम तार नि. এই तक्य ভाবে मयन्ठ अवदर्शनं जात এই এ।।यदा।१कत्यन्धे-গুলি যথন চাষীর কাছে ছিল সে এ্যামব্যাংকমেন্টগুলি ঠিক পরিচর্যা না হবার ফলে অনেক জায়গায় সেগুলি ভেংগু গিয়ে চায়ের ক্ষতি করেছে। জমিদারের মনে করেছে তার কোন ক্ষতি হবে না এামব্যাংকমেন্টের কোন পরিচর্যা তাঁরা করে নি। দ্বিতীয় তারা এর থেকে অনেক বেশী খাজনা আদায় করেছে। এবং বহু লোককে সেখানে বসিয়ে বহু ফসল আদায় করেছে। এয়ামব্যাংকমেন্ট এর উপর দিয়ে টেন্ট রিলিফে বহু লক্ষ লক্ষ মণ গম থরচা হয়ে গিয়েছে। আমি হিজোল এলাকায় এাম ব্যাংকমেন্টের কথা বলতে পারি যে সাধারণত এগালির মালিক বড় লোক এর মধ্যে দেখেছি মার্শিদাবাদ নবাব ফার্মিলির লোক আছে. সেই এ্যামব্যাংক্ষেণ্ট গভর্ণমেণ্টকে ভেণ্ট করেছে, তারপরে এতদিন পরে তার আবার ক্ষতিপ্রেণ দেওয়া হচ্চে এক দফায় এামব্যাংকমেণ্ট ভোগ করা হয়েছে, দ্বিতীয় দফায় ফসলগলে তারা ভোগ করেছেন, তারপর টেন্ট রিল্লিফের মাধামে এগালি রিপেয়ার হয়েছে. আর শেষকালে তার আবার ক্ষতিপরেণও দেওরা হবে তার বাবস্থা করা হল। ৮ বছর ধরে এমম বাাংকমেণ্ট-এর সমস্ত সুযোগ গ্রহণ করার পরে রাজনৈতিক ভাবে একে লিগালাইজ করা হচ্ছে। কাজেই মাননীয় मिन महागर आम बाहकरमण्डे जन्दान्य यथन वहुवा वलावन आमता आगा करव व आम वाहकरमण्डे যে একটা সমস্যা এবং তা যে কি পরিমাণ এলাকায় আছে কত লোককে ক্ষতিপরণ দিতে হবে তার একটা আইডিয়া তিনি এখানে स্লবেন। তারপর মিক্সড ট্রান্ট রিলিজিয়াস পারপাঞ্চ **এর সম্পত্তি, চেরিটেবল সম্পত্তি, দান খররাত করবার জন্য সম্পত্তি যেগ**্লিল বাংলাভাষার চাল্ল কখার বলে 'গ্যারাকল।' এখন প্রচার ভদ্রলোক বর্তমানে সরকারকে বেকারদার ফেল দেবন্তর - এর নামে কিছু আদার করবার চেষ্টা করছেন। এই বে মিক্সড ট্রাষ্ট এগটেল সম্পর্কে আমার বন্ধবা হচ্ছে যে এই বিষয়ে ভূমি রাজ্ঞত বিভাগ খবে ভাল করে ঢুকে দেখন। আমি ট্রান্ট সম্পর্কে বহা প্রশন দিরেছি কোন সদ উত্তর পাই নি। বেশীর ভাগ ক্ষেত্রে বলা হয়েছে বে ট্রাষ্ট সম্পর্কে কোন অভিযোগ নাই। মিক্সড ট্রাষ্ট সম্পর্কে আমার বন্তব্য হচ্ছে যে দেখতে হবে এ্যাকচুরালি কি পারসেন্টেজ দেবন্তর বা চেরিটেবল এ খরচ হয় তার দুই একটা হিসাব নিখতে ভাবে নেওয়া দরকার। এই হিসাব যদি আপনার অফিসারদের উপর ছেডে দেন তাহ**লে** আমার মনে হয় তাহলে সরকারকে ফাঁকি দেওয়া হবে। তৃতীয় বস্তব্য হচ্ছে যে ৮।১০ বছর সমর वृष्धि कता रल कारेनाल कम (भनत्ममान द्वाल छेत्री कद्व कम (भनत्ममान एवाव अम्भूटर्क) অপ্রস্তুত সরকার ২৭ লক্ষ মধ্যস্বত্তের মধ্যে মাত্র ১৪ লক্ষের ফাইনাল রোল তৈরী করা হয়েছে। ৮টী বছর গেছে বাংলাদেশে এই জুমি যা ভেন্ট হয়েছে, এই ভেন্টেড জুমিগুলির হিসাব নিকাশ করবার ব্যাপারে, সেটেলমেন্ট করতে ৮ বছর লেগেছে। এখন প্রায় আরও ১৪ লক্ষ বাকী আছে। ৫০ পারসেন্ট কাজ বাকী আছে। আরও দুই বছর চাইছেন এরপর আমরা দেখব দুই বছর বাদে আবার একটা অর্রাডন্যান্স আসবে। আবার এই রকম একটা বিল আসবে আপনারা বলবেন রেগ্যলারাইজ করে নেব আরও দূহে বছর ব্যাডিয়ে দেওয়া হউক। এই কায়দা আপনাদের পরিবর্তান করা উচিত। সরকারের নির্দিষ্ট একটা জ্ঞান থাকা দরকার এবং অফিসারদের এগফি-সিয়েন্সি থাকা দবকাব। এই সব বোল তৈবী কববাব জনা যে সব অফিসাবদের উপরে ভার দেওয়া ছিল তাদের কাছে কৈফিয়ত নেওয়া দরকার এই কৈফিয়ত সম্বন্ধে কোন বস্তব্য মন্ত্রী মহাশয় এখানে পেশ করেন নি।

[2-10-2-20 p.m.]

কোন টাইটেল বা স্বত্ব দেবার প্রয়োজনীয়তা আছে কিনা. না অযৌজিক এবং খামখেয়ালী কমপেনসেনন অফিসাররা তাঁদের হুইমস্ অনুযায়ী কাজ করতে পারেন নি বলে তাঁদের অপদার্থতার জনা আমাদের ভূগতে হবে এবং তারপর বিধানসভায় এসে বলতে হবে যে আমাদের আরও ২ বছর সময় দাও। যাহোক, ভূমি রাজ্ঞস্ব বিভাগের উ'চু থেকে নীচু পর্যানত কর্মচারীদের বহু কেলেংকারীর কথা আমি বলেছি এবং সেই সংগে এট্কুক্ বলতে চাই যে এই বিলের মধ্যে এমন কয়েকটা ভাল কথা আছে সে সম্বন্ধে আপত্তি করবার কিছুনেই। তবে আপত্তির মধ্যে যেগলুলি আছে সে সম্বন্ধে আমি মনে করি ভূমি রাজম্বমন্দ্রীর এটা দ্রীকরণের জন্য চেন্টা করা উচিত। তারপর কমপেনসেসন অফিসাররা বাশ্তবিক কতটা কাজ করতে পেনেছে তার একটা এ্যাসেসমেনট বিধান সভায় হওয়া উচিত। এই আসেসমেনট না পেলে একটা বিল বিধান সভায় এল, তাতে কিছু কিছু ভাল কথা থাকল, আমরা বির্দ্ধে হয়ত বকুতা করলাম অথবা বৃত্বতেই পারলাম না আমরা কোথায় ঠেকে গেছি। এই রক্ম অকম্থা হর কাজেই ভূমি রাজম্বমন্দ্রীর কাছে আমি অনুরোধ করছি যে তিনি এই সব বিয়য়ে তাঁর বক্ষর বলবেন।

Shri Balai Lal Das Mahapatra:

মাননীয় ডেপ্টো স্পীকার মহাশ্য় আমরা আশা করেছিলাম ভূমি রাজস্পাল্টী এমন একটা বিল আনবেন যার ম্বারা বাংলাদেশের সামনে যে বিরাট সমস্যা দেখা দিয়েছে সেই সমস্যার সমাধান হবে।

Shri Nepal Chandra Roy:

অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার । দেয়ার ইজ নো কোরাম।

Mr. Deputy Speaker:

দেরার ইজ কোরাম।

Shri Balai Lal Das Mahapatra:

মাননীয় ডেপ্টৌ স্পীকার মহাশয়, এর প্রে এয়ামেণ্ডমেন্ট-এর নামে আরও বিশ এসেছে এবং একাদশ বার এসেছে। আমরা আশা করেছিলাম এবারে তিনি কিছু ভাল জিনিস আনবেন কেননা গত বাজেট সেসন-এ জনসাধারণ কি কি অস্ক্রিধা ভোগ করছে, তাদের ক্ত

যে বিল এসেছে সেই বিল তাঁদের অক্ষমতার স্বীকৃতি স্বরূপ এসেছে—অর্থাৎ ৮ বছরের মধ্যে তারা কোন কাঞ্চকর্ম করতে পারলেন না সেইজন্য আবার ২ বছরের সময় নিতে চাচ্চেন। মাননীয় ডেপ্রটি স্পীকার মহাশয় অমি এই বিলের ৪৪ এবং ৪৫ ধারার দিকে বাচ্ছি যেখানে রয়েছে অ্যাসেসমেন্ট রোল যাতে তৈরী করতে পারে তার জনা আরও কিছুদিন সময় দিতে हरव। স্যার, বৃটিশ আম**লে** আমরা দেখেছি ৩ বছরের মধ্যে সেটেলমেন্ট কর্মাণ্লট হয়েছে এবং তার রকর্ড অব রাইটস প্রকাশিত হয়েছে। কিল্ড আমাদের কংগ্রেস সরকার এতই অপদার্থ বে ১৯৫৩ সাল থেকে ১৯৬৩ সাল পর্যন্ত এটা করতে পারলেন না। তিনি আমাদের কাছে হিসেব দিলেন ২৭ লক্ষের মধ্যে ১৪ লক্ষের তৈরী হয়েছে। আমার বন্তব্য হচ্ছে ১৯৫১ সালে র্যাদ করতেন তাহলে মাত্র ২০ হাজার পরিবারের হাতে ৩৩ হাজার একর জ্ঞাত ছিল কাজেই भीति भीति कत्र**त्व अमृ**तिभा दराउ ना। **ध**न्ता प्रभाष्ट्रपष्ट উচ্চেদ कत्रत्वन, क्षीप्रमात्री मथन कत्रत्वन কিন্ত মধ্যস্বত্বাধিকারীরা আজ্বে হয়রান হচ্ছে, নানাভাবে হয়রান হচ্ছে। তাই বল্ছিলাম বড-বড জোত যদি ধরতেন তাহলে অস্থাবিধা হোত না। স্যার, ভূমি রাজস্বমন্ত্রী বলেছেন যে वाश्मारमस्य भवाञ्चलीयकावीचा वरश्रक वर्तन जातक जिल्लाला प्रश्नो प्रियक अवर अभय जाता है। আমি বলি যে এই ব্যব্যুদ্ধের কথা বাদ দিন, ৫০০/৭০০/২০০০/২০০০ টাকা যারা পাবে তাদের দিলে কোন অস্ক্রেবিধা ছিল না। আমি দেখিলে দিতে পারি নিম্ন মধান্বভাষিকারীরা অনেকে পায় নি। তিনি হিসেব বারে দেখিয়ে দিলেন যে কত পারসেন্ট-কে ভাবা দিয়েছৈন। পার্সেন্টেজ-এর হিসেব যদি দেখেন ভাগলে হয়তো হতে পারে এবং ৫০০-র বেশী মধ্যুলয়া-ধিকারীর নাম বলতে পারবেন। কিন্তু কত টাকা কে পেল তা যদি দেখেন তাহলে। দেখবেন বড়বড় মধ্যস্বত্বাধিকারীরাই পেয়েছে। স্যার, এবারে আমি বলতে চাই কি কারণে জমিদারী দথল আইন আমাদের সামনে আনা হয়েছে।

আমার কথা দ্বীকার না করনে গল্যানিং কমিশনের কথা দ্বীকর করনে। তারা বলেভিলেন জমির খাজন: হাস করতে হবে, হন্ত সম্পর্কে বাবস্থা করতে হবে, ক্যক্ষের মালিকানার ক্রম্থা করতে হ'বে। আমি জিজ্ঞাসা কর্মান্ত এই তিন্টির কোন্টি আপনার। করতে পেরেছেন? স্বত্ দিতে পাবেন নি খাজনা কমাতে পারেন নি। চার্যার হাতে জীম দিতে পারেন নি। চাজনা বলতে চাই স্থান্ত্র আইনটা হচ্চে আসলে জমিদারদের রক্ষা কথার আইন। বরাব্যই তাই বলেছি আজও দেখছি তাই। যদিও আইন এনেছেন বে-আইনী কাজ হচ্ছে, পক্ষপাতিত্ব বরা ২চ্ছে। ভাল যদি কিছু করতে পারতেন তাহলে ধন্যবাদ জানাতাম। আজকে কলকাতাকে বন দেওয়া হয়েছে, এমেরা এ বিষয়ে বার বার আপনাদের দুটি আকর্ষণ করেছি, লক্ষ্ণ কর্মী পৈতি দর স্কৃতিক করে দেওয়া হয়েছে। যেখানে বাসম্থানের এত অভাব সেখানে কোটিপতি দর হাতে এত ্রি রেখে দেওয়া হয়েছে। তারপর দার্জিনিং-কে ছেডে দেওয়া হয়েছে, কেবল সাইন, মিশার্র े এ।দির নাম করে দেবোভরের নাম করে সব ছেডে দিয়েছেন। সেগনিল উদ্ধান করার কোন চেটা হচ্ছে না। তারপর বার বার দুণ্টি আকর্ষণ করেছি যে যসব জমিগনিল দেনমী হয়ে গোড় সেগ্রাল উন্ধার কর্ন। তার এনা আইন আনতে পারলেন না। আইন আনলেন কোণায় ? এম্ব্যাংকমেন্টের নামে অর্থাৎ জমিদারদের ক্ষতিপারণ দিতে কোথায় ছিটে ফোঁটা জমি বাকী রইল তার জন্য আইন আনছেন। সময় বাডিয়ে দিতে হবে বলে বিল আনছেন. এটা অভ্যত্ত লম্জার কথা, আজ পর্যন্ত এক লক্ষ্ণ দেও লক্ষ্ণ লোককে তাঁরা দিতে পোরছেন, আজও তরি। অতানত দুঃখের মধ্যে কন্টের মধ্যে রয়েছেন। যাদের জমি কেড়ে নেওয়া হয়েছে তাদের ফতিপ্রেণ না দেওয়ার জন্য তারা দঃসহ অবস্থার মধ্যে রয়েছে, তাদের প্রতিকারর জন্য কোন ব্যবস্থা করতে পারেন নি। সেজনা এই বিলটা সার্কুলেসন দেবার জন্য নোটিশ দিয়েছিকাম কিন্তু কেন আসে নি জানি না, আমি ৩১শে অক্টোবর পর্যনত সার্কুলেসন দেবার জনা মোশন দিয়েছিলাম। যাই হোক আমার বস্তবা হচ্ছে এই বিলটা সার্কলেসনে দেওয়া হোক এবং ভালভাবে একটা বিল আন্ত্রন। আপনারা অর্ডিন্যান্স করে সময় বাডিয়েছেন. আজকে বিল এনেছেন, অবিলম্বে একটা ভাল আইন আনুন ভাগ-চাষীকে রক্ষার জন্য চাষীর হাতে জমি দেওয়ার জনা, আর দরিদ্র মধা-স্বত্বাধিকারী স্বারা ক্ষুদ্র ক্ষুদ্র জমির মালিক অন্ততঃ দশ शकात शत्नु प्रोका भार नि. जाएम्य এककानीन प्रोका एम्याय यायन्था करान। जाशत्न रायना

ইত্যাদি করে জাবন নির্বাহের ব্যবস্থা করতে পারবে। কিন্তু আপনারা তা দেবেন না। তারা তো ব্যাংক ব্যালেন্স বাড়াচ্ছে না, আমিতো বড়লোকদের কথা বর্লছি না। আমি বরাবর এটা বলেছি কমপেনসেন-এর জন্য, পূর্নবাসন রিলিফের জন্য এক সংগে ৫।১০ হাজার টাকা দিরে দিন যাতে তারা ব্যবসা করে খেতে পারে যাতে তারা ছোট-খাট শিল্প করে খেতে পারে, তার ব্যবস্থা হয়৽নি। সেজন্য বলবো—আপনারা যদি সত্যিকার সহান্ভুতিশীল হোন প্রশংসা করবো। প্রশংসাতো করেছেন মনোরঞ্জনবাব্, সত্যিই যদি দরদ থাকে তবে ক্ষ্মু ক্ষ্মু মধ্যস্বত্থা ধিকারী যারা তাদের কমপেনসেসন দেওয়ার ব্যবস্থা কর্ন।

[2-20-2-30 p.m.]

আর জমি বন্টন করার কথা সেদিন বলেছি। এই যে বিলা এসেছে যদি জমি বন্টন সম্পর্কে একটা ভাল ব্যবস্থা করতে পারতেন তাহলে এই রক্ম আইন আনতে হত না। ছুমি। বনুন সম্পর্কে ভাল ব্যবস্থা করতে পারেন নি, কাল কোন্ডেনের সময় দেখলাম কাঁথি থেকে হাজাব খানেক মাত্র তাঁরা পেয়েছেন. একটা হিসাব দিয়েছেন. তাতে মাত্র ৪৩১৪ একর জায়গা পেয়ে-ছেন, কিল্ড আমি বলি যে তাঁরা জমি উন্ধার করতে পারেন নি। আমি বলছি এক একজন সেখানকার জমিদার জোতদার তাদের ২০ হাজার বিঘা জমি পর্যাত ছিল। যদি নাম জানাভা চান দিতে পারি। নন্দ, বিন্দা ইত্যাদি তবে নাম করতে চাই না। সেগালি রাজস্বমন্ত্রী মহাশয় জানেন। তাঁরা গদি রক্ষার জন্য তাদের ধরতে চাচ্ছেন না। তারা ছেলের নামে নাতির নামে জামাইর নামে, তহশীলদারদের নামে সব জমি বেনামী করে দিয়েছে। তিনি আমাদের কাছে হিসাব দিয়ে বললেন যে ৪০১৪ একর জমি মাত্র পেয়েছেন। সহিকার যদি ইন্ডা থাকে তাহলে এই ব্যবস্থা কর্ম কারণ বিধান বাব্য বলেছিলেন যে তিনি অর্থনিটিব ক্ষেত্রে বিংশর সানতে চান। অর্থার আবার জমিদারদের জমিদাবী বেনামে রক্ষা করা। এই যদি উদ্দেশ্য থাকে তাহলে নিশ্চয়ই এও সত্যিকারের একটা আমাল পরিবর্তন হয়ে গেল এর্থাৎ জ্মিদ্রী আন ভাবে রক্ষা করা হবে। তা না হয়ে তিনি যদি স্তিবিধারে চাইতেন যে জ্মিদ্যবদের হাত থেকে বড বড জেতদারদের হাত থেকে জমি কেডে নিমে বাংলাদেশনে খাদো স্বয়ংস-পূর্ণ कतव, जात अर्थरितीसक वृत्तिराम् क मामू जन्न जारान ज्यापिश किम्मरान् १८४ रशास अथवा ১৯৫৯ সালে নাগপরে কংগ্রেসে যে প্রদর্ভাব হয়েছিল ভার ভিভিত্তে তিনি এই ভূমিদারী দখল আইন, ভবি সংস্কার আইন পরিবর্ণনি করতেন। যদি তিনি সেইভাবে পরিবর্তন ওরেন ভার লে নিশ্চনট আম্বর তাঁকে ধনবাদ দেব।

Shri Bhakti Bhusan Mandal:

মাননীয় ডেপ্রতি স্পানার মহাশয় এই বিলটাকে আমি সাকলেশন মোশানে দিতে চেয়েছিলায় এইজন যে ওয়েণ্ট বেজাল এসটেটস্ একুজিসন এটে যেটা পাশ হয়ে আছে সেটা এই বক্ষ পিসমিল লেজিসলেসান করে বিশেষ কিছা সাবিধা হবে না, বিশেষ করে যাঁরা প্র্যাকটিস করেন তাঁরা জানেন যে ওয়েষ্ট বেশাল এসটেটস এয়াকুইজিসন এয়াক্ট-এ এত বেশী খাং আছে এবং এই আইন এমন অসামঞ্জস্যপূর্ণ যে পিসমিল লেজিসলেসান করে এটাকে ঠিক করা যাবে না। আমি সেজন্য রেভেনিউ মিনিন্টারকে অনুরোধ করব আপনার মাধামে সে সমস্ত এয়াসপেস্ট বিবেচনা করে নতন করে আবার একটা কমপ্রিহেনসিভ এ্যাক্ট করা হোক। কারণ, এর মধ্যে অনেক জিনিস আছে যেগালি ব্রটিপূর্ণ। কিন্তু এখানে তা বলার দ্কোপ খুব কম। কারণ, বে যে সেকসনগ্রলিকে এ্যামেন্ড করতে চাই তা ছাড়া আরো সেকসান আছে যেগ্রলিতে আরো दिनी शतन আছে এবং এখানে **সেগালি वनात रूका**श तिहै। তব্যও वनीছ যে ওয়েণ্ট বে**ণ্গল** এসটেটস্ এ্যাকুইজিসন এ্যাক্ট আর ল্যান্ড রিফরমস্ এ্যাক্ট এই দুটিকৈ পাশাপাশি এক সপ্সে রেখে যদি একটা কর্মাপ্রহেনসিভ এটা তৈরি করা হত তাহলে আমার মনে হয় বাংলাদেশের যারা কৃষক, চাষী, জমি-জায়গা যাদের আছে তাদের সত্যিকারের উপকার করা হত। কিন্তু এই দুটো আইন ভেন্সে দেওয়া হয়েছে এবং ভেন্সে দেওয়ার ফলে এই যে পিসমিল লেজিস-**लि**मान २८७५ ७८७ कान द्रक्य मु**फ्न** भाखद्या घा**र**व ना এवः यেতে भारत ना। कादन, रिकान टिनार्नात्र आहे तिरिन इत्त वाधनात स खरम्या अटमहा वित्मय करत आभनाता सार्तन

करत्रकरो धाता रव व्यवस्थात्र जात्म छेभस्थिल शरतरह लाटल व्याखरक रेन् ग्रेतिश्चरियने व्याक्योत हैनजेतिशिक्षिणन रह्ह, किन्छू रम मन्दरम्य मीठेक किছ, कता याह्ह ना-रामन २७(এফ) अरु मि विकास एंगानीम आई-व गेर्ज यान एक्से करत यात्र जाशल जात कि व्यक्ति शरत जात সন্বন্ধে ওয়েণ্ট বেশাল এসটেটস এয়াকুইজিসন এয়াই-এর কোন জায়গায় কিছু নেই। আমার रमकना वहना राष्ट्र भिर्मामन विकिमानमान ना करत नाए विकास आहे अवर असके तकान এসটেটস এ্যাকুইজিসন এ্যাক্ট এই দটোকে একসংশ্য মিল করে যদি একটা ক্মপ্রিত্রনাসভ এ। ই তৈরি করা হত তাহলে আমার মনে হয় ভাল হত। এবং সেটা না করতে পারার জন্য সার্কুলেসান করতে আমি অনুরোধ করছি। এক একটা সেকসান যেমন আছে ক্রজ্র (সি) অফ সেকসন ৫ যেটা বলছেন এটাক এয়াড করা যাবে, তাতে বলা হয়েছে রেন্ট ইন কাইন্ড অর পার্টলি ইন কাইন্ড যেটা পরে ফিক্স আপ করবে রেভেনিউ অফিসার। আমি সে সম্বন্ধে বলতে চাই রেভেনিউ অফিসারের বৃদ্ধি সম্বন্ধে মাননীয় মন্ত্রীমহাশয় জানেন, আমরাও জানি। সেটেলমেন্টে যেগ্রাল কারেকসান করার কথা সেগ্রাল কিভাবে করা হয়, না, লাস্ট রিভিসন অফ রেকর্ড এ হাজার হাজার মরা লোকের নাম পাওয়া যায়। যে ২৫ বছর আগে মারা গেছে তার নামে দেখা যাচ্ছে রিভিস্নাল সেটেলমেণ্ট রেকর্ড-এ আছে যদিও বিলে সেটেলমেণ্ট রেকর্ড করের করা যায় এই বিধান আছে। রেভেনিউ অফিসার সম্বন্ধে আমার বক্তব্য হচ্ছে তাঁদের ডে ট্র ডে কাজ থেকে দেখা যায় যে তাঁরা আইন সম্বন্ধে বিশেষ কিছু জানেন না। অথচ তাঁদের অফিসার করা হয়েছে। এমন ক্রাইটারিয়ান এর লোককে করা হয় নি যাঁরা আইন জান-द्यगडे ।

এমন কি আমরা জানি এ আর ও ম্যাট্রিক পাশ ওয়ালা লোক আছেন, তিনি এসব জিনিস-গুলির ইমৃণ্লিকেসন না বুঝার জন্য অবস্থা এমন দাঁড়াচ্ছে যে বলবার কথা নয়। অপর দিকে যদি দেখি তাহলে দেখবো চোকিতে যেখানে মনেসেফ কোটগালি আছে সেই মনেসেফ কোট্য লি প্রায় উঠে যাবার অবস্থায় আছে। এটা আমি একটা কনসিডার করতে বলচি এজনা যে চোকির মানসেফগালি রেটের, খাজনার মামলা কিন্ত সেগালি চলে যাওয়ায় চোকির মানসেফ গালির প্রাক্টিকালী কোন কাজ নেই। আমি বিশেষ করে কায়কটা চৌকির কথা ভাগি যেমন দরেরাওপার চৌকি আছে, সেখানে মানসেফের কাজ শেষ হয়ে যায় ১১।১২টায়, এমন কি কোন কোন দিন কেসই থাকে না, টাইট'ল সটেগ্রলি কমে গেছে। সেজনা বলতে চাচ্ছি রেন্ট ডিটার-মিনেসন যদি করতে হয় তাহলে আমার মনে হয় যে এ সম্বন্ধে মনেসেফকে করা যেতে পারে কিনা শিন এনটা চিম্তা করে দেখবেন। আমি আর একটা কথা বলছি এই রেন্ট ইন কাইন্ড যোগ আছে দেটা যে রেন্ট করা হবে, রেন্ট যদি কবা হয় সেটা যদি ক্যাস প্রাইসে ফিক্স আপ করা হয়। সাধালে আমার মনে হয় খুবে ভল হবে। তার কারণ হচ্চে উনি ইকনমিকসের ছাল, নিশ্চয়ই জালার এখন য পিরিয়াড চলছে সেটা পিক পিরিয়াড এবং জিনিসের দাম এত বেডেডে কমো-ডিটেটি ভালা যদি য়াসেস করা হয় তাহলৈ সেই য়াসেসমেন্ট এত বেশী হবে যে এর পার যদি দাম ফল করে অর্থাৎ প্রাইস লেভেল যদি কাম ডাউন করে তাহলে মান,যের পক্ষে যে রেন্ট ফিকস আপ করা হবে তা ভীষণ কঠিন হয়ে যবে। তাই আমি বলছি যে এটা করতে হলে আমার মনে হয় যে বেজ পিরিয়াডে যে প্রাইস লেভেল ছিল সেই বেজ পিরিয়াডের প্রাইস লেভেল নিয়ে এটা করতে পারেন, কারণ এটা যদি এখানকার মার্কেট রেটে করেন তাহলে প্রাইস লেভেল অতি হাই আছে-খুব মুদ্দিল হয়ে যাবে। সেজনা বলছি বেজ পিরিয়াড আছে-এখন বেজ পিরিয়াদ পনা হয় ১৯৪৯. আগেকার বেজ পিরিয়াড ছিল ১৯৩৮। কাজেই এই বেজ পিরিয়াডে ঐ ক্রোডিটিন যে দাম হ'ত পারে সেই অনুযায়ী একটা নীতি নিম্পারণ করা উচিৎ। তা না করলে এর পাব এ নিয়ে ভীষণ হার্ড হিট হবে পিপিলরা আমি এটকে বলতে চাচ্ছি। তারপরে এমবাংক-মেল্ট সম্বান্ধ আমার বন্ধ, মাননীয় সদসা ডাঃ ভটাচার্য বলেছেন—আমি এটা সম্বান্ধ এটাক দুখি আকর্মণ কর্মদে চাই যে এমবাাংক্মেনেটর ক্মপেনসেসন পাবে না। তার কারণ হাচ্ছ যে বেংগল টেনানমী সারে পাড়ালে দেখা যাবে যে যেমন তারা খাজনা আদায় করবে তেমন তাদের জাটে টরী नारारितिनिर्दे जिन देशश्रास्त्राम् कदारा दाय धारा सिक्ता धारारिक सामेशानि कदा दाराहिन। শুধু এমবাংকমেন্ট করা হয়নি, যাদের কতকগালি পকের আছে সেগালি যখন সেচের জন্য ইউজ্জে হড়। সেগ্রেল জ্বমি পরের ছিল, তাদের স্টাটিটেরী লগরাবিলিটি ছিল। কাজেই তারা

ৰখন একটা ইনকাম রিসিভ করতো ইন ফরম অফ রেন্ট, ইন কাইণ্ড অর ইন ক্যাস নাই যে ভ্যাট্র-টরী লার্রাবিলিটি ছিল তাদের যে এমব্যাংকমেন্ট করে দিতে হবে, কোন জারগার প্রকৃর করে দিতে হবে, এইসব ছিল, কাজেই যখন তারা এনজয় করেছে, ভ্যাট্র্টরী রেটে রিসিভ করতো ইন কাইণ্ড অর ইন ক্যাস তখন আবার তারা এটা পেতে পারে না—পেলে ডব্ল পাছে। কাজেই আবার তারা এটা পেতে পারে না—আর পেলে তাদের কাছে যেটা আমাদের বন্ধ্রা বলেছেন— [2-30—2-40 p.m.]

আমি বলছি যে ফ্রম দি ষ্ট্যান্ড পয়েন্ট অব ইকুইটি তারা এটা পেতে পারে না। কারণ এই যারা করেছেন তারা ষ্ট্যাট্টারী লিবার্টি তাদের ছিল, সেই লিবার্টি তারা ডিসচার্জ করেছে। কাজেই এখানে তারা পেতে পারে না। আর একটা কথা আমি বর্লাছ যেটা এই ফ্লোরে বলা হয়েছে যে ৮ বছরের পরিবর্তে ১০ বছর করেছেন। এ ব্যাপারে আমার অ'নক বন্ধ, বলেছেন যে আরও বোধ হয় বাড়বে ৪।৫ বছর। কারণ মাস ছয় আগে একটা অর্ডার দিয়েছেন যে রিসেন্ট এাাই যেটা ডাতে আরও ৪।৫ বছর সময় লাগবে। যেভাবে কর্নাষ্টিটিউসন-এ দেওয়া হয়েছিল সেভাবে আরু হবে না। আমার মনে হয় এটা কারেক্ট কিনা জানি না তবে ডিড্টিক্ট অফিস থেকে ডিড্টিক্ট কমপেন সসন অফিস এটা জানিয়েছে। আমার মনে হয় তারা সত্যি কথা বলেছেন কিনা এখানে আমরা জানতে পারবো এবং তিনি নিশ্চয় আমাদের কারেষ্ট করে দেবেন। এই সমৃহত কমপেনসেসন রোল তৈরী করার ব্যাপারে সেটেলফেন্ট অফিসে পাঠানো হয়েছে। কারণ যে নামগর্নাল বেরিয়েছে সেটেলমেন্ট রেকর্ডে সেই সেটেলমেন্ট রেকর্ড অব রাইট ঠিক না থাকার জনা ক্মপেনসেসন দেবার ব্যাপারে অনেক জায়গায় গোলযোগ উপস্থিত হ'য়ছে এবং তার হবার জনা লেটেণ্ট টোন একটা পলেসি ঠিক করেছেন এবং সেটা ডাইরেকসন এবং ইনস্টাকসন দিয়েছেন ডিণ্ট্রিই অফিসার-দিগকে যে এগালি কমপেনসেসন রোল তৈরী করার আ'গ সেটেলমেন্ট রেক্ড' অব্ রাইটস-এর কাগজগালি পাঠিয়ে দিতে হবে। সেটেলমেন্ট অফিস এবং অফিসার কনসার্ন পাবার প্রত্ न उन करत दिन टेटनी कतरवन। अधेर अभि कारतक्षे किना अधेर आमि आश्रनात भाषास्य भाषाी মহাশ্যকে বলছি - তিনি বলবেন। ক'বণ সেখানে ডিন্টিট্ট অফিসারদের কাছ থেকে জেনেভি ভাদের যে প্রসিনি ওর তাতে দেখা যাচেছ যে তারা সমন্ত রেকর্ডগালি পাঠিয়ে দিয়েছেন। যদি তা হরে থাকে ভাগেল আবার সেই কেটে একটা কেখন হারার উপকম হয়েছে। কমপেনাসসনের ষে বেলে হাসকে সেগালি সমুহত আবার ভেরিফাই করতে হবে। এতে ১০ বছরে হবে না, আমার মনে ১৯ ৮ শতকের জামগার যে ১০ বছর কারছেন সেখানে ১৫ বছর আবার হয়টো। বলবেন। কারণ সংস্কৃতিকে সেটেলনেট রেশার্ড অব রাইট অন্যোশী এগালি কারেস্কু করবার চেটো কর-ছেন। আতেই তিনি এগলি ভিস য়েলাইজ করতে পরেন ন। কেন প্রেন না তা বলছি না— কিল্ল আগত গলে হয় এটা সম্ভিনি হয় নি। এখানে যেটা এখন কল্লভন তা আলে কল্লভ প্ৰত্যু কৰিছেন। এটা এলন ব্রুছন যে আমার মনে হয় যে অনেক জায়গায় দেখা গিয়েছে যে অনেক লোক মারা গেছে অথচ াব নামে সেটেলমেন্ট রেকর্ড অব রাইট আ ছ তারা এনটাইটেল্ড ট্র গেট দি ক্যাপেন-সেসন তথ্য স্তেলেদ্র বলছেন একটা এপিডেবিট করে দিন স্বাস্থানা গোছে এনে স্থান এবং মারা মারাব পর আনি ওয়ারিশ হারেছি। তাতে অনেক লিগুলে ফুল্ট হার। সেজনা সন্মন ব্যাপেন-स्मित्त जान कहाद क्रमा आवाद द्राप्टेनहाम् काम्भ भागाता हरमाछ। कारकट वर्ड स्म रेप्टेम्बन कथा বলছেন এব চেয়ে বেশী টাইম লগেরে। আমি আর একটি কথা বলছি যে। সেটা হাচ্চ ফিক্সড দ্রীজ্যের কণ্য। আমি আমার যে পার্টির আউটলকে সেই পার্টির তুরফ থেকে বল্ডি যে। মিকুড ট্রান্টের ম'ধ্য যে কথা বলা হয়েছে অর্থাৎ এক্সক্রুসিভলি রিলিজিয়াস এবং চ্যারিটেবল পারপাসে যদি না কউজা হস ভাহরেও এটা ফ্রড হবার অনেক বেশী ক্লেপে আছে। আমি বলতে চাজি কান্দ্

যেগালি এক্সক্র সিভলি চ্যারিটেবল এটাও রিলিজিয়াস ট্রাট এবং তার যে সেবাইত—এ রকম নজনীর এখানে ভরি ভরি দেওয়া যায়—একটা উদাহরণ দিছি—যে সেবাইত সেখানে যে ঠাকন দেবতা আছে তার যে ভোগ সে ভোগটা তারা বংশপরম্পরায় তারা খেয় যাচছ। এটা তাদের খাত্যাস কথা নয়, হয়তো ১২ জন ব্রাহ্মণকে খাওয়াবায় কথা—সেখানে না খাইয়ে ঘরের ১২ জনকে খাইয়ে দিলো। যেখানে এক্সক্র সিভলি চ্যারিটেবল এটাও রিলিজিয়াস সেখানে ক্যাপেনাসসনের কোমেনেন যদি দেওয়া হয় তবলে আমার মান ফাত্রে ক্রেপে আরও কেশী কেল হামে এবং গাভনামনিটি এটা

চিরকালের জন্য চলবে। এবং পার্পিচ্নাল এয়ামেনিটির জন্য অনেক লোকে ভেবেছিল যা ক্য পেনসেনন পাছি ২০ টাইমস, কি ১০ টাইমস্, এটা যারা ভেবেছিল কিন্তু এখন যারা একট মাথাওয়ালা লোক, বৃদ্ধিমান লোক এবং এটা হছে সাধারণতঃ আপার জ্যাটার লোকরাই তার এইগৃলিকে মিক্সড ট্রাস্ট এবং চ্যারিটেবল, এইগৃলি যদি পায় তখন তারা এই পার্পিচ্যাল ট্রান্ডের জন্য ঐসমস্ত ছেড়ে নানারকম ফ্রন্ড করবে। কাজেই আমার মনে হয় এতে ফ্রন্ডের এবং কোরাপশনের স্কোপ খ্ব বশী বাড়বে এবং এইজন্য আমি মাননীয় মল্টী মহাশয়কে এটা রিকর্নাস-ভার করতে বলছি। এটা কর্ন এতে আমাদের কোন আপত্তি নেই কিন্তু এটা করলে তিনি যে উন্দেশ্যতে করছেন সেই উন্দেশ্যটাই সমস্ত ব্যাহত হয়ে যাবে বলে আমি মনে করি। আর দুটি যা উনি বলেছেন,

in sub-section (2a) of section 44 of the said Act, for the words "six years", the words "nine years" shall be substituted....in section 45 of the said Act, for the words "within five years", the words "within nine years".

এটা উইদিন ৯ ইয়ার্স বলেছেন। উনি যেটা বলেছেন সেটা আমার মর্নে হয়, এর আগে বলেছি কর্মাপ্রহেনসিভাল একআনা করলে. পিস মিল লেজিসলেশন করলে খবে বেশী ফল পাওয়া যাবে না। এই যে বলেছেন, এই যে পিরিয়ডটা দিয়েছেন, এটা বলেছেন 'সুয়োমট্র' করবে। কিন্ত আঘি আপনার মাধ্যমে মন্দ্রী মহাশয়কে জানাতে চাচ্ছি এই যে স্বরোমট্র কথাটা আছে এ অনুত্রা দেখি **तिशातील এই জিনিসটা ইউসড**় হয়। তার চেরে যদি উ[°]ন ঐ যে এর্ন\পলকেশনের টেট ফোন আছে যদি সদিচ্ছা থাকে. ওটা বাডিয়ে না দিলে কোন ফল হবে না। হয়ত আপনার একতা ভানেন্ট থিংকিং থাকতে পারে। কিন্তু অফিসাররা এই ব্যাপারে, বিশেষ করে ঐ রেভিনিউ ভ**ি**্র এ, আর, ও, যাঁরা আছেন এরা যে সায়োমোটা কোন জায়গায় করবেন এটা আমরা মনে হুলি । না কারণ স্পেশালি কতকগালি ব্যাপার ঘটেছে যার জন্য এক্সটেনশনের প্রয়োজন। কিল্ড ্রজন্য र्योप आि॰नरकमरनत ठोरेमेठा वाष्ट्रिस एपछ्या रस एरवरे कारक नागरव नरेरन नागरव ना। स्यमन বলে দিই ফরেন্ট এলাকা। দেখা গিয়েছে ৩০ বংসর ধরে মানুষ জমি করে ফেলেছে ঐ ফরেন্ট এলাকায় কিন্ত এখন পর্যন্ত যেহেত আ.গ্রুল সি. এস. রেক্ডের্ড মেচা ফ্রেড বলে লেখা আছে সেটা আর কোন রক্ষা না দেখে রেকতে নিখে দিক্তে ফরেন্ট। তারপর দেখা যাতে ১০(২) এ নেটিশ হয়ে মেল। তথ্য তার মনে প্রলো ভাইত আদাদের উচ্চেদ করে দিছে এটা ভেট করে জল। এই যে অবস্থা, বিশেষ করে কয়েকটি ক্ষেত্রে উনি যদি এন্তিলকেশানর টাইমটা ব্যাভিয়ে দিছেন, আমি সব বাপোৰে বলছি না আমি বলছি কেবল জমির বর্তমের যে ব্যাপার ফরেন্ট আর বর্তাদার এই দুটি ব্যাপারে যদি উনি এয়াপ্লিকেশনের টাইম দিতেন তাললে এই য এয়ামেন্ডমেন্ট করতে চেয়েছেন এই এামেণ্ডমেন্টের দাম থাকতো। কারণ অফিসাররাও করবেন না এটা আহরা ভর্মন। বর্গাদাররা যেখানে লাভবান হবে এবং মালিকরা ষেখানে ক্ষতিগ্রন্থ হবে সেখানে যে সুয়ে মোটা অফিসাররা করবে এটা আমি মনে করি না। কারণ আমরা যে এক্সপিরিয়েন্স গ্যাদার করেছি তাতেই বলছি। আর ঐ ফরেন্ট সম্পূর্ণে সব সময়েই হচ্ছে তোমার জমিটা ভেণ্ট করে গিয়েছ কিছা টাকা দাও আমি করে দেবো। এতে কোরাপশনটা বাডিয়ে দেওয়া হচ্চে। কাজেই আমি বলছি উনি যদি ওটা করতে চান, তার সংগে ঐ এ্যাপ্লিকেশন করবার অধিকারটা আরো ৬ মাস বাড়িয়ে দিন। এটা যদি সতিটে ওনার সদিচ্ছা থাকে তাহলে আমার বন্থবা হচ্ছে যে এছিলকেশন করার জন্যে আরো ৬ মাস অন্ততঃ পিরিয়ত দেওয়া হোক ফ্রম দি ডেট অব এনফোর্স নেন্ট। আমি মনে করি তাহলে তারা কিছ্ম উপকৃত হবে। কাজেই আমি এইটাকু আপনার কাছে বলছি এবং এই কথাগুলি বলেই আমি সার্কলেট করার জন্য বলছি।

[2-40-2-50 p.m.]

The Hon'ble Syamadas Bhattacharyya:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যগণ এই বিধেয়কটী প্রচার করবার জন্য যে সংশোধনী প্রস্তাব এনেছেন সেই সম্পর্কে বলতে গিয়ে মোটামন্টি যে কথা বলেছেন তাকে তিনটা ভাগে ভাগ করা যায়। একটী হল এামব্যাংকমেন্টের জন্য কেন ক্ষতিপ্রেগ দেওয়া হবে, আর একটী চল মিশ্বত ট্রাণ্ট কেন দরকার, মিশ্বত ট্রাণ্ট এর জন্য এই নতুন বিধান কেন দরকার, আর একটা टल कप्राप्तनाम तान रेडती कतराउ अठ एमती रन रकन आत एमती यान वा राव जारान আলে থেকে জানান নি কেন? মোটাম্টি ভাবে এই তিনটী দফায় ওদের সমালোচনাগুলি ভাগ তবা ঘাষ। অবশা মাননীয় সদস্য ভক্তিভ্ষণ বাব, শেষের দিকে যে কথাগুলি বললেন সেগুলি আমি এর থেকে বাদ দিছিছ তিনি কতকগুলি খুব গুরুত্বপূর্ণ কথা বলেছেন তার মাধ্য একটা কথা হচ্চে এই যে এন্টেট এাকুইজিশান এয়াই এবং ল্যান্ড রিফ্ম্স্ এয়াই আমরা বারে বারে এই বিধানসভার কাছে সংশোধনের জন্য উত্থাপিত না করে একটা খুব ভেবে চিন্তে ক্মপ্রিছেনসিভ লেজিসলেশান হিসাবে আনলে ভাল হত তার কথা আমি নিশ্চয়ই বিবেচনা করব। তবে কথা হচ্চে এই ষে আমরা আমাদের কাজ করতে গিয়ে অনেক সময় নিজেদের ভল চাটী দেখতে পাই অসুবিধাগুলি বুঝতে পারি। তখন সেইগুলি সাময়িকভাবে উত্তীর্ণ হ্বার জনা কিছু কিছু আইনের অদলবদলের প্রয়োজন হয়। কর্মপ্রিহেনসিভ লেজিস লেশান নিশ্চয়ই দরকার। সেদিকে আমরা দৃষ্টি রাখছি এবং সব দিক দিয়ে বিবেচনা করে যদি আইনের মূলত কোন বিষয় প্রবিবর্তন করতে হয় তাও নিশ্চয়ই করা হবে। মাননীয় সদস্য ভদ্তি বাব, আরও কতকগুলি অভি-মত প্রকাশ করেছেন যেমন বর্তমানে ক্ষতিপরেণ দেবার বেলায় যে নতন পর্ম্বতি অবলম্বন করা হরেছে ভেরিফাইয়েড ভেটমেন্ট এর জন্য সে:টলমেন্ট বিভাগের কাছে পাঠান হচ্ছে এবং এর ফলে যে বিলম্ব ঘটছে একথা আমি স্বীকার করি। কিণ্ত এই ভেরি-কাইরেড ন্টেটমেন্ট যে প্রয়োজন বিশেষ করে যতই ক্ষতিপরেণ দেবার কাজ শেষ হয়ে আসাবে ততই ্য সত্র্কতা অব**লন্দ্রন করা প্রয়োজন আশা করি মাননীয় ভ**িন্ত বাব, সে কথা দ্বীকার করবেন। ্বে এই ভেরিফাইয়েড ফেটমেন্ট পাওয়ার দরনে অতিরিক্ত বিলম্ব যাতে না হয় সেজনা আল্লব্য আপাততঃ বলেছি যে, গত বছরের ভেরিফাইয়েড ণেটমেন্ট এর উপর নিভার করে। অতনত ভাডাতাডি এ বছরের কাজ যেন চালান হয়, কাজ যেন বন্ধ রাখা না হয়। এামব্যাংকমেন্ট সম্বন্ধে মাননীয় সদস্যাপণ একটা দান্দিনতাগ্রহত হয়েছেন। তাঁরা ভারছেন যে এটা কেবল বডলোকদের কিছা ক্ষতিপাৰণ পাইয়ে দেবার কোশল ছাড়া আর কিছু নয়। এবং আমি একটা দুর্গখত হলাম যে অবেক মাননীয় সদস্য ভাল করে আইনটাও পড্লেন না। আমি প্রথমে বলছি ৬ ধারার (১) উপধার্য যে ব্যত্তিকম বা এক্সসেপশান আছে সেটা যদি দেখেন তাহলে বিষয়টা ব ঝতে পারবেন। ार को लिश जाक

"Nothing in this sub-section shall entitle an intermediary or any other berson to retain any land comprised in a forest or any land comprised in an subankment as defined in the Bengal Embankments Act, 1882, the proper maintenance of which should, in the opinion of the Government, be taken over by the State Government in the public interest."

এরপর আসনে ৬ ধারায় ৪ উপধারায় যেখানে একথা আছে ইন দি কেস

"(4) In the case of lands comprised in a forest and held by a person other than an intermediary and which vest in the State, such person shall for the surpose of assessment of compensation be deemed to be an intermediary."

এখন কথা হচ্ছে এই ষে এই দুটো ধারা যদি পাশাপাশি দেখা যায় এখানে স্বভাবতই চোথে পড়বে ৮(৪) ধারায় শুখু ফরেণ্ট বলা হল। অথচ ৬(১) ধারায় এাকসেপশানে বলা হচ্ছে ফরেণ্ট এগান্ড এম্ব্যাংকমেণ্ট। ৬(৪) ধারায় এমবাংকমেণ্ট এর কোন রকম উল্লেখ করা হল না। এম্ব্যাংক-মেণ্ট অর্বাশা নেওয়া হচ্ছে বড়লোকদের রক্ষা করবার জন্য মোটেই নয়। এম্ব্যাংকমেণ্ট নেওয়া রকার হতে পারে

নৈ দি পাবলিক

uterest for proper maintenance of the embankment it should be taken wer by the State Government

এই হচ্ছে আমার কথা। সেজনা যদি এম্বাাংকমেন্ট নিতেই হয় যথন সেই এম্ব্যাংকমেন্টের জনা কহিপ্রেণ দেওয়া হবে কি হবে না এটাই প্রশ্ন। কহিপ্রেণ না দিয়ে যদি নিতে পারা যেত তাহলে দামার কোন আপত্তি থাকতো না এবং এমন কি আমানের মাননীয় সদস্যদের মধাও অনেকেরই নাই। কথা হচ্ছে কোন সম্পত্তি নিলে কিছু ক্ষতিপ্রণ এর ব্যবস্থা করতে হয়। সেই ক্ষতিপ্রণটা মে বী এ নমিন্যাল কমপেনসেসান। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের যে রুলস্ আছে তার মধ্যে কথা আছে এ সম্পর্কে. আমি একট্ব খানি বলছি যেমন ধর্ন একটা শমশান নিতে হচ্ছে, একটী ভাগাড় নিতে হচ্ছে, আপনি কী ক্ষতিপ্রণ দেবেন—আপনি শ্ধ্ এ্যাসেস করতে পরেন আপনি নিম্পারণ করে বলতে পারেন যে এখানে ক্ষতিপ্রণ হবে ১ নয়া পয়সা। কিল্টু ক্ষতিপ্রণ দেব না এটা যদি আমরা আইনে করতে চাই তঃহলে ভুল করা হবে। এবং সেইজন্য এই সব জায়গায় বলা আছে

When the land belongs to a class which does not yield any produce or return such as road, path, river, khal, graveyard, schoool, cremation ground, mosque, temple or any other place of public worship, unculturable waste, unculturable marsh uncultivable bil and the like.

এই সমস্ত আনকালচারাল ওয়েণ্ট আনকালচারাল মার্রস ইত্যাদিরতে হয়তো ক্ষতিপরেণ দেবার বিধান আছে, সেই ক্ষতিপ্রেণটা উইল বি এ নমিন্যাল ক্ষতিপ্রেণ। অত্যন্ত ন্যম্মাত ক্ষতিপ্রেণ। মাননীয় সদস্যগণ খবে দ্বিদ্ভাগ্রহত হয়ে আমাকে বারবার প্রশন করেছেন যে এম ব্যাংক্ষেন্টের জনা ক্ষতিপরেণ বিধান করে আপনি বড়লোকদেরই রক্ষা করছেন, এটা আপনাদের বড়লোকদের রক্ষা করবার জন। যে কৌশল তারই একটা প্রয়োগ মার। কিছুমার নয় আপনারা একটা ভাল করে দেখলেই ব্রুবতে পারতেন যে এমন কোন কুমতলব আপাততঃ নাই। মাননায় কানাই বাব বলে-**ছিলেন যে তিনি কাঁথিতে অনেক ভূমি লুকান দেখতে পেয়েছেন। আমি খুব খুসী হবে** তিনি যদি আমাদের সংগে সহযোগিতা করেন, আমরা সেই লাকান জমি উন্ধার করবার আশা ছেডে দিই নি। কিল্ড আমি আপনাদের সহযোগিতা পাই না। যে পরিমান বক্ততা এখানে শুনি সেই পরিমান কাজ তাঁরা করেন না। আমার কথা হচ্চে এখানে যে পরিমান আক্যানাত্মক কথা এখানে বলেন সেই পরিমান সহ ্যাগিতার কাজ অপেনারা করেন না। দিবতীয় কথা হচ্চে মিক্সড ট্রাস্ট এর বেলায় ্মিক্সড ট্রাস্ট এর বেলায় সম্পূর্ণ অবাস্তব কল্পনা করেছেন আমাদের কোন কোন সদস্য। মিল্লাড় টাম্ট্ট এর কথা বলতে গিয়ে মাননীয় কানাইবাবা বলেছেন যে মিক্সড ট্রাম্ট্ট এর বেলায় এয়ানউইটির পরিধি বাড়ান হচ্ছে শুবু অকর্মণা জমিদার সম্ভানাদর জালন পালন করবার জন্য। মাননীয় ভঞ্জিবাব, বলেছেন আরেক্টি ফ্রড-এর ক্ষেত্র প্রস্তুত করা হল। কিন্তু কি করা হচ্চে এখানে বরা হচ্ছে এই যে কোন ভাষ্ণাতে কোন জমিদার একটি ইনটার্মিডিয়ারি একটা টাস্ট রচনা করে গিয়েছিল, কিন্তু সেই ট্রাস্ট এর মধ্যে পুরাপুরি টাকাটা কোন এ্যাবসলিউট রিলি-জিয়াস পারপোভের জন্য বা চ্যারিটেবল পারপোজের জন্য বায় করবার বিধান ছিল না। মনে করান ১০ হাজার নীট আয় ছিল এমন একটী সম্পত্তির মাধ্য ব্যবস্থা ছিল যে ৫ হাজার টাকা একটী হাসপাতালের জন্য খরচ করা হবে। আর ৫ হাজার টাকা তার নিজের বা তার সন্তান সম্ততির পরেষানত্রেমে ভোগ করবার বাবস্থা থাকবে। এখানে আমাদের যেটকে বিধান আছে তাতে प्रभावन स्य भारत दिहात कर न जारक आवर्मान छे द्वाम वना याच ना नाहे हैक नहे आन এাবসলিউট ট্রাস্ট সেখানে সাধারণ ভাবে কমপেনসেশান পাবে পাবে? পাবে এই জমিদার সন্তানরা যা দর বিরুদ্ধে আপনারা এই অভিমত প্রকাশ করছেন। জারা যাতে সমস্তটা নিতে না পারে, তারা যাতে সমস্তটা নিয়ে উডিয়ে দিতে না পারে, বাতে সেই ট্রাস্টটা ঠিক মত চলে, এ।।বসলিউটলি রিলিজিয়াস পারপাজে বা এ।।সলটেলি চ্যারিটেব ল পারপাসে ঠিকমত অক্ষার থাকে, ঠিক সেই জনা আইনটা করা হয়েছে। এই আইনটী করার মানে এই নয় যে জমিদার সন্তান কিছু বেশী পাবেন। সে এখন যা পাবে তার চেয়ে সে কম পাবে, এ্যান ইটি হিসাবে কেড়ে নেওয়া হবে সেই এ্যান ইটি কেড়ে নেবার পর তাকে কি ভাবে কম্মোল ব্যবেন সেটা হয়ত আইন সভায় কোন দিন উত্থাপিত হতে পারে। কিল্ড টাকাটা তিনি পারেন করবেন না করবেন সেটা হয়ত আইন সভায় কোন দিন উত্থাপিত হতে পারে। কিন্ত টাকাটা তিনি 'পাবেন না। টাকাটা বায় হবে ঐ এ্যাবসল উটলি রিলিজিয়াস পারপাসে বা এ্যাবসল উটলি চ্যারিটেবল পারপাসে। অন্য ভাবে যদি ধরা হত তাহলে তিনি সম্পূর্ণ টাকা খরচ করতে পারতেন। এই হল ব্যাপরে। সেই ব্যাপারটা শ্রধরে এই করা হয়েছে। এতে কতকগুলি ট্রান্ট এ কতকগুলি গুরুষপূর্ণ ধর্মীয় এবং দাতবা অনুষ্ঠোন বা প্রতিষ্ঠান রক্ষা পাবে একথা আমরা মনে করি। সেই জন্য এটা এ নছি।

Shri Bhakti Bhusan Mandal:

অন এ পরেন্ট অব ইনফরমেশান স্যার. এটা কি প্রপোরশানে করতে যাচ্ছেন আমি বাাপারটা বৃষ্ধতে পারছি না। ৫ হাজার ৫ হাজার ১০ হাজার টাকা যেটা বললেন। যদি ১০ হাজার টাকার ট্রান্ট হয় ৫ হাজার মনে কর্ন বাড়ীর জন্য দিয়ে গেছে আর ৫ হাজার এক্সকুসিভলি চাারিটেবল করা হয়েছে। তাহলে আপনি যেটা করতে চাচ্ছেন এই ৫ হাজারটা পারপিট্রেল এনন্ইটি করতে পরেন ?

Shri Hon'ble Syamadas Bhattacharyya:

দাট ইজ ইন দি ল। আমাকে দ্বংথের সংগে বলতে হচ্ছে যে আপনারা আইনটা ভাল ভাবে পড়েন নি।

আমাকে অত্যত্ত দঃথের সংগে বলতে হচ্ছে মাননীয় সদস্য যিনি আমাকে বলেছিলেন তিনি একজন বিচক্ষণ আইনজ্ঞ। যাহোক আমার কথা হচ্ছে আইনের মধ্যে বলা হচ্ছে দুটি মিনিং প্রকরে। এটাতে আছে এন টায়ার প্রোপারটি—এটা ভাগ করে দেওয়া হবে এবং যেগুলি এয়াব-সেলিটটলী রিলিভিয়াস এলও চেরিটেবল পার্পাসেস্ সেগ্রিল আলাদা করে নিয়ে পার্পি চাহাল এননাহিটি দেওয়া হবে। তারপর, কমপেনসেসনা এনসেসমেন্ট রোল সম্বন্ধে আহার বছৰা হচ্ছে যে সভাই বড় দেৱা হয়ে গিয়েছে এবং কত দেৱা হয়েছে যে সংকোচের সংগে আমা-দের সময় বাডাতে হচ্ছে। কিন্ত সময় যদি তলে দেওয়া হয় তাহলে ভাল হবে না। সেইজনা বলা ্রেছ্ন যে এতাদনের মধ্যে কাজ শেষ করতে হবে। আমাদের প্রায় ২০ লক্ষ্ণ মধ্যস্বত্যাধিকারীর রোজ প্রস্তুত করতে হবে তার মধ্যে ১৫ লক্ষ মধাস্বতাধিকারীর রোল তৈরী। করা হয়েছে। যেগালি বয়েছে সেগালি খবে জটিল রোল –অর্থাৎ বডবড লোকের রোল যাদের বিভিন্ন জেলায় ৫/৭/ ২০টি মৌলায় সম্পত্তি রয়েছে। কাজেই এইসব ক্ষতিপরেণের তালিকা তৈরী করতে গেলে স্বভা-বতঃই আমাদের গতি মন্থর হয়ে যাবে। একজন মাননীয় সদস্য বললেন ৩৭ নয়া প্রসা ক্ষতি-প্রণ দিয়েছে। আমি মনে করি ৩৭ নয়া পয়সা, ৫০ নয়া পয়সা, ১০০/২০০/২৫০ টাকা দ্রই দিতে হবে এবং এগালি কোন ভচ্ছ ব্যাপার নহ এবং প্রয়োজন হলে বাড়ীতে গিয়ে দিতে হাব। ক্রপেনসেসনা এসেসামেন্ট বোল সম্বন্ধে বলতে গিয়ে মহাপালমহাশ্য পল্যানিং ক্রিশন কি কি কথা বলেছেন তা বলেছেন। স্লাদিং কমিশন-এর কাছ থেকে। আমরা একটা রিপোর্ট পেরোছি প্রণেস অব ল্যান্ড রিফম²—মেটা ১৯৬০ সালে প্রকাশিত হয়েছে। তাতে তাঁরা সমগ্র ভাৰত ব্যেষি কথা বলভেন যে

delays in the payment of compensation have occurred mainly on account of difficulties arising out of assessment of compensation. In States where flat rates of compensation have been adopted and an up-to-date record of rights is available, speedier progress has been possible.

এর পরে বলেছেন

Before a multiple applicable to an intermediary can be determined, it becomes necessary to ascertain the total income of the intermediary in respect of all his estates or shares in estates. In several States like Bihar, West Bengal and Rajasthan there was hardly any up-to-date record of rights on the basis of which estimates of the assets of an intermediary or estate would be framed.....

আমি সাফাইরের জন্য বলচ্ছি না, আমি সমস্ত জটিলতার কথা বলচ্ছি। কাউকে টাকা দিতে হলে হিসেব করে দেখতে হবে কত টাকা তিনি পাবেন। তাঁর গ্রস ইনকাম কত ছিল, নোট ইনকাম কত ছিল এইসব বার করতে হবে কাজেই সময় সাপেক্ষ। আপ-ট্র-ডেট রেকর্ড অব রাইটস্ অন্বন্ধান করবার জন্য আরও ৩ বছর বাড়িয়ে দিতে বলছি। ৬ বছর থেকে ৯ বছর স্বোমোটো করে বা অন আ্যাপলিকেসন রেকর্ড অব রাইটস্ অন্বন্ধান করতে হবে। আমি কোন আত্ম সম্পূষ্ণির মনোভাব নিয়ে বলছি না আমরা অত্যন্ত কঠিন ও জটিল কাজে হাত দিয়েছি। আমানের কর্মচারীদের সম্বন্ধে যে কটাক্ষপাত করা হয়েছে সে সন্বন্ধে আমার বন্ধবা হচ্ছে আমাদের ক্মিচারীরা সকলে ভাল নাও হতে পারে যেমন আমাদের মধ্যে সকলেই আমরা ভাল নই। কর্ম-

চারীদের খন কঠিন অবস্থার মধ্যে পড়তে হয় এবং আমি ব্যক্তিগতভাবে জানি কর্মচারীরা অনেক কঠিন কাজ করেছেন। রেকডের মধ্যে অনেক ভুল চুন্টি আছে। সেটা সংশোধন করবার জন্য আমি ৪৪(২ক) এবং ৪৫ ধারা পরিবর্তন করবার জন্য আপনাদের সামনে উপস্থিত করেছি।
আমি আর বেশী কিছু বলতে চাইনা তবে শৈলনবাব্ যা বললেন তাতে খন ক্ষোভ হোল।
তিনি বলেছেন এয়াডভাইসরি কমিটি যা করা হয়েছে সেটা কংগ্রেসের কল। এয়াডভাইসরি কমিটিতে
যদি কংগ্রেসের লোক থাকে তাহলে সেটা কি কংগ্রেসের দোষ হোল: সেখানে সব নির্বাচিত লোকেরা
আসছেন, অঞ্চল পঞ্চায়েত থেকে আসছেন। এখানে কোন মনোনীত লোক নেই, কাজেই এতেও
যদি আমাদের দোষ দেন তাহলে আমি নাচার।

The motion of Dr. Kanai Lal Bhattacharya that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th September, 1963, was then put and lost.

কোর্নালনও আমাদের দেশে বয়স্ক ভোটাধিকারের মারফং পরিপূর্ণ গণতন্দ্রপ্রতিষ্ঠা হবার সম্ভা-বনা আছে বলে মনে করি না। তথাপি এই আধা সমান্ততান্ত্রিক সমাজ ব্যবস্থায়ও যদি সাবা-कारकद প्रा॰ठवराञ्क ভোটাধিকারের মাধ্যমে প্রত্যক্ষ নির্বাচন হয় তাতে দেশে একটা আলোডনের সৃষ্টি হয়। রাজনৈতিক, অর্থনৈতিক বিষয়বস্তু নিয়ে বহুরকম বিতর্কযুদ্ধ দেশের মধ্যে শুরু হয়ে যায় যার জন্য নির্বাচনকে যুম্প বলে আখ্যা দেওয়া হয়। এই নির্বাচনের মাধ্যমে জনসাধারণ বছাকালের কসংস্কার ও অন্ধকার থেকে আলো পাবার সাযোগ পায় এবং গণওল্ডের মধ্যে কোথায় তাদের দায়িত্ব আছে নির্বাচনের মাধামে মানুখ সেই শিক্ষা পায়। বর্তমানে আমাদের সমাজ ব্যবস্থায় কায়েমীস্বা'র্থার প্রভাব থাকা সত্ত্তে নির্বাচনের মাধামে লোকের মনে প্রেরণা আসে, তাদের মধ্যে প্রাণ সন্ধার হয়, তারা চিন্তা করতে শেখে নির্বাচন স্বল্বে কি করে তারা তাদের অংশগ্রহণ করবে। এখানে যে জেলাপরিযদের ভূমিকা মাননীয় মল্টীমহাশয় নিয়ে এসে-ছেন সেই ভূমিকায় জনসাধার পের প্রভাক্ষভাবে অংশগ্রহণের সূ্যোগ থাকছে না। সূত্রাং আমি নির্বাচন বাতিল করে দেওয়ার ঘোরতর প্রতিবাদ করি। কায়েমীম্বার্থের ম্বারা পরিচালিত সমাজ ব্যবস্থায় তার মধ্যে ৪টা ধাপে যে নির্বাচনপ্রথা আপনারা শরে, করাবন তাতে আপনাদের বাছাই করা লোক নিয়ে জেলাপরিষণ তৈরী হবে। আমরা হানি বর্তমানে অণ্ডল প্রধান, য়ানিয়ন বোর্ড প্রধান, তাঁলের প্রভাবে গ্রামে নানাধরণের জিনিস পরিচালিত হয় দিস ইফ দি অবজেকটিভ কন্-ডিসান অফ আওয়ার সোসাইটি। এই বাসত্ব অবস্থা পরিবর্তন করার জনা প্রয়োজন ছিল গণভোট সাবালকের ভোটে জেলাপরিষদ তৈরী করা হয়। যদি কংগ্রেস গভর্নমেণ্টের এই দুটিট-ভগ্য হয় যে এই অবস্থা বদলাতে হবে, ধনিকগোণ্ঠী ও কায়েমস্পিবার্থবাদীদের দ্বারা পরি-চালিত এই সমাজ ক্রুম্থার পরিবর্তন করা যদি দর্শার হয় তাহলে এই জেলাপরিষং বিলের মাধ্যমে সেই সুযোগটা এসেছিল, বিন্তু সরকার সেই দুণ্টিভংগী গ্রহণ করেন নি। মাননীয় শৈলবাব, সিলেক্ট কমিটিতে আমাদের যে কথা বলেছিলেন সেটা গ্রহণ করা হয় নি।

[1-10-1-20 p.m.]

দ্বিতীয়তঃ নির্বাচনের নাধ্যমে আমরা যৌথ দায়িত্ব স্বাণ্টি করতে পারতাম, জনসাধারণের ভোটে গণ-তলের কঠানোকে আরো ভেভেল্প করে তার মধ্যে অংশগ্রহণ করে ধন বন্টন ও ধনসম্পদ সূজনের ব্যাপারে তাদের কি ভূমিকা ও দায়িও রয়েছে সে সম্পর্কে তাদের গণশিক্ষা দেবার সংযোগ গ্রহণ করতে পাবতাম, কিন্তু এখানে সেই মাস এড়কেসান-এর স্থাযোগ থেকে তাদের বাণিত করা হয়েছে। এর মধ্যে এক জানগায় বলা হয়েছে যে গণতাল্যর বিকেন্দ্রীকরণ, শান্তর বিকেন্দ্রীকরণ করা হবে, ক্ষমতার এবং শাসনের বিকেন্দ্রবৈরণ করা হবে। কিন্তু জনসাধারণের দিকে না তাকি**রে**, ন্ত্রিগতভাবে প্রাণ্ডবয়ুম্ক ভোটাধিকারের ভিত্তিতে যদি জেলাপরিধদ না গঠন করা হয় ভাহ**লে** মোতাম্টি এই দাঁড়াবে যে, বিকেন্দ্রীকরণ মানে হবে করাপসন, উপরতলার করাপসন কায়েমী-ম্বার্থের যে প্রাচীর রয়েছে আমাদের সমাজ ব্যবদ্থায় সেটারই বিকেন্দ্রীকরণ হবে, অর্থাৎ জেলায় জেলায় রাইটার্স বিলিডং-এর মতে, যার বহারকম দুন্রীতির কথা আমরা জানি এবং দিনরাত শুনি সেই রকম দ্রণীতিরই বিকেন্দ্রীকরণ হবে। আমরা জানি একজন একটেনসন অফিসার. এগ্রি-कानाठात, প্রোমোটেড হয়েছে, কিন্ত টাকা না দেওয়ার জনা তাকে আজ পর্যন্ত প্রোমোসন-**এর** পজিসন-এ নিয়ে যাওয়া হয় নি। আমাদের জেলার ডিড্রিক্ট বোর্ড এর একজন কর্মচারীকে স্পারয়েন,য়েটেড হিসাবে রাখার কথা হয়েছিল, তদ্বিরতদারকও করা হয়েছিল, এর জন। ২০০ **जेका ठाउँ राउँ ए. ना फिल्ट १८४ ना। আম**রা জানি একজন নার্সকে সে নার্সিং গ্র্ল থেকে পরীক্ষায় পাস করলেও কাজের সংযোগ দেওয়া হয় না, যতক্ষণ পর্যন্ত না সে বাই আদার মিন্স্ এই স্যোগ নিতে পারে ততক্ষণ পর্যন্ত সে অবহেলিত হবে। এই শাসনের রশ্বে রঞ্জে চতুর্দি ক যে দ্বীতির বাসা ছড়িয়ে আছে তারই বর্তমানে বিকেন্দ্রীকরণ হচ্ছে, রাইটার্স বিলিডংস থেকে তাকে বিকেন্দ্রীকরণ করার জনাই এই জেলাপরিষণ বিল আনা হয়েছে।

আমাদের সমান্তের যে ধরণের কাঠামো, সমান্তের মধ্যে যে ধরণের কুসংস্কার চলছে তাতৈ প্রেগ সমজের যা কিছু আছে তার উপর ভিত্তি করে অর্থাৎ তাকে লেজ,ড় হিসাবে **রেখে** ন্তন সমাজ ব্যবস্থা গড়বার দূণ্টিভংগী নিয়ে আমরা এগিয়ে যাবার চেণ্টা করছি। স্যার, সমা-জের অর্থনৈতিক ক্ষেত্রে কোন গণতান্ত্রিক বিধি প্রবর্তিত হোল না, কৃষক ভূমি পেল না, বেকার

বেকার অবস্থাতেই থেকে গেল, গরীব চাষী দিন দিন জমি হারাল, গ্রামে গ্রামে অনটন দেখা দিল এবং ভূমি সংস্কার-এর নামে বড়বড় জমিদার জোতদারদের স্বার্থ পরোক্ষভাবে থাকল এবং ঠিক এই পরিপ্রেক্ষিতে জেলা পরিষদ বিল আমাদের সামনে এসেছে। সিলেক্ট কমিটির ভেতর দিয়ে কিছে র পান্তর করা হয়েছে, কিছুটো আমলাতান্ত্রিক প্রভাব খর্ব করবার চেন্টা করা হয়েছে কিছুটা জন প্রতিনিধি নেবার চেণ্টা করা হয়েছে কিন্তু তথাপি এর মূলগত, গুণগত এবং মোলিক পরিবর্তন যে হয় নি সেটা আমি কয়েকটি ধারার মধ্য দিয়ে দেখাতে চাই। স্যার, রাজ্রের হস্তক্ষেপ বহু, জায়গায় আছে—অর্থাৎ রাজ্মের হস্তক্ষেপে চেয়ারম্যান, ভাইস-চেয়ার্ম্যান-কে রিমাভ করা যায় এবং ডিস্ট্রিক্ট বোড সাুপারসিড করা যায়। শৈলবাবা বলেছেন নামনেসন-এর সূরোগ নেই। কিন্তু আমি পার দেখাব যে নামনেসন-এর স্বাোগ রায়ছে। জেলা পরিষদের হাতে ফান্ড দেবার ব্যবস্থা নেই ফ:ল অর্থের আন,ক:লোর জন্য রাষ্ট্রের হসতক্ষেপ সর্ব ক্ষতে হতে বাধ্য। শুধু তাই নয়, যে কোন ফিলিমজী গ্রাউণ্ড-এ সুপারসেসন করার সুযোগ পেলে তা করে দেবে এবং নমিনেসন দিয়ে যেখানে নিজে দর লোক জেলা পরিষদে ঢোকান প্রয়োজন সেখানে চেয়ারম্যান, উইমেন, সিডিউল কাস্ট, ব্যাকওয়ার্ড শ্রেণী বা পশ্চাতপদ জ্ঞাতি হি:সবে ঢোকান যেতে পারবে। কাজেই দেখা যাচ্ছে এইভাবে নমি নসন্, রিমভোল এবং স্পারসেসন-এর ক্ষেত্রে ফাল্ড-এর মাধ্যমে রাজ্যের হস্তক্ষেপ করবার সাযোগ রয়েছে। তারপর ৪ এবং ৪৯ নন্তর ধারায় যেখানে জেলা পরিষদের গঠন সম্পর্কে পর্ম্বতি নির্নয় করা হয়েছে সেখানে আমার বস্তব্য হচ্ছে এই পর্ম্বতির সম্পূর্ণ রূপান্তর হওয়া দরকার। তবে সরকার যদি নীতিগতভাবে সম্পূর্ণ নির্বাচন সাবালকের ভোটের ভিত্তিতে না করতে চান তাহলে আমি দাবী করব অন্ততঃ কিছু সংখ্যক লোক জনসাধারণের প্রতাক্ষ ভোটে নির্বাচিত হয়ে কৈফিয়ত দেবার দায়িত নিয়ে জেলা পরিষদে এসে হাজির হোক। এইভাবে হলে তাঁরা বলতে পারবেন, আমরা জনসাধারণের ভোটে এসেছি কাজেই আমাকে কৈফিয়ত দিতে হবে জেলা পরিষদে আমি কি করলাম না করলাম। কিন্ত অপ্রতাক্ষ ভোটের মাধামে যাঁরা আসবেন তাঁদের কৈফিয়ত দেবার নৈতিক দায়িত্ব থাকে না। এবং থাকলেও তাঁরা তা দেন না। তারপর, রিম,ভাল-এর ব্যাপারে ৭ নম্বর ক্রজ (১) এবং ৫২ নন্দর ক্লজ (১) এই দুর্টি সেকসন-এ রাষ্ট্রকৈ যে ক্ষমতা দেওয়া হয়েছে আমি মনে করি এটা অত্যন্ত অন্যায়। আমার মনে হয় চেয়ারম্যান, ভাইস চেয় রম্যান বা প্রেসিডেন্ট, ভাইস-প্রেসিডেন্ট যাঁরা অঞ্চলের এবং জেলা পরিষদের হবেন তাঁদের রিমাভ করতে হলে রিটায়ার্ড জজ-এর ন্বারা তদন্ত করিয়ে তারপর অর্ডার দেওয়া উচিত। একথা আমি আমার নোট অব ডিসেন্ট-এ জানিয়ে-ছিলাম। তারপর স্যার (৪)(১) ডি(২) এই সেকসন-এ দেখবেন যে নমিনেসন-এর ব্যাপারে সরকার যথেন্ট সুযোগ পাবেন তাঁদের নিজেদের মনোনীত ব্যক্তিকে পাঠাবার জনা। শিক্ষকদের ব্যাপারে আমি বলতে চাই যে, কুজ ৯ (বি) এবং ৫৪ (বি) অনুসারে সব শিক্ষককে পদত্যাগ করতে হবে। গ্রামের শিক্ষকরা খাব মানা গণ্য লোক এবং বহু লোক তাঁদের উপর নির্ভার করে। গ্রামের শিক্ষক বলে এইসব শিক্ষক অনেকে অধ্যক্ষ হিসেবে আছেন, অনেকে অঞ্চল প্রধান হয়ে আছেন এবং অনেকের আঞ্চলিক প্রধান হবার সম্ভাবনা আছে। কিন্তু আমি দেখছি গ্রামাণ্ডলে যে एक निरुद्धा त्या प्राप्त का प्राप्त का अपने प्राप्त का का कि स्थापन क বিশ্বাস করে সেই শিক্ষক শ্রেণী জেলা পরিষদের নির্বাচন থেকে বঞ্চিত হবেন। এখনও यদি কেউ অধ্যক্ষ থাকেন বা অঞ্চল পঞ্চায়েতের মেন্বার থাকেন বা ইউনিয়ন বোর্ডের মেন্বার থাকেন তাহলে আগামী দিনে জেলা পরিষদ গঠিত হবার পর তাঁদের সবাইকে পদত্যাগ করতে হবে কারণ ৩৫ ধারা দেখবেন বহুজায়গায় ১৬ ধারা মতে লেখা আছে যে পশ্চিমবংগ সরকারের শিক্ষা বিভাগ থেকে যে নির্দেশ যাবে সেই নির্দেশে জেলা পরিষদ পরিচালনা করবেন স্ট্যাণ্ডিং কমিটির মাধ্যমে, আর স্ট্যাণ্ডিং কমিটির বা জেলা পরিষদের কর্মচারী হলে তাঁরা নির্বাচনে অংশ গ্রহণ করতে পারবেন না। কাজেই দেখা যাছে সমস্ত শিক্ষক শ্রেণীকে নৃতনজীবন তৈরী করবার কাজে লাগান যাবে না। এমতাবস্থায় শৈলবাব চিন্তা কর্ন শিক্ষকদের সম্পর্কে বিশেষ কোন প্রভিসন রাথতে পারেন কিনা। স্যার, গ্রামাণ্ডলে শিক্ষকদের যে ভূমিকা এবং সুযোগ আছে দেশের লোককে উদ্বৃদ্ধ করবার জন্য তাতে প্রত্যক্ষভাবে দায়িত্ব নিয়ে তাঁরা জেলা পরিষদে আসনে এবং নৃতন জীবন গঠন করবার কাজে নৃতন উপাদান সূচ্টি কর্ন এটা আমরা চাই। ভারপর ৩৫(৬), সেকসন্ ১৬-তে আমরা কতগুলি জিনিস দেখছি।

[1-20-1-30 p.m.]

ইন ম্যাটার্স অফ প্রাইমারী এডুকেশন সমস্ত নির্দেশ করবেন অর্থাৎ পশ্চিমবঞ্চা রাজ্য সরকারের দশ্তর থেকে যে নীতি নির্দেশ যাবে সেই নির্দেশ পালন করতে হবে প্রাইমারী ঘট্যান্ডিং কমিটিকে, এবং জেলা পরিষদ তার কর্তা হয়ে উপর থেকে দেখবেন সেগালি কার্যকরী হচ্ছে কিনা। সংগে সংগে আর একটা জিনিস দেখছি জেলা স্কুল বোর্ড অর্থাৎ যেটা স্ট্যান্ডিং কমিটিতে পরিণত হবে তারা যদি সব কিছু কাজ করে এবং উপর তলার শিক্ষা দশ্তর থেকে নীতি নির্দেশ পাঠান হয় তাহলে খামকা জেলা পরিষদ মাঝখানে থেকে কাজের গণ্ডগোল হবে কিনা. দ্বন্দ্ব আসার কিনা ভায়রকি ইন্ ফাংশন, ভায়রকি ইন অর্থারিট এন্ড পাওয়ার আসবে কিনা সেগালি বিবেচনা করা দরকার। আমি বিশেষ করে ৩৫ ধারার উপর আমার আলোচনা বিশেষ নিবন্ধ রাথতে চাই। প্রথমে আর্পনি প্রাইমারী এডুকেশন এ্যাক্টের সেকশন ৫১ দেখনে.

Delegation of power to Union Boards Union Committees, etc.

অর্থাৎ স্কল বোর্ড তার পাওয়ার ডেলিগেট করতে পারবেন ইউনিয়ন বোর্ডকে অঞ্চল পঞ্চায়েত এবং গাম পণ্যায়েত-এর শিক্ষার ব্যাপারে। দ্বিতীয়তঃ দেখছি পেণ্ডিং ইন্সপেকশন, কন্টোলের ব্যাপারে ইন্সপেকটিং অর্থারটি কে হ:ব? ডি. আই. এস. আই তাদের তরফ থেকে ইন্সপেকশন হবে না কি জেলাপরিষদের হৃত্যু মত আণ্ডালক পরিষদ, অঞ্চল প্রধান, গ্রাম পণ্ডায়েং তাদের তরফ থেকে ইন্সপেকশন করার সাযোগ দেওয়া হবে। তারপর আরও আছে। বর্তমানে যে নিয়ম আছে যদি কোন টীচার পেনালাইজড হন তাহলে সেই টীচার ডি. পি আই-এর কাছে আপীল করে কিল্ড বর্তমান রেওয়াজ অনুযায়ী ডি পি আই তার কোন উত্তর ২।৩ বছরের মধ্যে দেন না ফলে সেই শিক্ষক কোন কেস করতে পারেন না এবং এভাবে সে ফাণ্ডামেন্টাল রাইট থেকে বণিওত হয়। এখন আপনারা এই জিনিসটা যদি কেড়ে নিতে চান তাহলে আমার মনে হয় সেই পাও-য়ারটা জেলা পরিষদের হাতে দেওয়া উচিত। অবিলন্তে তার বিচার হওয়া উচিত এবং যদি কোন শিক্ষকের উপর অন্যায় অবিচার হয়ে থাকে তাহলে তার প্রতিকারের জনা জেলা পরিষদ থেকে তার দায়িত্ব নেওয়া দরকার এটা পরিষ্কার করে এই ধারায় বলা উচিত। পেমেন্ট অব টীচারস— শিক্ষকদের বেতন দেওয়ার যে পর্ম্বতি আছে তাতে টীচাররা রিটার্ন করেন এস আই স্যাংশন করে ডি. আই-কে পাঠান। ডি. আই দকল বোর্ড থেকে টাকা পাঠান প্রত্যেক শিক্ষকের নামে নামে। তিন ভেজে টাকা পে-মেন্ট হবে। আমার মনে হয় যদি পরিম্কার করে বাবস্থা করা না হয় তাহলে ছয়টি ভেট্জে টাকা পে-মেন্ট করতে হবে। প্রথমে প্রাইমারী টীচার তারপর নেবে এস-আই তারপর ডি. আই এবং ডি আই দেবে জেলা পরিষদকে এবং জেলা পরিষদ দেবে আণ্ডলিক পরিষদকে। অর্মান করে করে ছয় ধাপে টাকা পে-মেন্ট হবে। ত তে কতকাল লাগবে দেখন। বর্তমানৈ ৩।৪ মাস পরে প্রাইমারী টীচারস বেতন পান, এর পরে ক-মাস পরে বেতন পাবে? তার বাকস্থা এই আইনে পরিষ্কার থাকা দরকার। তারপর দুজন পার্সনস ইন্টারেন্টেড ইন এডুকেশন গভর্ম-মেন্ট থেকে কমিটিতে দেবার ব্যবস্থা আছে। আমার বন্তব্য হচ্ছে এই যে দক্রন স্ট্যাণ্ডিং কমিটিতে এ্যাপয়েন্ট করবেন এ সম্বন্ধে এর প একটা বাবস্থা কর,ন যারা প্রাথমিক শিক্ষক, যাদের অভিজ্ঞতা আছে, যারা প্রবলেম বোঝে সেই রকম দল্জন শিক্ষক নির্বাচিত হয়ে আসনে কিংবা নির্বাচনে যদি আপত্তি থাকে কমসে কম দু জন শিক্ষককে সেই ন্ট্যাণ্ডিং কমিটিতে পাঠান।

Shri Sambhu Charan Chosh:

মাননীয় ডেপন্টী প্পীকার মহাশর, গতকাল আমাদের হাউসের সামনে মাননীয় ব্যায়গুশাসন মন্দ্রী মহাশয় জেলা পরিষদ বিল যথন উত্থাপন করেন তথন তিনি অত্যন্ত প্পন্টভাবে ঘোষণা করেছিলেন যে এই বিল আনয়ণের মধ্য দিয়ে আমরা পদ্চিমবংগে পঞ্চায়েত রাজ প্রতিষ্ঠার শেষ সোপানে উপনীত হয়ে যাবে। তিনি অত্যন্ত পরিকারভাবে বলেছিলেন যে এই বিলকে আইনে পরিণত করার মধ্য দিয়ে গ্রামে সাধারণ মানুষের হাতে ক্ষমতা পোছে দেওয়া হবে এবং ক্ষমতার বিকেন্দ্রীকরণ হবে এবং সর্বশেষ তিনি উল্লেখ করেছিলেন যে এই বিল আনার মধ্যে দিয়ে সমন্ত পশ্চিমবংগের গ্রাম্য জীবনে একটা বৈশ্লবিক পরিবর্তন আনা সম্ভবপর হয়েছে। মাননীয় জেপ্টি প্পীকার মহাশয়, গতকাল যথন হাউসের সামনে প্রবিত্তি জেলা পরিষদ বিল উত্থাপন করা হরেছিল তথন আমাদের প্রায়ন্ত্রশাসন মন্দ্রী একটা অত্যন্ত স্কুলর কথা বলেছিলেন যে

স্পাদীনং এবং ডেভেলপমেন্ট সাক্ষ্যেক্সফুল করতে হলে এ্যাক্টিভ পাটিসিপেসান অব দি র্ব্যাল ফোক এটা অত্যত্ত বেশী প্রয়োজন। আমিও তাঁর সংগে এক মত যে একটা দেশের সামগ্রিক উমায়ন করতে হলে, একটা দেশের স্প্যানিং সাক্ষ্যেসফুল করতে হলে গ্রামবাসীদের সক্তিয় সহ্-যোগিতা অত্যত্ত বেশী প্রয়োজন। কিন্তু এই যে বিলটা আমাদের সামনে আছে সেই বিলটা বদি আমরা অত্যত্ত ভালভাবে পর্যালোচনা করি তাহলে আমরা দেখব যে

active participation of the rural folk in planning and development has been completely denied.

এখানে পরিষ্কারভাবে তাদের সেই স্যোগেকে অপহরণ করা হয়েছে, তাদের সেই স্যোগের কোন স্থান নেই। আমি এই বিলের ৪ নদ্বর ক্লজের প্রতি তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। এই বিলের ৪ নদ্বর ক্লজ বলছে যেখানে কমপোজিসান অব দি পরিষদ—পরিষদের গঠন চরিত্র সম্পর্কে বাাখ্যা করা হয়েছে সেখানে আমরা দেখছি যে এই পরিষদ বিভিন্ন আঞ্চলিক পরিষদের সভাপতি থাকবেন, প্রত্যেক মহকুমা থেকে গ্রাম পণ্যায়েত থেকে দৃষ্টেন করে অধ্যক্ষ থাকবেন, বিভিন্ন মিউনিসিপ্যালিটীর চেয়ারমানের মধ্য থেকে একজনকে সরকার মানানতি করবেন, দৃষ্টেন মহিলাকে সরকার মানানতি করবেন এবং প্রেসিডেন্ট অব দি ক্লল বোর্ড থাকবেন, এই যেখানে পরিষদের গঠন ভংগীমা সেখানে আমরা কেমনভাবে আশা করতে পারি যে সাধারণ মান্য এখানে তাদের এয়াকটিভ পার্টিসিপেসান রাখতে পারবে? কেমনভাবে আশা করব গ্রামের উময়ন বা সামগ্রিকভাবে একটা জেলাব উয়য়নের ক্ষেত্রে সাধারণ মান্য তার বক্তব্য অত্যন্ত পরিক্ষারভাবে রাখার স্যুযোগ পাবে? স্যুতরাং এই যে প্রাণ্ড বর্ষক ভোটাধিকারের তাঁরা ক্রীকৃতি দিয়েছেন সেটা যদি জেলা পরিষদ গঠনের ক্ষেত্রে ক্রীকৃতি দিতেন যে প্রাণ্ড বয়ক ভোটাধিকারের ভিত্তিত জেলা পরিষদ গঠিত হবে তাহলে আমরা ব্যুবাম ক্রায়ত্বশাসন মন্ত্রী মহাশয় যে ঘোষণা করেছিলেন যে

active participation of the rural folk in planning and development.

সে কথার তিনি মর্যাদা দিয়েছেন। তিনি দ্বিতীয় কথা বলেছিলেন যে জেলা পরিষদ গঠনের মধ্য দিয়ে একটা অত্যন্ত গণতান্ত্রিক রুপ তাঁরা নতুনভাবে দেবার চেণ্টা করছেন। আমি পরিব্দারভাবে এই হাউসের সামনে এই কথা রাখতে চাই যে এই বিলের মধ্যে দেখা যাবে এ্যাবসেন্স অব ডে.মাফ্রাটিক কারেকটর অব জেলা পরিষদ জেলা পরিষদেন মধ্যে গণতন্ত্রের অভাব রয়েছে। জেলা পরিষদের কাঠামোর মধ্যে গণতান্ত্রিক রূপ আরোপ করতে গিয়ে মাননীয় স্বায়ন্থশাসন মন্ত্রী মহাশায় আমার ম ন হয় একটা ইলিউসান ক্রিয়েট করেছেন। আমাদের স্বায়ন্থশাসন মন্ত্রী শ্রেছি তিনি দর্শন সন্ত্রেথ অনুরাগী, আমার মনে পড়ে বেদান্তের সেই দেনকের ইলিউসানের কথা, তিনি সেই ইলিউসান ক্রিয়েট করেছেন-ইলিউসন ইজ দি এক্স-পরিষদের উপর স্থাপন করে আমাদের সামনে একটা ইলিউসন ক্রিয়েট করেছেন। এই জেলা পরিষদের উপর স্থাপন করে আমাদের সামনে একটা ইলিউসন ক্রিয়েট করেছেন। এই জেলা পরিষদ বিলের ১৬ নন্বর ক্লেড যদি দেখেন তাহলে দেখবেন সেখানে আছে জেলা পরিষদ সমুস্ত কাজ করতে পারবে

subject to any general and special direction of the Government.

অর্থাৎ সরকারের কাছ থেকে একটা নির্দেশ আসার পর জেলা পরিষদ তার কাজ করবে। গণতান্দ্রিক চরিত্রের এই কি চেহারা? যেখানে জেলা পরিষদ গঠণ করে বলা হচ্ছে যে তার পূর্ণ ক্ষমতা
থাকবে, যেখানে ক্ষমতা বি'কন্দ্রীকরণ করা হবে বলে বলা হচ্ছে সেখানে দেখা যাচ্ছে প্রোপ্রির
সরকারের উপর নির্ভার করে জেলা পরিষদ গঠন করার প্রয়াস তাঁরা করছেন।

[1-30-1-40 p.m.]

ক্রজ ১৬(সি)-তে বলা হচ্ছে যে গ্রাম এলাকার যে জল সরবরাহ করা হবে সেখানে সরকারের অন্-মোদন করা হবে। ওয়াটার সাম্পাই গ্রামাণ্ডলে যেখানে করা হবে উইথ দি এপ্রভাল অফ দি গভর্নমেন্ট। ক্রজ ১৬(৩) তে বলা হয়েছে

Jilla Parishad shall not undertake any scheme without the approval of the Government.

व्यक्ता भित्रयम कान म्कीम श्रष्टम कत्रक भारत्य ना मत्रकात्त्रत अनुस्मामन वाजील। এहे कि গণতান্ত্রিক বভির একটা চেহারা সেখানে একটা জেলা পরিষদকে গণতান্ত্রিক আদর্শের কাঠায়ো হিসাবে স্থাপন করবার জন্য আমাদের সামনে উপস্থিত করা হয়েছে সেখানে ক্রজ ১৬(৩)-ত वना रुक्त य गर्जन प्रात्मेत अनुस्मानने हाए। कान म्कीम स्मना भारतम शर्म कर्ता भारत ना। জেলা পরিষদ বিলের ক্রজ ৩০তে বিভিন্ন স্ট্যাণ্ডিং কমিটির নাম করা হয়েছে সেখানে পঞা-য়েতকে একটা প্রাইমারী এডকেশন কমিটি স্ট্যাণ্ডিং কমিটি হিসাবে রাখা হয়েছে। এই জেলা পরিষদকে যদি ডেমোর্রুটিক করেকটর বলি তাহলে বিভিন্ন স্টাাণ্ডিং কমিটির ডেমোরুটিক কারেকটরে আমরা দেখবো ফলে হাউসে একটা স্ট্যাণ্ডিং কমিটি হিসাবে রাখা হয়েছে। বেংগল প্রাইমারী এডকেসন য়াক্টে. ১৯৩০ যদি আমরা দেখি তাহলে দেখবো সেখানে সেকসন ৬ এ বলা হচ্চে যে একজন ডিড্টিক্ট মাজিন্টেট সাব-ডিভিসনাল ম্যাজিন্টেট, ডিড্টিক্ট ইন্সপেক্টর অব স্কলস্ ২ জন সিডিউল কাট, একজন শিক্ষক এবং যতগুলি মহক্মা আছে সেখান থেকে একজন করে প্রতিনিধি সরকার নিয়োগ কশরে এই হচ্ছে জেলা স্কুল ব্যার্ডার সালেসান এবং এই জেলা স্কুল বোর্ড জেলা পরিষদের স্টার্ণিডং কমিটি হবে। কাজে কাজেই একদি:ক গণতান্ত্রিক কাঠামোর কথা বলা হচ্ছে, অপর্রাদকে জেলা পরিষদের স্ট্যান্ডিং কমিটিতে প্রেরাপ্রির সমস্ত সরকারী মনোনীত মান্ত্র রাখা হচ্ছে। কাজে কাজেই যে কথা আমি আগেই ব'লছি যে আমাদের সামনে একটা ইলিউসনে ক্রিয়েট করা হয়েছে, আমাদের সামান একটা ইলিউসানী এ রেগুলিউসন এখা হয়েছে যে 'ডামারুটিক ফরম অফ অরগেনাই'ডাসন হচ্চে এই জেলা পরিষদ গঠনের মধ্যে দিয়ে। দিবতীয় যে কথা বলতে চাই সেটা হচ্ছে মাননীয় স্বায়ন্ত্ৰশাসন মণ্ডী কালকে। এখানে বলেছেন যে ক্ষমতার বিকেন্দ্রিকরণ করা হচ্ছে, প্রামের সাধারণ মানামের ক্ষমতা দেয়া হচ্ছে, वाश्लाम्परमात ि जिला रङ्गलाश कालाश कामाजा विरुक्तमुनीकतम करत रमशा शर्फ अर्थ विर्द्धान भवा দিয়ে। বিভিন্ন জেলায় জেলায় জেলা পরিষদ নিজেপের প্রমোনয় নর কথা চিত্র করবে, নিজেদের প্রামকে সমন্দির পথে এগিয়ে নিয়ে যাবার চেন্টা কবরে। আমি মাননীয় মন্তীয়হাশয়ের দাণ্টি আকর্ষণ কর্মছ ক্লছ ২ এর প্রতি। এখানে একসিকিউটিভ অফিস্যানের ম্যাপথান্টার্যনেটর কথা আছে এবং একজিকিউটিভ অফিসার দর হাতে প্রেরাপ্রবি ক্ষমতা দেয়া হয়েছে তিনি সমুহত কিছা করতে পারেন ভাগাতে পারেন গড়তে পারেন। কাজে কাডেই য ক্ষমতা বিকেন্দ্রিকর-ণের কথা বলা হাচ্ছ সেখানে দেখা যাচ্ছে পারোপারি সমস্ত ক্ষমতা একজিকিউটিভ অফিসারের হাতে থাকরে। এখানে আমার মনে পড়ছে বিভানে সেন্ট্রিপটাল ফোর্সের কথা ভার সংধ্য **ব**লেন্ডে ক্ষিন্তিপ্টাল ফোর্সাইজ টা ফোর্সা দি ক্ষেটার, এথানে তেমনি ভাবে আমাদের ক্ষমত। দেয়া হয়েছে কিন্তু সেন্টার বা কেন্দ্রেন প্রতি তাদের আকর্ষণ বথে দেয়া হয়েছে। ভারপরে যেকথা আমি রাখতে চাই 'দটা হচ্ছে একটা অভাত গরেরেপ্রণ প্রণন যে বাংলাদেশের সমুহত প্রায়ণ্ডলিকে অঞ্চলত একটা সূত্রে বাঁধার চেন্টা করা হয়েছে জেলা পরিষদ বিলের মাধামে। অত্তানত পবিষ্কারভাবে গতকাল মাননীয় মন্দ্রীমহাশয় বলে ছন এখানে যে গ্রাম পঞ্চায়েত, অণ্ডল পঞ্চায়ত, আণ্ডলিক পরিষদ এবং ওপরে তলে দিচ্চেন জেলা পরিষদকে—আমি মন্ত্রীমহা-শয়কে জিব্রাসা করবো যে আজকের এই যে চেন করছেন এর মধ্যে একটা ঘোরতর সংকটপূর্ণ প্রশন উঠেছে সেই প্রশন হচ্ছে আজ আবার দেখছি আচার্য বিনোগ্রভীর হাতে পশ্চিমবাংলার বহা গ্রামদান করা হয়েছে। গতকাল এখান ভামরাজ্পরমন্ত্রী হোষণা। করেছেন যে যে সমস্ত গ্রাম বিনোবাজীর হাতে দান করা হয়েছে সেই গ্রামগুলির প্রশাসনিক বাবস্থা কি হবে সে সম্পর্কে একটা আইন অচিরে তিনি আনছেন, অর্থাৎ এই গ্রামগ্রালতে গ্রাম পঞ্চায়েৎ নিম্চয়ই থাকছে না - গ্রামসভা হবে কি অনুরূপ কোনরকম প্রতিষ্ঠান হবে সে সম্পর্কে সরকার একটা বিল আনার চেন্টা করছেন। এখন কথা হচ্ছে য বিনোবাজীর হাতে যে সমস্ত গ্রাম বলছি সেই সমসত গ্রামগ্রনির সাথে জেলা পরিষ্টার কি সম্পর্ক হবে সে সম্পর্কে জেলা পরিষদ বিলে কোন রকম উল্লেখ নেই। গ্রাম পঞ্চায়েতের প্রতিনিধি জেলা পরিষদে থাকবে--কিন্ড যে গ্রাম-গ্রেলি ভিট্নেজ্যালের হাতে গিরেছে যে গ্রামগুলির ভবিষাত গতকাল মুখামন্ত্রী ঘোষণা করেছেন যে ত্রিশব্দুল অবস্থায় আছে তার ভবিষাৎ কি হবে তা আমি জানতে চাই। এই টিশম্কুল থাকা গ্রামগ্রলির সাথে জেলা পরিষদের কি সম্পর্ক হবে তার কোন উল্লেখ এর মধ্যে নেই। অথচ আমরা মনে করি যে আজকে যেখানে সমস্ত বাংলাদেশের গ্রামের সর্বাপ্গীন উন্নতির জন্য একটা বিল রচিত হচ্ছে সেখানে এই যে ডিড্রিমিনেসন কেন? আমার

মূলে প্রশ্ন অন্য জায়গায় যে আজকে সমস্ত প্রশাসনিক ব্যবস্থাকে বিকেন্দ্রীকরণ করে জেলার ভবিষ্যং গঠনের যে কাজ চলছে সেথানে একজন মাত্র মানুষের থেয়াল চরিতার্থ করার জন্য ডিস্-ক্রিমিনেসন সৃষ্টি করা হচ্চে কেন : তা যদি করাই হয় তাহকো তার কোন প্রভিসন এই বিলের মধ্যে রাখা হয় নি কেন। আমি অংশা করবো মাননীয় স্বায়ত্বশাসন মন্দ্রী মহাশয় তাঁর বক্তব্য রাখবার সময় এটা পরিষ্কার করে রাখবেন। সর্বশেষ যে আমি বলছি সেটা অনেক বক্তা বলে গেছে সেটা হচ্ছে প্রাথমিক শিক্ষা ব্যবস্থা। এ সম্পর্কে কিছু বলা দরকার এজনা যে আজকে সারা পশ্চিমবাংলায় নয় সমস্ত দেশের মানুষের প্রাথমিক শিক্ষার উপর ধর্থেন্ট গরেছ আরোপিত হয়েছে। প্রাথমিক শিক্ষা ব্যবস্থা কেমন ভাবে দেশের সর্বত্র ছড়িয়ে দিতে পারা ষায় তার জনা সমস্ত মহল থেকে চিন্তা সরে, হয়েছে এবং বিভিন্ন ধরণের প্রস্তাব রাখা হচ্ছে। আজকে গ্রামাণ্ডলে প্রাথমিক শিক্ষা ব্যবস্থাকে অত্যন্ত সূত্র্যুভাবে রাখা দরকার—এটা সরকার স্বীকার করেন এবং আমরাও বলি। গ্রামাণ্ডলে প্রার্থামক শিক্ষা ব্যবস্থা পরিচালনা করার জন্য আমরা দেখেছি যে সেখানে স্কুল বোর্ড আছে-বেঙ্গল প্রাইমারী এড্কেসন এট্র অনুসার ষাতে গ্রামাণ্ডলের শিক্ষা বাবস্থা স্কুপরিচালনা করা যায় তার জন্য ঐ বেপাল প্রাইমারী এড়-কেশন এার্ট্ট, ১৯৩০ মধ্যে আমরা দেখেছি যে তার যে ১৪ নং ধারা আছে সেখানে স্কুল বোর্ডগর্মল হবে একটা অটোনমাস বভি। সেই স্কুল বোর্ড নিজে তার নিয়ম কান্ন রচনা করনে এবং সেই স্কুল বোর্ড বাংলা দেশের প্রাথমিক শিক্ষা ব্যবস্থা পরিচালনা করবে। অথচ জেলা পরিষদের যে বিল তার ক্লজ ৩০তে আমরা দেখছি যে সেখানে বলা হচ্ছে যে সেখানে দকল বোর্ড একটা স্ট্যাণ্ডিং কমিটিতে পরিণত হবে। আমরা ব্রুতে পারছি না যে কেমনভাবে অটোনমাস বডিকে একটা ন্ট্যান্ডিং কমিটিতে পরিণত করা যায়। কেমনভাবে এই প্রতিক্রিয়াশীল স্কল বোর্ড-এর মত প্রতিষ্ঠা জেলা পরিষদের মধ্যে গিয়ে তার কাজ সংষ্ঠাভাবে সমাধান করতে পারবে। জেলা পরিষ'দর বিলের ক্লজ ৩৫-তে আছে যে সেখানে জেলা পরিষদের প্রতিটি নির্দেশ তারা কার্যকরী করবে প্রভাইডেড যে কোন ইজ নট ইনকন্-সিসটেণ্ট উইথ দি এফোরসেইড এাক্ট অর্থাৎ প্রাথমিক শিক্ষা আইন, ১৯৩০ সালে যে আছে তার সাথে ইনকন্সিসট্যান্সি নেই এবং প্রতিটি স্তরে জেলা স্কুল বোর্ড তা কার্যে পরিণত করার চন্টা করবে। কিন্ত গোড়াতে আমাদের মনে সন্দেহ জাগছে যে দকল বোর্ডের যে আইন রচিত সেই প্রাইমারী এডকেশন এছি. ১৯৩০-তার মধ্য এমন ধারা নেই যে সেখানে অন্য একটা প্রতিষ্ঠানের দ্বারা পরিচালিত হবে। ইনকর্নাসসট্যান্সি হচ্ছে সেখানে। কাজেই এই रव कन्यों फिक्सन राथारन वला शक्त कक ०५-ए० वला शक्त राय अपन रकान निर्माण भावन করবে না 'যখানে ইনকন্সিসটান্স আছে। কিন্তু এমন কোন প্রভিসন নেই যে জেলা পরিষদ জেলার নির্দেশ অনুযায়ী পরিচালিত হবে। প্রাইমারী এডকেশন এ।ক্ট. ১৯৩০-তার সেকসন ১৪-এতে আমরা দেখাছ যে তাকে অটোনমাস বাঁড হিসাবে ঘোষণা করা হয়েছে। তার সাথে रक्रमा পরিষদের কোন সম্পর্ক নেই বা থাকতে পারে না। সেখানে জেলা পরিষদের সিম্থাত কার্যকরী করতে পারবে 'স সম্পর্কে পরিষ্কারভাবে উল্লেখ থাকার প্রয়োজন। এজন্য এই বিল সারকলেসনে দেবার জনা যে প্রস্তাব এসেছে আমি তাকে সমর্থন করছি এবং আমি মনে করি গতকাল স্বায়ত্বশাসন মন্দ্রী আমাদের সামনে যে সমস্ত কথাগুলি রেখেছিলেন সেই সমস্ত কথাগুলি বাস্ত্রে কার্যকরী করতে হলে এর আমূল পরিবর্তন প্রয়োজন এবং ন্তনভাবে হাউসের সাম ন আনার প্রয়োজন এবং তারপর আলোচনা করে আমরা নৃতনভাবে সিন্ধান্ত ষাতে গ্রহণ করতে পারি সেই সুযোগ আমাদের দেওয়া উচিত।

[1-40-1-50 p.m.]

Shri Curupada Khan:

মাননীয় ডেপ্টো স্পীকার মহাশায়, আমাদের স্বায়ত্বশাসন মন্তি জেলা পরিষদ বিল যেটা জয়েণ্ট কমিটি থেকে এসেছে এবং আজকে এখানে উপস্থিত করেছেন তাতে বিরোধী পক্ষ থেকে অনেকে বলছেন এই বিলটিকে জনমত সংগ্রহের জন্ম আবার কিছ্,দিনের জন্য বাইরে প্রচার করার বাবস্থা করা হউক। তাদের প্রধান আপত্তি এই বিল সন্বন্ধে যেটা সেটা হচ্ছে যে এখানে প্রতাক্ষ নির্বাচনের বাবস্থা করা হচ্ছে না। জেলা পরিষদে প্রতাকটি সভাকে প্রতাক্ষ নির্বাচনের মাধ্যমে নিয়ে আসা উচিত। দ্বিতীয় আরেকটি প্রধান বা মূল জিনিষ তারা বলছেন যেটা সেটা হছ্ছে

সকল বোর্ড সম্পর্কে। আমি এই দটোে জিনিষ সম্বন্ধে আমার বন্তব্য আপনার কাছে পেশ করতে চাই। প্রথম কথা হচ্ছে যে আমরা যারা বিধান সভার সভা রয়েছি তারা প্রত্যেকে প্রাণ্ডবয়স্কদের জ্যেটে নির্বাচিত হয়ে এসেছি সতেরাং প্রাণতবয়স্ক ভোটাধিকার যে কত গরেছপূর্ণ ব্যাপার সেটা আমরা প্রত্যেকে উপলব্ধি করি। কিন্তু এই জেলা পরিষদএর ক্ষেত্রে যে পরিপ্রেক্ষিতে এবং যে উল্লেশ্যে এই জেলা পরিষদ বিল গঠিত হয়েছে যে উল্লেশ্য সার্থক করবার জন্য এই বিলটিকে আইনে পরিণত করতে আমরা চলেছি সেটাই হচ্ছে প্রধান বিচার্য বিষয়। াাজকে অপ্রতাক্ষ নির্বাচনের মাধ্যমে এই জেলা পরিষদ গঠন করতে আমরা চলেছি সেই অপ্রতাক্ষ নির্বাচনের মাধ্যমে যারা জেলা পরিষদের সভা হয়ে আসছেন তাদের ম্বারা এই বিলের উদ্দেশ্য সার্থক হবে কিনা এইটকে যদি আমরা যাচাই করে দেখি তাহলে এর অনেক ঝংঝাট থেকে আমরা বাঁচবো। কেননা সব ক্ষেত্রেই বাস্তবিকই প্রাণ্তবয়স্কদের ভোটাধিকার অভান্ত পবিত্র জিনিষ এই বিষয়ে কোন সন্দেহ নাই। কিন্ত যদি আজকে আমরা বলি যে সব ক্ষেত্রে আমরা প্রাণ্তবয়স্ক ভোটাধিকার চাই এবং সেটা দিয়েই সমুস্ত কাজ আমরা পরিচালিত করতে চাই তহালে মুন্স্কিল হবে। এই জেলা পরিষদ বিল সম্পর্কে বলতে গিয়ে আমি বলতে পারি যে আমরা তো দেখেছি প্রথম যে গ্রামসভা থেকে গ্রাম পঞ্চায়েত গঠিত হয়েছে এগালি প্রাণত-বয়স্ক যারা রয়েছেন তার্দের ভোটে নির্বাচিত হয়েছে। এই সংগে সংগে তারা অঞ্চলএ এসেছেন এবং তারা সংগে সংগে যারা আবার আঞ্চলিক পরিষদে আসবেন তার সংগে সংগে যারা আবার জেলা পরিষ:দ আসবেন এইভাবে চারটা হল। তারপরে এম-এল-এ যারা এম-পি যারা এম, এল, সি যারা হবেন এই রকম ভাবে প্রত্যেকটিই যদি আমরা বলে থাকি যে প্রত্যেকটিতেই প্রাণ্তবয়স্কদের ভোটাধিকারের ভিত্তিতে নির্ব'চিত হয়ে আসকে তাহলে আমাদের যে সরকারী প্রশাসনিক ব্যবস্থা তাকে ভোট নিয়েই থাকতে হবে। তার চেয়ে আমাদের বিলের যে প্রথম এবং প্রধান উদ্দেশ্য রয়েছে যে অমরা আমাদের দেশে যে গঠামূলক কাজ চলেছে সেটা আমাদের এই প্রাদেশিক সরকারের মধ্যে সীমাবন্ধ না রেখে জেলায় যাতে ছডিরে পড়ে যাতে গ্রামের লোকের সংগ্যে একটা প্রতাক্ষ সংযোগ থাকে যার জন্য এই বিলটা আমরা প্রণয়ন করেছি। আসল উদ্দেশ্য সাধিত হয় কিনা সেটাই দেখা দরকার। আমরা দেখেছি জেলা পরিষদ বিলে জেলা পরিষদ গঠন যারা করছেন তাতে সভা হচ্ছেন প্রধানতঃ কারা আঞ্চলিক পরিষদের যারা প্রধান তারা। মাননীয় ডেপটো স্পীকার মহাশয় আঞ্চলিক পরিষদের সভা যিনি সভাপতি হবেন তার সম্বন্ধেও কোন কোন সদস্য সন্দেহ প্রকাশ করে ২লেছেন যে, এই যে আণ্ডলিক পরিষদের যিনি সভাপতি হয়েছেন যিনি সভা পথকে সভাপতি হয়েছেন তাকে আর্ণালক পরিষদের সভা করা হয়েছিল বা অঞ্চলের প্রধান যিনি হয়েছেন ভাঞ্চলের সভা করা হয়েছিল কেবল মাত্র একটি ক্ষান্ত গণিডর মধ্যে কাজ করবার জনা হয়ত তারা যারা নির্বাচন করেছেন তারা সমগ্র জেলার উপরে দায়িত্বভার না দিতে পারতেন, কিন্ত একথাটা আমি তাদের স্মারণ করিয়ে দিতে চাই যে যে আঞ্চলিক পরিষদের সভা রয়েছেন প্রত্যেকটি অঞ্ল প্রধান এম. এল, এ রয়েছেন এম. পি, বা এম, এল, সি যারা রয়েছেন এবং আরও বিশিষ্ট বিশিষ্ট ব্যক্তির: তারা সকলে মিলে যখন তাকে সভাপতি করেছেন তিনি নিশ্চয়ই একটা সাধারণ লোক হবেন না। এত বড গরেতের দায়িত্ব যাকে দেওয়া রয়েছে তিনি নিশ্চয়ই সম্মানের যোগা ব্যক্তির হবেন। দ্বিতীয় কথা হচ্ছে আঞ্চলিক পরিষদের যিনি সভাপতি তিনি তো আঞ্চলিক পরিষদের সভা নিশ্চয়ই। তিনি কি হিসাবে সভা হয়েছেন না তিনি হয় অঞ্চলের প্রধান হিসাবে সভা হয়েছেন কিন্দ্র অধ্যক্ষদের মধ্যে নির্বাচিত হয়ে তিনি এসেছেন। অধ্যক্ষরা নির্বাচন করেছেন একজ**ন** অধ্যক্ষকে, তার থেকে হয়ত তিনি নির্বাচিত হয়ে এসেছেন। এই যে সমস্ত যারা রয়েছেন প্রতা**ক্ষ** ভাবে প্রাপ্ত বয়স্কদের ভোটাধিকারএর ভিত্তিতে তারা নির্বাচিত হয়ে না এলেও একথাটা কি আমরা অস্বীকার করতে পারি যে গ্রামের মান্স যার উপরে আস্থা রেখে গ্রাম পঞ্চায়েত গঠন করেছেন এবং গ্রামের যে বিশিষ্ট বিশিষ্ট ব্যক্তি যার উপর আস্থা রেখেছেন এবং গ্রাম সভার উন্নয়নমূলক কাজগূলি করবার জন্য তাকে অন্তলে প্রেরণ করেছেন এবং অন্তল যার উপর আস্থা রেখে প্রেরণ করেছেন আঞ্চলিক পরিবদে আমরা কি তাদের উপর অনাম্থা নিয়ে আসতে পারি। 🕶 बने हैं जा जानर्स पाति ना । स्मानना जामि अधारन स्नात मिरत क्रेर कथाणे वमरू हारे रव वीमर्स

এখানে আমরা অপ্রত্যক্ষ নির্বাচনকে স্বীকার করে নিয়েছি তব্বও আমরা একথা বলতে পারিনা ষে জনসাধারণএর সংগে তার সাক্ষাত সম্বন্ধ খনে কম রয়েছে। বরং একথাটা অত্যন্ত সতি। य आकरक आभारित रा छेन्नग्रतनत काल bene रा मभण्ड गठेनम्हणक পরিক পনার काल bene তার সংগে আমরা যদি আমাদের চিন্তাধার৷ একটি গ্রামের মধ্যে সীমিত করে রাখি-এই সীমিত চিন্তা ধারায় ব্যাপকভাবে আমরা দেশের কথা চিন্তা করতে পারব না। আমি মনে কবি পঞ্চায়েতরাজ যা আমরা সূত্রি করতে চলেছি তাতে কাজ এবং উপযুক্ত প্রত্যেকটা লোকের রাজ-নৈতিক শিক্ষার প্রয়োজনীয়তা আছে। যদি সে ক্ষেত্রে জেলা পরিয়দের প্রত্যেকটি সভাকে আমরা প্রকভাবে নিব'চন করতে চাই তাহলে কি আপনারা বলতে পারেন—আপনারা কি এই কথাটা স্বীকার করে নেবেন যে তারা তাদের গ্রামকে ছেডে দিয়ে, তাদের অঞ্চলের কথা ছৈতে দিয়ে ব্যাপকভাবে তারা দেশের কথা বা জেলার কথা চিন্তা করবেন তা হতে পারে না। উপরন্ত তাদের প্রতি দেশবাসী আম্থা ম্থাপন করেছে, গ্রামবাসীরা আম্থা ম্থাপন করছে গ্রামের সংগ্রে **७.८५**त चीनके द्वमार्याम ब्रह्माइ सफलात महाम उत्तर चीनके **रमायार्याम ब्रह्माइ व्यर आक्षीलक** পরিষদের সংগে তাদের ঘনিষ্ট যোগাযোগ রয়েছে এবং তিনি জেলা পরিষদের সভ্য হবার জন্য সব জায়গায় কাজ করবার স্ববিধা হবে। আমি মনে করি এম, এল, এ এম, পি থাকার জন্য একটা ঘনিষ্ট যোগাযে গুনুহাছে আর্গুলিক পরিষদে এবং জেলা পরিষদে। এই আর্গুলিক পরিষদের সমস।।গালি এবং জেলা পরিষদের সমস্যাগালি এই বিধান সভার সদসাদের মার্কত যেমন এগুলি এখানে উত্থাপিত হতে পারবে এবং তার দ্রুত সমাধনের সম্ভাবন আমরা দেখতে পাব, তেমনি করে আবার জেলা পরিষদে উত্থাপিত হতে পারবে আণ্টলিক পরিষদের সমস্যাগ লি অঞ্চলের সমস্যাগালি। কান্ডেই এদিক থেকে যে জেলা পরিষদ গঠনের যে পরিকল্পনা নেওয়া হয়েছে তাতে অগ্নি কোন এটো দেখতে পাইনি। দ্বিতীয় কথা হচ্ছে দ্কল বোর্ড সম্বন্ধ্যে যে श्वम्नों छेटोट एम श्राप्तनत यामि अकरो, यालाठना कतरा ठाएँ। म्कृन रतार्ज क ना एराए কেন একে জেলা পরিষদের একটি অংশ করে নেওয়া হল। তাকে কেন বিলোপ সাধন করে দেওয়া হল না। তাকে ভারতিং কমিটি হিসাবে রাখার কেন প্রয়োজনীয়তা ২ল। আজ আপনারা দেখতে পাচ্ছেন দ্বাধীনতার পরে আমাদের হাতে শিক্ষা বিশেষ করে প্রাথমিক শিক্ষা আমরা বাধাতামূলক করতে চলেছি এবং দেশের ভিতরে শিক্ষা যে রকম বিস্তার লাভ করেছে তার জনা একটা প্রথক ব্যবস্থা রাখার প্রয়ে ানীয়তা আছে বলে আমি মনে করি। কেন একে জেলা পরিষদের भारत यात्रायात्र माधन करत ए ७ या इत्याक रक्षणाय या सम्भागानि तत्यक-विवाद सम्भागानि নিয়ে যারা মাথা ঘামাচ্চেন হার। উপায় উদ্ভাবন করছে এই সব সমস্যার। সমাধান করবার জনা তাদের উপদেশ তাদের নির্দেশ এবং তাদের পরামর্শ তারা পাবেন বলেই এই জিলা স্কুল বোর্ড গুলিকে অমাদের জেলা পরিষদের সংগে সংযক্ত করা হয়েছে। জেলা দকল বোর্ড গুলিকে যদি সম্পূর্ণভাবে আমরা বিলোপ সাধন করে দিই তাহলে আজ প্রাথমিক শিক্ষা যেভাবে দেশের মধ্যে বিস্তার লাভ করতে করতে শরে করেছে তাতে জেলা পরিষদের যে বিভিন্ন রকমের কজ আছে সেই কাজের মধ্যে এত বড় কাজ যদি আবার তার মধ্যে বেশী করে দিই তাহলে আজ শিক্ষার যে বিভিন্ন রকম সমসা৷ রয়েছে সেই সমস্যাগলে সমাধানের জন্য নিশ্চয়ই বিলম্ব ঘটার সম্ভাবনা আছে। তাই এই শিক্ষাক্ষেত্রে অনর্থক দ্বন্দটাকে পরিহার করবার জন্য এই স্কল বোর্ডাগ্রনির পূথক অস্তিম্ব যেমন স্বীকার করা হয়েছে তেমনি আবার স্কুল বোর্ডাগ্রনির সংগ্রে এর একটা ঘনিষ্ট সম্বন্ধ নিয়ে এসে জেলার সব রক্ষের উন্নতি তার সংগে প্রাথমিক শিক্ষার যে উর্মাত তার সংগে একটি ঘনিষ্ট যোগাযোগ স্থাপন করবার জনা জেলা পরিষদের সংগে জেলা न्कून বোডের একটা সংযোগ স্থাপন করা হয়েছে। এতে আমার মনে হয় কোন কিছু খারাপ হবে না এতে দুটো কাজ হবে জেলা স্কুল বোর্ডের কাজ এবং প্রাথমিক শিক্ষার কাজ দুটো ভালভাবে চলবে।

[1-50-2 p.m.]

কাজেই এই যে দ্বটি মূল জিনিস সেই দ্বটি জিনিস নিয়ে বিরোধী পক্ষের বন্ধ্দের মন্ত বড় বিরোধ রয়েছে এবং তাঁরা এই দ্বটি মূল জিনিসের ব্যাপারে সন্দেহ প্রকাশ করেছেন। কিন্তু আমি মনে করি তাঁরা যদি ধাঁরভাবে চিন্তা করেন তাহলে দেখবেন প্রকৃতপক্ষে বিলের উদ্দেশ্য ষাতে সার্থক হয় এবং গ্রাম সভা থেকে শ্রের্ করে, গ্রামের অধ্যক্ষ থেকে শ্রের্ করে জেলা পরিধদের কাজে যাতে ঘনিণ্ট যোগাযোগ থাকে এবং গ্রাম এবং জেলার মধ্যে যাতে সংযোগ স্থাপিত
হতে পারে তারজন্য জেলা পরিষদের এই যে কল্পটিটিউসন হয়েছে সেটা খ্র অনায় নয়।
আমি ল্বায়ন্তশাসন মল্লিকে ধন্যবাদ জানাব কারণ তিনি একটা বৈশ্লবিক আইন প্রণায়ন করতে
চলেছেন। এই আইনের ফলে ভবিষাতে পঞ্চায়েত রাজ স্থিত হয়ে দেশের লোকের মনে আশা
আকাঞ্ছার সঞ্চার করবে এবং দেশের উয়য়নের সংগে তাদের একটা ঘনিণ্ঠ সম্বন্ধ স্থাপিত
হবে।

Shri Shambhu Gopal Das:

মাননীয় ডেপটেী স্পীকার মহাশয়, কিছুদিন আগে স্বায়ত্বশাসন মন্ত্রি পশ্চিম বাংলার বিধান সভায় জেলা পরিষদ বিল এনেছিলেন এবং তারপর জয়েন্ট সিলেক্ট কমিটিতে আলোচনার জন্য সেই বিল দার্জিলিং-এ গিয়েছিল এবং দার্জিলিং-এর হাওয়া খেয়ে ঘুরে ফিরে সেই বিল আবার পশ্চিম বাংলার বিধান সভায় এসে হাজির হয়েছে। সেদিন বিলের যে কাঠামো এবং কন্সটি-চিউসন ছিল তাতে একথা অস্বীকার করবার কারণ নেই যে জয়েন্ট কমিটি তার কিছু কিছু পরিবর্তান ঘটিয়েছে এবং সেই পরিবর্তানে ডেমোক্রেসী বেশী পরিমাণে যে বিলের মধ্যে এসেছে সেকথা আমি সম্পূর্ণ দায়িত্ব নিয়েই বলছি। স্যার, স্বায়ত্বশাসন মন্ত্রিমহাশ্য প্রথমে যখন এই বিল এনেছিলেন তথন তিনি খুব গ্রের্গম্ভীর গলায় এবং স্বভাবসিম্প কায়াদায় বক্তুতা দিয়ে-ছিলেন এবং অনেক আশা পোষণ করেছিলেন। গতকাল যুখন জেলা পরিষদ বিল আনলেন তথনও তিনি সংকরভাবে বস্ততা দিলেন এবং তাঁর কন্ট্যুবর শুনে মনে হোল বাংলা দেশের ভবিষাত সম্পর্কে তিনি খুব আশান্বিত। তিনি গ্রাম জীবনে একটা বৈণ্লাবিক পরিবর্তন ञ नातन এরকম কথা বলেছেন এবং গরে পদবাব্ত সেকথা বলেছেন যে গ্রাম জীবনে একটা বৈশ্লাবিক পরিবর্তান ঘটতে যাচেছ। মাননীয় ডেপ্রটি স্পীকার মহাশয়, বিশ্লব এবং বৈশ্লাবিক পরিবর্তন কথাটা অভানত সহজভাব ব্যবহার করা যায় এবং যে কেউ যেভাবে খাশি আলকাল এই কথাগালো ব্যবহার অরতে শির্থ গেছে। যাহোক এই বিল সম্পন্ধ খণ্টিনটি আলোচনা বরবার আগে আমি অপনার মাধামে মন্তিমং।শধের কাছে একটা প্রশন রাখতে চাই। সাার, বাংলা দেশের বহু জ মুগায় পঞ্চায়েত, গ্রাম পঞ্চায়েত এবং অঞ্চল পঞ্চায়েত তৈরী হয়েছে। মাননীয় স্বায়ত্রশাসন্মাল্র একটা নিদিঘ্ট পরিবেশে বাস করেন বলে দার পল্লীর খবর, মানুষের মনস্ত্রের রাখাপে সংযোগ পাননা। পরেশন দিয়েরী নাতন দিল্লী হরোছে কিন্তু হোমের মানা্য পরোন দিল[া]কে যেভাবে দেখত নতন দিল্লীকেও সেইভাবে দেখে। ঠিক তেমনি ইংনেজ আমলের শাসক কড়-পক্ষ গ্রামের মানজেকে যেভাবে দেখত নাতন বাংলার শাসক গ্রোষ্ঠীও সেইভাবে দেখছে। সম্বাক্রিসীর কথা বলা হয়েছে এবং সেই ডেমোক্রেসীকে ডিসেন্টালাইজ করবার জন্য সমগ্র কেলার ডেভেলপ-মেন্ট ওয়ার্ক এবং সর্বাত্মক উন্নতির জন্য এই বিল আনা হয়েছে এরকম কথা বলা হয়েছে। স্যার বিরোধী পক্ষের সদস্য গণতন্ত্রের প্রতি যাঁদের শ্রন্থা ভক্তি আছে তাঁরা আসে এ লাভার অব ডেমোক্সী আডাণ্ট ফ্রানচাইজ-এর কথা বলেন। কিল্ত জেলা পরিষদ বিলে আমরা দেখলাম না যে একজন পার্লায়েন্ট-এর মেন্বার এবং একজন এম এল, এ ছাড়া জেলা পরিষদের দায়িত্ব-শীল পদে যাঁরা থাকবেন তাঁরা প্রত্যক্ষ ভোটে নির্বাচিত হবেন। আমি অবশ্য একথা বলছি না যে জেলা পরিষদের সমুহত সদস্য বা আণ্ডলিক পরিষদের সমুহত সদস্যই অ্যাডাল্ট ফ্রান্চাইজ-এর মাধ্যমে নিৰ্বাচিত হবেন।

মাননীয় ডেপন্টী স্পীকার মহাশয়, যেকথা আমার বলতে আদৌ দিবধা নেই সেটা হচ্ছে অন্ততঃ দ্বের তিন অংশ মেন্বার প্রাণ্ডবয়স্কদের ভোটে নির্বাচিত হোন প্রতাক্ষভাবে, একথাই আমি আপনার সামনে রাখতে চাচছি। তাহলে হয়ত কথা উঠবে আর একটা সাধারণ নির্বাচন-এর অনুষ্ঠান করতে হবে সারা জেলায়। এখানে প্রশ্ন হচ্ছে যদি নৃত্নভাবে চিন্তা করা যায় ভাহলে দেখা যাবে অর একটা জেনারেল ইলেকশনের প্রশ্ন উঠে না। পঞ্চায়েত নির্বাচন যথন হর তথন পঞ্চারেত নির্বাচন এবং জেলা পরিষদের নির্বাচন সেটা একই সংগে সেরে ফেলতে পারেন যেমন আমাদের বিধান পরিষদের নির্বাচনের সময় লোক সভার সদস্য নির্বাচিত করে থাকি।

তারপর ডেপটৌ স্পীকার মহাশয় এই বিল সম্পর্কে আমার যে কথা সে সম্পর্কে আমাদের দলের নেতা ননীবাব, একটা ডিসেন্ট দিয়েছেন। সে কথা হল আণ্ডলিক পরিষদের যিনি প্রেসিডেন্ট হবেন তিনিই জেলা পরিষদে থাকছেন, এবং দেখা যাচ্চে কোন অধ্যক্ষ সেই জেলা পরিষদের মেম্বার থাকছেন। কাজে কাজেই প্রেসিডেন্টের কাজের চাপ সেখানে থাকবে। যে বিভিন্ন বহুমাখী দায়িত্ব সেখানে দেওয়া হয়েছে সেক্ষেত্র দেখা যাবে আঞ্চলিক পবিষদেব যিনি পেসিদেনী তাকে সেখনে অঞ্চল পণ্ডায়েতের প্রেসিডেন্ট হিসাবে অফিসের কাজ করতে হবে, এবং জেলা পরিষদের যে দায়িত্ব সেটাও পালন করতে হবে এবং গ্রামসভায় অধ্যক্ষ মহাশ্যকে ভবল রেস পন সিবিলিটি নিয়ে চলতে হবে। আমি আজকে গ্রামের নিছক মানুষ হিসাবে জানি, গ্রামের মান্যের সংগে যে পরিচয় আছে তাতে জানি, আজকে গ্রামসভার যে অবস্থা —ব স্তব অভিজ্ঞতা থেকে দেখেছি বাংলা দেশের বুশার ভাগ পঞ্চায়েত বেশার ভাগ আঞ্চলিক পরিষদের গায়সভা সম্পূর্ণভাবে ব্যর্থ হয়ে গেছে। একথা অম্বীকার করবার কোন কারণ নেই। শুনলে আপনি আশ্বর্ম হয়ে যাবেন আমি যে এ লকা থেকে নির্বাচিত হয়ে এসেছি সেটা কলকাতা থেকে অনেক দরে, সখানে ইউনিয়ন বোর্ড এবং অঞ্চল পশ্যায়েত নিয়ে ১৪টি ব্যাপার আছে এবং অজস্র গ্রাম-সভার সদস্য মালতঃ সম্পূর্ণভাবে অঞ্চল পঞ্চায়েত প্রধান ২০ ৩০টি ইউনিয়নের যাবা প্রেসি-ডেণ্ট যার৷ পূর্বে ইংরেজ আমাল—ইংরেজের দালালি করেছে তারাই ফিরে আবার পঞ্চায়েতের মেন্বার হয়ে আজ গ্রাম সভার অধ্যক্ষ হয়ে আসছেন গ্রামসভা তাদের হাতে পড়ে কি জ্বদা্য জিনিষ হচ্ছে সেটা আমরা টেণ্ট রিলিফের কাজে জানতে পারি। গম যথন বিলি করা হয় তথন তাদের কাব্দে এটা প্রমাণিত হয়ে যায় যে সম্পূর্ণ বার্থ হয়েছে এই পঞ্চায়েত বাবস্থা। এক্সপেরিমেন্ট করে এ জিনিষ ব্রান যেতে পারে। প্রশ্ন আসে তারপর এক দিকে যেমন জটিলতা সুভিট হচ্ছে অন্য দিকে আমরা দেখবো বাবেম্থা এমনই হয়ে দাঁডাবে যে এইসব অঞ্চল পঞ্চায়েতের প্রধান বা এ ধরনের কেউ. তারাই হয়ত জেলা পরিষদের প্রেসিডেন্ট হয়ে বসবেন এবং ফলে দেখা যাবে অফিসের কাজ চ'লাবার জন্য যে ধরনের কোয়ালিফিকেশন দরকার, সেটা তাদের নেই, সই করতে পারেন না এমন লোক আছেন এবং এই ধরনের লোকই যারা ভিলেজ পলিটিক্স ভাল করে ব্যক্তিন তারাই হয়ত সেখানে বসবেন জেলা পরিষদ হলে, এবং এক্সপার্ট লোক যারা তাদের সংগ্রে ঝগডা-ঝাটি করবেন এবং তাঁরাও হয়ত ইন ফ্রয়েন্সড হ'্য যাবেন। এ দিকটা চিন্তা করতে বলছি। বিলে যে ডেভেলপমেন্টের কথা সেটা সর্বাত্মক। শিক্ষা থেকে আরুভ করে সানিটেশন রুস্তা তৈরী সবই আছে।

[2--2-10 p.m.]

এখন জেলা পরিষদের হাতে জেলার উল্লাত্তির ভার দেওখা হল। কিন্তু সংগ্রে সংগ্রে কতক্র্যালি বাস্তব দিক আমি আপনার সামনে রাখতে চাই যেমন পি ডবলিও ডি বলে গভর্ণমেন্টের ডিপার্টমেন্ট আছে, আর ডবলিউ, এস ডিপার্টমেন্ট আছে যাদের গভর্ণমেন্টের সাথে ডাইরেক্ট যোগাযোগ আছে। তারা নিজের দায়িতে জল দেবার চেণ্টা করে। পি ডবলিউ ডি নিজের দায়িত্বে কাজ করে থাকে। এদের সংগে এমন তানেক ফের আসবে যেখানে জেলা পরিষদের যে কর্মসংগী তার সংগ্রে বিরোধ বে'ধে যাবে। বিভিন্ন মহক্ষায় দেখা যাচেচ আরু ডবলিউ এস'র কর্মচারী যারা আছে তাদের সংগে রকের ঝগড়া বে'ধেছে। কাজে কাজেই ভেলার উন্নতির জন্য লোকাল ডেভেলপমেন্টের জনা কার কতটকে কাজ এই যে দৈবত এাডিমিনিসণ্টেসান এ সম্পর্কে भूम्भिष्ठे निर्दर्भनामा रक्तना भीत्रयम विलात मार्था आছে वर्तन आमि ठिक मरन कहरू भावीष्ट ना। তারপর সকলেই স্কল বোর্ডের কথা বলেছেন। আমরা এই কথা বলি না যে বাংলা দেশে আজ যে সমগত দকল বোর্ড আছে সেগুলি আমরা সম্পূর্ণভাবে সমর্থন করি। আমরা জানি অনেক কেলেংকারী তাদের সংগে জড়িত আছে। কিল্ত তা সত্তেও আমি এই কথা বলতে পারি যে মোটের উপর স্কল বোর্ড একটা অটোনমাস বড়ি কেন না সায়ত্বশাসন মন্দ্রি এটা স্বীকার করেছেন। একটা অটোনমাস বডি যদি আর একটা অটোনমাস বডির অংশ হয়ে দাঁভায় তাহলে আমি অনেক উকিল বন্ধরে সংগ্রে আলোচনা করে দেখেছি এই নিয়ে হদি আদালতে মামলা হয় তাহলে তাহলে শৈলবাবরে জেলা পরিষদ আইন বাধা প্রাণ্ড হবে। একটা অটোনমাস বডি যদি আর একটা অটোনমাস বডির পার্ট হয়ে দাঁডায় তাহলে বে আইনগত বাধা সেই আইনগত বাধাকে

তিনি এড়াতে পারবেন না। আমি প্রাইমারী এড়কেশানের বিপক্ষে কোন কথা বলতে চাই না। ক্রিক্ত আইনের দিক থেকে একটা স্বতন্দ্র সংস্থাকে কিভাবে আর একটা স্বতন্দ্র সংস্থার মাধামে বলেছেন যে এই বিল আনা হয়েছে গ্রাম্য জীবনে একটা বৈশ্লাবিক পরিবর্তন আনার জনা। বৈশ্বাবিকের মানে যাই হোক মান ধের অর্থনৈতিক অবন্ধার দিক তাকিয়ে দেখতে হবে। আজকে বাংলা দেশের গ্রামগ্রলির অর্থনৈতিক চেহারটো কোন্খানে আছে সেটা দেখতে হবে। শ্রে তাদের হাতে গণতন্দ্র লাড়রে মত তলে দিলে হবে না। তারা রক্তের সংগে এই জিনিসটাকে যাতে গ্রহণ করতে পারে সে দিকে যদি ভাল করে নজর না দেওয়া যায় তাহলে কিছ হবে না। এস কে দেএর বইতে একটা কথা আছে কলোনিয়নাল র লাররা চলে গেছে বটে কিল্ড তাদের ত্যাডমিনিস্ট্রেসান আজো আমাদের দেশে রয়ে গেছে। গ্রামীন অর্থানীতি আলোচনা করলে দেখা যায় দরিদ্র মানুষ নানা অর্থনৈতিক অক্টোপাশের মধ্যে বাঁধা অংছ। দরিদ্র পেজ্যান্ট মোডল মাত্রুবদের সংগে ওতপ্রোতভাবে জডিয়ে আছে। গ্রামের দরিদ্র মানুষ যারা টেস্ট রিলিফের কাজ করে নিজেদের জীবিকা নির্বাহ করে তারা কোর্নাদন জেলা পরিষদে আসতে পারবে না ইংবাজ আমলে যেমন স্বার্থাপেবধী এক ধরনের লোক গরীব মানুষের মাথায় হাত বুলিয়ে চিরকাল খবরদারী করে এসেছে, যারা জমিদার জোতদার বেনামে যারা জমি রেখেছে তারাই এই গ্রাম পঞ্জায়েত দখল করবে, অঞ্চল পঞ্চায়েত দখল করবে, তারাই জেলা পরিষদ দখল করবে। সেই পুরোন মদ আবার নতুন বোতলে ঢালার বাবস্থা হয়েছে। পণ্ডায়েত অনেক জায়গায় হয়েছে, কিল্ত বাস্ত্রে আমরা যা দেখলাম তাতে গ্রামের মানুষের সংগে তার কোন যোগাযোগ নেই। গ্রামে অর্থনৈতিক ডেমোক্র্যাসি নেই। সেখানে যদি অর্থনৈতিক গণতল্য না থাকে তাহলে গ্রামের যারা জ্যোতদার জেলা পরিষদ তাদের দুখলেই থাকবে, ভূমিহীন গরীব কৃষকদের তাতে কিছু উপকার হবে না। আপনি সেখানে ভাইটালিটি আন্নন, তাদের অর্থনৈতিক অবস্থার উন্নতি হোক, মজ্রুরদের জীবনে ভরসা আস্কুক। সেখানে যদি গণতক্ত না আসে তাহলে গণতক্তের উদ্দেশ্য বার্থ হবে, শৈলবার, শিব গড়তে গিয়ে শেষ পর্যন্ত বাঁদর গড়ে তুলবেন।

Shri Sudhir Chandra Das:

মাননীয় ডেপটী স্পীকার মহাশয়, এই জেলা পরিষদ বিল সিলেক্ট কমিটি থেকে পাস হবার পর তাব যা রূপ পড়ে দেখলাম সেটা দেখে আমি এটকে খবে জোরের সংগে বলতে পারি আমাদের স্বায়ত্ব-শাসন বিভাগের মন্ত্রিমহাশয় আচার্যভাবের ভাবে বিভোব কিনা জানিনা মাখামান্দী মহাশ্য ত যথেষ্ট বিভার হয়ে যান। ভারেজী গান্ধিজীর শিষা, গান্ধিজী যে পঞ্চায়েৎ রাজেব কলপনা করেছিলেন সেই পঞ্চায়েৎ রাজের মৌলিক নীতি এর মধ্যে যথেষ্ট ক্ষাম করা হয়েছে। এমন একটা জেলা পরিষদ গঠনের চেণ্টা করা হয়েছে সেটাতে কেবলমাত্র আমলাতাশ্তিক রূপ পরিষ্ফুট হয়ে উঠেছে, আমলা রাজ প্রচেণ্টা করবার আয়োজন হয়েছে এবং ক্ষমতা বিকেন্দী করণের যে কথা অত্যন্ত জোর গলায় বলেছেন সেখানে ক্ষমতা কেন্দ্রিকরণ করে একেবারে আমলা-তক্ষী করণ করা হয়ে গেছে-সেটা কতকগলি ধারা দেখলে ব্রুতে পারবেন। জেলা বোর্ড যে আইন ভাতে পূর্ণ গণতান্তিক রূপ প্রকাশিত হয়েছে সেথানে মনোনয়ন ছিলনা। মনোনয়ন গণতাল্কি প্রতিষ্ঠানে কথনও থাকতে পারেনা। শৈলবার, একটা নতন বাাখ্যা দিতে পারেন কিল্ডু অত্মরা তা স্বীকার করতে রাজী নই। গণতালিক প্রতিষ্ঠানে মানান্যন কেন থাকবে? 8 क्रांक आह्य स्मारसम्बद्ध महानासम्बद्धाः करा १ वर्षः । निवकीसकः स्क्रमा । नास्परित स्थ अधिकास विश्वन জেলা পরিচালনার ক্ষেত্রে সেই অধিকারের উপর কোন সরকারী কর্মচারী কোন প্রকার হসতক্ষেপ করতে পারতো না। এখানে একটা একজিকিউটিভ অফিসারকে তাদের ঘাড়ে চাপিয়ে দিয়েছেন সম্পর্ণভাবে সরকারী প্রভাবে পরিচালিত করবার জন্য। গাম্পিজী কি এটা চেয়েছিলেন। গান্ধিজী চেয়েছিলেন জনগণের স্বতঃচ্ছার্ত দাবী এবং ইচ্ছা যেটা প্রকাশিত হবে তাকে কাজে রূপ দিতে। এখানে একটা একজিকিউটিভ অফিসারকে জেলা পরিষদের উপর চাপিয়ে দেয়া ইছে, তিনি কন্টোল করবেন সমুহত অফিসারকে। যাকিছ, প্রোগ্রাম এবং পরিকল্পনা তারা একজিকিউট করবেন তার উপর একজিকিউটিভ অফিসারের কন্টোল থাকবে এবং এমন ক্ষমতা দিয়েছেন যে । অংশ সদস্যের কম হলে একজিকিউটিভ অফিসারকে আর সরানো যাবেনা অনাম্পা প্রস্তাব এনে। এটা একটা অম্ভুং প্রস্তাব বলে আমি মনে করি এবং এখানে প্রোপ্রির সরকারী নিয়ন্দান রাখা হয়েছে। তারপরে পণ্ডায়েং রাজের যে মূল কথা কর্তৃত্ব বাজেট পাশ করবার তা হাম পণ্ডায়েতের নেই, যেমন গ্রামসভার নেই, অঞ্চলের নেই, জেলা পরিষদেরও তেমন বাজেট পাশ করবার সম্পূর্ণ চূড়াম্ত ক্ষমতা নেই সেটা স্টেট গভর্নমেন্ট কেড়ে নিয়েছেন। এর নাম কি গণতান্দ্রিক জেলা পরিষদ যে বাজেট পাশ করবার পরিস্পূর্ণ অধিকার নেই—একজিকিউটিভ অফিসার দিয়ে সমস্ত অফিসারদের কন্টোল করে সরকারী প্রভাব রেখে দেবার পরিস্পূর্ণ আয়োজন এতে রয়েছে। কাজেই তাদের গালভরা গণতান্দ্রিক জেলা পরিষদ এটা আমরা কথনও স্বীকার করতে পারিনা। চেয়ারম্যান এবং ভাইস চেয়ারম্যানের ক্ষেত্রেও এই ধরণে কেড়ে নিয়েছেন।

[2-10-2-20 p.m.]

যদি সেই সেকসন ৭(১) (এ) তে যা আছে

is incapable of exercising his powers performing his functions or discharging his duties

এই যে ভেকটা তাতে বলি যে ভালভাবে দলবাজী হবে কিন্তু যদি একথা বলা থাকে বে শ্ব্ব wilfully neglects or refuses to carry out the Government order or direction. তাহলে এটা ব্ৰি যে ইচ্ছাকৃতভাবে সরকারী নির্দেশকে যদি অমান্য করে তাহলে একটা চার্জ্ব আসবে। কিন্তু এই যে

incapable of exercising his powers and functions and discharging his

ভারা এটা করছেন কি করেন নি অবশা ভার দায়িত্ব গভর্নমেন্টের আছে-কিন্ত করছেন কি করছেন না অর্মান সরকার তার ক্ষমতা কেডে নেবে ৩াকে সরিয়ে দেওয়া হবে এই দলবাজী করবার ক্ষমতা পরিপূর্ণ রাখা হয়েছে। যদি তার দল হেরে যায় সংকারী দল অর্থান তাকে সরিয়ে দেবার বাবস্থা করা হয়েছে বলে মনে করি। আমি মনে করি এটা প্রতিক্রিয়াশীল ধারা। আমরা চাই স্কলবোর্ড তলে দেওয়া হোক—একথা অনেকে বলেছেন। এটা ফতান্ত িন্দনীয় প্রতিষ্ঠানে পরিণত হয়েছে যে একটি মাত্র দল আপনি খৌজ নিয়ে দেখন-যে একটি মাত্র কংগ্রেস দল সেখানে আছে আর অনা কোন দল নেই। এটা গণতান্ত্রিক রপেকে নন্ট করে অগণতান্ত্রিক রূপ ধারণ করেছে। তাই আমি অনুরোধ করবো যে এই শিক্ষা বোর্ডকে বিলোপ করে দিন এবং প্রাইমারী এড়কেশন এনক্ট বিপিল করে জেলা পরিষদের হাতে সমস্ত ক্ষমতা जल जिन जारज विद्वाधी में एलेंद्र लाक थाकर **এव** जना मत्ना**जावाश्र** लाक खर**े आ**दि। এবং এই যে দলীয় দৃংণীতি তা আর বাড়বার স্থোগ থাকবে না। এই যে প্রতিটি জে**লা** বোর্ডে দুর্ণীতি চলেছে সেটা বন্ধ হবে। আর একটা কথা মিউনিসিপ্যালিটির চেয়ারমাানকে নিয়েছেন। জানি জেলা বোর্ডে-এর মধ্যে মিউনিসিপার্লিটি পড়ে কিল্তু এটা ব্রুলাম না যে এদের জেলা পরিষদে আনবার কি যুত্তি আছে। এই রকম নানানভাবে এমন একটা পরিষদ খাড়া করছে যাতে প্রতাক্ষভাবে জনসাধারণের নির্বাচিত লোক নেই। এ এক অশ্ভূৎ চরিত্রের বিল। অবশ্য শুধু অধ্যক্ষ আছেন প্রতাক্ষ নির্বাচনের মাধ্যমে। আমরা তাই চাই বে—আমার পার্টির থেকে যে বলা হয়েছে—যে ইলেকটোর্যাল কলেজ করে গণভোটের মাধ্যমে আসতে দিন। অন্তত ইলেকটোর্যাল কলেজ করে গ্রাম পঞ্চায়েত এবং অঞ্চল পঞ্চায়েত তদের যে ভেট আছে তার মধ্যে থেকে আনসক্র অন্ততঃ ১০.১২ জনকে—চেণ্টা কর্ন তাহলে কিছু ভাল লোক প ওয়া যাবে—বাইরের যোগ্য যারা পঞ্চায়েতে দাঁড়ায়নি এমন লোক স্বযোগ পাবে। রকগ্নিলর এরিয়া থেকে লোককে নির্বাচন করে আন্দ তাহলে একটা ভাল প্রতিনিধিত্ব হবে বলে মনে করি। নির্বাচনের এলাকা আরও বৃহস্তর বর্ন তাতে আরও ভাল হবে। অমি আর একটা অনুরোধ করছি যে খাজনার ব্যাপারে। গ্রাম পণ্ডায়েতকে খাজনার কতটকে অংশ দেওয়া হবে তা কিছুই দেন নি। আপনি জানেন সাার অঞ্চল পঞ্চায়েতের ফাণ্ড নেই—খোঁজ নিয়ে দেখন অঞ্চল পঞ্চায়েত—অচল হয়ে বসে আছে ফাংসান করতে পারছে না। জেলা পরিষদের এই সামিত ফাল্ড তা যে কত দেবেন তা বলছেন না। অ.পনি উড়িষা, পাঞ্জাব, ইউ পি-তে দেখন সব জায়গায় দেখতে পাবেন ১৫ পারসেন্ট, কোথায় ২৫ পারসেন্ট, কোথাও ৩০ পারসেন্ট—একটা খাজনার অংশ কত পাবে তা নিদেশ করে দেওয় আছে। আগি অনুরেধ করবো যে ঠিক সেই রকম জেলা পরিষদের হাতে খাজনার কত অংশ তারা পাবে তার একটা পরিব্দার কথ আপনি বলুন তাদের কি ফাল্ড হবে এবং তাতে কিছু স্ন্বিধা হতে পারে আর তা নাহলে গণতলার নাম নিয়ে যা চলাবার চেন্টা করে যাছেন তা বার্থ হবে এবং গাল্ধজীয় যে পঞ্চয়েং রজ-এর কল্পনা আপনারা চেথে দেখছেন এই রংগীন স্বংশ সম্মত নন্ট হয়ে যাবে।

Shri Jaharlal Banerjee:

माननीय উপाधका महाभय आमि नर्वश्रथम माननीय भन्ती भिन्तवाद्धक धनावार कानांकि व्य তিনি এই রক্ম একটা প্রগতিশীল বিল আন র জনা। তাঁকে ধন্যবাদ জানাচ্চি এই জন্য যে কংগ্রেস স্বাধীনতা আন্দোলন এর সময় যে প্রতিশ্রুতি মানুষকে দিয়েছিল যে যদি কোন দিন কংগ্রেস শাষণ ক্ষমতায় অধিষ্ঠিত হয় তাহলে সে সমস্ত ক্ষমতা নিজের মধ্যে সীমাবন্ধ না রেখে সমুহত ক্ষমতা জনমানবের মধ্যে ছডিয়ে দেবে। আজকে শৈলবাব, এই বিলটার মাধ্যমে প্রতিশ্রতি অক্ষরে অক্ষরে পালন করতে চলেছেন। কংগ্রেস ১৯৫০ সালে ২৬এ জানুয়ারী কংগ্রেস সরকার যে গঠনতন্ত্র তৈরী করেছিল এবং যে গঠনতন্ত্রে মাধ্যমে জনর জ এবং গণরাজ তৈরী করেছিল সেই গণরাজ্যের একটি বলিষ্ট পদক্ষেপ আজকে দেখাদিল এই বিলটার মাধামে। এই বিলটা একটি জয়েন্ট কমিটির মাধ্যমে গিয়েছিল সেজনা আমি প্রথমে মনে করেছিলাম যে যেহেত সেই জরেন্ট কমিটির মধ্যে প্রতিদলের প্রতিনিধি ছিল সেইজন্য এটী বিতক্মলেক বিল হবেনা বলেই আমার ধারণা ছিল। কিন্ত এখন দেখা য'চ্ছে যে অবজেকশান তারা দিয়েছিলেন সেগ্রলি পড়ে দেখেছি একমাত্র প্রত্যক্ষ নির্বাচন ছাড়া মোটাম্টিভাবে এই বিলটিকৈ তারা অভিনন্দন জ্ঞ নিয়েছেন। কিন্তু আজকে প্রত্যেক দল থেকে নানান ফ্যাকরা তলে বিলটীর নিন্দা করা হয়েছে। সবচেয়ে বঁড যে আপত্তি জানান হয়েছে সেটী ডিজ্মিক্ট স্কুল বোর্ড সম্বশ্ধে। ডিজ্মিক্ট স্কুল বোর্ড সম্বন্ধে আমি দেখেছি কমিউনিষ্ট পার্টির সনংবাব, ফরোয়ার্ড ব্লক এর ভত্তিবাব, এবং পি এস পি-র সুধীর বাবু প্রভৃতি সবাই হায় হায় করেছেন বুঝি বা সব গেল। তারা ভলে যাচ্ছেন –এমন কি অধ্যাপক শুভুবাব্ও বলেছেন এই যে স্কুল বোর্ড এখানে একটি বড় লিম্ট দেবিয়াছেন নমিনেটেড মেম্বারের কিন্তু তিনি হয়ত ভূলে গেছেন বা ইচ্ছা করে ভলে গেছেন যে এখানেতে নমিনেটেড ছাডাও নির্বাচিত প্রতিনিধিত এনেক আছেন এবং তরেও লোকের ভোটের ম্বারা নিবাচিত হবে। প্রত্যেক সাব-ডিভিমান থেকে দুইজন আমি শিক্ষক প্রতিনিধর कार्ष्ट मित्रतार्श नित्रपत्न कत्रव या मत्त्रत क्याला मत्त एएल तथाल छान छ। এই तक्या करत প্রকাশ করবার কোন অর্থ হয়না। কারণ আঘর জানি যে পশ্চিমবংশে যতগালি স্কুল বেড়া আছে প্রত্যেক জায়গায় নির্বাচনে তারা প্রতিশ্বন্দিতা করেছেন এবং বিফল মনোবণ হয়ে তারা ফিরে এসেছেন। সেই জনলাটা যেটা পেল্ম সেটাকে প্রতিয়ে দেওয়া ভাল-এই নীতি <mark>নিয়ে</mark> তারা অগ্রসর **হয়েছেন।** অমি তাদেরকে ধৈয়া ধরতে বলব কারণ জনসাধ বণ যদি তাদের না চায় তাহলে কংগ্রেস সেজন। দায়ী নয়, তাদের নীতিই তাদের জনা দায়ী। আমি সবিনয়ে भरन कितरह मिक्कि এই यে म्कन त्यार्ज এই म्कन त्यार्ज श्रामित्व अत्मार्क आत्मन अथारन श्राम भागामान पिरस्रह्मन এवः म्कून वार्ज यान कःशास्त्रत्य अकरो नाम शाह्यत्व। किन्यु रा नह সেখানে নির্বাচিত প্রতিনিধি রয়েছেন। তারা কংগ্রেসের প্রতিনিধি হতে পারেন জনসাধারণ তাদের চান বলেই তারা এসেছেন। এই হচ্ছে কথা। তাদের কি নীতি আমি ব্যথিনা? যেহেতু তার সেখানে মেন্ডরিটি হতে পারেননি অতএব সেটা উচ্চতে যাক তাহলে আমি বলি বিধান সভার তো তারা মের্জারটি হন্নি স্তেরাং এটাকে উচ্ছন্ন দেবার জন্য কেন তারা প্রস্তাব পাশ क्रत्रहरून ना। जात्रभात आदिक्षी कथा वालाहरून स्व शास्त्रत स्व अमन्त अक्षान अधान-अस्त्र সব মনোনয়ন দিয়েছেন কিন্ত স্তিকারের তা নয় জনসাধারণের ভোটের যে সমূহত গ্রাম পঞ্জেতের সভারা হয়েছেন তর্ই তাদের নির্বাচিত করেছেন অতএব যদি কোন দোষ করে থাকেন তারা জানেন আমরা জানিন অবশ্য তাহলে জনস্ধারণই করেছেন তারা তো জন-শাধারণকে কোন দিন বিশ্বাস করেন না। কারণ তারা সব সময় মনে করেন যে টাকা দিয়ে ভোট

रक्ना यात्र मिकना जात्रा क्रनमाधात्रगटक विश्वाम करतनना वरले जाएन প्रजिनिधिएन विश्वास क्रवाहन ना। এখানে শम्छवाद, এবং আরও অনেকেই নানান কথা বলেছেন তাতে জনসাধারণই প্রত্যক্ষভাবে বা পরোক্ষভাবে দায়ী অথচ তারাই তাদের নির্বাচিত করেছেন। অনেকে रेलकरि ताल कलान मन्द्रत्थ वलाएन किन्छ रेलकरि ताल कलान यो पर नारे किन्छ स्य मन অঞ্চলের প্রতিনিধিরা আসছেন তারা প্রতাক্ষ ভোটের মাধ্যমে আসছেন। অতএব প্রতাক্ষ ভোট নাই অতএব হায় হায় সব গেল এই ভাবে তারা কেন বলছেন আমি ব্যুতে পার্রছি না। তারপর বাহা মহাশয় বলেছেন প্রত্যক্ষ ভোটের দ্বারা হলেও যে কারেমী দ্বার্থ সমস্ত এসে অঞ্চল পঞ্চায়েতে উপস্থিত হয়েছে। আমি জানি তাদের এত হায় হায় করবার উদ্দেশ্য হচ্ছে পঞ্চায়েছ ইলেকশানে তারা সব জায়গায় ডিগবাজী মেরৈছেন। অজকে যেহেত কংগ্রেস সব জায়গায় সংখ্যা গরিষ্ঠতা অর্জন করেছেন সেইজনা তারা হায় হায় করছেন যে সূব কায়েমী স্বার্থের দল চকে পরছে। জনসাধারণকে বিশ্বাস না করার জনাই তাদের এই কথাগুলি প্রতিফলিত হচ্ছে। এক অফিসিও সম্বন্ধে তারা কেন বলছেন ব.মতে প রছিনা। তারা বলছেন এক অফিসিও হচ্চে সবেসবা কিন্ত অমরা জানি যে তা নয় তিনি সরকারী কর্মচারী মাত্র। বিলে প্পটভাবে বলা আছে টাখার্ড মেন্দার অন্ততঃ তার কাজ সন্বন্ধে বিরূপ মনোভাব প্রকাশ করেন এবং সেটা যদি সরকারের কাছে জানান হয় তাহলে সরকার তাকে প্রত্যাহার করে নেবেন। এর চেষে কছ ক্ষমতা জনসাধারণের প্রতিনিধিদের অ'গে কখনও দেওয়া হয়েছিল বলে আমি জানিনা। তারপর সব চেয়ে এই বিলটা সম্বন্ধে এত বেশী কথা বলেছেন তার কারণই হচ্ছে এরা সব বকর নির্বাচনকে ভয় প.ন। সেই জন্মই তারা এত সব কথা বলছেন। আমর: কংগ্রেস দল আমরা এই বিলকে অভিনন্দিত কর্রাছ। জনসাধারণের হাতে অম্বরা ক্ষমতা দিতে রাজী হয়েছি এই জন যে অংমর জনসাধারণকে বিশ্ব:স করি। আমরা জানি যে তারা আমাদের মাণ্টার। আমি শেষ कथा वर्लीष्ट रय देश्लात्म् अफुरकभान विलागे आनवात मध्य उथानकात मन्त्री रामन वर्लाष्ट्रलन উই মাণ্ট টিচ আওয়ার মাণ্টারস টু গভর্ন দেমসেলভূস্ তেমনি আমিও এখানে সেই কথারই প্রতিধর্নি করে বলতে চাই উই মান্ট চিচ আওয়ার মান্টারস টু গভর্ন দেমসেলভূস্ তাদের নিজেদের শাসন করবার জন্য আমরা তাদের এই বিলের মারফ্ শিক্ষিত করে তলব। এট বলেই আমি আমার বন্ধব্য শেষ করব।

[2-20-2-30 p.m.]

Shri Girish Mahato:

মাননীর অধ্যক্ষ মহাশয়. জেলা পরিষদ বিল ষেটা উত্থাপিত হয়েছে তার মূল উদ্দেশ্য হচ্চে জনসাধারণের হাতে ক্ষমতা বিকেন্দ্রীকরণ করে দেওয়া। তাই জনগণের দাবী রাজ্য এবং কেন্দ্রে যে সার্বভৌম ক্ষমতা রয়েছে সেই ক্ষমতা জেলার জনসাধারণকে দিতে হবে। এটা শুধু জেলার জনগণের দাবী নয়, গাল্বিজীর মূল আদর্শ ছিল বি-কেন্দ্রিত আত্মশাসন করতে হবে. সমুস্ত শাসন ক্ষমতার বি-কেন্দ্রীকরণ করতে হবে। আমাদের সামনে যে পঞ্চায়েত রাজ দেখতে পাচ্চি সেই পঞ্চারেতের মধ্যে সার্বভৌম ক্ষমতার অংশ মাত্র নেই। আজ পঞ্চারেত শক্তি বিচ্ছিন্ন হরে রয়েছে। তাই জেলার জনগণের স্ক্রাংবন্ধ শাসন ক্ষমতা চাই। কিন্তু জেলা পরিষদ বিলে আমরা দেখতে পাচ্চি সেই সার্বভৌম ক্ষমতার কোন অংশ নেই। জনসাধারণকে সেই ক্ষমতা দেবার নামে প্রতারণা করা হয়েছে। এই প্রতারণা কেন করা হয়েছে সেকথা আমি আপনার মাধ্যমে বলি। ক্ষমতা বি-ক্রেন্ট্রেন্ডেরে মূল জিনিস তিনটি। প্রথম হোল ক্ষমতার অংশ চাই, দ্বিতীয় হোল প্রতিনিধিম্বের উপযুক্ত ব্যবস্থা থাকা চাই এবং হতীয় হোল পরিচালনার ক্ষেত্রে স্বাধীন এবং স.সংবন্ধ ব্যবস্থা থাকা চাই। এবারে আমরা দেখি জেলা পরিষদ বিলের মধ্যে কি আছে। আমাদের দেশের সমসত শাসন ব্যবস্থা দুইভাগে ভাগ করা রয়েছে এবং তার এক ভাগ সাজোর আর এক ভাগ কেন্দ্রের। আমার কথা হোল রাজ্যের শাসন ক্ষমতার অংশ থেকে ভাগ দিয়ে ততীর ভাগ করা উচিত ছিল, কিন্তু জেলা পরিষদ বিলে সেই সার্বভৌম ক্ষমতা ভাগ করা নেই। এবারে দেখি জনপ্রতিনিধিছের ক্ষেত্রে কি অবস্থা। জনগন চার প্রতিনিধিছ এবং এটা একটা মহান বিষয় এবং জনগণের মৌলিক অধিকার। এই হিসেবে সারা জেলার ব্যুপকভাবে এবং

উপযুক্তভাবে নির্বাচন হওয়া উচিত ছিল: কিন্তু তার বদলে যা হয়েছে সেটা আমরা সকলেট জানি। পণ্যায়েত এবং অঞ্চল পণ্যায়েতের মেন্বারদের মধ্য দিয়ে জেলা পরিষদ তৈরী করা হবে কিল্ড যে পঞ্চায়েতকে মূল ভিত্তি করে জেলা পরিষদ গঠিত হচ্ছে সেই পঞ্চায়েতের উপর ভনস ধারণের কেনে আম্থা নেই। এই পণ্ডায়েত প্রতিনিধিগণের নির্বাচন সরকারী বারস্থার জনসাধারণের কোন আস্থা নেই। এই পণ্ড।রেতের প্রতিনিধিগণের নির্ব:চন সরকারী অব ছিড বাবস্থার মধ্যে তৈরী হয়েছে এবং এই পণ্ডায়েত নির্বাচনের ফলে আমরা দেখেছি যে পণ্ডায়েত একটা সরকারী মন্দ্র স্বরূপ। কাজেই এই পণ্ডায়েতের মাধ্যমে যে জেলা পরিষদ তৈবী হার সেটাও হবে একটা সরক:রী যল্ত মাত্র। এবারে দেখি গ্রাম পরিচালনার ক্ষেত্রে কি অধিকার দেওয়া হয়েছে। আমরা দেখছি এই জেলা পরিষদে যাঁরা নেতৃত্ব বা প্রতিনিধিত্ব করবেন তাঁদের ছেলা পরিষদ চালাবার ব্যাপারে স্বাধীনতা থাকবে না। তাঁদের উপর পরিষদের কর্মকর্তাদের সমুহত কাজ চালাবার যে অধিকার দেওয়া আছে-সেটা হাতীর মাথার অংকশের মত: কারণ এর মধ্যে চালক হরে এক্সিকিউটিভ অফিসার এবং পঞ্চায়েং স্কুপারভাইজার সম্পাদক থাকবেন। जाहरल प्राचा बार्क एकवात क्षक क्षक क्ष्मारावत প्रणिनिधित्तत हाएए रक्षेत्र क्रमण ना जिल्ह स्के ক্ষতা দেওয়া হোল ঐ মানিকজোড়ের হাতে এবং তারাই লক্ষ লক্ষ জনগণের প্রতিনিধিদের পরিচালনা করবেন এবং তাদের পেছনে থ কবে রাজা সরাকারের ইণ্গিত। অনেক মাননীর সদসোরা বলেছেন যে ক্ষমতার বি-কেন্দ্রীকরণ করা হচ্ছে। রাজ্য সরকারের ইণ্যিতে ষেখানে লক্ষ লক্ষ জনগণ পরিচলিত হবে তার নাম কি ক্ষমতার বি-কেন্দ্রীকরণ? তাই আমি আপনার মাধামে জানাতে চাই যে. এই বিলের মারফং জনগণকে অধিকার দেবার নামে ত'দের সংগ্রে প্রতারণা করা হয়েছে। স্যার, এই বিলের মারফং গণতালিক অধিকার যা দেওয়া হয়েছে সেটা যেন ছাতীর ঘোডদৌড এবং সোনার পাথর বাটি। মোটের উপর কথা হে[।]ল এই বিলের ন্বারা জনগণ कान अधिकात भार्यान এवং জেলा भीत्रमहरू अक्रो मतकाती क्रिमात शिमात शिमात कता शक अवर **এ**ই वि*खा*त न्वादा क्रम्माधादशक भामन এवर भाषा करवात तातम्था उसका

[2-30-2-40 p.m.]

Shri Monoranjan Hazra:

भाननीत एक हि स्नीकात भशागत शक्काल थारक बहे विन सम्भारक आरमाहता हरक आलाम्नात अक्यो कथा जामि न जन करत क्लाउ हारे रायो जानक मनरमात मा थ रायक मानरा जामा करतिष्ट्रलाभ किन्छु मूनरा भारोति। এको कथा निराय मूत्र कतरा रहत। त्रवीन्त्रनाथ গর বোগাযোগ লেখবার সময় গোড়াতেই লিখেছিলেন সন্ধ্যাবেলায় দীপ জনালাকার আচে **क**ाल दिलात मलाउ भाकान पत्रकात। देशकायां और स्था भाविष्य विकास विकास सम्यादिकात भी अन्तवात सना. किन्छ भकान दिनाय य मनए भाकान हास शाह स्मार्ग वना पत्रकात। **ध**त জাগে যখন পশ্চিমবঞ্জে পঞ্চায়েত আইন পাশ হয়েগেছে তারপর যখন বিভিন্ন থানার থানার রক তৈরী হয়েছে তখন অভিজ্ঞতার ভিত্তিতে আমরা কি দেখতে পাচ্ছি? কাল শৈলবাব ক্রেপাজিট रैफेनिट्टें कथा वर्त्वाहरून रखें। स्मेरेनियान शिवकाय प्रथमाय। आग्रि स्मेरे मध्य हिमाय ना यीन ভূল করি মন্দ্রিমহাশর আমাকে সংশোধন করে দেবেন। তিন ধাপে আমাদের প্রশাসনিক ভিত্তি - জেলা পরিষদ থেকে আরুল্ভ করে গ্রাম পণ্ডায়েত পর্যদত কন্পোজিট ইউনিট তৈরী হবে, এক**খা** তিনি বলেছেন। এ দিক দিয়ে আমার অভিজ্ঞতা কিন্তু সম্পূর্ণে অন্য রকম। বি ডি 🕏 অফিসাররা বসে আছেন, তার কর্মচারীরা আছেন এবং সেই পণ্ডায়েত নির্বাচনের বিভিন্ন অঞ্চল-গ্রিল ভাগ করা হয়েছে, গ্রামসভা ভাগ করা হয়েছে। কোন কোন জায়গায় এমনভাবে ভাগ করা হরেছে যে এমন চমংকার সৃষ্টি আর কোধাও আছে কিনা জানিনা। যেখানে রাজনৈতিক বিরোধিদলের লোক আছে সেখানে বাড়ীগুলি এমনভাবে ভাগ করা হচ্ছে যে বাতে সে নির্বাচিত না হতে পারে। গ্রামগ্রনিকে এমনভাবে টুকরো টুকরো করা হচ্ছে নির্বাচনে এ ধরণের লোক আসতে পারে। সব চেয়ে মারাত্মক হচ্ছে বি ডি ও অফিসারকে গ্রামে এখানে সেখানে দেওয়া হচ্ছে কি দ ছিউভংগী নিয়ে দেওয়া হচ্ছে সেটা একটা জানা দরকার। আমার কাছে একটা বুক শীল মোহর দেওরা প্রস্তাব আছে আমি পড়ে পড়ে শোনাছি—চণ্ডীতলা রকে জনাই বলে একটা

दैर्छेनियन आरह. स्मथातन छेनयन भरच वतन এको। क्राव आरह। स्मर्ट क्राव्य नाकि किছा छोका एए बहा इत्त भारत एमें इंडेनियानत त्थिमाए का निराहण और कार्यत तार्ष्ये विदेशी कार्य करतन এমন লোক আছেন। অমনি সপো সপো টাকা বন্ধ হয়ে গেল। বকু থেকে প্রস্তাব নেওয়া হল সভাষ বিস্তাবিত আলোচনানেত ইহা স্থিব হয় যে প্রেসিডেন্ট রাষ্ট্র বিরোধী কার্যকলাপে লিম্ড ব্যক্তিদের নাম বি ডি ও-কে গোপনীয় পতের দ্বারা জানাইবেন তাহার নিকট হইতে পত্র পাইলে বি ডি ও তদনত করিয়া, দেখিবেন যে ঐ সকল ব্যক্তিদের উদয় সংঘ হইতে মিটিং করিয়া বিতাডিত করা হইয়াছে এবং তাহার রিপোর্ট বি ডি ও আগামী অধিবেশনে উপস্থিত করিবেন। এই সিম্পানন গভীত ভটল। অর্থাৎ প্রতোক জায়গায় যাকে অব্যক্তিত মনে করা হচ্চে এর প চাপ पिट जाएम्ब সংस्थान निमार करवार अना कार्यो करा राष्ट्र आमि **এको कथा जिल्हामा क**रि বাজা বিরোধী কার্যকলাপ দেখবার জন্য প্রলিশ আছে, সরকার আছে। বি ডি ও এই সব কার আবদ্দ করেছে। এই সমুহত ব্যাপার থেকে যে মৃন্যীমৃন্ডলী তৈরী হচ্ছে তাতে সেখানে যে কা**রে** निर्वाहिक कदात क्रांते स्थलेंहे राजा याएक। अवर अहे स्य निर्वाहतनत छेशत खाला श्रीतस्य हरक সেখানে পরিক্টারভাবে ইন্ডাইরেক্ট ইলেকসান আমরা দেখতে পাচছ। কাজে কাজেই এই জেলা পরিষদ কি হবে? কম্পোজিট ইউনিট যদি এই মত হয় তাহলে আমি বলব যে পরিপূর্ণভাবে भामकाल प्रवृत्त जाँएत चाँछि गाएवात कना এই तक्य विन अन्तर्कन वृद्धिभ प्रमाकावामीता है। জেলা বোর্ড তৈরী করেছিলেন তারও একটা নির্বাচন ছিল। কিল্ত ডেমোক্রটিক গৈলক,ব. এই विद्या मिट्टे शिष्टमान दाथरा भारतन नि। जनमा कानजाम स्य रेममनार, जा भारतन ने। स्थन ছেলে বেলায় পডতাম তখন পাণ্ডব কৌরবে পডেছিলাম-

"আতি ছল অতি খল অতীব কুটিল, ভূমিই তোমার মাত্র উপমা কেবল।"

শৈলবাব, যে কত বড় অগণতাশ্যিক সেটা তার একটা বড় প্রমাণ। তিনি অনেক দিন স্পীকারের পদ जनारक्य कर्द्याष्ट्रलन। তিनि जाँद्र न्निजारक वनाय भारतन नि य मन्त्रीष्ट्र निव ना विनि গণতান্দিক নিদর্শনকে এই রকমভাবে অবহেলা করতে পারেন তাঁর কাছে গণতন্দ্রের আশা করা খবে মান্ত্ৰিল। কাজে কাজেই এই দিক থেকে আমি বলতে চাই যে সন্ধ্যা বেলায় দীপ জ্বালাবাৰ आता प्रकाल दिलाय य प्रलंक शाकान पर्यकार रामें ना करतल राष्ट्र पील पिर्य शामरक छेन्छान करा বাবে না। হিটলার মরে ভত হয়ে গেছে। তাঁর যে সমস্ত শাসন প্রণালী, তাঁর এয়ডমিনিস্টেসানের বে সমস্ত দিক আছে সেই সব থেকে এই সব আমদানী করা হয়েছে। অমি শৈলবাবকে দোষ দিই না, কারণ তিনি অসের অভেক আগে এই বিল তৈরি হয়েছিল। তিনি যখন এই পোর্টফোলিও নিষেছেন তখন তাঁকে এই বিল তলতে হবে। কিল্ড এইভাবে কবলে কিছু তেইগুলতালিক केटनमा प्रकृत रात ना. तेश्वीवक जवन्यः निरंश जामा यात ना. निभवाम भीविभित्रभान जाना बाद ना। जिन निर्वाहतन बार क्यारे करतन। त्रक धात्रवाह ठठा निर्वाहन शरहाह । ठाँ। নির্বাচনে সি পি আই, ক্যান্ডিডেট জয়লাভ করেছে। সেখানে আমানের ডিস্পেন্সারী আছে হাসপাতাল আছে, সেখানে আমরা গঠনমূলক কাজ করি। সেজনাই তো ৩টা ইলেকসান জিত ছারোছ মেজর পার্টি থাকা সম্বেও। সেখানে কোন রক এরির র লোক নেওয়া যায় নি: এমন কি পরাজিত ক্যানডিডেট তিনিও আছেন, কংগ্রেস ওয়ার্কারদের কো-অণ্ট করা হয়েছে। অঞ্চ ভারা গণতান্ত্রিক কথা বলেন যে কো-অণ্ট করা হয়েছে। সেখানে দু'জন কমিউনিন্ট পাটির लाक আছে—এक्জन धम धल ध. मतावश्चन शक्ता. आद धक्कन धौरतन छोाहार्च छौलाव raesi হর্মন। যাদের নেওরা হরেছে তাঁরা হচ্ছেন কংগ্রেসের লোক। ক'জেই গণতন্তার কথা বজা উচিত নর। আর একটা কথা আমি শৈলবাব কে নিবেদন করতে চাই আপনি । নি প্রিটেট वााभावणे क्याप्टन ना रून? कि छन्न जाभनात? ५३ निर्वाष्ट्रनत मायादम वीर रहना भतिवर তৈরি করা হয় তাহলে তাতে এমন কি খরচ বেশী হবে? সেচ্ছাসেবক শিবির করে বে টাকা থরচ করেন ব্রক অফিসার এবং সেখানে যে পাশ্চুরা এবং রসগোল্লা খাওয়ান তাতে একটা এলাকার নির্বাচন হতে পারে কৈছ, অসুবিধা হয় না। এই জন্য বলছি যে নির্বাচন করুন। ধাদ जार्शनक भीत्रवे अनावादक निरंत अवेगे टेलिकमान करा यात्र अवेर स्थान एएक यीन अवेगे মেন্বারকে ইলেট্ট করা যায় এই রকমভাবে জেলার বিভিন্ন জায়গা থেকে তাহলে সেখানে পরিক্ষারভাবে একটা ইলেক্টেড বাঁড হতে পারে এবং অপ্রতাক্ষ নির্বাচনের যে অযোগ্যতা তা এইভাবে দ্বে করা যেতে পারবে। আর একটা কথা হচ্ছে অপ্রতাক্ষ নির্বাচন সম্বন্ধে কেউ কেউ থলেছেন যে আমি এই এলাকার নির্বাচিত লোক আমি আর একটা এলাকার গিয়ে সেখানে প্রভূষ করব এটা হয় না। সেখানে আমাদেরও কথা হচ্ছে আমি এক জায়গায় নির্বাচিত হরেছি ঠিক, কিন্তু আর একটা জায়গায় গিয়ে সেখানকার জন মতের উপর প্রভূষ করব এতে ম্নিক্ষল আছে। সেজন্য বলি নির্বাচন আন্দ্রন সব গোলমাল মিটে যাবে এবং পঞ্চায়েত রাজ্ব যেটা আমাদের সংবিধানের উদ্দেশ্য শৈলবাব্ব বলেছেন আমরা যেন সেই উদ্দেশ্যকৈ অভিনন্দন জানাই স্বাগত জানাই আমরা সবাই মিলে এটা করব।

[2-40-2-50 p.m.]

আপনাদের হাতে গভর্নমেন্ট রয়েছে, আমরা সেখানে দাঁড়িয়ে আপনাদের পরিবংশনা কার্যকরী করবার চেন্টা করতে পারবো। নির্বাচিত প্রতিনিধিদের যদি থাকতে দেন তাহলে জনসাধারদ আরো বেশীভাবে আসতে পারবে এবং আমাদের দেশ গঠনের কাজে, উৎপাদনের কাজে, উয়য়ণের কাজে সমসত কাজে তাঁরা এগিয়ে আসতে পারবেন—যদি নির্বাচন করেন আর তা নাহলে কি হবে, এই গ্রাম পঞ্চায়েং, অগুল পঞ্চায়েং, আপ্রলিক পরিষদ এবং জেলা পরিষদ এই চার থাক অফিসের মধ্যে গ্রামের লোক অক্টোপাসের বংখনে বাঁধা পড়বে। এবং তারা হাঁপিয়ে উঠবে। একটা সামানা ব্যাপার নিয়ে গ্রামসভার হল না অঞ্চল পঞ্চায়েও পেল, তারা বল্লো আমাদের বাাপার নার, আর্ফালক পরিষদের কাছে গোল, তারা বল্লো আমাদের বাপার নার—জেলা পরিষদের কাছে আবার সেটা ফিরে এলো। এমনিভাবে চার থাক শাসনের মধ্যে জনসাধারণ হাঁপিয়ে উঠবে। বাস্তবে এর ভাল দেখতে পারলে আমরা স্বীকার করবো, তা নাহলে এরকমভাবে এই চার থাক শাসন বাবস্থা রাখার কোন মানে হয় না। মূল কথা হচ্ছে এটা যা করছেন, এই অপ্রতাক্ষ নির্বাচনের মাধ্যমে যে জেলা পরিষদ তৈরী করছেন সেই জেলা পরিষদের ক্ষমতা সম্বন্ধে অনেক্ষেই বলেছেন, অনেকে ১৬ ধারার কথা উল্লেখ করেছেন যে ছেট গভনামেন্টের অনুমতি ব্যাতিরকে, রাণপ্রভাল বাতিরেকে কোন স্বীম কার্যকরী করা যাবে না এবং সেখানে আমি বলবো যে নিশ্চয়ই ম্রাস্কল হবে। যদি আপনাদের বিরোধীদল মনোনীত কোন জেলা

ওঠে সেখানে ভেট গভর্নমেন্ট সেটাকে স্পারসীড করার রাস্তা বহাল করবেন। শৈলবাব, এ বিষয়ে খ্র দক্ষ, তিনি মন্দ্রী হবার পর বাংলাদেশের বহ্ জারগার মিউনিসিপ্যালিটিতে তিনি স্পারসেসনের হাত লাগিয়েছেন, তিনি সব জারগার জনপ্রতিনিধিদের অধিকার কেড়ে নিচ্ছেন। সেখানে ১১টার সীটের মধ্যে ১১টা নেরা হয়েছে, ১০টা সীটের মধ্যে ১০টা নেরা হয়েছে। এসব মিউনিসিপ্যালিটিগ্রিলকে কেড়ে নিয়েছেন ইমার্জেস্পীর স্যোগে এই শাজেস্পীর স্যোগে বটীশ সাম্লাজাবাদীরা যে বিল আনতে সাহস করে নি, নির্বাচন অপরিহার্শ বলে যাদের মেনে নিতে হয়েছিল তার চেয়ে ঘৃণ্য অস্বাস্থ্যকর বিল তিনি নিয়ে আসছেন। এর উদ্দেশ্য মহৎ, আমি তাকে সমর্থন করি কিল্টু যতক্ষণ না একে সংশোধন করা হছেে ততক্ষণ এক ঘৃণ্য বিল বলে আমি আখ্যায়িত করছি এবং আমি আশা করি মাননীয় শৈলবাব, এখানে বে সমন্ত সংশোধন অসরে সেই সংশোধন সম্বন্ধে যখন রুজ বাই কুজ আলোচনা হবে তথন তিনি সেগুলি গ্রহণ করবার চেণ্টা করবেন। আমার কংগ্রেস দলের কাছে আনেদন আবার আপনারা শাটী মিটিং-এ বসুন, আজকে একটা গণতান্ত্রিক চেতনা স্থিত করার জন্য, দেশের একটা বে গণতান্ত্রিক ঐতিহ্য আছে তার ধারাবাহিকতা কজায় রাখবার জন্য আপনারা আর একবার বসুন, বসে এই বিলটা আলোচনা করে পরিক্লাকভাবে একটা সম্প্রিকিত বিল নিয়ে আস্বন যে বিলের মধ্যে দিয়ে মানুষ আশার আলো দেখতে পাবে, এই হচ্ছে আমার কথা।

Dr. Radhakrishna Singha:

মাননীয় উপাধ্যক্ষ মহাশগ্ৰ, আজকে যে জেলা পরিষদ বিল এই সভায় উপস্থাপিত হয়েছে সে সম্বন্ধে আমি কতকগ্রিল কনন্দ্রীকটিভ সাজেসান মন্ত্রীমহাশয়কে দেব আপনার মাধামে। সিলেক্ট কমিটির মধ্য দিয়ে এর ত্রটি বিচ্যুতি অনেক দ্র হয়েছে এবং অনেক গ্রুত্বপূর্ণ পরিবর্তন এনেছেন সিলেক্ট কমিটি। এটা পড়ে আমি ব্যুক্তে পেরেছি যে ৩৬ জন সদস্যের মধ্যে ৫ জন নাট ব্দর ভিসেণ্ট দিয়েছেন, বাকী ৩১ জন এর পক্ষে মত দিয়েছেন। আমরা জানি যে পঞ্চায়েতী ব্যবস্থার সহিত মিল রাখবার জন্য জেলা পরিষদ বিল আনা হয়েছে এবং ভারতবর্ষের অনেক রাজ্যে এর কাজ চলছে এবং এটা আরম্ভ হয়ে গেছে। আমি কতকগ্নিল সাজেসন দিছি—৪ নং ধারা সম্বশ্যে আমি বলছি যে বিভিন্ন কো-অপারেটিভ সংস্থা যে আমাদের দেশে রয়েছে, তাদের মধ্য থেকে একটা ইলেকটেড রিপ্রেজেনটেটীভ নেবার জন্য আমি অনুরোধ করছি।

সিডিউল্ড কাণ্ট ফিমেল যেটা বলছি এই কারণে বলছি যে ওদের পরে,বেরো তো আমাদের মত হরে গেছে কিন্তু মেরেরা এখনও সে রকম হয় নি। তাই আমি মেরেদের তরক ধেকে অনুরোধ করবো যে একটা মেরে সিডিউল্ড কাণ্ট নেবার জন্য। ১০নং ধারা ২নং উপধারার আপনি বলেছেন যে যদি কোন লিগ্যাল প্রাকটিসনারস

"If a member acts as a lawyer against the Zilla Parishad in any legal proceedings to which the Zilla Parishad is a party he shall cease to be a member. It is an affair against a professional man."

স্থামন আপনি বলেছেন যে গণতন্দ্রের বিলপব আনছে—সেখানে অন্যের অধিকার থেকে বণিত করছেন—এটা এমেন্ড করতে বলছি। ২৬-এর/এ-তে যে সমস্ত অফিসার বা এমন্লিয়িকে আপনারা ইচ্ছামত ছাটাই করতে পারবেন সেখানে আমি বলি

Opportunity should be given to the officers and employees concerned to explain their cases.

৩০নং-এতে সেল্ফ গভর্ণিং-স্কুল বোর্ড তার মধ্যে বলজেন বে এই কথা এটা করে পরে আমি তা জানি না। মাননীয় সদস্য কি করে করেছেন যে সেল্ফ গভর্ণিং বডি কি করে একটা ন্টানডিং কমিটি হিসাবে কাজ করতে পারে? স্তুরাং.....

দি অনারেবল শৈল কুমার মুখার্জি: মাননীর ডেপ্র্টি স্পীকার মহাশর, আমি আপনার দ্বিত আকর্ষণ করছি যে ধারাবাহিকভাবে যখন আপনি ক্রজ বাই ক্রজ আলোচনা হবে তখন বলবেন এবং তাতে উনি উত্তর পেতে পারবেন।

ভাঃ বাৰাকুক সিংহ: আমি তবে তাই বলি-মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমি বলবো এয়াই বা আছে তার ৫৫নং ধারা যা আছে তাতে বলি যে এই জেলা পরিষদের মেন্বারদের আত্মীয়-**ম্বজন যারা আছে** তাদের সেই আত্মীয় স্বজনদের সাথে যোগ করবেন যারা কাজ করবে—এটা আমার নিজের সাজেসন। তারপর পানিসমেন্ট আমি বলবো যে যার জন্য ডিণ্ট্রিক্ট বোর্ড-এর ম্যাজিম্মেটদের অতান্ত বিপর্যস্ত হতে হচ্ছে। আমার মনে হয় একটা ধারা রাখা উচিত যে মিনিমাম এমাউন্ট অফ রিয়েলাইজেসন এটা করা উচিত। তাহলে পর সেই জেলা পরিষদ, **অঞ্চল পরিষদ সাবপ্রেসন হবে। আমি আর একটা শেষ কথা বলবো যে রেটের পারসেনটেন্ড অব ল্যান্ড রেভিনিউ যেটা জেলা পরিষদকে দেবেন সেই রেভিনিউয়ের একটা পারসেনটেজ একটা মিনিমাম এ**।ামাউণ্ট লিপিবন্ধ করা উচিত। এবং তার করলে আমার মনে হয় এই বিলের বে উদ্দেশ্য তা সফল হবে। অবশ্য এও জানি যে কোন বিল প্রথমে যখন আনা হয় তখন এটা সর্বাপ্ণীনস্কর হতে পারে না। সেইজন্য এ্যামেন্ডমেন্ট বা তার প্রভিসন থাকে। এই গতকাল ভেট এ্যাকুইজিসন সন্বন্ধে আলোচনা হোল এই সভায়—এবং এটা কত দিন আগে হয়েছে কিন্তু তাও এখনও পূর্ণতা পায় নি। এজন্য বলি প্রথমে ষতই আপনি সিলেই কমিটিতে বান **দা কেন তা সর্বাঞ্চা সক্রুর হতে পারে না**—বাবহারিক ক্ষেত্রে যতক্ষণ না প্রয়োগ **राष्ट्र**ना आश्रनात भाषात्म आमि भन्ती भशागरात्क शृनतात अनुताप कतत्वा त्य এर शरान्तेग*ृत*ना **एम्थात बना এবং চেष्টा कतवात बना याटा এই পরেন্টগ**ুলো যতদূর সম্ভব নেওয়া যায়।

[2-50-3 p.m.]

Shri A. K. M. Isahaque:

মাননীয় অধাক্ষ মহাশয়, আমি বলছি যে সারকুলেশান যখন একবার হয়ে গিয়েছে জনমত সংগ্রহ

হয়েছে সেই জন্য নতুন করে আবার বিলটা সারকুলেশান এ যদি যায় তাহলে সময় নদ্ট করা ছাড়া আর কিছু হবেনা। আমি বলছি

With the very publication of this Bill Government sent this Bill for circulation.

छाः कानाहेनान फहाहार्यः : छीन স্যার, সারকলেশন হয়ে গেছে কিভাবে বলছেন?

🖹 এ. কে. এম. ইশাক : মাননীয় ডেপ্টো স্পীকার মহাশয়. নীতিগত ভাবে অত্যন্ত আশার কর্ষা এবং অতানত আনন্দের কথা যে নীতিগত ভাবে বিরোধী পক্ষের কোন বন্ধ, এই বিলের বিরোধীতা করছেন না। তারা কতকগুলি পয়েণ্ট তলেছেন। যেমন এতে ডাইরেক্ট ইলেকশানের প্রভিশান নাই এবং তারজনা এই বিলের সমস্ত উদ্দেশ্য বার্থ হয়ে যাবে বলে তারা ভয় পাচ্ছেন। ভাইরেক্ট ইলেকশান-এর তাৎপর্য্য তারা নিশ্চয়ই বোঝেন। ডাইরেক্ট ইলেকশানের ফলাফল কি ডাইরেট্ট ইলেকশানে এ যদি কোন লোক নির্ম্বাচিত হয়ে আসেন ডাছলে সে কি দাবী করবেন অপোজিশান পার্টির বন্ধরো যে জানেন না তা নয়। আমাদের গঠনতন্ত্রে আমাদের कर्मार्गिरिडेमन-এ পार्निशासनो स्वीकात कता श्राहः। এवः लिक्सलिरेड आरमन्दनी: কথাও স্বীকার করা হয়েছে। আমাদের এই এ্যাসেমব্রিতে এবং পালিয়ামেণ্ট-এর সদস্যগণ ভাইরেক্ট ইলেকশান-এ আসে। এ্যাডাল্ট সাফরেজ-এর উপর তারা আসেন। তারা আসেন বলেট লেজিসলেটিভ পাওয়ার এক্সারসাইজ করেন। ফর ওভিয়াস রিজন আমরা যদি আমাদের ডিম্মিক লেভেলে এ্যাডাল্ট সাফরেজ-এর প্রবর্তন করি দেয়ার ইজ নো হিউম্যান রিজন হাউ 🕏 স্টান ডিনাই দি ফুল রাইট্স, তাহলে হাউ উই ক্যান ডিনাই রাইট্স অব লেজিসলেশান এবং তাহলে দেয়ার উইল বি ক্লাশ অফ গভর্ণমেন্ট ফর হুইেচ দেয়ার ইজ নো সাচ প্রভিশন আমরা বেমন লেজিসলেটিভ এ্যাসেমব্রিতে বসে বাংলাদেশের জন্য আইন প্রণয়ন করছি एक्पीन यीन जाता एकना भीत्रयान वास्त्र एकनात काना आहेन श्रानतात नायी करत जाहरान कि হবে? তারপরে স্যার ওদের আরেকটা দাবীর দিক হল যে এই ভোট এ্যাডাল্ট সাফরেন্ডের বেসিসে হত তাহলে ভাল ভাল লোক আসতে পারত। ধরে নিলাম—আমরা যারা বিধান সভার সভা অন্তত আমরা তো ডাইরেক্ট ভোটে এসেছি অমরা অপোজিশান বন্ধাদের কাছ থেকে কি কথা শনেছি যে আমরা ভোট কিনে তবে এখানে এসেছি। বাংগালীকে টকা দিয়ে কেনা যায় এই যাদের অভিযোগ তারা তো এছাডা অনা কোনকথা বলতে পারকেন না যদি আজকে এই সিম্পেট্য অব ভোট না রেখে যদি আজ ওখানে ডাইরেক্ট সিম্পেট্য অব ভোট রাখা হত অপোজিশান বন্ধাগন ঠিক এই কথাই বলতেন কংগ্রেস-এর লোক সমসত লোককে টাকা দিয়ে নির্বাচিত হয়ে এসেছে। স্যার, আমরা দেখছি অভিযোগের তো অন্ত নেই। যদি ডাইরেক্ট ইলেকশান-এর ব্যবস্থা থাকত তাহলে এই অভিযোগ আসনে ফ সংগ্রাস টাকা দিকে ওথানে জিতেছে। আমরা বিধান সভায় যখন গণভোটের মাধ্যমে এখানে আসি তখন আমাদের কি অভিযোগ শূনতে হয় যে আমরা টাকা দিয়ে মানুষকে কিনে তাব এখানে এসেছি। যে কথা ছाठता জात्न रत्र कथा विधान त्रভात भाननीय जनमात्रा कात्नन ना छ। नय रा छाटेरतक्वे टेरलकमान যদি দেওয়া হয়.....

ত্রী শশ্ভ, চরণ হোব: অন এ পরেষ্ট অব অর্ডার। বিধান সভায় কংগ্রেসীরা টাকা দিয়ে এখানে এসেছে কীনা এ সম্পর্কে এখানে আমরা আলোচনা করতে পাসছি কীনা?

মিষ্টার ডেপ্টৌ স্পীকার: হি ইজ কোয়াইট রেলিভেন্ট

ন্ধী এ. কে, এম, ইশাকঃ ভাইরেক্ট ইলেকশান-এর তাৎপর্য্য বিরোধী পক্ষের মাননীয় বন্ধবৃগণ অভাশত ভালভাবে জানেন যেহেতু এই বিলটাকে অপোজ করতে হবে সেইহেতু ভারা এই অপোজিশান দিছেন। নীতিগত ভাবে এই দিলের বিরোধীল কবা করতে পারেননি কেননা এর থেকে ভাল বিল আসা সম্ভব নয় তা ওরা জানেন তব্ব সোহত করা দিরোধী পক্ষে আছেন যেহেতু ওদের বিরোধীতা করতে হবে সাত্রাং তাদের এই পয়েন্ট তুলতে হছে। আছ

ডা<u>ইবের ইলেকশান-এ</u> যদি জেলা পরিষদ সৃষ্টি হত তাকে ওভিরাস রিজন পাওরার অব লেভিসলেশান দিতে হত। এটা সকলেই জানেন যে গ্রাম থেকে গ্রামান্তরের প্রতিটী জারগার সমস্ত দায়িত্ব এই বিধান সভার উপরে নাস্ত আছে। কোন সন্দরে গ্রামে একটী লোক মারা বার তার সমস্ত দারিত্ব এই সরকারের উপর স্থাপন করা হয় এই থেকে আমরা ব্রেকাছ যেহেত আমরা ডাইরেক্ট ইলেকশানে এর্সোছ সেইজন্য এই রেসপর্নাসবিলিটি আছে ডেভালাপ-মেশ্টের বিসপ্রনাসবিলিটি আছে লেজিসলেশানের সমস্ত রেসপ্রনাসবিলিটি আছে। বদি প্রতিটী মানুষ ডাইরেক্ট ভোটে জেলা পরিষদে যায় তারা লজিক্যালি ক্রেইম সাম পওয়ার অফ लिक्षिमलामान व्यावात करावकक्षन वज्जा व्याज्याम करत्रह्म य क्रियातमान वर जाउँम क्रियातमान জেলা পরিষদে থাকবেন সরকার তাদের উপর ক্ষমতাটা হাতে রাখলেন কেন। আমি কথাটা ব্রবতে পার্রছি না—তারা বলছেন যেহেত গণভোটের মাধ্যমে এই নির্ন্বাচন হচ্ছেনা যেহেত গণভোটের মাধ্যমে জেলা পরিষদের মেন্বার নির্ম্বাচিত হচ্ছেনা তাহলে ভাল লোক আসবেনা। যদি ভাল লোক না আসে তাহলে খারাপ লোক চেয়ারম্যান ভাইস চেয়ারম্যান হবে। **খারাপ** চেয়ারম্যান অথবা ভাইস চেয়ারম্যান যদি সরকার রিম,ভ করেন তাহলে ওদের এত মাথা ব্যাখা কেন। ওভার অল কনটোল-এর কথা ওরা বলেছেন। স্যার, আমার একটি কথা মনে পডছে বিরোধী পক্ষের মাননীয় বন্ধ্যাণ যথনই যে কোন বিষয় এই গ্রহে আলোচনা করেন তথনই আমরা দেখেছি বাংলার প্রত্যেকটী দায়ীত্ব তারা নিজেরা গ্রহণ করেন-এই সামান্য দিন কডক আগে কলকাতা করপোরেশান-এর কথা শানেছি তাদের মথে তারা বারবার এখানে দাবী করেছেন যে কেন সরকার ইনটারফিয়ার করছেন না। তারা একমুখে দাবী করছেন ইনটারফিয়ার বাই গভর্ণমেন্ট আবার একই মুখে সংগে সংগে বলছেন সব জায়গায় গভর্ণমেন্ট কনট্রোল করছে **ठात्क्रन जाता এक्ट मार्थ मार्ट कथा वर्लन।**

13-3-25 p.m.]

আমি এইসব হে'য়ালীর অর্থ ব্রিনা কারণ তাঁরা একমুখে দুকথা বলেন। ও'রা আর একচি কথা বলেছেন মে, যে পদ্ধতিতে নির্বাচন হবে সেই পদ্ধতিতে যদি নির্বাচন হয় তাহলে সমস্ত ক্ষমতা চলে যাবে জমিদার জোতদারদের হাতে। কিন্তু আমি জানিনা বাংলাদেশে আজও জমিদার আছে কিনা যে জমিদারদের কথা মাননীয় সদস্যরা বললেন। এই পদ্ধতিতে নির্বাচন হলে সমস্ত ক্ষমতা জমিদার, জোতদার, কারেমীসনার্থবাদীদের হাতে চলে যাবে বলে তাঁরা মে মাভিযোগ করলেন তাতে আমি তাঁদের ১৯৬২ সালের কথা সারণ করতে বলি এবং তাঁদের কনিটিটিউএন্সী দেখতে বলি যে কোথাও জমিদার আছে কিনা দেখুন। আমি স্যার, আমার মাভিজ্ঞতায় দেখেছি যখনই কোথাও ভোট হয় তথনই কায়েমীসনার্থবাদী কথাটা খুন বড় হরে ওঠে। আমি আনার নিজের কনিটিটিউএন্সী-র কথা বলছি। আমার বিরুদ্ধে ইলেকসন-এ কাঞ্চ করতে গিয়েছিলেন একজন বিরাট ক্রোডপতি লোক।

শ্রীনিখিল দাস: অন এ পরেল্ট অব অর্ডার, স্যার। ওনার কর্নাস্টিটিউএল্সী-তে ধনী লোক গিরেছিলেন না অন্য লোক গিরেছিলেন তার সংগে দিলের কি সম্পর্ক আছে? বিলের আলোচনা করতে গিরে উনি যদি এইসব কথা বলেন তাহলে আমরা কি বিল আলোচনা করতে গিরে একথা বলতে পারব য়ে, ওখানে রসগোল্লা পাওয়া যায়, দুর্নারক ঘোষের দোকানে সন্দেশ পাওয়া যায়?

মিঃ ডেপ্রটি স্পীকারঃ আপনি বিল সম্বদেধ যা বলার আছে তা বল্ন।

Shri A. K. M. Isahaque:

সাার, আমি দেখেছি নির্বাচন যথন হয় তথন মান্ষের সামনে যে ইসা, থাকে তার উপরেই বিচার করা হয়। একথা আজ শুখা, বিরোধী পশ্কের বন্ধ্বদের মুখেই শোভা পায় যে মান্ষকে টাকা দিয়ে কেনা যার, একথা বলা তাঁদেরই পক্ষে শোভা পায় যে মান্য অপারর কথা শোনে এবং তাদের বিবেক, যুদ্ধি বলে কিছু নেই। ক্তিত আমি বিশ্বাস করি বাংগালী যে কাজ করে সেটা শীরা তাঁদের বৃদ্ধির উপর বিশ্বাস রেখেই করে এবং তাঁদের নিজেদের বৃদ্ধির উপর আম্থা আছে বলেই ও'দের উপর আজ্ তাঁদের ফাম্খেসন এসেছে।

[নয়েস এয়ন্ড ইনটারাপসন্স]

স্যার, আর একটা কথা হচ্ছে অন্ধিকার ধাঁরা দেখেন তাঁরা বেমন চিরকালই অন্ধিকার দেখেন ঠিক তেমনি ও'রাও ১৬ বছর ধরে অন্ধিকার দেখেছেন। একথা বলে এই বিলকে সমর্থন জানিরে অ্যামি আমার বন্ধব্য শেষ করছি।

[At this stage the House was adjourned for 15 minutes.]

[After adjournment]

Shri Sunil Das Gupta:

মাননীয় ডেপ্রটি প্পীকার মহাশয়, কিছু বলবার আগে প্রথমে একটি কথা বলে নিই যে আমি নিজে সিলেই কমিটির মেন্বার ছিলাম কিন্ত সিলেই কমিটির রিপোর্ট যথন আমার কাছে এসে পেশ্রিছ তথ্য আমার নিজের জায়গা না থাকার জন্য সময়মত আমি নোট অব ডিসেক দিতে পারিনি। এই কারণে আমার মূল বন্ধবা এই বিলের মধ্যে নেই। যাই হোক আমি আবার আমার বন্তব্য রাখছি। ভারতীয় সংবিধানে দেওয়া আছে যে সমস্ত ভারতবর্ষের মধ্যে **অবিলন্দে** পণ্ডায়েত বাজ প্রতিষ্ঠা করতে হবে। এই ব্যাপারে আমাদের পশ্চিমবংগ অন্যান্য প্রদেশ থেকে পিছিয়ে আছে। আজকে তাঁরা যে জেলা পরিবদ বিলু দ্বরো পণ্ডায়েত রাজ কায়েম করবার জন্ম এগিয়ে এসেছেন সেজন্য আমরা আনন্দিত। এই জেলা পরিষদ বিল আজকে আমরা যে **আকারে** পাচ্ছি সিলেক্ট কমিটিতে দেওয়ার আগে ভার যে র প ছিল তা যদি দেখি তাতে দেখবো শৈলবাব, বার বার আমাদের যে কথা শ্নিরেছেন সেই ম্লনগীত তার মধ্যে লেশ মাত ছিল না। আমি প্রথমেই যে কথা বলতে চাই সেটা হল প্রাণ্ড বয়স্কদের ভিত্তিতে গ্রামের মানুষাদের যাঁদ এই পরিকল্পনার মধ্যে নিয়ে আসার সংযোগ থাকত তাহলে আমি অত্যন্ত আনন্দিত হতাম। সিলেই কমিটিতে একথা বার বার বলেছি কিল্ড গ্রামার মত সিলেই কমিটির মধ্য দিরে প্রতিষ্ঠা করতে পারি না। সেজনা আমি অতান্ত দুংখত। যাই হোক আবার যখন এই হাউসের মধ্যে আলোচনা সূত্র, হয়েছে আমি চাই শৈলবাব, আমাদেব বিরোধী প ক্ষর দাবী, প্রতাক্ষ নিবী-চনের ভিত্তিতে এর কাঠামো তৈরী করার যে দাবা সেই দাবার দিকে বিশেষ দুল্টি দেবেন। তারপর এই বিলের মধ্যে প্রতি পদে পদে আমলাতন্দের অক্টোপাসের বাঁধন রয়েছে. একং যে শক্ত বাঁধন প্রথমে ছিল সেটা যদিও সিলেক্ট কমিটির মাধ্যমে কিছুটা পরিবর্তন হয়েছে তথাপি আরও কিছু পরিবর্তন হওয়া দরকার। দ্বিতীয়তঃ যে স্ট্যান্ডিং কমিটি করা হয়েছে সে সম্পর্কে আমার একটা বন্তব্য রয়েছে সেটা হল এডকেশন অব প্রাইমারী স্ট্যাণিডং কর্মিট যেটা তৈরী হয়েছে সেটার ব্যাপারে পশ্চিমবংশার লোকাল সেল্ফ গভর্নমেন্ট সাব-কমিটির যে রিপোর্ট আছে তার দিকে দুন্ডি আকর্ষণ করছি। সেই রিপোর্টের মধ্যে পরিস্কার তাঁরা বলেছেন এই যে স্কুল বোর্ড এর মধ্যে অলরেডি ডায়াকি রয়েছে। আজ:ক জেলা পরি-ষদের কাঠামোর মধ্যে যদি স্কুল বোর্ডকে এইভাবে জোর করে ঢুকিয়ে দেবার চেন্টা করা হয় তাহলে সেখানে ডায়ার্কি ফর্ম করবে, সেজন্য আমি দাবী করছি যাতে এই স্কুল বোর্ড আইনকে আগা:গাড়া বদল করে এই স্কুল বোর্ডকে যেন জেলা পরিবাদন ফ্রল কন্দ্রোলের মধ্যে আনা হয়, কেননা এই স্কুল বোর্ডের নামে এড়কেশন ডিপার্টমেন্ট যে টাকা বরান্দ করবে তার উপর জেলা পরিষদের কোন রকম খবরদারীর এত্তিয়ার থাকবে না। শ্ধ্ এই জেলা পরিষদ এই প্রুল বোর্ডগর্মাল পরিদর্শন করবে, এবং তার রিপোর্ট আ'লাচনা করবার যে সামানাতম সুযোগ রয়েছে এই জেলা পরিষ'দ আমি মনে করি সেটাও রদ করবে। কাজেই এটার পরিবর্তন সাধন করা উচিত। ততীয় অর্থনৈতিক সংস্থান সম্পর্কে। আপনাবা সবাই এই বিল আলোচনা করলে দেখতে পাবেন অর্থনৈতিক সংস্থানের দিক থেকে এই জেলা পরি-ষদকে প্রতি পদক্ষেপে সরকারের মুখের দি ক তাকিয়ে থাকতে হবে। সরকার যদি টাকা পয়সা না দেয় তাহলে মূলতঃ তার কোন কাজ করবার ক্ষমতা থাকবে না। সেজনা সিলেই কমিটির মধ্যে আমরা এই দাবি তুর্লোছলাম যে আমাদের ভূমি রাজ্ঞত্ব যা আদায় হয় তা পরুরাপ্রবিভাবে এই 'জলা পরিষদকে দিয়ে দেওয়া হোক, যদিও আমাদের সেই বন্তবা আমরা সিলেক্ট কমি-টির মাধামে কার্যকরী করে তুলতে পারি নি। আজকে আমি বিশেষ কিছু বলতে চাই না, क्निना. आमारनंत राधे कु वहुवा **हिन** छ। आमता मिरना किमिपित माधारम त्तरशिष्ट । आत अ**क्हा** ছোট কথা এখনে বলব সেটা হচ্ছে বিলের ২ নশ্বর ধারাতে যেটা রব্ধছে সেটা হ ছে কুচবিহার টাউন কমিটি এাই, কুচবিহার মিউনিসিপ্যাল প্রাষ্ট এটাকে এর মধ্যে থেকে বাদ দেওরা হয়েছে। সেই কারণে আমি শৈলবাবকে অনুরোধ করব সৈটাকৈ যৈন এর মধ্যে ইনক্র্ড করা হয়। সারা বাংলাদেশের একটা এলাকা আইনের মধ্যে থাকবে না এই পরি-শিখতির উম্প্রব যেন না হয়, সে দিকে দ্ভি রাথবেন এই কথা বলে আমি আমার বন্ধবা শেব করছি।

[3-25-3-35 p.m.]

Shri Nani Bhattacharjee:

भाननीय एए पार्टि स्पीकात भरागय, भाननीय समस्याप सवारे खातन त्य खत्यके सिताई कर्जिकित এই বিল আলোচনার পর সব ব্যাপারে এক মত হওয়া যায় নি। এবং য়ে ব্যাপারগালিতে এক মত হওয়া যায় নি সেটা হল মূলে নীতিগত ব্যাপার এবং সেই মূল নীতিগত কারণে আমাদের মধ্যে ঐক্য মত হয় নি এবং নোট অব ডিসেন্ট আমরা সেই সেই পয়েন্টের উপর দিয়েছি। প্রথম কথা হচ্ছে এই যে আমরা চেয়েছিলাম এবং এখনও চাইছি এলিমেন্ট অব ডাইরেক্ট ই লকসান **एक**ना भीत्रयम गठेरनत रक्करत त्राथा छें हिछ। कश्शाम भएकत रकछ रकछ माननीय अम्मा रहन-ছেন ওতে এম, এল, এ, এবং এম, পি-দের পূর্ণে সদস্য করা হয়েছে। সূত্রাং সেইভাবে এলিমেন্ট অব ডাইরেট্ট ইলেকস'ন জেলা পরিষদের ক্ষেত্রে মেনে নেওয়া হয়েছে। অর্থাৎ নীতিট্যকু সেখানে পরিজ্কার মেনে নেওয়া হয়েটেছ। বন্ধব্য এল, এ, এম, পি.-দের জেলা পরিষদে পূর্ণ সদস্য পদের যে অধিকার দেওয়া সম্বেও জনসাধারণের স্বারা নিব'চিত প্রতিনিধিদের সে লোকসভার ক্ষেত্রে হোক আরু বাংলা দেশের বিধানসভার ক্ষেত্রে হোক আইন প্রণয়নের ব্যাপারে এবং বিভিন্ন ব্যাপারে যেভাবে বাস্ত থাক'ত হয় তাতে করে পূর্ণ সদস্য পদের অধিকার থাকলেও তাঁরা জেলা পরিষদের কাজ চালানর ব্যাপারে নীতি নির্ধারণের ব্যাপারে পূর্ণ সময় কেন আংশিক সময়ও দি ত পারেন না। প্রশ্নটা সে দিক থেকে বিচার না করে শুখু নম নম করে একটা ডাইরেক্ট ইলেক-সনের নীতি মেনে নিলাম এইভাবে না করে সেখানে এখনও আমরা বলছি এবং আলোচনার সময় আমরা ব লছিলাম যে প্রাপ্ত বয়স্ক জনসাধারণের ভোটে নির্বাচিত কিছু প্রতিনিধি এই জেলা পরিষদের ক্ষেত্রে পাঠানর ব্যবস্থা হোক এবং আঞ্চলিক পরিষদের ক্ষেত্রে পাঠানর ব্যবস্থা হোক। এ ছাড়া ইন্ডাইরেই ই'লকসানের কথা আমরা বলেছিলাম। ইন্ডাইরেই ইলেকসান—যেমন গ্রামে পঞ্চায়েত আছে অঞ্চল পশা্যত আছে, সেই পঞ্চায়েতের সদস্যরা সিংগল ট্রান্সফারেবল ভোটে কিছু সংখ্যক প্রতিনিধি সেই জেলা পরিষদে পাঠাতে পারতেন। এইভাবে প্রত্যক্ষ নির্বাচনের ভিত্তিতে এবং পরোক্ষ নির্বাচনের ভিত্তিতে এবং কিছু কিছু এক্সঅফিসি মেন্বার ও নিশ্চ-রুই থ কবেন তাদের নিয়ে জেলা পরিষদ গঠিত হোক এটা আমরা চেয়েছিলাম এবং আমরা দেখেছি ষে জয়েণ্ট সিলেই কমিটিতে আলোচনার পর যে বিল ঠিক হল তাতে সেটা থাকে নি। একটা কথা এই প্রসংগ মাননীয় ডেপ্রটি স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় সদস্যদের জানাতে চাই লোকাল সেলফ গভন মেন্ট এই কথাটা সতাই খবে পুরোণ কথা এবং সেটা ব্রিটিশ যুগের আইডিয়া বহন করে আছে। সেই যু গর লোকাল সেলফ গভন মেন্ট সম্বন্ধে যে আইডিয়া ছিল তা ভারত-বর্ষের একটা সীমানা থেকে অনা সীমানা পর্যন্ত পরিবার্ণত হয়ে আছে। জনসাধারণ যথন স্বরাজের कता जात्मानन करत्रहा उथन क्रनमाधात गत स्मर्ट विकाल स्मर्ट मावि भारत करवात करा किए नम नम करत পाওয়ার জনসাধারণের হাতে দেওয়ার জন্য লোকাল সেলফ গভর্নমেন্টের সাচি এবং লোকাল সেলুফ গভর্নমে দটর যে আইডিয়া সেই আইডিয়া ওখান থেকে সুষ্টি। প্রত্যক্ষ শাসন बाभारत नय स्थानीय स्वायप मामन वाश्यात, स्थानीय एकाठे-बाठे वाभारत याटक स्थानीय जातकत्रा কিছু ক্ষমতা পায় সে দিক তাকিয়ে এটা করা হয়েছ। প্রথম কথা হচ্ছে জনসাধারণকে ক্ষমতা খেকে বৃণ্ডিত করা এই যে কৃষ্ঠা ইংরাজ শাসকদের তরফ থেকে দেখা দিরেছিল সেই কৃষ্ঠা আজ পর্যাত আমাদের শাসক শেণীর মধ্যে বা এই পশ্চিমবংগের স্বায়ত্ব শাসন দশ্তরের যিনি মন্ত্রী তবি মধ্যে এখনও বড হয়ে আছে।

সেই ক্রুয়ার ইংরাজ আমলে তারা জনসাধারণের হাতে ক্ষমতা দের্ঘন বা ক্ষমতা দিলেও একেবারে रह नाममात कमाजा मिरसर्फ राष्ट्रे राज्यो अथनल शर्यन्य **अर्थे गर्जन सार्या वर्फ शर**स आह এটা পরিব্দার দেখা যাছে। সেই কুঠা কি রকম—এটা খুব সোজা কথা স্থানীয় স্বায়ত্ব শাসন वलान वा लाकाग्रह भामन वलान अथानकात मव स्थरक वर्ष कथा रुक्त वह या छेल्पभावली ছয়েছে এবং স্বায়ত্ব শাসনমন্ত্রী বলেছেন বিভিন্ন জায়গায় যে সমস্ত রিপোর্ট সেই সমস্ত রিপোর্ট যে কলা বলছে যে গণ উদ্যোগ বাড়াতে হবে স্থানীয় স্বায়ত্বশাসন ব্যাপারে যে সমুস্ত ডেভেলপ-व्यक्तील काक कराज दार कानकता। १००५ वर्ष प्रमुख काक दार राष्ट्र प्रमुख कानभाषात (भव क्रेप्सांग বাডাতে হবে এবং জনসাধারণের উদ্যোগ বাডানোর স্বথেকে প্রধান কথা, তা বাডাতে **भारत पटा**रों काक जनाज्य। এको २८क रक्षमा भीत्रम गर्भरनत स्कटा कनमाधातरणत छरमाभ বাড়াতে হলে সেখানে জনসাধারণকে অধিকার দিতে হবে কাকে দিয়ে কোন প্রতিনিধিকে দিরে সেই জেলার জনসংগঠনকর কাজগুলি করিয়ে নিতে হবে, জেলায় বিলি ব্যবস্থাগুলি করিয়ে নিতে হবে। অর্থাৎ এক কথায় সেখানকার জনসাধারণের হাতে জেলা পরিষদের প্রতিনিধি নৈর্বাচনের ক্ষমতা এটা একটা কাজ গেল। যদি জনসাধারণের উদ্যোগ বাডাতে হয় গণ কল্যানকর কাজ করার ব্যাপারে কিম্বা অন্যদিকে জনসাধারণের হাতে বা জনসাধাররেণর নির্বাচিত প্রতি-নিবিদের হাতে বে ক্ষমতা দেয়া, সেই ক্ষমতা দেয়ার ক্ষেত্রে যদি আমরা দেখি সেই ক্ষমতা নানা-ভাবে সংকৃচিত করা হয়েছে সেখানে আমলাতান্দ্রিক কন্দ্রোল জেলা ভিত্তিতে কিছুটা ক্ষীণ করা সম্ভবপর হলে তা করতে হবে। সঠিকভাবে যে কন্টোল জেলা পরিষদগলের উপর থাক**ে** ষেটা প্রচন্ডভাবে আমলাতন্ত্রের উপর দেওয়া হয়েছে. সেটা অন্ততঃ গণ উদ্যোগ বাডানোর পক্ষে সহায়ক নয়, সেটা গণ উদ্যোগকে বাড়ানোর পথে একটা বড অন্তরায় হয়েছে। ক্ষমতা দিলাম জন-সাধারণের হাতে, সে ক্ষমতা যে ব্যবহার করে করকে, পরীক্ষা চলছে, নতন আইন আমরা তৈরী করছি –পরীক্ষা চলতে চলতে যদি দেখি যে না যে ক্ষমতার অপব্যবহার হচ্ছে, আমি মনে করি সেক্ষেত্রে সরকারের দায়িত্ব আছে কর্তবা আছে. অর্থাৎ জেলা পরিষদের কর্মকর্তারা যে ক্ষমতা ভোগ করছে সে ক্ষমতার অপরারহার হক্তে কোথাও তাহলে সেখানে বাংলাদেশের সরকারের খবরদারী করবার ক্ষমতা থাকবে। সেখানে সেই ক্ষমতা অপব্যবহার করতে না পারে তার জন্য চেক থাকরে, কেউ এটা অস্বীকার করবে না এবং কোন দ্বিমত থাকরে না কিন্ত যদি দেখি ক্ষমতা ক্য করে দিয়েছেন নামে মত দিয়েছেন তাহলে সেক্ষেত্রে যত ভাল ঘোষণা হোক না কৈন. যত বৈশ্লবিক পরিবর্তনের কথা এই জেলা পরিষদ গঠণের ভেতর দিয়ে বলা হোক না কেন সেটার যে উল্টো রাস্তাতে আমরা যাচ্চি এটা ধরা পড়বে। সেদিক থেকে জেলা পরিষদ গঠনের ক্ষেত্রে যেমন একদিকে প্রত্যক্ষ নির্বাচনকে অস্বীকার করে গণউদ্যোগের যে প্রবণতা সেই প্রবণতাকে নন্ট করে দেবার চেন্টা হয়েছে, তেমনি অন্যাদিকে জেলা পরিষদগুলির ক্ষমতা সীমিত করে দিক্ষে সেখানে জনসাধারণের উদ্যোগকে এবং তাদের ক্ষমতাকে কার্যকরী রূপ দেবার যে চেষ্টা সেই চেন্টার পথে এটা বাধান্বরূপ হয়ে দেখা দিয়েছে। সেদিক বিবেচনা করে নীতিগত কারণে আমি মনে করি পশ্চিমবংগ সরকারের স্বায়ত্ব শাসন বিভাগের মন্ত্রীমহাশয় যদি সেখানে বৈশ্ববিক পরিবর্তন আনতে চানু আমলাতানের রূপায়ন আনতে চান তাহলে তাঁর কোন না কোন ভাবে প্রতাক্ষ নির্বাচনের রাস্তা নেয়া উচিৎ এবং সেই সংগ্রে সংগ্রে নির্বাচিত জেলা পরিষদের সদসাদের উপযুক্ত ক্ষমতা দেয়া উচিৎ এবং সেই ক্ষমতার অপব্যবহার যাতে না করতে পারে তার জন্য সর-कारतत मठिक रव थवडमाडी रक्तक रमणे रमडे काश्ताय दाथा छेहिए। এवर रमडे मर्ल मर ११ राजना পরিষদের ক্ষমতা দেওয়া উচিত এবং সেই ক্ষমতা যাতে অপবায় করতে না পারে তার জন্য সরকারের খবরদারী বা চেক থাকা উচিত এইভাবে করা যেতে পারে।

[3-35-3-45 p.m.]

আর একটা কথা বলা উচিত সেটা হচ্ছে স্কুল বোর্ডকে প্রাইমারী এড়কেশন করিটি করার যে বিধান এখানে এসেছে সেটা আমরা আপত্তি দিয়েছিলাম এবং আমরা বলেছিলাম যে এটা নাারত উচিত নর এবং আইনের দিক থেকে এটা আনপেরেবেল এবং এখানে যে নোট অব ভিসেন্ট যে কথা উদ্ধোধ করেছিলেন যে সোজা কথা একটা অটোনমাস বভি যেটা প্রাইমারী এড়কেশন এন্ত্র অন্সারে গঠিত সেই স্কুল বোর্ড একটা অটানমাস বভি জেলা পরিষদর্পী একটা স্ট্যাণ্ডিং কমিটিতে পরিগত হতে পারে না। সেদিক থেকে আইনগত প্রশন এর সংগে ভীষণভাবে জড়িত আছে
এবং আমি মনে করি যে এটা বদি আজ্বাক কোর্টের প্রশন উঠে তাহলে দেখা যাবে যে এই প্রাইমারী

এডকেশন কমিটি একটা অটোনমাস কমিটি সেটা স্ট্যান্ডিং কমিটি হবে সেটা অবৈধ বলে মনে করি। মন্দ্রী মহাশয় এটা আরও একটু ভালভাবে বিচার বিবেচনা করবেন এবং করে এই আইনগত এ্যানোম্যালি সেটা যাতে এই বিলের মধ্যে না থাকে তার ব্যবস্থা করবেন। এছাডা আরও কতক-গর্মাল পরেন্ট আছে সেগর্মাল মূল পরেন্টের থেকে গৌন যে ধর্মন যে গ্রামা-ধাক্ষ জেলা পরিষদের সদস্য হবেন সেই গ্রামাধ্যক্ষের একটা বড ফ্যাসান হবে গ্রামাধ্যক্ষ হিসাবে গ্রাম-সভা পরিচালনা—সেই গ্রামের বিভিন্ন কাজকর্ম তার নজরে বেশী পড়বে এবং তার ফলে জেলা পরিষদের সদস্য হিসাবে তার যে করণীয় সেই কাজে তার গাফিলতি দেখা দেবে। ঠিক এইভাবে অপল পণ্ডায়েতের বেলায়ও সেই একই কথা যদি সেই অণ্ডল পণ্ডায়েতের প্রেসিডেন্ট জেলা পরি-बर्पनत नमना दस जादरना प्रभाव अकटे जावन्या द व। हिना भित्र मन प्रमा दिनाद स्मापन তার যে করণীয় সে সম্বন্ধে তার শিথিলতা দেখা দেবে সে বিষয়ে সন্দেহ নেই। আমি মনে করি **জেলা পরিষদ** একটা উইকডিড বডি এবং আমি মনে করি তাদের দিয়ে যে জেলা পরিষদের সর্বাষ্ণান কল্যাণের যে দায়িত্ব দেওয়া হচ্ছে সে দায়িত্ব প্রতিপাল ন তারা সমর্থ হবে না বলে মনে করি। শুধু তাই নয় তারা জনহিতকর কাজের ব্যাপারে তারা তা করতে সমর্থ হবে না: ভখন একজিকিউটিভ অফিসার-এর যে অদ্রভেদী ক্ষমতা তা তিনি প্রয়োগ করবার চেন্টা করবেন-চীফ একজিকিউটিভ অফিসারের ক্ষমতা সেখানে বাডিয়েও রাখা হয়েছে। যে পরিমাণ **জেলা** পরিষদের সদসাগণ অন্য কা:জ বাসত থাকেন তাতে তাদের শিথিলতা দেখলে তারা যে পরিমাণ শিথিলতা করবে সেই পরিমাণ ঐ চীফ একজিকিউটিভ অফিসার-এর ক্ষমতা আরও জোরদার করে তলবে এবং আমলাতান্ত্রিক কন্টোল-এর সূচিট হবে। জেলা পরিষদ থেকে আরম্ভ করে অঞ্চল পণ্ডায়েত সেখানে সমস্ত কিছু বার্থ করে দেবে। নিশ্চয়ই এই উদ্দেশ্য মন্ত্রী মহাশয়ের निर्दे अवर हिल्छ ना। **ठ**ाउँ कथा २८७ छाएँ। वाभाव-अथात वला २८४७ एव प्रत अर्ज अर्ज বয়স্ক ভোটাধিকার ম্বারা যদি জেনা পরিষদ গঠন করা হয় তাহলে মুস্কিল দেখা দবে-এ আপত্তির কথা অবশ্য কেউ তলেন নি। এবং নীতির ক্ষেত্রে কংগ্রেসী সদস্য বা আমাদের কারো-রই আপত্তি নেই আমরা সবাই একমত। কিল্ড আমি মাননীয় ্ল্ধ্যদের বক্ততা শানে মনে করেছি स्य अक्ठो ट्लाएंटेन यामला व्यट्ड या'व। जाता एनटम ट्लाएंड उक्ठो याद्रमेला वर्ष्ट्रतंत्र अत्र व्यव्स থেকে যাবে এবং ভো টর খরচও বেডে যাবে। সেক্ষেত্রে আমি আমার বন্তবা রাখছি যে যৈমন আমরা বিধানসভার নির্বাচন এবং লোকসভার নির্বাচন একসংগ্রে করছি ঠিক তেমনি প্রপারেত নির্বাচন জেলা পরিষদের নির্বাচন, অঞ্চল পরিষদের নির্বাচন আমরা যুগুপুৎ করতে পারি একং এই ঝঙ্মাট এবং খরচ তা কম হয়ে যেতে পারে। সেই দিকে তাকিয়ে প্রতাক্ষ প্রাণ্ড ভোটাধিকার দ্বাবা নির্বাচ নব ভিডিতে জেলা পবিষদ গঠন কবলে মোলিক আপতি কংগ্রেস তবফ থেকে দেখা দেবে না বা খরচের অজ্যহাত তলে এই যে মোলিক আপত্তি তা থাকবে না এটা আমি আশ্ব করবো। এই যে ঝণঝাট বা খরচ কমাবার জনা যে সাজেসন তা আপনার কাছে রেখেছি। মাননীর চেয়ারম্যান স্যার অ'পুনার মারফত লোকসভার ও বিধানসভার যে নির্বাচন তা যেমন যাস্থ করা হচ্ছে হেমনি সেই পশায়েতের নির্বাচন অঞ্চল পশায়েতের নির্বাচন এবং জেলা পরি-মদের নির্বাচন তা যুগপং করা হোক তাহলে ঝঞ্জট কমবে এবং আমি আশা করবো যে ভার জ্ঞানা একটি আইন এই হাউ:স সর্বসম্মতিক্রমে তৈরী করতে পারবেন এই বলে আমি আমার বন্ধব। শেষ কর্বছি।

Shri Brindabon Chattopadhyay:

নিষি ছিলেন এবং করদাতাদের বেশীর ভাগই প্রেষ থাকার জন্য সেখানে কোন মহিলা প্রতিনিধি প্রাক্তো না। স্যার, আমাদের দেশে অর্ম্পেক নারী এবং অর্ম্পেক নর আছে। এবং এই বিলে নারীদের নির্বাচিত হবার সুযোগ আছে। আমরা দেখেছি আগেকার দিনে বেশীর ভাগ ক্ষেত মন্ত্রে এবং গ্রামের হরিজন সম্প্রদায় এবং আদিবাসী সম্প্রদায় এবং দঃস্থ পরিবারের মধ্যে স্ত্র'ক তাদের কোন প্রতিনিধি ছিল না। কিন্তু গ্রাম পঞ্চায়েত নির্বাচন হবার সংগে সংগে আমরা प्रविष्ठ वर मिरला शाम পर्णासाएउत में निर्वाहित रासाह । वर वर रासाह वर प्राप्ति मान সম্পদায়ের লোক সভ্য নির্বাচিত হয়েছে। এমন কি আদিবাসী এবং গ্রামের অনুস্নত সম্প্রদায়ের লোক অঞ্চল পণ্ডায়েতের সদস্যও নিযুক্ত হয়েছেন। এবং কয়েকটী জায়গায় অণ্ডলের প্রধান ও নিষ্কে হয়েছেন। আজকে এই যে বৈশ্ববিক বিল এখানে এসেছে তাকে বিরোধী পক্ষের বন্দ্রেরা ঠাটা বিদ্রাপ করছেন। আমি তাদের দেখিয়ে দিতে চাই যে এটা বৈশ্লবিক পরিবর্তন কিনা-প্রথমতঃ হচ্ছে বহু, নারী এর সদস্য হতে পারবে। কিন্তু এর আগে ২য়ত আইনে বাধা ছিল না किन्छ द्यमीत्रां द्रान्छिः भृत्यसम् नात्म हिल स्मानना नात्रीता निर्वाष्ठि रू भात्र ना। ভারপর স্যার আপনি জানেন যে ইংরেজের সূথি ইউনিয়ন বোর্ড তার প্রেসিডেন্টরা অনেক সময় অনেক জায়গায় কি ভাবে দুনীতির আশ্রয় গ্রহণ করে তার নিজেদের পদ বজায় রাখতেন। বে বছর নির্বাচন হত তার আগেকার বছরের যারা নির্বাচকমণ্ডলীর সদস্য থাকতেন তাদের টাব্রে নেওয়া হত না। তাদের ডিফলটার করে রাখা হত, যার ফলে তারা ভোটে অংশ গ্রহণ করতে পারত না। কিন্ত গ্রাম পঞ্চায়েতে এই সূযোগ নেই। প্রত্যেকটি নর-নারী তারা অংশ গ্রহণ করতে পারবে। এগ্রাল বৈশ্লবিক পরিবর্তন বলে আমি দাবী করি। আমাদের বিরোধী পক্ষের বন্দ্রেরা বলেছেন যে এই বিল্টাকে সারকুলেশানে দেওয়া হউক। আমি তার বিরোধীতা করে আমি আমার বস্তব্য শেষ করছি।

[3-45-355 p.m.]

Shri Gour Chandra Kundu:

बाननीর স্পীকার স্যার কংগ্রেস যখন ক্ষমতা পায়নি আপনি নিশ্চয়ই জানেন তখন আমরা সকলে এই কথাই বলেছিলাম যে প্রত্যেকটি জেলা মিউনিসিপ্যালিটিতে এবং করপোরেশানে আমরা সক-লের ভোটাধিকার চাই এবং আমাদের দেশকে শাসন করবার এবং দেশকে চালাবার পরো অধি-কার চাই। তথন সেই যে আওয়াজ ছিল তার পিছনে বাংলাদেশের সমসত মান্য সমর্থেও হলে-ছিল এবং আমরাও সমবেত হয়েছিলাম। কিন্তু দুঃথের বিষয় কংগ্রেস ক্ষমতা পাবার পর মানুৰ বখন আশা করে যে আমাদের মারও সূ্যোগ সূবিধা দেওয়া হবে গণতক্তকে আর্€ প্রসার করা হবে। তথন আমরা দেখছি কংগ্রেস সরকার যথন দেখলেন যে গণতাল্যকৈ। প্রসারিত করতে গেলে পরে বিপদ আছে দলীয় স্বার্থ বিপন্ন হবার আশংকা আছে তাই আল্ডে আল্ডে সেই গ্রবতন্তকে সংকৃচিত করছেন বিভিন্ন ভাবে। আমি এখানে অন্য আলোচনার মধ্যে ৰাৰ না. অন্য ভাবে কিভাবে গণতল্যকে সংকৃচিত করা হচ্ছে, ভারতবর্ষের সংবিধানক কিভাবে সংকৃ-চিত করা হচ্ছে সে পথে আমি এখন যাব না। কিন্তু আঞ্চকে মিউনিসিপাণিলিটগ**িলাভ** জনমতের চাপে আমাদের সরকার এডাল্ট ফ্রানচাইজ করতে বাধা হলেন ঠিকই কিন্দু আমরা দেখাছ এ্যাডাল্ট ফ্রানচাইজ যাতে প্রকৃত না হর অফিসারদের কৃষ্ণিক্ষ হয় তার জন্য আরও সংশোধনী বিল আনবার চেন্টা করছেন। তারা ধারণা করেছেন এই আডাল্ট ক্তালচাইজ এর সুযোগে বাংলাদেশের মিউনিসিপ্যালিটিগুলিকে বামপন্থীরা যখন ক্ষমতা দখল করবে তখন আমাদের আগামী নির্বাচনে বিপদের সম্ভাবনা আছে। সেইজনা জেলা পরিষদ বিল तहना करावार अभर राष्ट्रे मिकठो विरायसाय जन्मा करतरे आभारतस्य मन्त्री मराभन्न अध्नरहरून। अवर वास्त्क, रमस्ता आाजान्हे छानाहरेस अत्र त्व मान नौठि अदेश नका राहे नकारक अमर्गानिक कडा হরেছে এই জেলা পরিষদ বিলেতে। এবং এই কথা আমি মনে করি যে জেলা পরিষদের মধ্যে দুই একজন এক্সপার্ট থাকুন তাতে ক্ষতি নাই। কিন্তু আগে জেলা বোর্ড যে ভাবে গঠন করা হত ৰদিও সেটা রেসট্টিকটেড ফ্রানচাইজ হত সত্য কিন্তু যে প্রতিনিধি সেখানে বেতেন তিনি মানুষের ভোট পেরে যেতেন এবং মানুষের কাছে জনাবদিহি করার সুযোগ তার ছিল।

জনসাধারণ সম্পূর্ণ অন্ধকারের মধ্যে পড়ে থাকবে আর যারা আপনাদের আম্থাভাজন, যারা আপনাদের হয়ে কাজ করবে শুধু তাদেরই জেলা পরিষদে পাঠাবেন। কে কোন

পার্টির সভা সেটা বিচার করবার অধিকার তাদের দেওয়া হচ্চে না। মাননীয় সভাপতি আপনি জানেন পশ্চিমবাংলায় শহরের চেয়ে গ্রামের সংখ্যা বেশী কান্তেই কথা হোল গামের লোককে কি করে স্বায়ত্বশাসনের অধিকার দেওয়া যায়। আমবা পণ্যায়েত এবং জেলা বোর্ডের মাধামে যদি গ্রামের কাজকর্ম পরিচালনা করা চোত একং গণতল্যকে যদি রারাল এলাকায় প্রসারিত করতে হয় তাহলে তার একটি হচ্চে গ্রাম পণ্যায়েতকে অধিকতর ক্ষমতা দিতে হবে এবং অতান্ত গণতান্ত্রিক পন্ধার रक्षमा श्रीवस्त्र निर्यापन करत रक्षमात कालकर्म प्रामारण शरूर। किन्छ **सामता राज्यमा**स शास পঞ্জায়েতকে বিশেষ কোন ক্ষমতা দেওয়া হয় নি। গ্রাম পঞ্চায়েত-এর উপর অঞ্চল পঞ্চায়েত করা হয়েছে এবং তার উপর আঞ্চলিক পরিষদ করার কথা বলা হ'য়ছে এবং তারপর জেলা পরিষদ। ज्ञात और रह रहि धान रहि और रहि थार नामर नामर वाद कर कि मान करिना राज्य । আমবা যারা গ্রামাণ্ডলে বাস করি তারা জানি গ্রাম পণ্ডারেত হোক আর অণ্ডল পণ্ডারেতট তোভ বিভিন্ন ব্যাপারে নানা রকম খাটিনাটি ঝগড়া লেগেই আছে। কার কত ট্যাক্স হবে. সেটা কিন্ডাৰে विनि वन्छेन इत्त विनिष्क किछात्व विनि वन्छेन इत्व जा नित्य अग्रामाछि इय अवर अछे इख्या স্বাভাবিক। গ্রাম পণ্ডায়েতকে বিশেষ কোন ক্ষমতা দেওয়া হয়নি কিন্তু আমি মনে করি পন্তা-য়েত রাজ যদি করতে হয় তাহলে গ্রাম পঞ্চায়েতের হাতে অধিকতর ক্ষমতা দেওয়া দরকার একং জেলা পরিষদে গণতান্তিক পন্থায় নির্বাচন হওয়া দরকার। মিউনিসিপ্যালিটি:ত যেমন এ্যাড়াল্ট ফ্রানচাইজ চাল, করা হয়েছে জেলার ভিত্তিতে সেইরকম এ্যাডাল্ট ফ্রানচাইজ চাল, করা দরকার। মন্ত্রীমহাশয় এবং সরকারের যদি সদিচ্ছা থাকে যে আমরা গ্রামাণ্ডলে গণতন্ত প্রসারিত ক্ষরর প্রপায়েত রাজ করব জনসাধারণ যাতে শাসন কার্যে পার্টিসিপেট করতে পারে. তারের নামে প্রতিনিধি যাতে পার্টিসিপেট করতে পারে তার ব্যবস্থা করব তাহ**লে তাঁ**দের [']সেইভাৰে কংগ্রেস পার্টির নীতি যদি জনসাধারণ ভালবাসে তাঁদের তারা ভোট দেবে যদি খারাপ লাগে তাহলে তাঁদের ভোট দেবে না। কাজেই এতে তাঁদের ভীত হবার কোন কারণ নেই। আসল কথা হচ্চে একং आलाम्नात विषयुवन्त राष्ट्र धथनरे धाणान्ते क्वानमारेक मान, कत्रा श्रासाकन धवर याना कांत्र মন্দ্রীমহাশয় এটা বিচার কর বন। তারপর জেলা পরিষদ বিলের মধ্যে দ্বিতীয় জিনিস দেখিছ এত রেস্ট্রিকটেড ওয়েতে জেলা পরিষদ গঠন করার পরও তাঁরা জনসাধারণের প্রতিনিধির উপর বিশ্বাস স্থাপন করতে পারছেন না। তাঁরা বলছেন একদিকে এক্সিকিউটিভ অফিসার থাকবেন একং সেক্লেটারীও থাকবেন—অর্থাৎ শুধ্য এক্সিকিউটিভ অফিসারকে দিয়ে ক্ষান্ত হন নি। স্যার. জেলা পরিষদে অত্যন্ত রেশ্মিকটেড ওয়েতে নির্বাচন হচ্ছে এবং তাদের ক্ষমতা ধর্ব করবার क्रमा २ क्रम অফিসারকে বসি'য় দিচ্ছেন এবং এটা করবেন স্টেট গভর্নমেণ্ট। কিন্ত এই ২ জনের যে কি ফাংসন হ'ব সেটা আমি ব'ঝতে পারছি না। আমাদের অঞ্চলে আমরা দেখেছি সেক্লেটারী কাজ করছেন কিল্ড এক্সিকিউটিভ অফিসার-এর আবার কেন প্রয়োজন হোল? কালেই এটা মাথাভারী শাসন বারস্থা ছাডা আর কিছু নর। আমি এর প্রতিবাদ করে বলছি যে এক্সিকিউটিভ অফিসারকে রাখার কোন প্রয়োজনীয়তাই নেই একজন সেক্রেটারী থাকলেই ভালভাবে কাজ চলতে পারবে। আমি আমার বাস্তব অভিজ্ঞতা থেকে বলছি এই ৪ দফা বাক্স। ষেটা করা হয়েছে এ সম্বন্ধে মন্দ্রীমহাশয় গভীরভাবে চিন্তা করন। তবে এটা শ্বে আমার কথা নয়, আপনি যদি গ্রাম এলাকায় গিয়ে যে সমস্ত অঞ্চল পঞ্চায়েতের অফিসাররা আছেন ৰা বি. ডি. ও.-রা তাঁদের কাছে জিল্ঞাসা করেন তাহলে তাঁরাও বলবেন যে এই ৪ দফা সিস্টের ষেটা করতে যাচ্ছেন সেটা অকেন্ডো হয়ে পড়বে. এতে জটিলতা সন্থি হবে এবং নিতা নন্ডন শগভাঝাটি হবে । এই পণ্ডায়েতের সংগে ঐ পণ্ডায়েতের ঝণড়াঝাটি হবে এবং সেগলো মেটাতে গিয়ে তাদের সাসপেণ্ড করে দিয়ে এক্সিকউটিভ অফিসার-এর উপর ক্ষমতা দিয়ে ্দেবেন। এর ফ'ল আসল কাজ ব্যহিত হবে। অন্য কোন প্রদেশে এই ৪ দফা সিস্টেম চাল করবার বাবস্থা নেই অথচ পশ্চিমবাংলায় আপনারা এই ৪ দফা সিস্টেম চালা করবার বাবস্থা करतिष्ट्रम । উत्तरश्राप्तम, विद्यात थरः ভात्रज्वर्सित यनााना श्राप्तमात कथा स्नानि स स्मारन धरे ৪ দফা সিস্টেম চাল্য নেই-সেখানে আছে জেলা পরিষদ এবং গ্রাম পঞ্চারেত। আমি মনে করি वाश्मारमम् जारमद राज्यः न्यजना नव कारक्षरे धरे ८ मका निरम्धेन नन्यस्य हिम्छा कदान।

ব্রামি আর একটি বিষয় উত্থাপন করতে চাই। সেটা ননীবাব, বলেছেন, সভা ষাদের করা হারছে তাদের ভরেল ফাংশন থাকছে। সেই সভা একাধারে গ্রাম পঞ্চারেতের অধ্যক্ষ থাকছেন একাধারে জেলা পরিষদের মেম্বার থাক বন, একাধারে মিউনিসিপ্যাটির চেয়ারমান দ্রুলা পরিষদের মেন্বার থাকবেন. এই ভাবে যে করা হচ্ছে এতে কান্ধের খুব অসূরিধা হবে। ধরনে যে এম. এল. এ বা এম, পি মেম্বার হয়ে বাবেন তিনি সব সময় উপস্থিত থাক ত পার্বেন না এক মাস যদি মিটিং হয় তিনি তাহলে সব সময় তাতে অংশ গ্রহন করতে পারবেন না। একং তার পক্ষে করা সম্ভবও নয়। কিন্তু এই জেলা পরিষ:দর যিনি প্রধান পরিচালক *হবে*ন তিনি যদি অন্য কাজে ব্যাপ্ত থাকেন, অন্য কাজে যদি ব্যুস্ত থাকেন তাহলে জেলা পরিষদের काछ हालाए भारत्यन ना. अंकिमात्रास्त्र क्रीफनक द्वारा थाकरवन। स्मक्रना आकृतक प्रवकात कि *लाक्क शां*शाले <u>क्वान</u>्हारेख राथात एतात वारम्था कता. यापत चात कात काश्मन शकरब ना. क्वला श्रीतरापत कार्यावनी निरात माथा घामारा शातरान. **এवर रा**यमञ्जार कदाल क्वला পরিষদের কাজ স্মর্থ্যভাবে চালাত পারবেন তাদের যাওয়া দরকার। আর একটা জিনিস যিনি চেরারম্যান হচ্ছেন তিনি হবেন রাজ্য সরকারের নমিনেশনে, তিনি নির্বাচিত হয়ে আসছেন না। এই নমিনেশনের ব্যাপারে আমরা দেখেছি, রিলিফের ব্যাপারে আমরা দেখেছি যে কংগ্রেসী ছাড়া দূর্নিরার আর কোন লোক জনসেবার জন্য নাই। এই নমিনেশনের ব্যাপার মান্ধাতার আমল থেকে চলে অসছে, তা বদল করা হচ্ছে না। এই যিনি চেয়ারম্যান হবেন তিনিও হবেন কংগ্রেসী, কংগ্রেসের দলপূর্য্য করা ছাড়া আর কিছু হবে না। এই চেয়ারম্যানকে যখন সরকার নমিনেশন দেবেন তখন কংগ্রেসী যারা তাদেরই নমিনেশন দেবেন, বামপন্থীদের সেখানৈ क्रियातमान रहा यावात मण्डवना नारे। म्हेगान्डिश किमिहिट मुख्यन यादव निम्नान्सन **এইভाবে** কৃত্রিমভাবে মেন্সরিটি ব্যবস্থা করছেন। এগুলি অতান্ত অগণতান্ত্রিক, আমি মনে করি এব পরিবর্তান হওয়া দরকার। পরিশেষে আমি যেটা বলতে চাই মল্টীমহালয়ের যদি আল্ডবিকজা থাকে আমাদের দেশে গণতলোর প্রসারণ করার তবে আমি মনে করি জেলার ভিনিত্তে যা কর-ছেন তাতে বাংলাদেশের জনসাধারণকে গণতান্দিকতা থেকে বণিগত করবেন না। এই **আরোজ** মন্ত্রীমহাশয়কে জানিয়ে আমি বস্তব্য শেষ করছি।

[3-55-4-05 p.m.]

Dr. Kanai Lal Bhattacharya:

মাননীর চেরারম্যান স্যার, যে বিল আজকে আমাদের সামনে এসেছে, তার মাধ্যমে হে ব্যায়ত্ব শাসন ব্যবস্থা চাল্ হচ্ছে বলে বলা হচ্ছে এই জেলা পরিষদ বিল মাধ্যমে, এটা বলা ঠিক নয়। আমি মনে করি এটা একটা সত্যের অপলাপ করা হচ্ছে। আর যাই হোক স্বারন্ত্ব-শাসন এই জেলা পরিষদ বিলের মাধ্যমে দেওয়া হচ্ছে না। এটা অনস্বীকার্য, বিলটা পড়লোই সেটা ব্রুমা যার ভালভাবে। কারণ এই বিল স্বারা যে জেলা পরিষদ গঠিত হচ্ছে তাকে কোন স্পোসিফক পাওয়ার দেওয়া হয় নি। পাওয়ারস এবং ফাংশন সম্বশ্যে বলা হয়েছে ভেট গতন-মেণ্ট যে ডাইরেক্ট, এবং তম্বারা যখন যেখানে যে ক্ষমতা স্টেট গভর্নমেণ্ট মনে করবে সেগ্রেল্ট দেবে. কিন্তু সেখানে এই পাওয়ার্স এবং ফাংশন দিতে গিয়ে যে লিন্ট দেওয়া হয়েছে সেটা আমি আপনার সামনে উপস্থিত করছি। বলা হয়েছে

To undertake schemes for the development of agricultural livestock, industries, co-operative movement,

স্যার. প্রত্যেকটি কাজের জন্য আমাদের সরকারের ডিপ্টিক্ট অফিসার আছে এবং তাঁদের স্বারা স্থেই সমস্ত কাজগ্নিল হয়। যেমন পাবলিক হেলথের জন্য ডিপ্টিক্ট হেল্থ অফিসার আছে, ওরাটার সাম্পাই-এর জন্য এ্যাসিসটালট ইঞ্জিনীয়ার আছে, লাইভ স্টক দেখার জন্য ডিপ্টিক্ট এত্রিকালচার অফিসার আছে, গভর্নমেল্ট ডাইরেক্টাল তাঁদের মাধ্যমে করেন। তা ছাড়া ইরিগেশান দেখছেন ডিপ্টিক্ট এত্রিকালচার অফিসার। প্রত্যেকটি কাজ সরকার এখন ডাইরেক্টাল প্র অফিসারস করছেন তামের মধ্যে। কিন্তু মিউনিসিপ্যালিটির মধ্যে সেগ্র্লি করছেন না। মিউনিসিপ্যালিটির মধ্যে এখনও সত্তিকারে কিছুটা স্বারম্বশাসন আছে বদিও সেটা মাননীয় মন্দ্রী মহাশার কেড়ে নেবার চেড্টা করছেন এর পরবত্বী ক্যালকাটা মিউনিসিপ্যাল এ্যামেন্ডমেল্ট বিলের মাধ্যমে তাহলেও এশ্বনও স্বারম্বশাসন মূলক প্রতিষ্ঠান মিউনিসিপ্যালিটিগ্র্লির নিজেদের কিছুটা শাসন করবার

ক্ষমতা আছে, ডিম্ট্রিক্টের তা নেই । সব জারগায় এগ**্রাল তুলে দেবেন** তাও বলছেন না । তাহলে ক দটো শাসন পাশাপাশি চলবে? ডিজিট্ট হেল্থ অফিসার তিনি ডিজ্টিট্টর পার্বালক ছেল'র দেখাবন, সংগ্রে সংগ্রে আবার আমাদের জেলা পরিষদ তারাও দেখবার চেণ্টা করবেন। আমি জানি না তাঁরা হয়ত আবার একটা ডিপ্টিস্ট হেল্থ অফিসার এ্যাপয়েন্ট করবেন। অবশা बिरानव प्रारंग राम तक्य किए रान्छ । आयात मरन दश अदे फिष्पिके दश्य अधिमारतत माधारा **रक्रमा भ**तिसम काक करावात राष्ट्रण करावन। এটা कि श्वासप्रभामन ? এটাকে योग मन्त्री मरामस স্বায়ত্বশাসন বলেন তাহলে আমি বলব আপনি তা মনে করতে পারেন কিন্তু আমাদের দেশের माधातम प्रान्त सार्व करत ना। जर्थार क्यांन कर साम कर किया भित्रस्त हार किया क्रिका দেওয়া হচ্ছে না। এই জেলা পরিষদ গঠন করতে গিয়ে কতথানি ভুল করা হচ্ছে এবং এর স্বারা কিভাবে কর্নাফ্টসান সূচ্টি হবে সেটা সন্বন্ধে আমি পরে বলছি। এই তো গেল পাওয়ার তারপর बामान काट्रेनात्मा। काट्रेनात्मात कान त्मार्म तन्हे। मात्र, वार्थान এत काट्रेनात्मात क्रक्रो प्रश्चन সম্বাবন আমাদের স্টেট গভর্নমেণ্ট এ্যান্ড এ গ্রাণ্ট যেট্রকু দিয়ে দেবেন সেট্রকুই তীদের ক্ষেন ফাইনান্স। অবশ্য একটা জায়গা আছে. তারা রোড সেস পাবে। ডিম্মিক্ট বোর্ড বে রোড সেস পেত আমার মনে হচ্ছে সেটাই তাদের প্রেসিফিক সোর্স অব ফাইনান্স। তার স্বারা ব্দত্তঃ জেলা পরিষদের অফিস চালান যাবে না. অন্য কাজ চালান দূরের কথা। অর্থাৎ অর্থের ভারা সম্পূর্ণভাবে আমাদের স্টেট গভর্নমেণ্টের মূথের দিকে চেয়ে থাকতে হবে। মিউনিসি-श्रामिष्ठित रामन स्मार्ग जय कार्रेनान्म जाएक जाता रति कार्ताकमान कतरज भारत. जाता जनााना নাম আদায় করতে পারে তাদের লিমিটেড স্কোপ আছে যে তারা ফাইনাস্স ক্রিয়েট করতে পারে। এখানে সে রকম কোন স্কোপ দেওয়া হয় নি সেভ এণ্ড এক্সেণ্ট রোড সেস। কাছেই যে অর্পানাইক্রেসান করতে যাচ্ছেন সেই অর্পানাইক্রেসানের না আছে কোন ক্ষমতা না আছে কোন ফাইনাস্সিয়াল সোর্স। তাকে কি করে স্বায়ত্বশাসন বলছেন? সমস্ত ব্যাপারে সরকারের মুখের দিকে চেয়ে থাকতে হবে। এটাকে আর যাই বলান স্বায়তশাসন इ.स.क প্रতिष्ठांन वलावन ना। এই यে म्हिंगे शन्नियालें का प्राप्त कि हो। का একটা সংস্থার মাধ্যমে করবার চেষ্টা করছি ডিম্মিক্টে কো-অভিনেটেড ওরেতে তাকে পঞ্চারেতী রাজ, স্বায়ত্বশাসন মূলক প্রতিষ্ঠান এইসব বলা উচিত নয়। ততীয়তঃ এই **रब निर्वाहन २८७६ र**यहो अपनक महाभा वरन १९८६न, बहा बाएनचे छानहारेखात मार्गात्म १८८६ ना. এটা মুক্ত বড ডিফেক্ট। অনেক নির্বাচিত কংগ্রেস সদস্য বেমন গ্রুপ্দ বাব, জহর বাব, ধারা এতে মেন্বার হচ্ছেন তারা প্রায় সক লই এয়াডাল্ট ফ্রানচাইলেব ভিতিতে নির্বাচিত হয়ে এসেছেন লেটা সভা কথা।

[4-65 - 4-15 p.m.]

আমরা এম এল এ-রা যারা মেম্বার হব আমরা ইলেকটেড বাই য়াডাল্ট ফ্রানচাইচ । ধর্ন আর্গনিক পরিষদের বিনি চেরারম্যান তিনিও একজন অঞ্চল প্রধান, কাজেই তিনিও ইলেকটেড অবাক, তিনি ইলেকটেড বাই য়াডাল্ট ফ্রানচাইজ এটা অস্বীকার করছি না কিস্তু তিনি এই জেলা পরিষদে যাবেন বলেতো আর ইলেকটেড হন নি। আমার আজকে ইলেকটেড হরে একেছি লাকেন্তাটিভ ওয়ার্ক করবো বলে। আমার ক্রিটটের এই জেল অমাদের একটা দারিছ আছে লেজিসলেসান ব্যাপারে তাঁরা আমাদের পাঠিয়েছেন এই কাজ আমাদের করতে হবে—বিদ লাকে পারি আমাদের তারজন্য কর্নভিটিউরেল্সীর কাছে জবাবিদিহি করতে হবে। মনে কর্ন নারার, জেলা পরিষদে আইনের মাফাং আমি যদি সেই জেলা পরিষদের কাজ না করি, তারজন্য আমার কোন জবাবিদিহি করতে হবে না আমার কনিন্টিটউরেল্সীর কাছে এটা আইনে আছে. ৬টা মিটিং-এ আমি বিদ জরেন না করি, আমার সদস্য পদ নাকচ হল, তার জায়গার আর একজন ইলেই করতে পারবেন—পারবেন না। মনে কর্ন একজন অঞ্চল পণ্ডায়েং বা অধাক্ষ তিনি নির্বাচিত হরেছেন, তিনি ৬টা মিটিং-এ বেতে পারলেন না তিনি সেখান থেকে চলে ক্ষেলে আবার কি নির্বাচিত হতে পারবেন? বাঁরা প্রাণত বরক্ষদের ভোটাধিকারের ভিত্তিতে নির্বাচিত হরেছেন তাঁদের একটা রেসপনসিবিলিটি আছে এখানে তাদের কোন দারিছ নেই। অর্থাৎ এটা হবে যে নিজেদের কোন দায়িছ নেই অথচ আমাদের ভ্রমনেন। আমাদের

করার পর বদি সমর হর তাহলে জেলা পরিষদের কাজ করবো। একজন মিউনিসিপালে স্থানার তিনি নির্বাচিত হরেছেন প্রাণ্ড বরস্ক্রের ভোটাবিকারের ভিরিতে চোক বেলিটকান্ড ফানচাইক হোক তাঁকে রেট পেরারসের কাছে কবাবদিহি করতে হবে কিল্ড এখানে ্রায়ন কেউ নেই বিনি নির্বাচিত হচ্ছেন এখানকার কান্ধ করার জন্য। অতএব এর স্বারাও মারা নির্বাচিত হবেন তাঁদের কাল্ল করার ইচ্ছা কমে যাবে। সেদিক দিয়ে বিচার বিবেচনা করে रामधा बाह्य এই स्व मरम्था गठिल इर्प अतः न्याता एम्था बाटक याँता निर्वाहिल इराक्टन लाँता हैन-<u>ডাইরেইলি নির্বাচিত হওয়ার জন্য তাঁদের সদস্যপদের যে গ্রেছ সেই গ্রেছ তাঁরা সম্পর্ণর পে</u> নাও দিতে পারেন-দেবার কোন বাধাবাধকতা নেই। স্যার, আজকে আমি এম এল এ হিসাবে নির্বাচিত হরেছি, আমি বদি এম এল এ-র কাজ না করি, আমার নির্বাচকমণ্ডলী পরের বারে আমাকে নাকোচ করে দিতে পারে কিল্ড তার কোন বাকথা এখানে নেই। আর একটা কথা এর মধ্যে আছে—আমি শর্ম রেফার করে যাচ্চি—স্টেট গভর্নমেণ্ট ক্ষমতা নিয়েছেন যে ওরা যে কোন মেন্বারকে নাকোট করে দিতে পারে কিন্তু আমি দেখছি একজন এম এল এ কিন্বা এম পি-কে তাঁরা অর্ডার দিয়ে নাকোচ করে দিলেন যে না, আপনি জেলা পরিষদের মেন্বার থাকতে পারবেন না কিল্ড তাঁর জায়গায় যে আর একজনকে নমিনেট করতে পারেন সে ক্ষমতা তাদের নেই। এরকমভাবে একটা ক্ষমতা যে তারা কেন নিচ্ছেন জানি না—অবশ্য ক্রজ বাই ক্রজ ডিসকাসনের সময় সেই ক্রন্ত আমি দেখবো কিল্ড এটা অতাল্ড অন্যার কথা। সাার, এই যে জেলা পরিষদ গঠিত হতে চলেছে--আমার যতদ্রে মনে হচ্ছে এটা অনেকটা আমাদের ডিণ্টিস্ট ডেভেলপমেন্ট कार्फेन्जिल किन्दा जाव फिल्जिनाल एएएलल्यान कार्फेन्जिल युवक्य हिल स्मतक्यरे- जाव फ्रांस কিছুটা অর্গানাইজ্বড় হতে চলেছে তবে এর পেছনে সরকারের এবং জনসাধারণের কিছুটা অর্থ খরচ হবে কিল্ড যে উন্দেশ্যে ও'রা করছেন সে উন্দেশ্য যে কতথানি সাধিত হবে সে বিষয়ে আমাদের যথেণ্ট সন্দেহ আছে। সেইজন্য আমাদের বন্তব্য হচ্ছে এই যে আক্রকে এইভাবে বিলটা না তৈরী করে অনাভাবে বিলটাকে তৈরী করা উচিত ছিল। আম দের এখানে যথন বিদেশী সরকার ছিল—ব্টিশ গভর্নমেণ্ট তথন সেক্ষ গভর্নমেণ্ট নিয়ে আন্দোলন হ হছিল এবং আমাদের ইন ডিপেনডেন্স দিয়ে যখন আন্দোলন করেছিলাম— স্বাধীনতার আন্দোলন করেছিলাম—তখন তারা একটা কথা বলেছিল যে আস্তে আস্তে শাসন করতে শেখো এবং সেল্ফ গভর্নমেণ্ট আমাদের কিছু কিছু দিয়েও ছিল—তাই এখানে সরকার কি সেই মনোভাব দেখাচ্ছেন সমস্ত ক্ষমতা কক্ষিণত হয়ে থাকবে. তোমরা খাগে শাসন করতে শেখো তারপর আন্তে আন্তে ক্ষমতা দেবো যে কথা আমাদের জহরবাব, বলেছিলেন উই স্যাল টিচ দি পিপাল এডমিনিট্রেসন এদের আডমিনিম্মেসন করতে শেখাবো আস্তে আস্তে তারপর ক্ষমতা দেবো। আমি মনে করি এই মনে ভাব প্রাণ্ডবয়স্ক ভোটাধিকারের ভিত্তিতে যারা নির্বাচিত সেই নির্বাচিত সরকারের এটা থাকা উচিত নয়। কাজেই সেই দিকে লক্ষা করে এবং এই বিলের যথেন্ট পরিবর্তনের প্রয়োজন আছে এবং তার জন্য মাননীয় মন্দ্রি-মহাশয়কে বলবো এই বিল জনসাধারণের মতামত নেওয়ার জন্য পাঠানো হোক এবং যে প্রস্তাব এসেছে এখানে সেই প্রস্তাবকে আমি সমর্থন করছি।

Shri Sailendra Nath Adhikary:

মাননীয় চেয়ারম্যান মহোদয়, আজকে জেলা পরিষদ বিলের উপর আলে:চনা করতে গিয়ে আমার পরেবিতী বন্ধা যে সমদত বলেছেন সেই সমদত কথার মধ্য দিয়ে আমাদের যে মনোভাব সেই মনোভাব সোটামন্টি প্রকাশ পেরেছে। এই জেলা পরিষদ বিল যখন এই হাউসে এসেছিল তখন আমার মনে হয় সেটা ছিল বসনত কাল। সেই বসন্তের হাওয়ায় হিন্দোলিত হ্দয়ে শৈলবাব, এই বিল নিয়ে একটা অত্যন্ত জোরালো বক্তার মধ্য দিয়ে আমাদের শ্নিরেছিলেন যে ন্তন বিশ্লব তিনি নিয়ে আসছেন এবং আমরাও রোমাণ্ডিত হয়ে উঠেছিলাম যে শৈলবাব, কি ধরণের বিশ্লব নিয়ে আসকেন জানি না। তিনি বসন্তের হাওয়ায় হিন্দোলিত হয়ে বলে উঠেছিলেন যে আমি গ্রামীন বাংলার একটা ন্তন য্বালতকারী বিশ্লব নিয়ে আসতে যাছি। কিন্তু তায়পর যখন দেখলাম জয়েন্ট সিলেন্ট কমিটি অনেক দ্রে দান্ধিলিংয়ের শৈল শিখরে শৈলবাব,র কংগে একসংগে গিয়ের বসে এই বিল অলোচনা আরম্ভ করলেন তখন মনে করেছিলাম বসন্তের

গগৈ সেখন কার নব বসলত বোগ হরে একটা ন্তন জিনিস স্থিত হবে। কিল্কু আসলে এখা বে ব্যাপারে এসে দড়িয়েছে—এতো আলোচনা, এতো আনাগোনা, এতো আবেদন নিবেদ করবার পর শৈলবাব্র কাছ থেকে এই বিল বেভাবে এসে দড়িয়েছে তাতে আমার এই কথা বলতে ইছা হছে বে শৈলবাব্র জেলা পরিষদ বিল এটা অদ্র ভবিষ্যতে জনসাধারণ আর একা নাম দেবে বে শৈলবাব্র জেলা পরিষদ বিল। ঠিক সেইভাবেই বিলটি রচিত হয়েছে। চি চেরারম্যান স্যার, বলবল্তরাও মেটা কমিটি ভারতবর্ষে কি ধরণের ডিসেন্ট্রালাইজড গভর্গমে হবে তার একটা ব্যাপকর্প দিয়েছিলেন এবং সেই বলবল্ত রাও মেটা কমিটি তার নিজেইছার সেটা দের নি। আমাদের মহান শাসনতল্যের নিদেশি অন্সারে তারা সেটার রূপ দিয়েছিলেন এবং সেইভাবেই তারা লিখিতভাবে দিয়েছিলেন। সেই কমিটির রিপোর্ট-এ যে ধরণে তারেছেলেন এবং সেইভাবেই কথা আছে যেভাবে ক্ষমতা জনসাধারণের হাতে ছেড়ে দেওয়ার কথা আছে ছেলা পরিষদ বিলে, বা জেলা পঞ্চায়েত বিলে শৈলবাব্র বিলে ঠিক তার উল্টো কাজ কর ব্যেছে।

[4-15-4-25 p.m.]

আমাদের দেশে যেটা অ মরা দেখেছি তাতে এক এক সময় আমার মনে হয় এক রসিক ভদ্রলোকের কথা বলেছিলেন—ইংলন্ডে বা অন্য কোন জায়গায় কতগর্নি কন্সারভেটিভ রাজার বিরুদ্ধে বিক্ষোভ প্রকাশ করেছিলেন, তারা বলেছিলেন হ্যাং দি কিং এবং তার সংগে সংগে বলেছিলেন কাং লিভ দি কিং। ঠিক সেইভাবে শৈলবাব যথন বিটিশ আমলের নীতির কথা বলেন তথন বলে হাাং দি কিং, লং লিভ দি কিং। মাননীয় চেয়ারম্যান মহাশয়, এই ভূমিক র পর আমি এই বিল সন্বথ্যে একটা জিনিস আপনার সামনে তলে ধরছি। স্যার, কোন কালে কি অংকে শ্নেছে এ পার্ট ইজ ইকুয়েল ট্র্লেল, একটা বিশেষ অংশ একটা প্রণাপ্তের সমান এই তথ্য দিকোন কালে শ্নেছেন? অন্ধ আমি আপনার সামনে দেখছি এই বিলে সেই পন্ধতি, সেই অন্ভত পন্ধতি কিভাবে নিয়ে আসা হয়েছে।—এ পার্ট ইজ ইকুয়েল ট্র্লি হোল, কি রকম এই বিসের ক্লম্ভ ৪ যেখানে কম্পজিসন অফ দি জিলা পরিষদ আছে, সেই ক্লম্ভ ৪ (ই) আপনা সামনে তুলে ধরতে চাই, এই সাব-ক্লম্ভ (ই)তে আছে এই কম্পজিসন-এর মধ্যে কে আসছেন—প্রেসিডেণ্ট অফ দি ক্ল্লে বোর্ড, এক্স অফিসিও। স্যার, এর সংগে সেকসন ৩০ আপনার সামনে তুলে ধরতে চাই, সেখানে আছে

Zilla Parisad shall have the following standing committees, namely, primary education committee as provided under section 35 and section 35

তে আছে এই

School board will be the said Standing Committee

